৬৭ । পুনরায় বিপ্রদের সেই গোষ্ঠী বিগতপ্রাণা সেই ব্রাহ্মণীকে দেখে বললেন—'অহো এর কথা আর কি বলব! কারণ, মূলাধারাদি ষট্‌চক্রের ক্রমভেদ জনিত শ্রমে পটু যোগীশ্বরগণ যোগের দ্বারা অতি কষ্টেই বায়ুবেগ বশ করে শরীর ত্যাগ করেন, আর এঁ কিন্তু প্রিয় দর্শনের জন্য অভিলষিত-প্রস্থানে বিঘ্নবশতঃ যোগীন্দ্রগণেরও দুর্গম পদ প্রাপ্ত হলেন। প্রেমের গতি অতি অদ্ভুত।

৬৮। অস্মাকং বা দৌরাত্ম্যং কিমাচক্ষ্মহে। যতঃ,—

দৃষ্টাঽপি তে ভগবতোঽনুচরা ন দৃষ্টাঃ, শ্রুত্বাপি যাচিতমমুষ্য ন চ শ্রুতং তৎ।

তদিদমত্র মন্যামহে—

আসাং প্রসাদবিধয়ে হ্যপি ধীমতাং ন-,স্তেনৈব কিং ব্যরচি নো মনসো বিমোহঃ॥'

৬৯। ইতি বিলপৎসু নিরালপৎসু নিরাবিলেন নির্বেদেন বেদেন ভূষিতেষু ভুষিতেষু ভূসুরবরেষু কিয়তা সময়েন সময়েনবরপ্রসাদপূর্ণাঃ পত্ন্যশ্চ সমাজগ্মুঃ॥

৭০। ততশ্চ তে ভগবদবলোকনানন্দনন্দদন্তঃকরণতয়া কৃতয়াঽকৃতয়া শ্রিয়াঽপূর্বমহসোঽপরিমিত-গুণান্ গুণান্ দধতীরিবান্যাদৃশো দৃশোরুভয়েনাভয়েনাপীতপীতবসনরূপলাবণ্যামৃত-শীকরনিকরনিতান্তো-দ্বমনোহা মনোহারিণা হর্ষাশ্রুলবলবণিমানমুদ্গিরন্তীঃ, পূর্বাভ্যাসাঽভ্যাসাদিতনিজনিজসদনবেশা নবে-শানুভববিকস্বরহৃদয়া দয়া ইব মূর্ত্তিমতীর্মতীরিবাবিরতিরতিমতীরতিমতীয়ত্তাকসুকৃতা বিনিবৃত্তা নিবৃত্তাখিল-

---

পরমাত্মতায়াঞ্চ প্রিয়ত্বৌচিত্যাৎ তদঙ্গসঙ্গেঽপি সিদ্ধান্ততো ন দোষ ইতি তেষাং পরামর্ষঃ সূচিতঃ॥

৬৮। অমুষ্য ভগবতঃ; তেনৈব ভগবতৈব॥

৬৯। বিলপৎসু ক্রন্দৎসু ক্ষণান্তরে চ নিরাবিলেন নির্মলেন নির্বেদেন নিরালপৎস্বালাপরহিতেষু সৎসু বেদেন বেদশাস্ত্রজ্ঞানেন ভূষিতেষ্বলঙ্কৃতেষু ভুবি পৃথিব্যামুষিতেষু সময়া নিকট এব ইনবরস্য প্রভুবরস্য ভগবতঃ প্রসাদেন পূর্ণাঃ॥

৭০। ততশ্চ তে ভূসুরপ্রবরাস্তা নিরীক্ষ্য ধনাবাপ্তিতৃপ্তা ইবাভিজগ্মুঃ। তাঃ কথম্ভূতাঃ? ভগবদালোকনানন্দেন নন্দন্তি সমৃদ্ধিমন্তি অন্তঃকরণানি যাসাং তত্তয়া কৃতয়া নিষ্পাদিতয়াঽকৃতকয়া অকৃত্রিময়া শ্রিয়া শোভয়াঽপূর্বমহসোঽদ্ভুত-কান্তীঃ। হর্ষাশ্রুলবাণাং লবণিমানং লাবণ্যমুদ্গিরন্তীঃ। তত্রোৎপ্রেক্ষার্থং দৃশোরুভয়েন নেত্রয়োর্দ্বয়েনাভয়েন নিঃসঙ্কোচেন আ সম্যক্ পীতানাং পীতবসনস্য কৃষ্ণস্য রূপলাবণ্যামৃতানামেব শীকরনিকরস্য নিতান্তমুদ্‌বমনমিত্যেবংরূপ উহস্তর্কো যাসু তাঃ।

৬৮। আমাদের দৌরাত্ম্যের কথা আর কি বলব। যেহেতু, সেই ভগবতানুচরদের দেখেও দেখিনি, তাঁদের মুখে ভগবৎপ্রার্থিত বস্তুর কথা শুনেও শুনিনি। কাজেই মনে হচ্ছে—এঁদের প্রসাদ করবেন বলেই কি সেই ভগবান্‌ই বুদ্ধিমান্ আমাদের মনে বিশেষ মোহ রচনা করেন নি?

বিপ্রগণের দ্বারা পত্নীগণের সম্মান ঃ

৬৯। এইরূপ বিলাপ করতে করতে বেদশাস্ত্রজ্ঞানে অলঙ্কৃত ব্রাহ্মণগণ অকপট বৈরাগ্যে বাক্‌রহিত হয়ে ভূমিতলে বসে পড়লে কিছুক্ষণ পর নিকটস্থ প্রভুবরের প্রসাদপূর্ণা পত্নীগণ সম্মুখে এসে উপস্থিত হলেন।

৭০। শ্রীভগবদবলোকন জনিত আনন্দে সমৃদ্ধিমান্ অন্তঃকরণের দ্বারা সম্পাদিত শোভায় অদ্ভুত কান্তিমতী, অসীম গুণ গুণীকৃতরূপে ধারিণী, পূর্ব থেকে ভিন্নরূপে দৃশ্যমানা, নিঃসঙ্কোচে আকণ্ঠ পীত পীতাম্বরের রূপলাবণ্যামৃতবিন্দুচয় যেন নয়নদ্বারে নিরর্গল বমিত হচ্ছে এরূপ বিতর্কিতা, মনোহারিণী, অবিচ্ছিন্ন অনুরাগময় বুদ্ধিবিশিষ্টা, জ্ঞানমর্যাদা তুচ্ছকারিণী সুকৃতিবতী, ঘরে ফেরা, ও অখিলবন্ধন-

বঞ্চনা ধনাবাপ্তিতৃপ্তা ইব মহাপ্রমোদং বহন্তো হন্তোদারমতয়ো দারমতয়োঽপি তাসু সুকৃতিবরা বরারোহাস্তা নিরীক্ষ্য সাদরদরপ্রণয়মুত্থায় পূর্বতোঽপি সর্বতোঽপি সমুল্লাসিতং সম্মানমানয়ন্তোঽভিজগ্মুঃ। নৈতচ্চিত্রম্, এবমেব শ্রীকৃষ্ণানুরক্তজনসমালোকনপ্রভাবঃ প্রভাবহুলতাং ব্যনক্তি॥

৭১। তাশ্চ শ্রীকৃষ্ণালোকনকনৎকনকনিধিলাভায়মানমানসোল্লাসভাজোঽপি শ্রীকৃষ্ণানবলোক-শোকশোশুষ্যমাণতয়া সমুজ্ঝিত-জীবনায়া বিলোকেন লোকে ন হ্যস্যাঃ সমানা সমানা সৌভগবতী কাচিদপীহ, যতোঽস্মাকমপি পুরতঃ পুরতো নবগোপুরতোঽনবগোচরীকৃতেন তেন সহ তদঙ্গসঙ্গসমুচিত-মঙ্গলাঙ্গলাবণ্যসারসারস্তেন বিহরতীয়ম্, তদ্বয়মধন্যা ধন্যা খল্বিয়মিতি ভাষমাণা মুহূর্তমবস্থান্তরাবস্থান-মাসেদুঃ॥

দৃশোর্দ্বয়েনেত্যস্য বিশেষণং মনোহারিণেতি। সদনবেশো গৃহে প্রবেশঃ; মূর্তিমতীরিত্যস্য 'কাকাক্ষিগোলক'-ন্যায়েনোভয়ত্র সম্বন্ধঃ। বিরতিশূন্যা যা রতিরনুরাগস্তদ্বত্যো যা মতয়ো বুদ্ধয়স্তা এব মূর্তিধারিণীরিবেত্যর্থঃ। অতিক্রান্তা মতীয়ত্তা জ্ঞানমর্যাদা যৈস্তথাভূতানি সুকৃতানি যাসাং তাঃ। বিনিবৃত্তাঃ পুনরপ্যাগতা ইত্যর্থঃ। হন্তেতি বিস্ময়ে; উদারমতয়স্তাসাং দর্শনমাত্রাদেব ভক্তিং প্রাপ্য প্রাপ্তনির্মলমতয় ইত্যর্থঃ। অতএব তাসু দারমতয়োঽপি ভার্যাবুদ্ধিমন্তোঽপি। সাদরদরপ্রণয়ং শ্রদ্ধাসঙ্কোচভক্তিসহিতং যথা স্যাত্তথোত্থায়াভ্যুত্থায় সর্বতো গুরু-বিপ্রাগ্নি-বেদাদিভ্যোঽপি সমুল্লাসিতং সমুদ্ভাসিতম্। প্রভাবহুলতাং প্রেমশোভা-বাহুল্যম্॥

৭১। শ্রীকৃষ্ণালোকনমেব কনৎকনকং দীপ্যমানসুবর্ণং তদেব নিধিস্তস্য লাভেনায়মানমাগচ্ছন্তং মানসোল্লাসং ভজন্ত ইতি তাস্তথাভূতা অপি। সমুজ্ঝিত-জীবনায়াঃ প্রতিনিরোধবশাৎ সন্ত্যক্তপ্রাণায়া বিলোকেন তাং দৃষ্ট্বেত্যর্থঃ। ইহলোকে অস্যাঃ সমানা তুল্যা সমানা মাননীয়া কাচিন্নাস্তি। যতো নবগোপুরতো নবীনপুরদ্বারাৎ পুরতোঽগ্রত এব তেন শ্রীকৃষ্ণেন সহেয়ং বিহরতি। কিন্তু অস্মাকমপি নিরোধমুল্লঙ্ঘ্য সাক্ষাত্তং দৃষ্টবতীনামপ্যগ্রত এব বয়ং তু বহুকালানন্তরমেব তং প্রাপ্স্যাম ইতি ভাবঃ। তেন কীদৃশেন? অনবগোচরীকৃতেন নেদানীমপি মিলিতেন, কিন্তু প্রতিজন্মৈবেতি ভাবঃ॥

মুক্তা সুন্দরীগণকে দেখে ধনপ্রাপ্তির মতো তৃপ্তিতে পরমানন্দে উদ্ভাসিত-উদারমতি ব্রাহ্মণগণ হায় হায় শ্রদ্ধা-সঙ্কোচ-ভক্তির সহিত উঠে পড়ে পূর্ব থেকেও অধিক এবং গুরু-বিপ্রাগ্নি-বেদাদি থেকেও উজ্জ্বল সম্মান ধারণ করে ওঁদের সম্মুখে গিয়ে দাঁড়ালেন। এ কিছু আশ্চর্য নয়। শ্রীকৃষ্ণানুরক্ত জনের সমালোকন-প্রভাব এরূপই প্রেমশোভা-বাহুল্যময়ই হয়ে থাকে।

কৃষ্ণদর্শনপ্রাপ্তা ব্রাহ্মণীদের মুখে ত্যক্তদেহা ব্রাহ্মণীর প্রশংসা :

৭১। এই সুন্দরীগণ শ্রীকৃষ্ণদর্শনরূপ দেদীপ্যমান্ কনকনিধির লাভে আগত মানসোল্লাসে উজ্জ্বল হয়েও শ্রীকৃষ্ণ-অদর্শন জনিত বিরহশোক-কাতরতার সহিত সেই গৃহে আবদ্ধ হেতু সংত্যক্ত-প্রাণ ব্রাহ্মণীদেহ দেখে বললেন—'এ সংসারে এঁর সমান মাননীয়া সৌভাগ্যবতী আর কেউ নেই। যেহেতু নবপুরদ্বারের অগ্রবর্তী দেশে কেবল যে সম্প্রতিই তা নয় প্রতি জন্মেই সম্মিলিত কৃষ্ণের সহিত আমাদেরও পূর্বে তদঙ্গসঙ্গ-সমুচিত মঙ্গল অঙ্গলাবণ্যসারে সমুজ্জ্বল হয়ে বিহার করে। তাই বলছি এ ধন্যা, নিশ্চয়ই ধন্যা'। এরূপ বলতে বলতে তাঁরা এক মুহূর্ত অবস্থান্তর প্রাপ্ত হয়ে বিরাজমানা হলেন।

৭২। অথ শ্রীকৃষ্ণোঽপি স্বভাবস্বভাবজ্ঞো দ্বিজসুতনুতনুত্যাগসমজ্ঞাসমজ্ঞানকোমলহৃদয়ো দয়োত্তর-তরলতালতাপাশবদ্ধ ইব সর্বপ্রস্তুতপ্রস্তুত-ভোজনেঽপ্যলভমানো রুচিমিতি তদনুকূলকূলরহিতরতি-তরঙ্গিণীরঙ্গিণীমিচ্ছামুরীকৃত্য কৃত্যকোবিদো নিরাবিলবিলসদ্বিলাসিনীজন-সভাসভাজিতামেব তাং কারয়িত্বা বিলসদ্রাগে দ্রাগেব নিজাঙ্গসঙ্গে সমুপযোগিনীং সংযোগিনীং সম্ভাব্য ততঃ পরমেব পরমে বলদেবেন সহ সহচরগণস্য তদোদনভোজনমোদনে মোদনেতা ভবন্ স্বয়মপি বুভুজে সহজ-সুরসং যদতিরসং তদতিশয়ানুরাগরসবত্তয়া কৃষ্ণস্য পরমাস্বাদ্যমাসীৎ ॥

৭৩। এবং সরসহাসপরিহাস-পরিতোষকলয়া সকলয়া সহ সহচরসভয়া সভয়া সবৈদগ্ধি সগ্ধি-সমাপনানন্তরমনন্তরমণোঽহ্নায় পরাহ্নায় পরাসন্নং দিবসমালোক্য নৈচিকীনিচয়-সমভিহারবিহারবিশেষেণ

৭২। স্বস্মিন্ যো ভাবস্তস্য স্বভাবং নিসর্গং সানাতীতি সঃ, দ্বিজসুতনোর্বিপ্রপত্ন্যাস্তনুত্যাগরূপা যা সমজ্ঞা কীর্তিস্তস্যাঃ সমং সাধু যথা স্যাত্তথা, যজ্জ্ঞানং কাচিত্তত্র নিরুদ্ধাপি ভবিষ্যত্যবশ্যমিত্যভ্যূহবশেন বা সার্বজ্ঞ্যশক্ত্যা বা সহসা স্ফুরণং তেন কোমলহৃদয়ঃ। সর্বৈঃ প্রকর্ষেণ স্তুতং প্রস্তুতং যদ্ভোজনং তত্রাপীতি হেতোস্তস্যা অনুকূলা রুচ্যানুসারিণী কূলরহিতাঽপরিমেয়া যা রতিতরঙ্গিণী প্রেমনদী তস্যাং রঙ্গিণীং রঙ্গবতীং স্বেচ্ছামুরীকৃত্য ; ততশ্চ বিলসন্ রাগো যত্র তাদৃশে নিজাঙ্গসঙ্গে নিমিত্তে সম্যগুপযোগবতীং তাং সংযোগিনীং সম্ভাব্য প্রাপ্তসংযোগাং নির্ধার্য, ততঃ পরমেব সুস্থচিত্তঃ সন্নিতি ভাবঃ। পরমে উত্তমে ওদনভোজনস্য মোদনেঽনুমোদনে জাতে সতি। মোদনেতা ভবন্ হর্ষগ্রাহী সন্। সহজসুরসং স্বভাবতঃ সুস্বাদু তদোদনমতিরসমতিরাগং যথা স্যাত্তথা আস্বাদ্যমভূৎ। তাসাং যজ্ঞপত্নীনামতিশয়ানুরাগেণ রসবত্তয়া রসবৈশিষ্ট্যেন ; যদ্বা, তাস্বতিরাগেণ রসিকতয়া কৃষ্ণস্যৈব ॥

৭৩। সহচরসভয়া সহ। কীদৃশ্যা ? সভয়া ভা কান্তিস্তৎসহিতয়া ; সগ্ধিঃ সহভোজনম্ ; অহ্নায় শীঘ্রম্ ; পরঞ্চ

ভোজন লীলার পর উত্তরগোষ্ঠ পথে কৃষ্ণ ঃ

৭২। অতঃপর তাঁর প্রতি ভক্তের যে ভাব তাঁর স্বভাব জ্ঞাতা, দ্বিজপত্নীর তনুত্যাগ-কীর্তির সহসা স্ফুরণে কোমল হৃদয় শ্রীকৃষ্ণ দয়োত্তর চঞ্চলতা-লতাপাশে যেন বদ্ধ এইভাবে সর্বপ্রশংসিত সুসজ্জিত ভোজনেও রুচি লাভ করলেন না। তখন কার্যকুশল কৃষ্ণ ঐ ব্রাহ্মণীর রুচি অনুসারিণী অপার প্রেম-নদীতে রঙ্গবতী ইচ্ছা অঙ্গীকার করে নির্মল বিলাসকারিণী গোপীর সভায় তাঁকে কুশল প্রশ্ন আলিঙ্গনাদি দ্বারা সম্বর্দ্ধনা করিয়ে তৎপর অতি উজ্জ্বল অনুরাগবিশিষ্ট নিজ অঙ্গসঙ্গের নিমিত্ত দ্রুত সম্যক্ উপযুক্তা তাঁকে প্রাপ্তসংযোগা নিরূপণ করে পরম সুস্থচিত্ত হয়ে গেলেন।

অতঃপর বলদেবের সহিত সমস্ত সহচরগণের ঐ উত্তম ভোজনে অনুমোদন হয়ে গেলে হর্ষগ্রাহী হয়ে তিনি স্বয়ংও ভোজন করতে লাগলেন। স্বভাবতঃ সেই সুস্বাদু অন্ন যজ্ঞপত্নীদের অতিশয় অনুরাগ-রসে সিক্ত হয়ে কৃষ্ণের পক্ষে পরমাস্বাদ্য হল।

৭৩। কান্তিমন্ত সহচর সকলের সহিত সরস পরিহাস-পরিতোষের হাব-ভাবে রসিকতা ও নিপুণতার সহিত ভোজন সমাপন করলেন অনন্তরমণ শ্রীকৃষ্ণ। অতঃপর গোগণ একত্রীকরণরূপ বিহার-বিশেষে দিন শীঘ্রই অবসান হয়ে গিয়েছে দেখে মুরলীরবরূপ ছলাধারী সুধা যা উৎকর্ষপ্রাপ্তার্থ

মুরলীরবব্যাজয়া জয়ায় লব্ধবসুধয়া সুধয়া খগমৃগমৃগয়াবাগুরয়েব তরুলতিকাতিকান্তদিগঙ্গনাঙ্গনানাবিকারমিবার্পয়ন্‌, নির্বাপয়ন্‌ নির্বাধমেব ব্রজবনিতানিতান্তদিবসকৃতসন্তাপং ব্রজপুরাভিমুখো ভবতি স্ম ॥

৭৪ । তথা হি— গোধূলীধূম্রকম্রালকলসদলিকস্তির্য্যগুষ্ণীষবন্ধ-
প্রেঙ্খোলৎকৈঙ্কিরাতস্তবকনবকলং বর্হিবর্হং দধানঃ ।
আবল্গৎকুণ্ডলশ্রীর্দিনকরকিরণক্লান্তকর্ণোৎপলান্ত-
র্নির্যৎ-কিঞ্জল্কলেশচ্ছুরিতলঘুতরস্বিন্নগণ্ডান্তলক্ষ্মীঃ ॥

৭৫ । কিঞ্চ, মন্দপ্রস্থানলীলামৃদুমধুররণন্মঞ্জুমঞ্জীরনাদ-
শ্রেণীসম্বাদ্যমান-শ্রুতিমৃদুমুরলীস্বাননিষ্ণাতকর্ণঃ ।
অগ্রে কৃতাগ্রজাতং সহচরনিকরং পৃষ্ঠতঃ পার্শ্বয়োশ্চ
প্রেমানন্দস্তনূমানিব নয়নবতাং স ব্রজং প্রাবিবেশ ॥

তদহশ্চেতি পরাহ্ণস্তস্মৈ পরাহ্ণায়। সমভিহার একীকরণম্‌। মুরলীরব এব ব্যাজশ্ছলং বস্তাস্তয়া সুধয়া জয়ায়োৎকর্ষপ্রাপ্ত্যর্থং লব্ধ-বসুধয়া পৃথিব্যামপ্যবতীর্ণয়েত্যর্থঃ। খগানাং মৃগাণাঞ্চ মৃগয়াসম্বন্ধিন্যা বাগুরয়া জালেনৈব তরুভির্লতিকাভিশ্চাতিকান্তা দিশ এবাঙ্গনাস্তাসামঙ্গেষু নানাবিকারং মকরন্দমুকুলাদি-ব্যাজেনাশ্রু-পুলকাদিকমিত্যর্থঃ ॥

৭৪ । তির্যগুষ্ণীষবন্ধে প্রেঙ্খোলতা চলতা কৈঙ্কিরাতস্তবকেনাশোকগুচ্ছেন নবা নবীনা কলা শিল্পবিশেষো যস্য তাদৃশং বর্হিবর্হং ময়ূরপুচ্ছং দিনকরস্য কিরণৈঃ ক্লান্তস্য কর্ণোৎপলস্যান্তর্নির্যন্নভ্যন্তরতো নির্গচ্ছন্‌ যঃ কিঞ্জল্কস্তস্য লেশেন ছুরিতঞ্চ তল্লঘুতরং যথা স্যাত্তথা, স্বিন্নঞ্চ যদ্গণ্ডান্তং তেনাপি লক্ষ্মীঃ শোভা যস্য সঃ ॥

৭৫ । তাদৃশ-মঞ্জীর-নাদ-শ্রেণ্যা সহ সংবাদ্যমানাভিঃ সংবাদং কার্যমাণাভিঃ শ্রুতিভিঃ ষড়্‌জাতি-সম্বন্ধিনীভির্মৃদুঃ কোমলো যো মুরলীস্বানস্তত্র নিষ্ণাতো দোষাস্পৃষ্টগুণতারতম্যজ্ঞান-নিপুণৌ কর্ণাবেব যস্য সঃ। এতচ্চ পরমকলাবতীষু স্বপ্রেয়সীষু চমৎকারাতিশয়াধানার্থম্‌ ॥

পৃথিবীতে খগমৃগমৃগীর ফাঁদস্বরূপে অবতীর্ণ তার দ্বারা তরুলতার শোভায় অতি মনোরম দিগাঙ্গনার অঙ্গে নানাবিকার যেন প্রকাশ করতে করতে ব্রজবনিতাগণের দিবসকৃত অতিবিরহ-সন্তাপ স্বচ্ছন্দে নির্বাপন করতে করতে ব্রজপুর অভিমুখে চললেন শ্রীকৃষ্ণ।

৭৪, ৭৫ । তথা হি—

গোধূলি ধূসরিত কমনীয় অলকে শোভিত শিরদেশে তেরছা করে বাঁধা উষ্ণীষবন্ধে, দোলায়মান-নবকলায় রচিত অশোকগুচ্ছ আভরণে, ময়ূরপুচ্ছের শিরভূষণে, চঞ্চলকুণ্ডলশোভার রমণীয়তায়, সূর্যকিরণক্লান্ত কর্ণোৎপলের অভ্যন্তর থেকে নির্গত পরাগলেশে ব্যাপ্ত অল্পঅল্প ঘর্মাক্ত কপোলের শোভায় রমণীয়, তথা মন্দমন্দ চলনলীলায় মৃদুমধুর রণিত মঞ্জুমঞ্জীর-নাদপ্রবাহের সহিত এক-তানতায় মিলিত শ্রুতিসম্বন্ধিনী মৃদুমুরলীস্বান-নিষ্ণাত কর্ণযুগলে মনোহর, চক্ষুষ্মানগণের মূর্তিমান্‌ প্রেমানন্দস্বরূপ শ্রীকৃষ্ণ বড়ভাই বলরামকে অগ্রে সহচরগণকে পশ্চাতে-পার্শ্বে নিয়ে ব্রজে প্রবেশ করলেন।

৭৬। কিঞ্চ, শ্রীকৃষ্ণাগমনোৎসবস্য কথং সায়াহ্ন এবাগ্রতঃ
সন্ধত্তে তদনন্তরং বহুতরীকুর্বন্তি গোধূলয়ঃ।
সত্যং সত্যমিতীব তদ্দৃঢ়তরীকুর্বন্তি ধেনুস্বনা-
স্তত্রৈবাবসরে মনো মৃগদৃশাং মুষ্ণাতি বেণুস্বনঃ॥

৭৭। এবমনুভূয়মানোৎকণ্ঠারসকলমহো সকলমহো বিম্লানা কুমুদ্বতীব মুদ্বতীবর্ত্ম বিহায় হায়ন-সহস্রমিব ক্ষণমেকমভিমন্যমানা মানান্তরানপেক্ষি-মহারাগা ময়ূখমালিমালিন্য-সমাগমমাগময়ন্তং সময়-মপেক্ষ প্রিয়গোকুলচন্দ্রসমালোকনাশয়া নাশয়ামাস হ্রীমুদ্রা মুদ্রামণীয়কভাগাভীরভীরুরাজী॥

৭৮। রাজীববন্ধৌ সমভিপদ্য বারুণীভাবমরুণীভাবমপি লব্ধ্বা নিপততি সতি অকৃতগগনাবতারাসু তারাসু তারান্তরাণীব হর্ম্যাঙ্গনগগনে স্ম তাঃ সমুজ্জিহতে হ তেন বিগতেতিকর্তব্যতাকাঃ পতাকাঃ

৭৬। তত্রৈবাবসরে মুষ্ণাতীতি স্বস্বলোচনেন্দ্রিয়মেব সন্তর্পয়িতুং ব্যগ্রাণাং তাসাং মনোরত্নং প্রতি ত্বসাবধানতা-মালক্ষ্যেতি ভাবঃ॥

৭৭। ময়ূখমালিনি সূর্যে মালিন্যসমাগমম্। আগময়ন্তং প্রাপয়ন্তং সময়মপেক্ষ্যাভীরভীরুরাজী কুমুদ্বতীব প্রিয়ং গোকুলং কিরণসমূহো যস্য তথাভূতস্য চন্দ্রস্য; পক্ষে, প্রিয়শ্চাসৌ গোকুলচন্দ্রঃ কৃষ্ণশ্চ তস্য সম্যগালোকনাশয়া হ্রিয়ো লজ্জায়া এব মুদ্রা মুদ্রণানি তা নাশয়ামাস। যতো মুদাং সম্প্রত্যানন্দানাং রামণীয়কং ভজত ইতি সা। পূর্বং কথম্ভূতা? অহো আশ্চর্যম্, অনুভূয়মানোৎকণ্ঠারসস্য কলা অংশা যত্র তথাভূতং সকলমহঃ সর্বং দিনং ব্যাপ্য বিম্লানা মুদ্বতীনা-মানন্দবতীনাং বর্ত্ম মার্গং বিহায় ত্যক্ত্বা দুঃখবতীনাং বর্ত্মাশ্রিত্যেতি ভাবঃ। মানান্তরমন্যজ্ঞানম্॥

৭৮। ততশ্চ রাজীবানাং পরমপবিত্রাণামপি বন্ধৌ সূর্যে বারুণ্যাং মদিরায়াং ভাবং প্রাপ্তিং পানাভিপ্রায়ং বা; পক্ষে, বারুণ্যাং পশ্চিমায়াং দিশি ভাবং সত্তামভিপদ্য প্রাপ্য। ন কৃতো গগনেঽবতারঃ প্রাকট্যং সূর্যাস্তমনানির্ধারেণেব

উত্তরগোষ্ঠপথে গোপীগণের সঙ্গে কৃষ্ণের নয়নে নয়নে মিলন :

৭৬। আরও, প্রথমতো গোপীগণের মধ্যে শ্রীকৃষ্ণাগমনোৎসবের আলাপন সন্ধ্যা হলেই হতে থাকে, তারপর গোধূলি ওকে বহুতরভাবে পল্লবিত করে তোলে, একটু পরে ধেনুগণের 'সত্য সত্য' ধ্বনির মতো প্রতীয়মান হাম্বারব ঐ আলাপকে করে তোলে অতি জমজমাট। আর সেই অবসরে দর্শনোৎকণ্ঠা হেতু অসাবধান মৃগলোচনাগণের মনোরত্ন বেণুধ্বনি নিয়ে যায় চুরি করে।

৭৭। এইরূপে দিনভোর অনুভূয়মান উৎকণ্ঠারসের ছটায় অহো কুমুদিনীর মতো বিম্লানা, আনন্দবতীদের মার্গ ত্যাগ করে একটি ক্ষণ সহস্রবর্ষসম অভিমননকারিণী, ও অন্য জ্ঞান-নিরপেক্ষ মহানুরাগে ধন্যা গোপরমণীগণ সূর্যের মলিনতা-প্রাপক সন্ধ্যাকাল নিরীক্ষণ করে প্রিয় গোকুলচন্দ্রের সমালোকন আশায় সম্প্রতি হর্ষবেগে লজ্জার ভাব বিদূরিত করে দিলেন।

৭৮। পরমপবিত্র হলেও গোপীগণ যেমন বন্ধু কৃষ্ণে 'বারুণীভাবম্' অর্থাৎ পানাভিপ্রায় পোষণ করেন তেমনই সূর্য যখন 'বারুণীভাবম্' অর্থাৎ পশ্চিমদিকে স্থিতিপ্রাপ্ত হওয়াতঃ অরুণিত হয়ে

পরমসৌভাগ্যসম্পদ ইব, চপলতরচিল্লীলতাচিল্লীলতাতরঙ্গনিকরৈরলমম্বরমম্বরমণিদুহিতৃবীচিনিচয়ৈরুপচিতং চিতং বিদধত্য ইব, তদন্তরান্তরা চ চঞ্চলৈরপাঙ্গৈর্নয়ননিমীলনোন্মীলনোন্মীলিতধবলিমনীলিমনীরাজিতৈঃ কুমুদকুবলয়বলয়বলনামিব বিরচয়ন্ত্যো বদনমণ্ডলৈশ্চ জৃম্ভারম্ভারঞ্জিদশনরুচিরুচিরৈঃ কিঞ্জল্করাজিরাজিরাজীববনপটিমানং মৃজন্ত্য ইব, দূরাদেব শ্রীকৃষ্ণানননিস্তন্দ্রচন্দ্রচটুলিমানমানয়ন্ত্য ইব সবিধং বিবিধং বিচিত্রচিত্তচমৎকারকারণং রণং কুসুমশরাসনস্যেব যন্মনোগতং তদেব হি বহিরিব প্রকাশয়ন্ত্যোঽমূরবতস্থিরে ॥

যাভিস্তথাভূতাসু সতীষু তারাসু। তা আভীর-ভীরবঃ। বিগতা ইতি-কর্তব্যতা যাসাং তথাভূতাঃ সত্য আভীর-ভীরবঃ সমুজ্জিহতে স্ম, সম্যগুদিতবত্যঃ। ক স্ফুটম্, তেন তাদৃশসমুদয়েন হেতুনা পরমসৌভাগ্যসম্পদঃ পতাকা ইব। ততশ্চামূরবাবতস্থিরে। কিং কুর্বত্যঃ? চপলতরে চিল্ল্যৌ ভ্রুবাবেব লতে তয়োশ্চিল্লীলতা চিন্ময়লীলত্বং তস্যাস্তরঙ্গাণাং নিকরৈঃ সমূহৈরলমত্যর্থমম্বরমাকাশমম্বরমণিদুহিতুর্যমুনায়া বীচিনিচয়ৈরুপচিতং যথা স্যাত্তথা, চিতমাচ্ছন্নং বিদধত্য ইব; "চিতং ছন্নে ত্রিষু" ইতি মেদিনী। তদন্তরান্তরা চ তথাভূতাম্বরস্য মধ্যে মধ্যে তু নয়নয়োর্নিমীলনোন্মীলনাভ্যাং চ প্রতিদ্বয়ং পৃথক্ পৃথগুন্মীলিতাভ্যামুদ্গতাভ্যাং ধবলিমনীলিমভ্যাং নিঃশেষেণ রাজিতৈরপাঙ্গৈঃ ক্রমেণ কুমুদকুবলয়ানাং শ্বেত-নীলোৎপলানাং বলয়বলনাং মণ্ডলঘটনাং কিঞ্জল্কানাং রাজিভিঃ শ্রেণীভী রাজিনো রাজমানস্য রাজীববনস্য পটিমানং নৈরুজ্যম্; "পটুর্দক্ষে চ নীরোগে চতুরেঽপ্যভিধেয়বৎ" ইতি মেদিনী। এবং শ্রীকৃষ্ণমুখচন্দ্রোদয়াদুৎপলানাং প্রফুল্লত্বং যুক্তমেব, কমলানামপি প্রফুল্লত্বেন নীরোগত্বং ত্বাশ্চর্যমিতি ভাবঃ। অন্যদপ্যাশ্চর্যমাহ—শ্রীকৃষ্ণস্যাননমেব নিস্তন্দ্রশ্চন্দ্রস্তস্য চটুলিমানং সৌন্দর্যং সবিধং স্বনিকটমানয়ন্ত্য ইব তাদৃশ-চিল্লীতরঙ্গৈশ্চলাপাঙ্গৈঃ সজৃম্ভবদনমণ্ডলৈশ্চ তৈস্তৈঃ পুনঃ পুনঃ প্রেষিতৈরিবেতি ভাবঃ। কিমর্থম্? মনোগতং কুসুমশরাসনস্যেব যদ্রণং যুদ্ধং স্থিতম্, তদেব হি নিশ্চিতং বহিরপি প্রকাশয়ন্ত্যঃ প্রকাশয়িতুম্ ॥

অস্তমিত হ'ল, এবং গগনে যখন তারার উদয় হয় নি সেই সময়ে গোপীগণ কিংকর্তব্যবিমূঢ় হয়ে ভিন্ন এক প্রকার তারার মতো প্রাসাদের উপরস্থ গগনতলে এসে উজ্জ্বলরূপে উদিত হলেন, এবং এতে শোভা পেতে লাগলেন সৌভাগ্যসম্পদ পতাকার মতো। তথায়ই তাঁরা স্থির হয়ে দাঁড়িয়ে রইলেন। তাঁদের অতি চঞ্চল ভ্রূলতার চিন্ময় লীলাতরঙ্গসমূহের দ্বারা প্রাসাদোপরি আকাশতল যেন সম্পূর্ণ আচ্ছাদিত হয়ে গেল—তরঙ্গমালাদ্বারা যমুনার আচ্ছাদিত হওয়ার মতো। ঐ আকাশতলের মধ্যে মধ্যে তাঁদের চঞ্চলকটাক্ষে নয়ননিমীলন-উন্মীলনে উৎপন্ন ধবলিমা-নীলিমাদ্বারা অতিশয়রূপে শোভিত অপাঙ্গচ্ছটায় যেন শ্বেত-নীল পদ্মঝাড়ের দৃশ্য সৃজিত হল। জৃম্ভারম্ভে প্রীতিদায়িনী দন্তকান্তিতে সুন্দর তাঁদের বদনমণ্ডলের দ্বারা কেশররাজিতে শোভমান কমলবনের মতো প্রফুল্লতা জনিত নিরোগতাই যেন প্রকাশিত হল। এই অবস্থায় শ্রীকৃষ্ণাননরূপ তন্দ্রারহিত চন্দ্রের সৌন্দর্য নিজেদের নিকটে আনয়নের জন্যই যেন তাদৃশ সেই সেই ভ্রূতরঙ্গে চঞ্চল কটাক্ষ ও সজৃম্ভ বদনমণ্ডল পুনঃপুনঃ প্রেরিত হচ্ছিল আননস্বামীর নিকট। মনের মধ্যে কন্দর্পের যে বিবিধ বিচিত্র চমৎকারকারী যুদ্ধ হচ্ছিল তাঁদের, তাই যেন বাইরে প্রকাশ করবার জন্য তাঁরা ছাদে দাঁড়িয়েছিলেন।

৭৯। স্থিরেণানুরাগেণ দত্তাশ্বাসাশ্বাসাদ্যমানক্ষণদাক্ষণদাক্ষিণ্যবশাদতিসমুপচীয়মানমানসাভিলাষ-বিশেষা কাচন নিজাভিমুখমুখকমলমিব তং মন্বানা মদালয়ময়মবশ্যমেষ্যতীতি সপ্রমোদমালিজনবদনমীক্ষতে স্ম ॥

৮০। কাচন ধৃতিমুক্তা মুক্তালতাং করপুটপুটকযুগলেনাধৃত্য কাতরতরতরলনয়নং সখীজনমামন্ত্র্য নিগদতি স্ম,—'হন্ত কুন্দদন্তি! দন্তিবরমন্দগামী যাবদয়মপরস্যা রস্যায়া ভবনং নোপসরতি, তাবদিহানীয়তাম্, নীয়তাং মমেয়মেকাবলী, বলীয়াংশ্চ প্রণামোঽয়ম্, যদি মে জীবিতমবিতমপি কর্তুমভিলষসি ভবতী, তদা মা পরং বিলম্বতাম্, লম্বতাং ত্বরিতম্' ইতি ॥

৮১। কাচন 'হে সখি কিং করিষ্যন্তি গুরবো রবোপতাড়নেন, কিময়ি ব্রীড়াপীড়াপীয়ং সহ্যতে, চল তাবৎ লতাবৎ বেষ্টয়ামো মনোরথকল্পতরুতরুণমিমং নিমজ্জকবো বয়মানন্দাম্বুনিধৌ নির্ধৌতসন্তাপাঃ, সখি! ব্রজ, ব্রজরাজগৃহমেব যামো যামোঽয়ং শুভ এব জাতঃ ॥'

৮২। ইত্যেবমাদিকয়া দিশাদি-শাবল্যেন ভাবানামসম্বন্ধালাপরতাস্পৃহরতাসূক্ষ্মাসঃ নিখিলকরণ-

---

৭৯। অতএব তাসু মধ্যে কাচন আশু শীঘ্রমাসাদ্যমানায়াঃ ক্ষণদায়া রজন্যাঃ ক্ষণে উৎসবে যদ্দাক্ষিণ্যমানুকূল্যম্, তদ্বশাৎ ॥

৮০। ধৃতিমুক্তা ধৈর্যরহিতা। আধৃত্যেতি সখ্যৈ মুক্তালতামুৎকোচত্বেন দাতুমিতি ভাবঃ। মে জীবিতং জীবনমপি। অবিতং রক্ষিতং কর্তুং যদিচ্ছতি। লম্বতাং হর্ম্যপৃষ্ঠতোঽবতরতু ॥

৮১। চল গচ্ছ। নিমংক্ষবো মগ্না ভবিতুমিচ্ছন্ত্যো যামো গচ্ছামঃ, কেনচিৎ ছলেনেত্যর্থবশাৎ। যামঃ প্রহরঃ ॥

৭৯। স্থায়ী অনুরাগের দ্বারা দত্ত আশ্বাসা, রজনীর উৎসবে প্রাপ্ত আনুকূল্য হেতু অতি উচ্ছলিত মানসাভিলাষ-বিশেষা, ও নিজ অভিমুখে যেন কৃষ্ণের মুখ ন্যস্ত রয়েছে এরূপ মন্যমানা কোনও গোপী আমার ভবনে অবশ্য তিনি আসবেন এই ভেবে আনন্দের সহিত সখীজনের বদনপানে চাইলেন।

৮০। কোনও ধৈর্যরহিতা গোপী উৎকোচরূপে মুক্তালতা দুই হাতের অঞ্জলিতে ধরে অতি কাতর চঞ্চল নয়নে সখীজনকে আহ্বান করে বললেন—'হন্ত কুন্দদন্তি, করিশ্রেষ্ঠ-মন্দগামী কৃষ্ণ যতক্ষণ-না অপরের রসময় ভবনে চলে যান তার মধ্যে তাঁকে এখানে নিয়ে এস, আর আমার এই একাবলি হার পারিতোষিক নিয়ে নেও—এই আমার শ্রদ্ধায় উচ্ছলিত প্রণাম গ্রহণ কর।'

৮১। কেউ বলল—'হে সখি, গুরুজনেরা বাক্যবাণে পীড়িত করে কি করবে, লজ্জার নিপীড়ন কেন শুধু শুধু সহ্য করছি। ততক্ষণ চল-না আনন্দসাগরে নিমজ্জিত হতে ইচ্ছুক আমরা সকল সন্তাপ ধুয়ে মুছে ফেলে মনোরথকল্পতরুস্বরূপ ঐ তরুণকে লতার মতো জড়িয়ে ধরিগা। সখি, চল যাই ব্রজরাজের গৃহেই চলে যাই—এ-প্রহরটি শুভই বটে।'

৮২। ইত্যাদি প্রকারের দিক্‌দর্শনানুসারে বিবিধ সঞ্চারীপ্রমুখ ভাবের উৎপত্তি ও সংঘর্ষের

বৃত্তিভ্যঃ কৃষ্ণৈকতানতয়া সমুৎকণ্ঠয়া কণ্ঠযাপিত-জীবিতাসু তাসু সদনুরাগরসোৎকটাঃ কটাক্ষ-লক্ষ্মীর্নিক্ষিপন্ন-ক্ষিপন্নমোদো মনসা রময়ন্নিব সারময়ন্নিব নিবহীভূতভূতলাবিদিতপ্রণয়ামৃতস্য মৃতস্য সঞ্জীবনো বনোদ্দেশত উপেয়িবান্। গাঢ়োৎকণ্ঠাভরকণ্ঠাভরণতাং প্রাপ্তমধিকমধিকমনীয়তমং মনোরথং সফলয়ন্নিব প্রত্যেক-মুখসম্মুখ-সংবীক্ষণক্ষণলক্ষণক্ষণনির্বৃতো বৃতোঽনুচরগণেন কৃষ্ণোঽপি নিজভবনমাসসাদ ॥

৮৩। সা দয়িতাবলিরপি চেতসা চেতসাফল্যভৃতা ভৃতাতিশয়ানন্দং তস্য সঙ্গেনৈব গতা কেবলং বিপুলপুলকায়েন কায়েন জগৃহে গৃহেঽবস্থানম্ ॥

৮২। এবমাদিকয়া দিশা। ভাবানাং বিবিধ-সঞ্চারিণামাদিরুৎপত্তিশ্চ শাবল্যং সম্মর্দশ্চ; যথা 'মদালয়ময়মবশ্য-মেষ্যতি' ইত্যত্র স্বাভিমুখ্যহেতু-পরামর্শাশ্লিশ্চয়াস্ত-বিতর্কোদয়ঃ, তথা চ 'কিং করিষ্যন্তি গুরবঃ' ইতীষ্টলাভাদ্গর্বেণ গুরু-হেলনম্, ততশ্চ 'কিময়ি ব্রীড়াপীড়া সহ্যতে' ইত্যুক্ত্যেব সূচিতেন 'হন্তকুলবধূরহং সায়মুদ্ধতেব কথং বহির্নির্গচ্ছামি' ইতি বাক্যেন ব্রীড়য়া তস্য সম্মর্দনং পুনঃ 'চল তাবত্তাবদ্বেষ্টয়াম' ইত্যৌৎসুক্যেন তস্যা অপি সম্মর্দ ইত্যেবং গর্বাদিভাবঃ শাবল্যং তেনাসংবদ্ধো বিশিষ্ট-বৈদগ্ধ্যচাতুর্যাদিশূন্য আলাপস্তত্র রতাসু সতীষু। অতএব করণবৃত্তিভ্য ইন্দ্রিয়ব্যাপারেভ্য উপরতাসু, যতঃ কৃষ্ণৈকতানতয়া যা সমুৎকণ্ঠা তয়া; "একতানোঽনন্যবৃত্তিঃ" ইত্যমরঃ। অনুরাগরসেনোৎকটাঃ কটাক্ষ-সম্পত্তীস্তাঃ সুনিক্ষিপন্নেবাক্ষোঃ পন্নঃ প্রাপ্তঃ পরিবর্তেনেব মোদো যেন সঃ, মনসা তাঃ প্রেয়সী রময়ন্নিব, ততশ্চ তাভির্দক্ষি-ণাত্বেন কল্পিতমিব নিবহীভূতস্য ভূতলেঽবিদিতস্য কাপ্যদৃষ্টশ্রুতস্য প্রণয়ামৃতস্য সারময়ন্নিব প্রাপ্নুবন্নিব, অতএব মৃতস্য সঞ্জীবনঃ। প্রত্যেকং মুখানাং সম্মুখ এব যৎ সম্যগ্বীক্ষণং তেন যৎ ক্ষণলক্ষণমুৎসব-চিহ্নং প্রফুল্লত্ব-পুলকিত্বাদি, তেনৈব ক্ষণং ব্যাপ্য নির্বৃতো মনোরথং সফলয়ন্নিব। কীদৃশম্? গাঢ়েনোৎকণ্ঠাভরেণ কণ্ঠস্যৈবাভরণতাং প্রাপ্তম্। 'অদ্য সস্মিতানি সকটাক্ষাণি প্রেয়সীমুখানি কিমালোকিষ্যে' ইত্যাদি-মনোরথবাক্যস্য মুহুরাবৃত্ত্যা কণ্ঠস্থীকৃতত্বাৎ ॥

৮৩। চেতসা মনসা। কীদৃশেন? চেতস্য জ্ঞানস্য যৎ সাফল্যং শ্রীকৃষ্ণমাধুর্যৈকনিষ্ঠত্বং তদ্বিভর্তীতি তথা তেন; "চিতী সংজ্ঞানে" ধাত্বর্থঃ; তস্য কৃষ্ণস্য স্বসঙ্গেনৈব ভৃতঃ পুষ্টশ্চাসাবতিশয়ানন্দশ্চেতি তং গতা প্রাপ্তা কেবলং কায়েনৈব। কীদৃশেন? বিপুলপুলকানামায়ো বৃদ্ধির্যত্র তেন কর্ত্রা; জগৃহে গৃহীতম্ ॥

দ্বারা সম্মিলিত আলাপরতা, কৃষ্ণৈকতানতা হেতু নিখিল উদ্দাম ইন্দ্রিয়বৃত্তি থেকে নিবৃত্তিপ্রাপ্তা, সমুৎকণ্ঠাগত প্রাণা গোপীগণের উপর মৃতসঞ্জীবনস্বরূপ কৃষ্ণ উচ্ছলিত অনুরাগ-রসোত্থ উৎকট কটাক্ষসম্পত্তি নিক্ষেপ করতে করতে, এর পরিবর্তে নয়নে আনন্দ লাভ করতে করতে মনে মনে সেই প্রেয়সীগণকে যেন রমণ করতে করতে, এবং দক্ষিণাস্বরূপে তাঁদের দ্বারা রচিত - পুঞ্জীভূত-ভূতলে অবিদিত প্রণয়ামৃতের সার যেন প্রাপ্ত করতে করতে বৃন্দাবনের নিকট এসে গেলেন। গোপীদের প্রত্যেকের মুখের সামনের দিক নিরীক্ষণে যে প্রফুল্লতা-পুলকাদি উৎসবচিহ্ন চোখে পড়ল তার দ্বারা ক্ষণভোর শান্তিপ্রাপ্ত হয়ে অনুচরগণে পরিবেষ্টিত কৃষ্ণ 'ঐ হাসি হাসি-সকটাক্ষ প্রেয়সীর মুখখানি আজ কি আর দেখতে পাবো' গাঢ়োৎকণ্ঠাভরে বার বার এইরূপ আবৃত্তি দ্বারা যেন কণ্ঠস্থ করতে করতে অধিক হতেও অধিক কমনীয়তম তাঁর মনোরথ যেন সফল করতে করতে নিজ ভবনে প্রবেশ করলেন।

৮৪। অথ নিজনিজগৃহং গতেষু বয়স্যসঞ্চয়েষু বয়স্যসঞ্চয়েষু নির্জলসজলজলধরসহোদরৌ সহোদরৌ শ্রীরামদামোদরৌ মোদরৌ জনকজননীজননীরন্ধ্রনয়নানন্দসুধাসারেণ সারেণ চ লাবণ্যমধুরিম্ণোঃ ॥

৮৫। অথ পূর্বপূর্বদিবসবদম্বাভ্যাং সমোদকদম্বাভ্যাং সমোদকনির্ধৌতে রেণুনিকরে করেণুকলভাবিব নীরজস্কৌ মার্জিত-সমার্জিত-সমীচীনশোভাভরৌ পরিগ্রাহিতহিতবসনানুলেপনাভরণভূষিতৌ ভূষিতৌ চন্দ্রাবিব যথাসময়ং রসময়ং রম্যমাহারমভ্যবহৃত্য নিজ-নিজগৃহেঽধিপরার্দ্ধ্যশয়নং শয়নং কুরুতঃ স্ম ॥

ইত্যানন্দবৃন্দাবনে কৈশোরলীলালতাবিস্তারে যজ্ঞপত্নীজনানুগ্রহো

নাম ত্রয়োদশঃ স্তবকঃ ॥১৩॥

···— ঃ*ঃ॥— ···

৮৪। বয়স্যসঞ্চয়েষু সখিসমূহেষু; বয়সি ন সম্যক্ চয়োঽতিসমৃদ্ধির্যেষাং তথাভূতেষু কুমারপ্রায়েষ্বিত্যর্থঃ। সহোদরৌ তুল্যৌ; সহোদরৌ ভ্রাতরৌ। জনকজননীজনেষু নীরন্ধ্রেণ নিবিড়েন নয়নেষ্বানন্দসুধায়া আসারেণ। লাবণ্যঞ্চ মধুরিমা চ তয়োঃ সারেণ সারভাগেন চ মোদরৌ মোদদায়িনৌ ॥

৮৫। মোদস্য কদম্বেন বৃন্দেন সহিতাভ্যাম্। সমেন কালোচিতেন; যদ্বা, সুবাসিতত্বাদিনা প্রমাণেন বা সমেন তুল্যেনোদকেন নির্ধৌতে ক্ষালিতে রেণুনিকরে সতি। আদৌ মার্জিতৌ ততশ্চ সম্যগার্জিত উপার্জিতঃ সমীচীনায়াঃ শোভায়া ভরো যাভ্যাং তৌ চ তথা তৌ। পরিগ্রাহিতৈর্হিতৈর্গাত্রানুরূপৈর্বসনাদিভির্ভূষিতৌ মণ্ডিতৌ ভুবি পৃথিব্যা-মুষিতৌ কৃতবাসৌ, অধিপরার্ধ্যশয়নং পরার্ধ্যমূল্যয়োঃ শয্যয়োঃ ॥

ইতি শ্রীমদানন্দবৃন্দাবন-টীকায়াং শ্রীসুখবর্ত্তিন্যাং ত্রয়োদশস্তবক-সঙ্গমনম্ ॥১৩॥

—◦ঃ◦★◦ঃ◦—

৮৩। সেই দয়িতাগণও জ্ঞানের যা সিদ্ধি সেই শ্রীকৃষ্ণমাধুর্যনিষ্ঠা চিত্তে ধারণ করত অত্যানন্দে উৎফুল্ল হয়ে তাঁর সঙ্গে সঙ্গেই চললেন, কেবল বিপুল পুলকোচ্ছল দেহের দ্বারা গৃহে অবস্থান করলেন।

মাতৃবাৎসল্যে লালিত কৃষ্ণের গৃহে শয়ন ঃ

৮৪। বয়সে নাতিসমৃদ্ধ (অর্থাৎ কুমারপ্রায়) সখাগণ নিজ নিজ গৃহে গেলে নির্জল ও সজল মেঘতুল্য সহোদর শ্রীরামদামোদর জনকজননীজনের নয়নে নিবিড় আনন্দসুধা বর্ষণের দ্বারা এবং লাবণ্যমধুরিমাসারের দ্বারা আনন্দদায়ী হলেন।

৮৫। অতঃপর পূর্বপূর্ব দিবসবৎ আনন্দোচ্ছল দু মায়ের দ্বারা কালোচিত ঈষৎ উষ্ণ বা শীতল জলে অঙ্গের ধূলি ধৌত হওয়ার পর হস্তিনীর বাচ্চার মতো ধূলি রহিত, মায়েদের মার্জনের দ্বারা সম্যক্ অর্জিত সমীচীন শোভাভরবিশিষ্ট, তাঁদের হাতে পরিধাপিত মঙ্গলময় বসন - অনুলেপন - আভরণে অলঙ্কৃত, পৃথিবীতে বাসকারী চন্দ্রের মতো তাঁরা দু-ভাই সময়োপযোগী রসময় রম্য খাদ্য আহার করে নিজ নিজ গৃহে অতি বহুমূল্য শয়নে শয়ন করলেন।

শ্রীআনন্দবৃন্দাবনে কৈশোরলীলা বিস্তারে যজ্ঞপত্নীজনানুগ্রহ

নামক ত্রয়োদশ স্তবক।

····০ঃ॥০॥ঃ০····

চতুর্দ্দশঃ স্তবকঃ

১। অথ বিভাতায়াং বিভাবর্য্যাং বিভাবর্য্যাং সহচরমণ্ডলীমাদায়ান্নুগবীনো নবীনো নট ইব ললিতাকল্পঃ কল্পদ্রুম ইবানুগতসঙ্কল্পকল্পকঃ পূর্বপূর্বদিনবদ্ধনবিনোদায় নোদায় খগ-মৃগ-তরু-বীরুধাং বিরহদুঃখস্য চ যদি স্ম ব্রজতি ব্রজতিলকনন্দনঃ, তদা তদাপ্ততমসহচরঃ স তাবদেব ভূদেবভূরতিপীনাবটুর্বটুঃ কুসুমাসবো নাম যদৃচ্ছয়াচ্ছয়া মনোবৃত্ত্যা সকলসৌভাগ্যলক্ষ্মীসম্পুটভেদনং পুটভেদনং তদ্-গোকুলাখ্যং ভ্রমন্নেক এব দৈবতো বতোত্তম-স্থবিরাভিরাভিরাভীরীভিরীক্ষিতঃ সাদরমহূতশ্চ কুতুকাদুপসসাদ ॥

চতুর্দ্দশঃ স্তবকঃ

চতুর্দশে বটুর্ভেজে সার্বজ্ঞ্যং জরতীব্রজে। ব্রজেন্দ্রসূনুঃ কান্তাভিস্তেনে তেন মধূৎসবম্ ॥

গ্রীষ্ম-বর্ষা-শরৎপূর্বহেমন্তা বর্ণিতাঃ ক্রমাৎ। তত্তল্লীলাশ্চ শিশিরো নাপ্রসিদ্ধেরিহ স্তুতঃ ॥

বৃন্দাবনে সদা সত্ত্বাৎ প্রাধান্যাৎ কেলিবর্ধনাৎ। মধুস্তূৎকর্ষয়ামাসে তন্মহানল্পবর্ণনৈঃ ॥

১। ললিতাকল্পঃ সমীচীনবেশঃ। খগাদীনাং বিরহদুঃখস্য নোদায় দূরীকরণায়। ভূদেবভূর্বিপ্রতনয়ঃ; অতি পীনাবটুঃ পুষ্টগ্রীবঃ সকলানাং সর্বেষামেব সৌভাগ্যলক্ষ্ম্যাঃ সম্পুটং ভিনত্তি স্বসৌভাগ্যশ্রিয়ং চূর্ণয়তীতি তৎ; যদ্বা, সকলমেব সৌভাগ্যলক্ষ্ম্যাঃ সম্পুটং ভিনত্তি উদ্‌ঘাট্য প্রদর্শয়তীতি তৎ পুটভেদনং পত্তনম্। বত হর্ষে। উত্তমস্থবিরাভিঃ শ্রীকৃষ্ণপ্রেয়সীনাং শ্বশ্রূভিঃ ॥

চতুর্দশ স্তবক

বসন্তোৎসব ঃ

বৃদ্ধা গোপী সভায় জ্যোতিষের ছদ্মবেশে বটুর কুঞ্জদেবতা-পূজন উপদেশ ঃ

১। অতঃপর রাত্রি প্রভাত হলে অতি শোভোজ্জ্বল সহচরমণ্ডলী নিয়ে গোগণের পশ্চাৎ পশ্চাৎ নবীন নটের মতো সমীচীন বেশে কল্পদ্রুমের মতো অনুগত জনের সঙ্কল্প পূরণকারী ব্রজতিলকনন্দন যদি পূর্ব পূর্ব দিনের মতো বনবিহারের জন্য, এবং খগ-মৃগ-তরু-লতার বিরহদুঃখ দূরীকরণের জন্য বনে চললেন, তখন সকল সহচরগণের মধ্যে আপ্ততম বিপ্রতনয় অতি পুষ্টগ্রীব কুসুমাসব নামক বটু যদৃচ্ছাবশে সরল মনে সকল সৌভাগ্যলক্ষ্মীর সম্পুট উদ্‌ঘাটন করে প্রদর্শনকারী গোকুল নামক নগরে একা একা ভ্রমণ করতে করতে অহো দৈবাৎ শ্রীকৃষ্ণপ্রেয়সীগণের শ্বাশুরী অতিবৃদ্ধা অভিজাত গোপীগণ কর্তৃক লক্ষিত ও সাদরে আহূত হয়ে তাঁদের নিকটে চলে গেলেন।

২। আসন্নঃ সন্নতিসন্নতিপরং তাভিরথ নিজগদে—'জগদেকললিতমেধমেধমানপ্রতিভ প্রতিভয়-রহিতং ভবন্তং জানীমঃ কৃষ্ণস্য প্রিয়নর্মসহচরম্।' তদেবং পৃচ্ছামো ভবতা কিমধীতং ধীতংসরূপম্ ?'

৩। আহ স হসন্নেব,—'ভো ভো ময়া মহাজ্যোতিষা জ্যোতিষাগমাবেবাধীতৌ ধীতৌবরকৃতা কিমন্যেন শাস্ত্রেণ ?' তা নিজগদুঃ,—'জগদুত্তম! কো নয়োঽনয়োঃ প্রতিপাদ্যভূতঃ প্রভূতঃ প্রথয়স্ব তমস্মভ্যম্॥'

৪। স উবাচ বাচমতিসরসাম্,—'হংহো ব্রজপুরপুরন্ধ্রীপ্রধানাঃ! প্রধানা হি জ্যোতিঃপ্রভাবাঃ প্রভাবাহিনঃ। তথা হি—ইহ ভূমধ্যে ভূমধ্যেয়ং ভদ্রাভদ্রভূতং ভূতং শুভাশুভবৎ ভবৎ কুশলাকুশলভাবি ভাবি সর্বং জ্যোতিঃ পাঠেন জ্ঞায়তে। আগমগমকং তু দেবতারাধনতঃ কর্তুমকর্তুমন্যথাকর্তুং চ ক্ষমকর্তৃম্' ইতি॥

২। নিজগদে উক্তঃ। জগতি মধ্যে একা মুখ্যা ললিতা রম্যা মেধা ধারণাবতী বুদ্ধির্যস্য তথাভূতম্। অতএব এধমানা বর্ধমানা প্রতিভা যস্য হে তথাভূত! ততশ্চ প্রতিভয়রহিতং নিঃসাধ্বসম্; ধিয়া বুদ্ধেস্তংসরূপং ভূষণভূতম্; "তসি অলঙ্কারে"॥

৩। মহাজ্যোতিষা অতিতেজস্বিনা; জ্যোতিষঞ্চ আগমশ্চ তৌ; "জ্যোতিষং জ্যোতিষঞ্চাপি" ইতি দ্বিরূপ-কোষাৎ। ধিয়ো বুদ্ধেস্তৌবরকৃতা বৈরস্যকারিণা ইব; "তুবরস্তু কষায়োঽস্ত্রী" ইত্যমরঃ; তুবরস্য ভাবস্তৌবরম্। অনয়োঃ শাস্ত্রয়োঃ; কো নয়ঃ কা নীতিঃ॥

৪। তত্রাপি জ্যোতিষো জ্যোতিঃশাস্ত্রস্য প্রভাবাঃ প্রধানা মুখ্যাঃ। যদ্যপি প্রধান-শব্দস্য "ক্লীবে প্রধানম্" ইত্যমরদৃষ্ট্যা আবিষ্টলিঙ্গত্বম্, তথাপি তট্টীকায়াং বোপালিতদৃষ্ট্যা পুংস্ত্বস্যাপি প্রতিপাদনাৎ "জ্বরঃ প্রধানো রোগাণাম্", "প্রধানা হরিতা মুদ্গা" ইতি বৈদ্যকদর্শনাৎ, (৪র্থ-শ্লো০) "ত্বং সর্বেষাং মম গুণনিধে বান্ধবানাং প্রধানঃ" ইত্যুদ্ধবসন্দেশ-

---

২। নিকটে এসে গেলে সেই বৃদ্ধা গোপীগণ অতিশয় সবিনয়ে বললেন—'জগতের মধ্যে মুখ্যা রম্যা ধারণাবতী বুদ্ধিতে দীপ্ত, অতএব হে প্রতিভোজ্জ্বল! নির্ভয় নর্মসহচর আপনাকে আমরা জানি। তাই জিজ্ঞাসা করছি বুদ্ধির ভূষণস্বরূপ কি শাস্ত্র আপনি অধ্যয়ন করছেন ?'

৩। বটু হাসতে হাসতে বললেন—'ভো ভো আমি অতিতেজস্বী জ্যোতিষ ও আগম শাস্ত্র অধ্যয়ন করেছি। বুদ্ধির বিরসকারী অন্য শাস্ত্রে প্রয়োজন কি ?'

বৃদ্ধাগণ বললেন—'হে জগৎশ্রেষ্ঠ! এর প্রতিপাদ্যভূত কোন্ নীতি অসামান্য—তা আমাদের নিকট খুলে বলুন।'

৪। বটু অতি সরসভাবে বললেন—'হংহো ব্রজপুরপুরন্ধ্রীপ্রধানাগণ! জ্যোতিষ শাস্ত্রের প্রভাব শ্রেষ্ঠই হয়ে থাকে। এ প্রভায় উজ্জ্বলই বটে। এই পৃথিবীতে প্রচুরভাবে ধ্যানযোগ্য ভালমন্দ বস্তু যা অতীত হয়েছে, শুভাশুভ যা কিছু বর্তমান, কুশল-অকুশল যা কিছু ঘটনা ভবিষ্যতে ঘটবে সব কিছু জ্যোতিষ শাস্ত্র পাঠে জানা যায়। আর দেবতা আরাধনের দ্বারা করা-না করা-অন্যথা করার ক্ষমতা অর্জন হল আগমের লক্ষণ।'

৫। তা উচিরেঽচিরেণ,—‘ভো নির্মঞ্ছনং তে যামো, যামোঽয়ং সমীচীন এব, তদত্র কিঞ্চিৎ পৃচ্ছামোঽচ্ছামোদকানি মোদকানি তে দাতব্যানি, তদস্মাকমনুযোগো যো গোকুলে প্রষ্টব্যো ন ভবতি, স শুভবতি ভবতি প্রকাশ্যতে। তস্যোত্তরং দীয়তাম্, দীয়তাং চ নো মনঃসন্দেহো দেহো বিদ্যা বা দ্যাবাপৃথিব্যোঃ কেন হি ন হিতায় পরেষাং ক্রিয়তে ॥’

৬। সহাসং স জগাদ,—‘গা দত্থ চেদ্ভদ্রেতরাস্তদাঽস্তদারুণভাবোঽরুণভাবোধঃ খল্বহং সকলমেব বক্তুমীশেঽমী শেরতে হি ময়ি সর্বজ্ঞতাদয়ঃ সর্ব এব প্রভাবা বিপ্রভাবাদবিরুদ্ধাঃ ॥’

৭। রেণুস্তাঃ,—‘রেণুস্তাবদিদং গবাদি, বসু বসুধায়াং কিমদেয়ং তে যদি নঃ সমীহিতং বক্তুমহসি ?’ স পুনরাহ,—‘ন রা হরণীয়ো মে, কিন্তু প্রতিষ্ঠাপ্রতিষ্ঠাপনমেব মমোদ্দেশ্যম্, তৎ পৃচ্ছ্যতাং ভোঃ

দর্শনাচ্চ বাচ্যলিঙ্গত্বমপি সাধিতম্। প্রভা কান্তিস্তদ্বাহিনস্তদ্যুক্তা ইত্যর্থঃ। ইহ ভূমধ্যে জগতীত্যর্থঃ ভূম্না বাহুল্যেন ধ্যেয়ং ভাবনার্হং ভদ্রাভদ্ররূপং বস্তু; ভূতমতীতম্, এবং ভবৎ বর্ত্তমানম্। কুশলাকুশলে ভবিতুং শীলমস্য তৎ। ভাবি ভবিষ্যৎ; আগমগমকমাগমলক্ষণম্ ॥

৫। যামঃ প্রহরস্তত্মাৎ। অচ্ছানি নির্মলানি চ তানি আমোদকানি সুখদানি চেতি তানি। তত্তস্মাদনুযোগঃ প্রশ্নঃ, “প্রশ্নোঽনুযোগঃ পৃচ্ছা চ” ইত্যমরঃ। প্রষ্টব্যঃ প্রষ্টুং শক্যো ন ভবতি, স্বগৃহচ্ছিদ্র-প্রকাশ-শঙ্কয়েতি ভাবঃ। দীয়তাং খণ্ড্যতাম্। দ্যাব্যাপৃথিব্যোঃ স্বর্গমর্ত্ত্যলোকয়োর্মধ্যে কেন বা জনেন পরেষাং হিতার্থং দেহো বিদ্যা বা ন ক্রিয়তে? অপি তু ক্রিয়ত এব ॥

৬। ভদ্রতরা গা বহুদুগ্ধবতীর্ধেনূঃ; অস্তদারুণভাবস্ত্যক্তক্রৌর্যঃ; অরুণস্য সূর্যস্য ভা জ্যোতীংষি তাভিরেব বুধ্যতে লগ্নক্রমেণ ভদ্রাভদ্রং জানাতীতি সঃ। তথা বক্তুমীশে শক্নোমি। কুতঃ? অমী সর্বজ্ঞতাদয়ঃ প্রভাবা ময়ি হি নিশ্চিতমেব শেরতে, গুপ্তা বর্ত্তন্ত ইত্যর্থঃ ॥

৭। তা আভীর্যঃ, রেণুর্জগুঃ, রভসাদুচ্চৈরূচুরিত্যর্থঃ; ‘রণ ধ্বন শব্দে’। ইদং গবাদিকং বসু ধনম্, রেণুস্তাবৎ

৫। এ কথা শুনবার সঙ্গে সঙ্গেই বৃদ্ধারা বলে উঠলেন—‘অহো আপনার বলিহারি যাই। সময়টাও এখন উপযুক্তই বটে, তাই এখন কিছু প্রশ্ন জিজ্ঞাসা করছি। নির্মল সুখদ লড্ডুক দিব দক্ষিণাস্বরূপে। আমাদের প্রশ্ন—নিজেদের সেই গৃহচ্ছিদ্র যা গোকুলে জিজ্ঞাসা করাই চলে না, তা মঙ্গলময় আপনার নিকট প্রকাশ করে বলছি। এর উত্তর আপনি দিন। আমাদের মনের সন্দেহ খণ্ডন করুন। স্বর্গমর্তে এমন লোক কে আছে যে দেহ-বিদ্যা পরের হিতের জন্য নিয়োগ না করে।’

৬। হাসতে হাসতে বটু বললেন—‘বহু দুগ্ধবতী গাভী যদি দক্ষিণা দেন তবে ত্যক্তবক্রভাব সূর্যজ্যোতির্দ্বারা অর্থাৎ লগ্নক্রমে মঙ্গল-অমঙ্গল জ্ঞানবান্ আমি সব কিছু বলে দিতে পারি। ব্রাহ্মণ বলে সর্বজ্ঞতাদি সব কিছু প্রভাব অনুকূলভাবে আমাতে নিশ্চয়ই গুপ্তভাবে বিরাজমান।’

৭। তাঁরা আনন্দে চিৎকার করে বলে উঠলেন—‘এই গবাদি ধন তো ধূলিকণা সদৃশ, এ-জগতে এমন কি অদেয় বস্তু আছে যা আপনাকে দেওয়া না যেতে পারে যদি আমাদের বাঞ্ছিত মিমাংসা বলতে আপনি সক্ষম হন।’

পৃচ্ছ্যতাম্ ॥'

৮। নিজগদুস্তাঃ,—নিজগতুস্তাপজননং কিমপি অস্মাকং স্বাঽকণ্টকব্রজপুরবসতীনাং সতীনাং ন কিমপি কণ্টকতুল্যম্, কিন্ত্বেক এব মানসাময়ো ন সামযোগ্যঃ। যৎ খলু নো বধূরাজী রাজীবিনী-সমাপি মাপি কতমা নঃ সুখায় বভূব। যতোঽমূর্বিবাহ-দিনাবধি বধিরা ইব ভর্তৃনামশ্রবণেঽপি, অপি তদীয়বন্ধাবন্ধা এব, কিং পুনস্তেষামবলোকে, লোকে ক্ব দৃষ্টমীদৃশং পতিবৈরস্যম্, যদদ্যাপ্যাসাং পতিস্বভিমানোঽপি নো জাতো নো জাতোৎকটমেবমেব দুঃখম্। তদস্য কঃ প্রতীকার ইতি বিচারয় চারয় নিজং যশো দিক্ষু বিদিক্ষু বিশেষেণ' ইতি ॥

৯। এতদধিগত্য কৃত্রিমমৌনী মৌ নীরতয়া মনসি তন্নিদানমিব কুসুমাসবঃ। চিরং বিচার্য্যা-চার্য্যাকারং চাভিনীয় সবিষাদমিব দমিবদতিনিগৃহীতমনা মনাক্ শুষ্কং বিহস্য পুনরুবাচ বাচস্পতির্মেধাবী ধাবী কুতুকময়ে বর্ত্মনি—'অয়ি শুভংযুবরা যুবরাজকৃষ্ণস্য গোচারোঽয়মুদন্তো মুদন্তোচিতো মে ভবিষ্যতি।

রজঃসদৃশমিত্যর্থঃ। দাতুং পুনঃ কিমশক্যমিতি ভাবঃ। রা ইতি ধনম্, ন হরণীয়ো ন মম গ্রাহ্যঃ, কিন্তু প্রতিষ্ঠায়াঃ খ্যাতেরেব প্রতিষ্ঠাপনং লোকৈর্গবাদিদানস্তু তস্যা জ্ঞাপকমেব। অতএব প্রথমমহং গাঃ প্রার্থিতবানস্মীতি ভাবঃ ॥

৮। নিজগং নিজগতং দুষ্টতাপজননম্। মানসাময়ো মনস্তাপো ন সামযোগ্যঃ, ন সান্ত্বনার্হঃ। মাপি কতমা, কতমাপি ন। তদীয়বন্ধৌ স্বদেবরাদৌ অপি অন্ধা এব। নোঽস্মাকং দুঃখমেবমেব। কীদৃশম্? জাতঞ্চ তদুৎকটঞ্চেতি তৎ। যদৈব জাতম্, তদৈব বর্দ্ধিতমিত্যর্থঃ। চারয় প্রচারিতং কুরু ॥

৯। কৃত্রিমং মৌনং যস্যাস্তীতি সঃ। নীরতয়া নিতরাম্ ইরা সরস্বতী যস্য তত্তয়া তন্নিদানং মৌ প্রমিতবান্। ইবেতি সর্বত্র তা এব তথা প্রত্যাপয়তি, বস্তুতস্তু সর্বং কৃত্রিমমেবেতি সূচয়তি। দমিবৎ দান্ত ইবাতিনিগৃহীতমনাঃ

বটু পুনরায় বললেন—'ধন আমার গ্রহণের যোগ্য কিছু নয়, কিন্তু শুধু একটা খ্যাতি প্রচারের উদ্দেশ্যেই গাভী যাজ্ঞা করেছি। অতএব এবার বলুন তো, ভো আপনাদের কি জিজ্ঞাসা।

৮। বৃদ্ধাগণ বললেন—'অকণ্টক ব্রজপুরবাসিনী সতী আমাদের নিজেদের মধ্যে কোনও কিছু দুষ্টতাপের জন্ম হয় না, যা কণ্টকতুল্য হতে পারে। কিন্তু একটাই মনস্তাপ আমাদের, যার কোনও সান্ত্বনা নাই। কারণ আমাদের বধূগণ কমলের মতো সুন্দর হয়েও একটুও সুখের হচ্ছে না। যেহেতু বিবাহ দিনাবধি স্বামীর নাম সম্বন্ধে যেন এরা বধির, তদীয় বন্ধুদের সম্বন্ধেও তথৈবচ, তাঁদের দিকে ফিরে তাকাবার কথা আর কি। এ-জগতে ঈদৃশ পতিবৈরস্য আর কোথায় দেখা যায়? যেহেতু অদ্যাপি এদের পতিতে অভিমানও জন্মাল না। এরূপেই আমাদের দুঃখ জাত হয়েই উৎকট হয়ে উঠেছে। অতএব জিজ্ঞাসা করি এর প্রতিকার কি? এ বিষয়ে বিচার করে দেখুন—এর দ্বারা দেশে বিদেশে নিজের যশ অশেষে-বিশেষে প্রচার করুন।'

৯। বৃদ্ধাদের মনের ভাব বুঝে নিয়ে কুসুমাসব মৌনের ভাব অভিনয় করে সরস্বতীদ্বারা যেন গাঢ়ভাবে আবিষ্ট হয়ে পতি বিমুখতার মূল কারণ গণনাদ্বারা নির্দ্ধারণ করতে লেগে গেলেন। বহুক্ষণ বিচার করে আচার্যের ভাব অভিনয় করে জিতেন্দ্রিয়ের মতো স্থির চিত্ত হয়ে একটু শুকনো হাসি

তেনায়ং সঙ্গোপ্যো গোপ্যোঽবশ্যমেব। বক্ষ্যামি সিদ্ধফলমেকং ফলমেকং সমানয়ত' ইতি তথানীতং ফলমাদায় ক্ষণং বিভাব্য বিভাব্যয়-সুদুর্দর্শঃ পুনর্নিজগাদ ॥

১০। 'ভো ভো আর্য্যা লৌকিকালৌকিকান্যেবাত্র দূষণানি দৃশ্যন্তে, লৌকিকানি কানি চ লগ্নালগ্নানি যৈঃ কিল পতিবিপক্ষতাঽক্ষতা ক্রিয়তে, অলৌকিকানি তাবদবধারয়ত রয়ত এব। কাচিদত্র প্রতিযোগিনী যোগিনী যোগি-নীরাজিত-পদারবিন্দা রবিং দারয়িতুমপি সমর্থা যোগমায়া মায়া-বিবাহং কারয়িত্বা কৌতুকবতী কৌ তু কবতীতরেষু তদভিজ্ঞতো বিবাহমিতি পুনরাসাং নরাসাম্প্রতং পতিবিদ্বেষং চ জনয়ামাস ॥

স্থিরচিত্তঃ। শুভংযুষু শুভবতীষু বরাঃ শ্রেষ্ঠাঃ যুবরাজস্য কৃষ্ণস্য মৎপ্রিয়সখস্য গোচরঃ সন্নয়মুদন্তো বৃত্তান্তো মে মম মুদামানন্দানামন্তে নাশে উচিতো যোগ্যো ভবিষ্যতি। যা এব মাং মিথ্যাপরিবাদেন দূষয়ন্তি, তাস্বেব বৃদ্ধাভীরীষু মৎপ্রিয়সখো কৃষ্ণাপি সর্বজ্ঞতয়া সর্বং ভদ্রাভদ্রমুক্ত্বা হিতমুপদিশন্তীতি ময়ি কৃষ্ণো দুর্মনায়িষ্যত ইতি। তেন হেতুনায়মুদন্তো বৃত্তান্তঃ সঙ্গোপ্যঃ সঙ্গোপয়িতুমর্হঃ। হে গোপ্যঃ! সিদ্ধং ফলং পতিবৈমুখ্যরূপং যস্মাৎ তৎ কারণং বক্ষ্যামি। কীদৃশম্? একং মুখ্যম্। বিভায়াঃ কান্তেরব্যয়েন ব্যয়াভাবেন হেতুনা সুদুর্দর্শঃ ॥

১০। লৌকিকানি স্বভাববৈরূপ্যেণ সৌরূপ্য-কৌরূপ্যাভ্যাঙ্কারোচকত্বানি লৌকিকানি লোকপ্রসিদ্ধানি তানি লগ্নেষু জ্যোতিশ্চক্রশাস্ত্রোক্তেষু ন লগ্নানি, প্রত্যক্ষনিদানকত্বাৎ কিং তদগণনয়েতি ভাবঃ। রয়তো বেগতঃ। প্রতিযোগিনী যুষ্মৎপ্রতিকূলা যোগিনী। নন্বেবং চেৎ সা মান্ত্রিকৈরত্রত্যৈঃ সহেলমেব বিনাশ্যা? তত্রাহ—যোগিনী রাজিতেতি। ভবতু,

---

হেসে বাচস্পতিমেধাবী বটু কৌতুকময় পথে পা বাড়িয়ে পুনরায় বললেন—'অয়ি পরমকল্যানময়ীগণ, এই বৃত্তান্ত যুবরাজ কৃষ্ণের গোচরীভূত হলে আমার হর্ষ নাশের যোগ্য হবে—বন্ধু হয়ে নিন্দাকারিণীদের সহায়কারী হচ্ছি বলে। তাই বলছি এ সব কথা অতি সাবধানে মনের ভিতরে অবশ্যই গোপন করে রাখবেন। একটি ফল নিয়ে আসুন পতিবিমুখতার মুখ্য কারণ বলে দিচ্ছি।' তার কথানুসারে একটি ফল নিয়ে এলে ক্ষণকাল গভীর ভাবে চিন্তা করে অক্ষয় কান্তিমান্ বলে দুর্লভ-দর্শন কুসুমাসব পুনরায় বললেন—

১০। 'ভো ভো আর্যাগণ! লৌকিক-অলৌকিক দু-রকম দোষ এখানে দেখা যাচ্ছে। কুস্বভাব কুরূপাদি লৌকিক দোষ যা পতিবিমুখতা নিখুত করে দিচ্ছে তা লোকপ্রসিদ্ধ প্রত্যক্ষমূলক বলে আর জ্যোতিশ্চক্র-শাস্ত্রোক্ত লগ্নের সহিত সংশ্লিষ্ট করবার কি প্রয়োজন? অলৌকিক যা কিছু সেই সমস্ত আবেগের সহিত অবধানপূর্বক শ্রবণ করুন। এখানে আপনাদের প্রতিকূল কোনও যোগিনী আছেন যিনি যোগিগণের দ্বারা নিরাজিত চরণকমলা, সূর্যকে যেন বিদারিত করতে সমর্থা, যিনি যোগবলে মায়া বিস্তার করেন সেই কৌতুকবতী যোগমায়া আপনাদের পুত্রের সহিত গোপকন্যাদের মায়া বিবাহ করিয়ে তাঁর মায়াবিদ্যাজালের দ্বারা পৃথিবীর অজ্ঞজনদের ভিতরে এটি বিবাহ এরূপ প্রচার করিয়ে দিয়েছেন—আর এই হেতু তিনিই মানুষের ভিতরে এঁদের ব্যবহার অযোগ্যতা এবং পতিবিদ্বেষ জন্মিয়ে দিয়েছেন।

১১। স্বভাবতঃ পুনরিমা ন মানব্যঃ, তেনাস্তু তস্যা মহতীহ তীব্রতরা প্রীতিরতএব মানবাঽমানবানাং সঙ্গতিরসাম্প্রতং সাম্প্রতং স্থিতি স্বয়মেব মতিভেদং কারয়িত্বা রয়িত্বাচ্চ তস্য স্পর্শাদিকঞ্চ ন কারয়তি রয়তিগ্মা সা খলু যোগিনী। তদাস্তু ভবতীভির্বধূতাঽবধূতা ক্রিয়তাম্, কিন্তু নিকামমতা মমতা তু কর্ত্তব্যা, তয়া তু বঃ ক্ষেমং বিধাস্যতে॥

১২। অপি চ যদি বঃ পুত্রাশাঽত্রাশাবিসারিণী ভবিতুমর্হতি, তদাসাং স্পর্শোঽপি যথা ন ভবতি, তথা কার্য্যম্, নহি কৃষ্ণভুজগাবলা বলাকৃষ্টাঃ সুখং জনয়ন্তি। অস্তি ভাগ্যং বঃ সুতানাং যদাসাং তেভ্যঃ স্পর্শোঽপি জাতঃ॥'

১৩। অথ তাঃ সবিষাদবৈকল্যং বৈ কল্যং পুনরূচুঃ,—'অয়ি মূর্ত্তপ্রমাণ মাণবক! ভবতঃ কথা মানবকথা নেয়ম্, কিন্তু সর্বজ্ঞতৈবেয়ং তে। ত্বয়া পরমজ্যোতিষা জ্যোতিষাধ্যয়নপ্রভাবো দর্শিতঃ।

তথাপি ভবতাতিতেজস্বিনাঽসৌ পরাভাব্যেতি? তত্রাহ—রবিমপি দারয়িতুং সমর্থা যোগেনোপায়েন মায়া যস্যাঃ সা। কৌ তু পৃথিব্যাস্তু তদভিজ্ঞতত্তন্মায়াভিজ্ঞাদিতরেষ্বজ্ঞজনেষু বিবাহং কবতি কীর্ত্তয়তি সতি, পুনরিতি হেতোরেব, আসাং নরেষ্বসাম্প্রতমযোগম্॥

১১। তস্যা যোগিন্যাঃ; অসাম্প্রতমযোগ্যম্। তস্য মতিভেদস্য রয়িত্বাৎ তেজস্বিত্বাচ্চ স্পর্শাদিকমপি পতীনাম্। রয়েন বেগেন তিগ্মা তীক্ষ্ণা দুর্বারেত্যর্থঃ। বধূতা বধূভাবঃ, অবধূতা খণ্ডিতা। নাপ্যলং তর্হ্যেতাভিরিত্যুদাসিতব্যমিত্যাহ—কিন্ত্বিতি। তয়া তু যোগিন্যা তু ক্ষেমং পুত্রারোগ্যধনাদিকম্, অন্যথা তু বিনাশয়িষ্যত ইতি ভাবঃ॥

১২। যদি বো যুষ্মাকং পুত্রাণামাশা ধনাদিবাঞ্ছা অত্র গোকুলনগরে আশাবিসারিণী সর্বদিগ্ব্যাপিনী সমৃদ্ধিমতীতি যাবৎ, অন্যথা ত্বাশা ন ফলিষ্যতীতি ভাবঃ। তেভ্যো যুষ্মৎসুতেভ্যঃ স্পর্শোঽপি সম্প্রদানমপি "বিশ্রাণনং বিতরণং স্পর্শনং প্রতিপাদনম্" ইত্যমরঃ। আসাং দানাত্মকস্পর্শ এব তেষু ভাগ্যব্যঞ্জকঃ। সংযোগাত্মক-স্পর্শস্তু কৃষ্ণভুজঙ্গীনাং সাক্ষান্মারক এবেতি ভাবঃ। অতএব ভীত্যা শ্রীরাধাদিপ্রতিচ্ছায়াস্পর্শোঽপি রাধাদিরাভিষু তৎপতিভির্ন ক্রিয়তে স্মেত্যবসেয়ম্॥

১১। পুনরায় বলবার কথা এই যে স্বভাবতঃই এঁরা মানুষ নয়। এঁদের উপর আবার ঐ যোগিনীর মহতী তীব্রতরা প্রীতি, অতএব মানব-অমানব কারোরই সহবাস এঁদের অযোগ্য। এই জন্য ইদানীং যোগমায়া নিজেই মতিভেদের তেজস্বিতা জন্মিয়ে পতিদের স্পর্শাদি পর্যন্তও করালেন না। সেই যোগিনী তেজে দুর্বার। অতএব শীঘ্র তাঁদের প্রতি বধূভাব ছেড়ে দিন। এঁদের প্রতি প্রচুরভাবে মমতা করা কিন্তু কর্তব্য হবে। এতে সেই যোগিনী আপনাদের মঙ্গল বিধান করবেন।

১২। আরও, যদি আপনাদের পুত্রগণের ধনাদি বাঞ্ছা অতি সমৃদ্ধিমতী দেখতে চান তবে এঁদের স্পর্শও যাতে ওঁদের না হয় সেইরূপ করবেন। কৃষ্ণভুজঙ্গরমণী বলাৎকারে আকর্ষিত হলে সুখদায়ক হয় না—(এঁদের সংযোগাত্মক স্পর্শ সাক্ষাৎ মারক হয়ে থাকে)। আপনাদের পুত্রদের ভাগ্য খুলে গিয়েছে, যেহেতু তাঁদের প্রতি মহালক্ষ্মীস্বরূপা এঁদের দানাত্মক দৃষ্টি পড়ে গিয়েছে।'

১৩। অতঃপর তাঁরা সবিষাদ ব্যাকুলতায়, কিন্তু নিশ্চিত শুভব্যঞ্জক ভাবে পুনরায় বললেন—

আগমাধ্যয়নস্য চ মহীমহীয়ান্ প্রভাবো দর্শ্যতাম্, কস্যা দেবতায়া বতায়াসকৃতেনারাধনেন ধনেন যোগিনীকৃত-বিলসিতং বিলসিতং ভবতি, তদপ্যুপদিশ্যতাম্, দিশ্যতাং চ তদারাধনবিধিঃ' ইতি ॥

১৪। স উবাচ,—'অস্ত্যপায়ো নিরপায়ো নিরবকরঃ কোঽপি কোপিন্যাস্তস্যাঃ কোপশমনায় দেবতান্তরোপাসনাসনাথঃ।' তা অথ সপ্রমোদং প্রমোদন্তমিব তং ব্যাহারং হারং মত্বা নিজগদুর্নিজগ-দুঃখহানিকৃতে কৃতেনাভিলাষেণ—'ব্রহ্মবটোঽবটোত্তমোঽসি গুণরত্নানাম্, রত্নানাং যথার্থভাবেন ত্বাং পৃচ্ছামঃ। কাসৌ দেবতা, বতাস্যা বা কিং নাম নাম, কীদৃশী বা তদুপাসনা, সনানাভাবং কথয়িতু-মর্হসি।' স সহর্ষমবদৎ,—'অবধত্ত ভো মহাভাগা মহাভাগাঃ,—অস্তি কিল কশ্চনাতিকালঃ কালকুমারো নাম মারো নাম মূর্ত্তিমানিহ বৃন্দাবনে কুঞ্জদেবতা, দেবতাবৃন্দমহনীয়া যোগিনী চ নীচসাদৃশ্যং যতো ভজতে, সোপাসিতাঽসিতাপাঙ্গীনাং কামং নিকামং নির্বাহয়তি। সা চেৎ প্রসীদতি, সীদতি ন তদা

১৩। বৈ নিশ্চিতম্, কলাং নিরাময়ং যথা স্যাত্তথোচুঃ। মহীমহীয়ান্ মহ্যাং ভূতলে মহত্তমঃ। বত খেদে; আয়াসো যত্নস্তেন কৃতেন; বিলসিতং চেষ্টিতম্; বিলে গর্ত্তে সিতং বদ্ধং ভবতি, বিলুপ্তং ভবতীত্যর্থঃ॥

১৪। প্রমোদন্তমিব প্রকৃষ্টা মা সম্পত্তিস্তস্যা উদন্তং প্রাপ্তো বৃত্তান্তমিব। অবটোত্তমোঽসি শ্রেষ্ঠগর্ত্তোঽসি; "গর্ত্তা-বটৌ ভুবি শ্বভ্রে" ইত্যমরঃ। সনানাভাবং নানাভিপ্রায়সহিতং যথা স্যাত্তথা কথয়িতুম্। মহান্ ভাগো ভাগাং যাসাং তাঃ, অতএব মহতীম্। আভাং গচ্ছন্তীতি তাঃ; যদ্বা, মহত্যা আভয়া গায়তি গানবদ্বক্তীতি মহাভাগাঃ, সোমপা-শব্দবৎ স ইত্যস্য বিশেষণম্। অতিকালোঽতিশ্যামলঃকালাতীতশ্চ, কালস্য কুমারঃ,; পক্ষে, কালঃ শ্যামলশ্চাসৌ

'হে মূর্তিমান্ প্রমাণস্বরূপ বটু! আপনার এ-কথা বালসুলভ কথা নয়, কিন্তু আপনার সর্বজ্ঞতা গুণেরই পরিচয়। আপনি তো পরমজ্যোতিষ, জ্যোতিষ শাস্ত্র অধ্যয়ন প্রভাব দেখিয়ে দিয়েছেন। এবার আগম অধ্যয়নের মহত্তম প্রভাবও ভূতলে দেখিয়ে দিন। হায় হায় কোন্ দেবতার যত্নকৃত আরাধন-ধনে যোগিনীকৃত-চেষ্টা গর্তের মধ্যে আবদ্ধ হয়ে যায়, তা আমাদের উপদেশ করুন, তাঁর আরাধন-বিধিও আমাদের দিন।'

১৪। মধুমঙ্গল বললেন—'সেই কোপিনীর কোপ নিরসনের কোনও অক্ষয়-নির্মল-দেবতান্তর উপাসনাদ্বারা উজ্জ্বলীকৃত উপায় আছে।' অতঃপর তাঁরা আনন্দের সহিত প্রকৃষ্ট সম্পত্তিপ্রাপ্তির মতো সেই কথা গলার হার মাননা করে নিজস্ব দুঃখহানির অভিলাষে বললেন—'হে ব্রাহ্মণ বটু, আপনি শ্রেষ্ঠ গুণরত্নরাজির শ্রেষ্ঠ খনিস্বরূপ! যথার্থভাবে আপনাকে জিজ্ঞাসা করছি—সেই দেবতা কে? হায় হায় তাঁর ডাক নামই বা কি? তাঁর উপাসনাই বা কিরূপ তা বিস্তারিত ভাবে বলুন।' বটু সহর্ষে বললেন—'ভো মহাভাগা মহতী আভায় গানবৎ বক্তা! অবধানপূর্বক শ্রবণ করুন—অতি শ্যামল কালাতীত কালের কুমার (কৃষ্ণপক্ষে-শ্যামল যুবরাজ) কন্দর্প নামক কোনও এক মূর্তিমান্ কুঞ্জদেবতা এই বৃন্দাবনে প্রকট ভাবে বিরাজমান্ রয়েছেন। দেবতাবৃন্দ মোহিনীয়া ঐ যোগিনীও এঁর নিকট অবনতের মতো হয়ে থাকেন। এই দেবতার উপাসনাকারিণী কাজলকালনয়নী

জনঃ কোঽপি, কোপিতাং বা যন্থেতি, তদা ন সপিনাকোঽপি কোঽপি রক্ষিতুমীষ্টে ॥

১৫। তথা হি— কুঞ্জে কুঞ্জে বিহরতি ন কেনাপি সংলক্ষ্যতেঽসৌ
ধ্যানাদাবির্ভবতি ভজতামেকভাবব্রতানাম্।
পূজা তস্যাঃ সময়নিয়মাপেক্ষিণী দুষ্করৈকা
পুণ্যাত্মানঃ পরমকৃতিনঃ কেবলং কুর্বতে তাম্ ॥

১৬। দুষ্করত্বং চাবধত্ত—
পরার্ধ্যমণিভূষণোত্তমবিলেপচেলান্বিতৈঃ, স্বয়ং কুসুমসঞ্চয়াবচয়নায় গম্যাটবী।
তদেকহৃদয়ৈরনাকলিতলোকলজ্জৈর্বৃথা-,বচোরচনবর্জিতৈর্নিয়তমেব ভাব্যং জনৈঃ ॥

১৭। এবং চ বঞ্চনবিমুখতয়াভিমুখতয়াভিলাষপুরস্সরং সুসম্পাদিতে পূজোপচারে সদাচারে সাধীয়সি—

কুঞ্জে কুঞ্জে তমথ মুদিতাঃ পুষ্পধূপপ্রদীপৈ-
র্নৈবেদ্যৈশ্চ প্রিয়সুরভিভিঃ পূজয়েয়ুস্ত্রিসন্ধ্যাম্।
পূজোপান্তে নবকিশলয়প্রস্তর-স্রস্তদেহা
বন্ধুব্রাতৈরপি সহ নিশাং জাগরেণ ক্ষিপেয়ুঃ ॥

কুমারো যুবরাজশ্চেতি স তথা। নাম প্রাকাশ্যে, কামমভীষ্টং কন্দর্পঞ্চ, নিকামং যথেষ্টম্। যদি ব কোপিতাং ক্রুদ্ধত্বমেতি প্রাপ্নোতি, যদি কস্মৈচিৎ কুপ্যতীত্যর্থঃ। সপিনাকোঽপি পিনাকসহিতো রুদ্রোঽপি ॥

১৫। সময়েষু বক্ষ্যমাণেষু নিয়মানেব বক্ষ্যমাণানপেক্ষিতুং শীল যস্যাঃ সা। একা মুখ্যা ॥

১৬। অটবী স্বয়মেব গম্যা গন্তব্যা, নাত্র প্রতিনিধিকল্পনং যুক্তমিতি ভাবঃ। তত্র নিয়মানাহ—তদেকেতি ॥

গোপীসুন্দরীদের মনোভীষ্ট এঁ যথেচ্ছ নির্বাহ করে থাকেন। এই দেবতা যদি প্রসন্ন থাকেন তবে কোনও ব্যক্তিই মিয়িয়ে যায় না। যদি কুপিত হন তবে কেউ-ই এমন কি পিনাকপাণি মহাদেবও রক্ষা করতে পারেন না।

১৫। তথা হি—ঐ দেবতা কুঞ্জে কুঞ্জে বিহার করে বেড়ায়। কেউ-ই তাঁকে দেখতে পায় না। তিনি ভজনশীল একভাবব্রতীদের ধ্যানের দ্বারা আবির্ভূত হন। তাঁর পূজার সময় ও নিয়মের অপেক্ষা আছে, যা দুষ্কর ও মুখ্যা। পুণ্যাত্মা পরমকৃতিগণই কেবল তা করে থাকেন।

১৬। দুষ্কর কি তা ভাল করে শুনুন—যে জন সেই দেবতার পূজা করবে সে পরার্দ্ধমূল্য মণিখচিত ভূষণে অলঙ্কৃত ও উত্তম বিলেপন দ্রব্যে - বস্ত্রে সজ্জিত হয়ে নিবে, কুসুম চয়নের জন্য স্বয়ং বৃন্দাবনে যাবে, লোকলজ্জা তুচ্ছ করে দিবে, বাক্‌বিলাসিতা বর্জন করবে এবং তদেকচিত্ত হয়ে নিরন্তর তাঁর ধ্যানে মগ্ন হয়ে থাকবে।

১৭। এইরূপভাবে বিত্তশাঠ্যরাহিত্য, ও তাঁতে উন্মুখতা বশতঃ অভিলাষ পুরঃসর সদাচারের

১৮। এবং প্রাতঃ প্রাতর্মধ্যাহ্নপূজে ধর্মম্, সাধয়তি সর্বজনং সিদ্ধব্যবসায়ং সায়ংপূজা, নিখিলাভিলাষক্ষণদা ক্ষণদাপূজা চেতি। বর্ণিতোঽয়ং ত্রিকালপূজামহিমাঽনুমহি মানুষে লোকে লোকে নাতঃ পরং ব্রতম্। অস্যাশ্চ দেবতায়াঃ সর্বাতিরেকা মন্ত্রাঃ কামন্ত্রাণকারিণো বহব এব সন্তি, তেষু প্রধানতমোঽষ্টাদশাক্ষরোঽক্ষরোপমঃ কোঽপ্যস্তি যদি বো ভো বোভোতি শ্রদ্ধাবিশেষস্তদা তমপি বর্ণয়িষ্যামঃ॥'

১৯। তাভিরভিব্যাহারি হারি বচঃ,—'হে বালাচার্য্য! বিনা মন্ত্রেণ কথমুপাসনা সনাথা ভবতু? তত্রভবতা ভবতা সোঽস্মভ্যমুপদিশ্যতাম্, দিশ্যতাং প্রযাতু তে যশঃ। অস্মাভিরুপদেষ্টব্য এষ্টব্য এষ বধূভ্যঃ, ইতি॥

১৭। বঞ্চনবিমুখতয়া বিত্তশাঠ্য-রাহিত্যেনাভিমুখতয়া তৎসাম্মুখ্যেন। তং কালকুমারম্; প্রস্তরং শয্যা॥

১৮। ধর্মং প্রাতঃ পূরয়তঃ, 'প্রা পূর্তৌ' প্রথমপুরুষদ্বিবচনান্তঃ। সায়ংপূজা কর্ত্রী সাধয়তি করোতি। ক্ষণদা উৎসবদায়িনী ক্ষণদাপূজা রাত্রিপূজা। ত্রিকালেতি প্রাতর্মধ্যাহ্নয়োরপি ধর্মপূরকত্বেন ফলসাম্যাদৈক্যমভিপ্রেত্যোক্তম্, ততশ্চ প্রাতরশক্তৌ মধ্যাহ্নে পূজা অবশ্যমেব কার্যেতি ভাবঃ। ফলানামুত্তরোত্তর প্রাধান্যাৎ সর্বাশক্তৌ রাত্রিপূজা ত্ববশ্যকৈবেত্যপি দ্যোতিতম্। মানুষে লোকেঽতঃপরং ব্রতং ন লোকে, ন পশ্যামি; 'লোকৃ দর্শনে' উত্তমপুরুষৈকবচনান্তঃ। কীদৃশম্? অনুমহি অনুগতা ভবতি মহী যস্মাৎ তন্মহীপদেন তত্রস্থাঃ সর্বজনাঃ লক্ষিতাঃ। কামং যথেষ্টম্। অক্ষরোপমো ব্রহ্মোপমঃ, বো যুষ্মাকম্। ভো ইতি সম্বোধনে; বোভোতি অতিশয়েন ভবতি॥

১৯। অভিব্যাহারি স্পষ্টমুক্তম্। স মন্ত্রো দিশ্যতাং প্রযাত, সর্বদিক্‌বর্তিত্বং প্রাপ্নোতু, দিক্ষু ভবং বিদ্যমানং দিশ্যং তস্য ভাবো দিশ্যতা তাম্, এষ মন্ত্রঃ কথম্ভূতঃ সন্ এষ্টব্যঃ? ইচ্ছাবিষয়ীকরিষ্যমাণঃ সন্, অর্থাত্তাভির্বধূভিরেব॥

সহিত পূজোপচার সুসম্পাদিত হয়ে গেলে—সেই জন প্রিয়পুষ্প-ধূপ-প্রদীপ-নৈবেদ্য-গন্ধদ্বারা কুঞ্জে কুঞ্জে সেই কালকুমারকে ত্রিসন্ধ্যা প্রসন্ন মনে পূজা করবে। পূজাশেষে নবকিশলয় শয্যায় দেহ এলিয়ে দিয়ে বন্ধুগণের সঙ্গে নিশা জাগরণে কাটাবে।

১৮। এইরূপে সম্পাদিত প্রাতর্মধ্যাহ্নপূজা ধর্মপূরয়িতা, সায়ংপূজা সর্বজনের সিদ্ধমনোরথকারিকা, আর রাত্রিপূজা নিখিলাভিলাষোৎসবদায়িনী। বর্ণিত এই ত্রিকালপূজা জগতের সকল লোককে অনুগত করে দেয়। মনুষ্যলোকে এর থেকে শ্রেষ্ঠ ব্রত আর কিছু দেখি না। এই দেবতার যথেচ্ছভাবে ত্রাণকারী সর্বশ্রেষ্ঠ মন্ত্র বহুই আছে। তার মধ্যে কোনও একটি সর্বশ্রেষ্ঠতম অষ্টাদশাক্ষর মন্ত্রের অক্ষরতুল্য। ভো যদি আপনাদের শ্রদ্ধাবিশেষ অতিশয়রূপে হয় তা হ'লে তাও বর্ণনা করবো।'

১৯। তখন বৃদ্ধাগণ স্পষ্টরূপে মনোহারী কথা কিছু বললেন—'হে বালাচার্য, বিনা মন্ত্রে উপাসনা কি করে হতে পারে? পরমপূজনীয় আপনি সেই মন্ত্র আমাদিকে উপদেশ করুন। আপনার যশ দিকে দিকে ছড়িয়ে পড়ুক। অভিলষণীয় এই মন্ত্র বধূগণকে আমরা উপদেশ করবো।'

২০। 'বাঢ়ং তৎ সাম্প্রতং সাম্প্রতং প্রীয়তাং সৈব ভগবতী কাচন দেবতা' ইতি মঙ্গলমঙ্গলগ্নং কৃত্বা স চ সচমৎকারমুপদিদেশ দেশকালোচিতং তমেব মন্ত্ররাজম্ ॥

২১। যথা 'অচিন্ত্যমহসে কুঞ্জদেবতায়ৈ রসাত্মনে স্বাহা' ইত্যুপদিশ্য পুনরাহ,—'এবমস্যাঃ সরহস্যং রহস্যগুপ্সা কথিতমুপাসনাকাণ্ডং প্রকাণ্ডং প্রথমমনেনসানেন সাধুসমারাধিতয়া তয়া দেবতয়া প্রতিকূলা কূলাপ্লাবিনী সরিদিব সা ত্বরয়া স্বরয়া ভবিষ্যতি যোগিনীতি প্রকটিতমাগমজ্যোত্যাভ্যাসমর্যাদার্য্যা দাক্ষিণ্যং চ ॥'

২০। বাঢ়মিত্যভ্যুপগমে, তত্তস্মাৎ সাম্প্রতং যুক্তমেব সাম্প্রতমিদানীম্। মঙ্গলং স্বস্তিবাচনাদিকমঙ্গলগ্নমঙ্গসমেতং কৃত্বা সাঙ্গমেব মঙ্গলমাচর্যেত্যর্থঃ। স চ কুসুমাসবঃ ॥

২১। রহসি বিবিক্তে স্থানে অনেনোপাসনাকাণ্ডেন সাধু যথা স্যাত্তথা সমারাধিতয়া তয়া কুঞ্জেচর্যা দেবতয়া হেতুনা সা যোগিনী তু অরয়া বেগরহিতা ভবিষ্যতি, ত্বরয়া শৈঘ্র্যেণৈব। কা ইব? কূলাপ্লাবিনী সরিদিব, কার্ৎস্ন্যেন নিঃসারয়িতুং তু সা দুঃশকৈবেতি ভাবঃ। বেগরাহিত্যে চ নষ্টা ইব স্থিতযাপি তয়া ন কিঞ্চিদসামঞ্জস্যমিতি তদ্ভয়মপি নিঃশেষেণ ন নিবর্তিতমিতি সর্বকালমেব তাসাং স্বস্ববধূজনবনপ্রস্থাপনার্থং গূঢ়চাতুর্যমস্য। নদীদৃষ্টান্তেন চ মদুক্তে-তৎপ্রতিকারাকরণে তু প্রতিদিনমেব বর্ধমানবেগা সা যুষ্মৎকূলমেব সর্বমুন্মূলয়িষ্যতীতি ভয়মুৎপাদ্য তাদৃশপূজনায়ামপি তাঃ শীঘ্রং প্রবর্তিতা। আগমদ্বয়স্য গণনাশাস্ত্রস্য চোপসনাশাস্ত্রস্য চাভ্যাসমর্যাদা প্রকটিতা। হে আর্যা দাক্ষিণ্যং চ যুষ্মাসু স্বানুকূল্যং চ প্রকটিতমিতি।

অথৈতৎপ্রকরণস্যেদং তত্ত্বম্—যদ্যপি শ্রীরাধাদীনাং বনাভিসরণাদৌ তত্তৎপ্রতিচ্ছায়া-নির্মাণেন তত্তৎপতি-শ্বশ্রাদি-সমাধানং যোগমায়য়ৈব সুশকমেবাস্তি, তথাপি তাসাং স্বগুরুজনসমাধানাভাবভাবনায়াং সত্যাং কুঞ্জাদিবিহারস্বাচ্ছন্দ্যং ন সম্ভবেৎ; ন চ তয়ৈব তাসাং তদানীং সা ভাবনা নোৎপাদয়িতব্যেতি বাচ্যম্,—তাসাং স্বেষু পরকীয়াত্বদৃষ্টৌ বর্তমানায়াং তদ্ভাবনানুদয়াসম্ভবাৎ। ন চ তথাদৃষ্টিরপি তদানীং তয়ৈব লোপ্যেতি বাচ্যম্,—তস্যা উজ্জ্বলনীলমণাবুক্তযুক্ত্যা রসোদ্রেকাবহত্বেন লোপানর্হাৎ। ততশ্চ কদাচিন্মধুপানোদ্রেকাদিহেতুভী রাত্রিন্দিবমেব বিলাস-বৃন্দ্যা গোষ্ঠ-গমনে বিস্মারিতে সতি কদাচিচ্চ মুরলীনাদোন্মাদিতানাং তাসাং বনগমনে কৃষ্ণাঙ্গ-সঙ্গ-হেতুকাভিসারত্বেন গুরুভির্বিতর্কিতে

২০। 'আপনাদের কথা সমীচীনই বটে, অতএব ইদানীং সেই ষড়ৈশ্বর্যপূর্ণ কোনও অনির্বচনীয় দেবতা প্রসন্ন হউন।' এই বলে নিজের অঙ্গে অঙ্গসমন্বিত স্বস্তিবাচনাদি মঙ্গল আচরণ করে বটু সচমৎকার দেশকালোচিত সেই মন্ত্ররাজ উপদেশ করে দিলেন।

২১। যথা 'অচিন্ত্যমহসে কুঞ্জদেবতায়ৈ রসাত্মনে স্বাহা' এই মন্ত্র উপদেশ করে পুনরায় বললেন—'এইরূপে উপদিষ্ট হ'ল নিকুঞ্জদেবতার প্রকাণ্ড বিখ্যাত শোভাবিশিষ্ট উপাসনাকাণ্ড। এর দ্বারা নির্জন স্থানে সুষ্ঠুভাবে আরাধিত সেই দেবতার প্রভাবে প্রতিকূলা কূলপ্লাবিনী নদীর মতো সেই যোগমায়াদেবী শীঘ্র বেগরহিতা হয়ে যাবেন। এই তো জ্যোতিষশাস্ত্র এবং আগমশাস্ত্র এ-দুয়েরই অভ্যাস-নিয়ম বলে দিলাম। এতে আপনাদের প্রতি আমার নিজ আনুকূল্যও প্রকাশিত হল।

২২। ইতি নিগদ্যানবদ্যা নবসুধায়মানা গিরো ঝটিতি নিষ্ক্রান্তে কুতুকপটৌ কপটৌজ্জ্বল্যকৃতি বটৌ তাঃ কিল তস্য বাচো বাচোযুক্তিপটুতাজুষো জুষোপপন্নাঃ কৃত্বা সমুপগৃহ্য গৃহ্যকৃত্যাভিমুখাঃ ক্ষণমবস্থায় ভবনমধ্যমধ্যবস্থায় চ স্ব-স্ব-বধূঃ স্ববধূতমাৎসর্য্যমাহূয় হূয়মানদহনশিখা ইব জ্বলন্তীরথ সমুপদিশন্তি স্ম॥

২৩। 'অয়ি জন্যো জন্যোত্তমা ভবত্যো গুণশীলোদার্য্যদার্য্যমাণসুরসুরমণীগর্বতয়া ধন্যা এব। কিন্তু দূষণমপীদং মহীয়ো মহীযোগে যন্ন দৃশ্যতে কুত্রাপি, যৎ খলু ভর্তৃবৈমুখ্যং মুখ্যং নারীনাং নাঽরীণাং চৈতন্তবতু কদাপি তদেতদ্দূষণোপশমনায়াসন্নশমনায়াসন্ন কথমুপায়ং চিন্তয়থ? শ্রূয়তাম্—

সৌভাগ্যপ্রতিবন্ধরন্ধনকৃতে ভর্তুর্মুদে ভর্ত্তরি
শ্রদ্ধাপ্রীতি-বিবৃদ্ধয়ে গুরুজনস্যানন্দ-সম্পত্তয়ে।
শ্রীবৃন্দাবনমধ্যমধ্যনুপমা কুঞ্জেচরী দেবতা
কাপ্যাস্তেঽখিলকামদা মুহুরিয়ং যুষ্মাভিরারাধ্যতাম্॥'

সতি চ যোগমায়ায়াস্তত্তৎপ্রতিচ্ছায়াভিস্তৎসমাধানমাবশ্যকমেব, উপায়ান্তরাসম্ভবাদিতি॥

২২। জুষা প্রীত্যোপপন্না উপযুক্তাঃ কৃত্বা। গৃহ্যকৃত্যং গৃহসম্বন্ধি কর্ম, সুষ্ঠু অবধূতং খণ্ডিতং মাৎসর্যং যত্র তদ্যথা স্যাত্তথা আহূয়। হূয়মানস্য পাত্যমানঘৃতধারস্য দহনস্য। ততশ্চ তস্য দক্ষিণাত্বেন বহু-গো হিরণ্যাম্বর-ভক্ষ্যাদীনি তাঃ প্রেষয়ামাসুরিতি জ্ঞেয়ম্॥

২৩। অয়ি জন্যঃ! হে বধ্বঃ! "সমাঃ স্নুষাজনীবধ্বঃ" ইত্যমরঃ। জন্যা জন্মনা উত্তমা এব যূয়ম্, সদভিজাতা ইত্যর্থঃ। ইতি স্বনিয়োগগ্রহণে শ্রদ্ধামুৎপাদয়ন্তি। দূষণমপীদং দৃশ্যতে। কিং তৎ? যন্নারীণাং ভর্ত্তৃবৈমুখ্যং তন্মুখ্যমেব দূষণম্, ন স্বল্পমিত্যর্থঃ। এতন্ন অরীণাং শত্রূণামপ্যাস্তু, তেষ্বপীদৃশদোষাশংসা ন যুক্তা কর্ত্তুমিতি ভাবঃ। তত্তস্মাদেতদ্দূষণোপশমনায়োপায়ং কথং ন চিন্তয়থ? কীদৃশম্? আসন্নমেব শং সুখং যতস্তম্। অনায়াসমায়াসরহিতম্।

শাশুড়ীদের বধূগণকে কুঞ্জদেবতা পূজনোপদেশেঃ

২২। এইরূপে অনবদ্য নবসুধামাখা কথা বলে কৌতুকপটু কপটৌজ্জ্বল-চেষ্টান্বিত ব্রহ্মচারী ঝটিতি বের হয়ে গেলে বৃদ্ধাগণ তাঁর বাক্প্রয়োগপটুতাসেবী কথা প্রীতির সহিত সাদরে গ্রহণ করে গৃহসম্বন্ধি কর্মের দিকে গিয়ে ক্ষণকাল অবস্থান করত গৃহের অন্দরমহলে স্থির হয়ে বসে নিজ নিজ বধূদিকে মাৎসর্য ছেরে দিয়ে ডেকে নিয়ে এসে ঘৃতাহুতিতে জ্বলন্ত শিখার মতো দীপ্ত তাঁদের বিশেষভাবে উপদেশ দিতে লাগলেন—

২৩। 'অয়ি বৌমা, কুলিন-ঘরের অতি উত্তম মেয়ে তোমরা, গুনশীলোদারতায় সুন্দরী দেবরমণীগণের গর্বধ্বংসকারিণী বলে তোমরা ধন্যই বটে। কিন্তু দোষও এক মহান্ দেখা যাচ্ছে তোমাদের মধ্যে, যা ভূতলবাসিনী রমণীদের মধ্যে কুত্রাপি দেখা যায় না। নারীদের যে পতি বিমুখতা তা অবশ্যই এক মুখ্য দোষ, অল্প কিছু নয়। এ শত্রুদেরও যেন কখনও না হয়। তাই বলছি এ-কারণে

২৪। বধ্বস্ততো ধ্বস্ততোষা ইব সাশঙ্কমাত্মগতং বিতর্কয়ামাসুঃ,—'এতা নঃ কিমু পরীক্ষন্তে, কিমুপরীক্ষন্তে বা কমপ্যর্থম্, তদধুনা ধুনানা ইব হৃদয়ং কিমপি তূষ্ণীমেব তিষ্ঠামো যাবদদরামুরামূলমেব কথয়ন্তি ॥'

২৫। ইতি তাসু স্থিতাসু সুস্থিরতয়া পুনরপি হিতা নরপিহিতাপহিতাপদেশা দেশাচারলব্ধং তদেব ব্রতমামূলতঃ কথয়ামাসুঃ ॥

২৬। আকর্ণ্য কর্ণ্যমিব তং কমপি রসায়নং প্রয়োগমিব কুসুমাসবস্য কৃতিরস্তেয়মহো মহোৎসবকরী নঃ সমপাদীতি মনসি ক্ষণং বিভাব্য বিভাব্যতিষঙ্গসরসবদনা রসবদনায়াসং তাঃ কিমপি নিজগদুঃ,—

সৌভাগ্যেত্যাদি ফলং কুসুমাসবেনানুক্তমপি স্বমত্যনুসারেণৈব তাসাং রুচ্যুৎপাদনার্থমুক্তম্। যোগিনীকৃতোপদ্রব-শান্তিস্তু তাসাং ভীরুত্বমালক্ষ্য তস্যা অপি ভয়েন প্রকটং নোদ্ঘাটিতা। অত্র বাস্তবার্থস্তু ভর্তুঃ কৃষ্ণস্যা গুরুজনস্যানুবর্তি লোকস্য ॥

২৪। ধ্বস্ততোষা ইতি কুঞ্জেচর্যা দেবতায়াস্তাভিরকস্মাৎ প্রস্তাবাৎ কৃষ্ণাঙ্গসঙ্গ-বিলাসব্যক্তিসম্ভাবনয়া। কিংবা অস্মাকমুপরি কমপ্যর্থং কিঞ্চিদ্বস্তুপ্রয়োজনং বা ঈক্ষ্যন্তে, পর্যালোচয়ন্তি, যাবদমূঃ অদর সর্বমেব ॥

২৫। তাসু বধূষু হিতা হিতরূপাঃ, অতএব নরেষু পিহিতমাচ্ছাদিতম্, অপহিতং যোগিনীকৃতবৈগুণ্যমপদেশেন ছলেন যাভিস্তাঃ, তটস্থজনৈঃ পৃষ্টাস্তা ধনাদিকামনয়া দেবপূজাবন্ধুঃ কারয়ামহে ইতি ব্রুবন্তি স্মেত্যর্থঃ। দেশাচারলব্ধ-মিতি বধূভিরেব তজ্‌জ্ঞানোপাদানস্য প্রশ্নশঙ্কয়া কুসুমাসবেন স্বসঙ্গোপনার্থমুক্তত্বাৎ ॥

২৬। বিভায়াঃ কান্তের্ব্যতিষঙ্গেণ পরস্পরমেলনেন সরসবদনাঃ, তাসাং মধ্যে একস্যাঃ স্বাভিপ্রায়ানুরূপতো দীপ্ত্যা

এই দোষ উপশমের ঝটিতি সুখদায়ী আয়াস রহিত উপায় কেন-না চিন্তা করছ? শোন, সৌভাগ্য-অন্তরায় দূরীকরণ, পতির আনন্দ পোষণ, পতির প্রতি শ্রদ্ধাপ্রীতি বর্দ্ধন, ও গুরুজনের আনন্দ-সম্পত্তি সম্পাদনার্থে এই বৃন্দাবনমধ্যে যে অখিলকামদায়ী কুঞ্জচরী দেবতা আছে তাঁর আরাধনা তোমাদের মুহুর্মুহু করাই উচিত।

২৪। এ কথা শুনে বধূগণ অপ্রসন্নের ভাবে শঙ্কার সহিত আত্মগত ভাবে মনে মনে বিতর্ক করতে লাগলেন—এরা কি আমাদের পরীক্ষা করছেন, কিম্বা কোনও বিষয়ে আমাদের উপর নজরদারী করছেন? তাই অধুনা দোদুল্যমানের মতো হৃদয়ে চুপচাপ বসে থাকি যতক্ষণ-না এরা সব কিছু আগাগোড়া বলে দেয়।

১৯। কিঞ্চ, তদ্বিয়োগমহাব্যাধেঃ প্রসিদ্ধং যদৌষধং সদ্ভিঃ সেব্যতে, তৎ প্রত্যুত সেবিতমস্মাকং তং দ্বিগুণীচকারৈবেত্যাহুস্ত্রিভিঃ। 'অঘহন্তৃ' ইত্যুত্তরপদ্যার্থমনুসৃত্য। বয়ন্তু দুঃখবর্ধকমপি কথয়ামঃ। তথা নুতঞ্চ নিন্দিতঞ্চ শ্রুতিকান্তঞ্চ শ্রুতিতাপকঞ্চ তপ্তজীবনঞ্চ জীবনসন্তাপকঞ্চ মৃতসঞ্জীবনঞ্চ জীবন মারকঞ্চ॥

২০। অমৃতং বা হলাহলো বেতি। আস্বাদনতৃষ্ণয়োর্যুগপদেবাতিবর্ধনাদিতি ভাবঃ। বিরহে তু তদতিস্মারকত্বেনাপ্রাপ্ত্যা তৃষ্ণাধিক্যেন সুতরামেব দুঃখদত্বম্॥

২১। ননু "নিন্দামি চ পিবামি চ" ইতি ন্যায়েন তর্হি কিং তদেব মুহুরনুশীল্যতে? তত্রাহুঃ—অমৃতেনেতি। উক্তার্থমেব চরিতঞ্চ বচশ্চেতি। যথা তব চরিত্রমধ্যে বয়ং পতিতাস্তথা বচস্যপীতি ভাবঃ। 'অঘহন্তৃ' ইতি পদ্যত্রয়েণ (ভাং ১০।৩১।৯) "তব কথামৃতম্" ইতি॥

১৯। (আরও, সেই বিয়োগ মহাব্যাধির যে প্রসিদ্ধ ঔষধ সাধুগণ সেবা করে তারই সেবায় আমাদের ব্যধি তো উল্টা দ্বিগুনীতই হয়ে উঠলো এ-কথাই ৯,২০,২১ শ্লোকে বলা হচ্ছে—)

বুধজন প্রতিদিন বলে থাকে, তোমার কথামৃত পাপ-নাশন, কবীশ্বরগণের দ্বারা স্তুত, কর্ণরম্য, হায় হায় ত্রিতাপ সন্তপ্ত জনের জীবন এবং মৃতসঞ্জীবন স্বরূপ। (আমাদের এ-ও আবার মনে হয়, তোমার কথামৃত দুঃখবর্ধক, নিন্দিত, কর্ণের তাপদায়ক, জীবনসন্তাপক এবং জীবনমারক। যথা)

২০। তোমাতে অনুরাগবহনকারিজনের পক্ষে তোমার কথা যুগপৎ সুখদায়ক ও দুঃখদায়ক। অহো এ কি অমৃত কি হলাহল। তোমার কথা যে কি, তা বুঝে উঠতে পারছি না।

২১। (নিন্দাও করছো, আবার পানও করছো। আমার কথা যদি এমনই, তবে পানই বা করছো কেন? এর উত্তরেই বলা হচ্ছে—)

বাইরে অমিয় মাখা, ভিতরে ক্ষুরশ্রেষ্ঠের মতো অতি তীক্ষ্ণ ধার—তোমার লীলা ও কথা দুই-ই সমান। প্রণয়িজনেরা ইহা যথার্থরূপেই জানে। (জানা সত্ত্বেও যেমন তোমার লীলা প্রবাহে পড়ে গিয়েছে তেমনই পড়ে গিয়েছে তোমার কথা প্রবাহে।)

২২। হসিতং প্রণয়ার্দ্রমীক্ষিতং, কিমপি ধ্যেয়মপীহিতং তব।
নিভৃতাশ্চ হৃদিস্পৃশঃ কথাঃ, কিতব ক্ষোভয়তেঽখিলং হি নঃ॥

২৩। অণুমাত্রমপীহ বর্ত্ততে, নতরাং প্রেম হি মাদৃশীষু বঃ।
তিলমাত্রমপীহ তে ক্লমং, ন সমর্থা বয়মীক্ষিতুং তব॥

২৪। ব্রজতি ব্রজতো গবাং ব্রজং, বিপিনে চারয়িতুং যদা ভবান্।
চরণৌ তব খিদ্যতস্তৃণৈ-,রিতি নঃ খিদ্যতি মানসং তদা॥

২৫। নবপদ্মপলাশকোমলং, ক্ব তব শ্রীময়মঙ্ঘ্রিযুগ্মকম্।
ক্ব স তীক্ষ্ণতরস্তৃণাঙ্কুরঃ, স্মরণং তন্মরণায় নো ভবেৎ॥

২২। কিঞ্চ; ত্বচ্চেষ্টিতং সর্বমপি পূর্বং সুখদমপি দুঃখোদর্কমেবেত্যধুনৈবাবগতমিত্যাহুঃ—হসিতমিতি। অনেন (ভা° ১০।৩১।১০) "প্রহসিতম্" ইতি॥

২৩। কিঞ্চ, প্রেমশূন্যো ভবানেব সুখী, প্রেমবত্যো বয়ং ত্বৎকৃতে সদৈব দুঃখিন্য ইত্যাহুঃ—অণুমাত্রপীতি॥

২৪। তদেব প্রপঞ্চয়ন্তি—ব্রজতীতি॥

২৫। ননু পর্যটতাং জগজ্জনানাং মধ্যে মমৈব চরণৌ তৃণৈঃ খিদ্যত ইতি কথমবগতম্? কথং বা তয়োঃ খেদো যুষ্মন্মানসে এব সংক্রান্তঃ? তত্রাহুঃ—নবপদ্মেতি। যুগ্মকমিত্যনুকম্পায়াং কন্। স্মরণমিত্যনুমানাদেবেতি ভাবঃ। ততশ্চ তথা শ্রবণদর্শনয়োস্তু তিকৈমুত্যমানীতম্। অনেন শ্লোকত্রয়েণ (ভা° ১০।৩১।১১) "চলসি যদ্ব্রজাৎ" ইতি॥

২২। (তোমার লীলা সব কিছুই প্রথমে সুখদ হলেও পরিণামে দুঃখদ—তা অধুনা জানলাম—তাই বলছি—)

তোমার প্রেমার্দ্র নয়নের চাউনি, যা-কিছু লীলা এবং হৃদয়স্পর্শী রহোকথা সব কিছুই হে শঠ! আমাদিগকে দুঃখে আকুল করে তুলছে।

২৩। (আরও, প্রেমশূন্য তুমিই সুখী প্রেমবতী আমরা তোমার ব্যবহারে সদাই দুঃখী—)

মাদৃশী প্রেমবতী এই গোপীদের প্রতি তোমার অনুমাত্রও প্রেম নেই। থাকতো যদি আমাদের দুঃখ দেখতে পারতে কি? এদিকে আমরা তো তোমার দুঃখ তিলমাত্রও দেখতে সমর্থ নই।

২৪। যখন তুমি নন্দগাঁ থেকে বনে যাও ধেনু চরাতে তখন চরণ-তোমার তৃণে ব্যথিত হয়। সে ব্যথা কি আমাদের প্রাণে বাজে না।

২৫। (এ বনপথে কত কত জনই তো যায়। শুধু যে আমার চরণেই ব্যথা লাগে, এ জানলে কি করে? আর কি করেই বা এ-ব্যথা তোমাদের মনে গিয়ে বাজলো? এর উত্তরেই বলা হচ্ছে—)

কোথায় তোমার নবপদ্মপত্র কোমল শোভাময় পদযুগল, আর কোথায় অতি তীক্ষ্ণ তৃণাঙ্কুর—এ চিন্তাই আমাদের মরণের কারণ হয়ে যায়, দর্শন শ্রবণ তো দূরের কথা।

২৬। সকলং দিনমেবমেব হে, রমণ ত্বদ্বনখেদচিন্তয়া।
অথ মর্মণি মর্মণি ভ্রমন্, ব্যথয়ত্যেব স কোঽপি হৃদ্‌ব্রণঃ॥

২৭। অথ যদ্দিবসাবসানতো, বিপিনান্তাদ্‌ব্রজমধ্যমাবিশন্।
ঘনগোখুরধূলিধূসরৈ-,রলকৈশ্চারুমুখং চ দর্শয়ন্॥

২৮। হৃদয়ে মনসোঽপ্যগোচরং, কুসুমেষুং সহসা প্রবেশয়ন্।
বিবিধৈরভিলাষকল্পনৈঃ, কলিলং নাথ করোষি নো মনঃ॥

২৯। অয়মেষ্যতি নোঽস্য মন্দিরং, রজনাবিত্যভিলাষরংহসা।
সকলাং রজনিং প্রজাগরৈ,রতিখেদ দগময়ামহে বয়ম্॥

৩০। ইতি নৈব কদাপি নো ভবান্ সুখদোঽভূদনুভূতসৌহৃদঃ।
অকরোৎ প্রিয়মস্য যৎ ক্ষণং, বত তস্মিন্ পরিণাম ঈদৃশঃ॥

২৬। ন চ তৎ স্মরণং ক্ষণিকম্, নাপি সা মনোব্যথা একদেশবর্তিনী, নাপ্যুপশমনবতীত্যাহুঃ—সকলমিতি। অথেত্যত্র এবার্থে শ্লোকাদৌ যোজ্যম্॥

২৭। অথ তদনন্তরম্॥

২৮। সহসা দর্শনসমকালমেবেত্যর্থঃ, কলিলং ব্যামিশ্রম্॥

২৯। কীদৃশমভিলাষকল্পনমত আহুঃ—অয়মেষ্যতীতি॥

৩০। অনুভূতং সৌহৃদং যস্য সঃ। শ্লোকপঞ্চকেন (ভা° ১০।৩১।১২) "দিনপরিক্ষয়ে" ইতি॥

২৬। (সেই চিন্তা ক্ষণিকেরও নয়, আর এক দেশবর্তিনীও নয়, আর এর উপশমও হবার নয়, তাই বলা হচ্ছে—) হে রমণ! আমাদের সমস্ত দিন তোমার বনদুঃখ চিন্তাতেই কাটে, আর সেই কোনও অনির্বচনীয় হৃদব্রণ মর্মে মর্মে ঘুর ঘুর করে আমাদের ব্যথায় জর্জরিত করে তোলে।

২৭, ২৮। অতঃপর ঐ দিবসাবসানে বনপ্রান্ত থেকে গোকুল মধ্যে প্রবেশ করত ঘন গোখুরধূলি-ধূসরিত অলকে মনোরম তোমার মুখকমল আমাদের নয়ন সম্মুখে তুলে ধর। এতে মনেরও অগোচর কন্দর্প সহসাই আমাদের হৃদয়ে প্রবেশ করিয়ে হে নাথ, আমাদের পাগল করে তোল বিবিধ অভিলাষ কল্পনা মনে উদয় করিয়ে।

২৯। (কি প্রকার কল্পনা, তাই বলা হচ্ছে—)

আজ রজনীযোগে আমাদের মন্দিরে প্রিয়তম অবশ্য আসবে—এই অভিলাষ-কল্পানাবেগে সারারাত আমাদের যায় জাগরণে অতি দুঃখে।

৩০। এইরূপে কখনও-ই তুমি সুখদ হও না। ওহে বঁধুয়া! তোমার বন্ধুত্ব আমাদের অনুভূত বটে, কিন্তু দেখ আজও যে ক্ষণকাল আমাদের প্রীতিজনক কার্য করলে হায় হায়, তাতেও পরিণাম ঈদৃশ দুঃখদই হয়ে দাঁড়াল।

৩১। প্রণতাভিমতপ্রদং বিধে-,রপি বন্দ্যং ধরণীবিভূষণম্।
স্মৃতিমাত্রবিপদ্বিশোষণং, পদপদ্মং স্তনয়োর্বিধেহি নঃ॥

৩২। দরঘর্মপয়োমধুদ্রবং, নখচন্দ্রদ্যুতিবৃন্দকেশরম্।
লসতাচ্চলদঙ্গুলীদলং, পদপদ্মং স্তনপূর্ণকুম্ভয়োঃ॥

৩৩। রতিবর্দ্ধনমর্দনং শুচাং, মুরলী-চুম্বন লব্ধসৌভগম্।
বিষয়ান্তররাগনাশনং, মধুরং পায়য় নোঽধরামৃতম্॥

৩৪। মুরলীকৃতপানমাননং, ন হি বঃ পেয়মিতি স্ম মাভিধাঃ।
ন মধু জ্বরদাহনাশনং সরঘোচ্ছিষ্টমিতীহ হীয়তে॥

৩৫। অটতো বিপিনে দিনে, তব, স্মিতপীযূষ-সুপেশলং মুখম্।
ন দৃশাং বিষয়ো যদা ভবেৎ, ত্রুটিরেকাপি তদা যুগায়তে॥

৩১। অথেত্থং দোষারোপেণ বিমুখীভূয়াপগতং রুষ্যন্তমিব কান্তং মত্বা কৃতানুতাপাঃ পুনরনুরঞ্জয়ন্ত্য আহুঃ—প্রণতেতি॥

৩২। চরণস্য পদ্মত্বমুপপাদয়ন্তি—দরঘর্মেতি। শ্লোকদ্বয়েন (ভা° ১০।৩১।১৩) "প্রণতকামদম্" ইতি॥

৩৩। অথ তথৈব দত্তাঙ্গসঙ্গমিব তং মত্বা জাতস্মরোন্মাদাঃ সুরতধার্ষ্ট্যমর্থয়ন্তে—রতিবর্ধনমিতি॥

৩৪। তস্যৌষধত্ব ব্যাজেন নিজাতিলোভ্যত্বমেব ব্যঞ্জয়ন্ত্য আহুঃ – মুরলীতি। নিষ্প্রাণায়া অপি মুরল্যা লোভধার্ষ্ট্যমুৎপাদয়ন্তি, কিমুতাস্মাকমিত্যপি দ্যোতিতম্। সরঘা মধুমক্ষিকা, ন হীয়তে ন ত্যজ্যতে শ্লোকদ্বয়েন (ভা° ১০।৩১।১৪)

৩১। (উক্ত দোষারোপে বিমুখ হয়ে কান্ত চলে গেল বুঝি রাগ করে—এরূপ মনে করে অনুতপ্ত হয়ে প্রিয়তমের সন্তোষবিধানার্থে পুনরায় বলতে লাগলেন—)

প্রণতজনের বাঞ্ছিত ধন, ব্রহ্মার বন্দনীয়, পৃথিবীর অলঙ্কার এবং স্মরণমাত্র বিপদ-শোষণ তোমার পাদপদ্ম আমাদের কুচোপরি অর্পণ কর।

৩২। বিন্দু বিন্দু ঘর্মজলরূপ মধুদ্রবে ব্যাপ্ত, নখচন্দ্ররূপ কেশরে দীপ্ত এবং চঞ্চল অঙ্গুলীরূপ পাপড়িতে ললিত তোমার পদপদ্ম আমাদের স্তনরূপ পূর্ণঘটোপরি শোভা পেতে থাকুক।

৩৩। (অতঃপর প্রিয় যেন এরূপ অঙ্গসঙ্গ দান করছেন, এরূপ মনে করে কামবেগে উন্মাদ গোপীগণ সুরত-ঔদ্ধত্য প্রকাশ করছেন—)

রতিবর্ধন, শোকনাশন, মুরলী-চুম্বন-লব্ধ কীর্তিতে মহান্ এবং বিষয়ান্তর-রাগনাশন তোমার মধুর অধরামৃত আমাদের পান করাও।

৩৪। মুরলীর উচ্ছিষ্ট আনন তোমাদের পানের যোগ্য নয়, এরূপ বলো না। কেন-না মধুমক্ষিকার উচ্ছিষ্ট বলে জ্বরদাহ-নাশন মধু এ-জগতে কখনও-ই ত্যক্ত হয় না।

৩৫। (ব্যতিরেক ভাবে দুঃখের দুঃসহত্ব বলা হচ্ছে—)

দিবাভাগে বনবিহারকালে তোমার হাস্য মধুভরা সুচারু বদনকমল যখন আমাদের নয়নের বিষয় হয়, তখন একটি ক্ষণের সূক্ষ্মতম অংশও একটি যুগের মতো মনে হয়।

৩৬। বিষয়োঽপি দৃশাং যদা ভবে-,দ্বদনং তে কমলেন্দুনিন্দকম্।
নয়নস্য নিমেষ এব নো, ব্যথয়ত্যেব মনো যুগান্তবৎ ॥

৩৭। অথ পতিভির্নিরুধ্যমানা মানাপগমে যা গুণদেহং দেহং বিহায় কৃষ্ণাঙ্গ-সঙ্গ-সমুচিতং দেহমাসাদিতাস্তা এব সাভিমানমাক্রোশন্ত্য উচুঃ ॥

৩৮। 'পতি-পুত্র-সুহৃৎ-সহোদরান্, তৃণকল্পানতিমুচ্য তেঽন্তিকম।
কিতবোপগতাঃ পুনঃ কথং, বিপিনে নো নিশি কষ্টমত্যজঃ ॥'

৩৯। পুনঃ সকলা এব সকলা এবমূচুঃ,—
'হসিতং মৃদু চারু বীক্ষিতং, রহসি প্রেমবচঃ স্মরোদয়ম্।
ভুজয়োরুরসশ্চ রম্যতাং, বিমৃশন্নো হৃদয়ং বিমুহ্যতি ॥

"সুরতবর্ধনং শোকনাশনম্" ইতি ॥

৩৫। ব্যতিরেকেণ তু দুঃখস্য দুঃসহত্বমাহুঃ—অটত ইতি ॥

৩৬। যুগান্তবৎ প্রলয় ইব নিমেষো মনঃ কর্ম ব্যথয়তি। ক্ষণস্য কল্পতা নিমেষাসহতেতি মহাভাবানুভাবৌ। শ্লোকদ্বয়েন (ভা° ১০।৩১।১৫) "অটতি যদ্ভবানহ্নি কাননম্" ইতি ॥

৩৭। মানস্য জ্ঞানস্যাপগমে মূর্চ্ছায়াং সত্যামিত্যর্থঃ। গুণদেহং সত্ত্বাদিগুণলিপ্তম্ ॥

৩৮। পতিপুত্রেতি জনিষ্যমাণ-পুত্রশোকত্যাগ এব পুত্রত্যাগঃ। কিতবেতি পুনরপি ত্যাজয়িতুং প্রযতস ইতি ভাবঃ। অনেন (ভা° ১০।৩১।১৬) "পতিসুতান্বয়" ইতি। তত্র চ "গতিবিদঃ" ইতি পদস্যাস্মদ্দেহ-ত্যাগরূপাং গতিং জানত এব তবান্তিকমিতি ব্যাখ্যান বশাত্তদ্বর্গমাত্রগামিত্বং পদ্যস্যোন্নীতম্ ॥

৩৯। এবমূচুরিত্যহো ত্বন্মোহনতয়া সর্বা এব বয়মতিচতুরা অপি নিগীর্ণা নৈকস্যা অপি রক্ষেতি। মোহনবস্তুন্যেব গণয়ন্তি—হসিতমিতি। এবং ব্যস্ততয়া যদ্বেব, সমস্ততয়া তু নিজ-ভুজ-বক্ষঃসমীক্ষণ পূর্বক-হসিতপুরঃসরাস্মদবলোকন-মিক্ষিতং সপ্রেম কামকলাময়ং বচনমেবমেব মহামোহনমিতি বিমৃশদ্বিচারেণাস্বাদয়ৎ সদিত্যর্থঃ। অনেন (ভা° ১০।৩১।১৭)

৩৬। কমল ও চাঁদ তুচ্ছকারী তোমার বদন যখন নয়নের বিষয় হয়, তখন আমাদের নয়নের একটি নিমেষও প্রলয়ের মতো আমাদের মনকে ব্যথিত করে তোলে।

৩৭। অতঃপর পতিগণের দ্বারা অবরুদ্ধা গোপীগণ যাঁরা মূর্চ্ছাগত অবস্থায় সত্ত্বাদিগুণ-লিপ্ত দেহ ত্যাগ করে কৃষ্ণাঙ্গ-সঙ্গ সমুচিত দেহ লাভ করেছিল, তারা অভিমানের সহিত অভিযোগ করতে করতে বললেন—

৩৮। হে শঠ! পতি পুত্র-সুহৃদ্-সহোদরগণকে তৃণের মতো ত্যাগ করে আমরা তোমার নিকট এসেছি। হা কষ্ট তুমি এই বনে, তাও আবার রাত্রিকালে কি করে ত্যাগ করলে আমাদের।

৩৯। পুনরায় সকল গোপী মিলে কলাপূর্বক এইরূপ বললেন—(অহো তোমার মোহনতায় অতি-চতুর হলেও আমরা সকলেই গলাধঃকৃত হয়েছি। একজনও রক্ষা পাইনি—ভঙ্গী করে এরূপ বলবার পর সেই মোহন বস্তুগুলির নাম ধরে ধরে বলা হচ্ছে—)তোমার মৃদুহাসি,চারু ঈক্ষণ,রহোস্থানে প্রেমালাপ, কামোদয় এবং বাহুযুগলের, তথা বক্ষের রম্যতা বিচার করে করে আস্বাদনে আমাদের হৃদয় বিমোহিত হয়ে পড়ছে।

৪০। ব্রজ-কাননবাসিনাং মুদে, ভবতো খ্যাতিরিতীয়তীং প্রথাম্।
ব্যভিচারবতীং স্ম মা কৃথাঃ, প্রথয়াস্মন্মনসো রুজাং ক্ষয়ম্॥

৪১। তব তচ্চরণাম্বুজং বিভো, কঠিনেষু স্তনমণ্ডলেষু যৎ।
সভয়ং বিভৃমো বনেঽমুনা, বিচরন্নো তুনুষে তৃণাঙ্কুরৈঃ॥

৪২। কঠিনাঃ কুচমণ্ডলা হি বো, মৃদবঃ স্যান' মমাঙ্ঘ্রিসঙ্গতঃ।
ইতরে তৃণশর্করাদয়ো, হ্যপি মেদ্যন্তি ন তৈর্মম ব্যথা॥

৪৩। ইতি চেদৃতমেব নো মৃষা, কুলিশং যদ্দ্রবতি ত্বদীক্ষণাৎ।
কুলিশাদপি নিষ্ঠুরাত্মনাং, কিমুরোজাঃ কঠিনা ন সন্তু নঃ॥ (যুগ্মকম্)

৪৪। কুসুমাদপি কোমলং মন-,স্তব যৎ প্রৈতি মহাকঠোরতাম্।
তদপি হ্যতিদারুণাত্মনাং, বত যাদৃচ্ছিক-সঙ্গতো হি নঃ॥

"রহসি সংবিদম্" ইতি॥

৪০। কৃতমস্মদপেক্ষয়া, স্বযশোনৈর্মল্যরক্ষণানুরোধেনাপ্যস্মাংস্ত্রায়স্বেত্যাহুঃ—ব্রজেতি। অনেন (ভাং ১০।৩১।১৮) "ব্রজবনৌকসাম্" ইতি॥

৪১। অহো চিত্রমস্মান্ বিহায় স্বকষ্টমপ্যঙ্গীকুরুষে, তেনাপ্যস্মান্ পুনর্দুঃখয়িতুমিত্যাহুঃ—তবেতি। সভয়ং বিভৃম ইতি স্তনস্পর্শেন তস্য সুখমস্তীত্যনুসন্ধায়ৈব বিভ্রত্যোঽপি কাঠিন্যং বিমৃশ্য সভয়মেব বিভৃম ইত্যর্থঃ। অমুনা চরণাম্বুজেন নোঽস্মানেব তুনুষে, তুদন্ সন্নিতি ভাবঃ॥

৪২। মেদ্যন্তি অঙ্ঘ্রিসঙ্গতো দ্রবন্তি, কোমলায়ন্তে ইত্যর্থঃ। 'ঞিমিদা স্নেহনে'॥

৪৩। ঋতমেব সত্যমেব, নৈতন্মৃষা বদসীত্যর্থঃ। নিষ্ঠুরাত্মনামিতি ত্বদ্বিচ্ছেদেঽপ্যাত্মনামনিষ্ক্রমণাদিতি ভাবঃ॥

৪৪। হন্ত কিং বক্তব্যমস্মৎকাঠিন্যগৌরবম্, যেন ত্বমপি কঠিনীকৃতোঽভূরিত্যাহুঃ—কুসুমাদপীতি। যদ্বা, বচনভঙ্গ্যা

৪০। (আচ্ছা যাক্ আমাদের খাতিরে যা করবার তো করেছ, এবার নিজের যশোনৈর্মল্য রক্ষার খাতিরেও তো আমাদের এ বিপদ থেকে উদ্ধার করতে পার— এই আশয়েই বলা হচ্ছে—)

ব্রজকাননবাসিগণের আনন্দদানের জন্য তোমার অবতার, এতাবৎ খ্যাতির অন্যথাচরণ করোনা। আমাদের মনোপীড়া নাশ করে দেও।

৪১। (অহো কি আশ্চর্য নিজের কষ্ট স্বীকার করে নিয়েও আমাদের ত্যাগ করেছ, হ্যা এও পুনরায় আমাদের দুঃখ দেওয়ার জন্যই — এই আশয়ে বলা হচ্ছে —)

হে বিভো! তোমার যে চরণকমল কঠিন স্তনমণ্ডলে সভয়ে ধারণ করেছি আমরা তা কি এই বন-বিহার-কালে তৃণাঙ্কুরের দ্বারা ব্যথিত হয় না?

৪২, ৪৩। (পূর্বপক্ষ কল্পনা) আমার চরণমিলনে তোমাদের কঠিন কুচমণ্ডল কি কোমলতা প্রাপ্ত হয় না? তুচ্ছ তৃণশর্করাদি কিন্তু কোমল হয়ে যায়। এদের দ্বারা আমার ব্যথা হয় না (গোপীগণের উত্তর—) এরূপ যদি হে প্রিয়তম তুমি বল, তবে তা সত্যই, মিথ্যা নয়। যেহেতু তোমার ঈক্ষণে বজ্রও গলে যায়, কিন্তু

৪৫। অসমঞ্জসমেতদুচ্চকৈ-,র্যুগপদ্ভূরিবধূবধস্তব।
ইতি নো বিতথা মতির্বৃথা, ব্রজতোঽসূন্ প্রসভং রুণৎসি নঃ॥

৪৬। অথবা কুহকৈক কৌতুকী, হৃদয়ে নঃ প্রকটং পরিস্ফুরন্।
নিরুণৎসি বহির্বিনির্যতো, বত নোঽসূনিতি তেঽতিকৌতুকম্॥

৪৭। ন বয়ং বহুভির্গবেষণৈ-,রহহ ত্বামবলোকিতুং ক্ষমাঃ।
ইতি নাথ ভবদ্গবেষণে, স্বয়মেব প্রসরন্তি নোঽসবঃ॥

তস্য স্বাভাবিকমেব নৈষ্ঠুর্যং স্বেষান্তু নৈসর্গিকমেব সারল্যং ব্যাজস্তুত্যা দ্রঢ়য়ন্ত্য আহুঃ—কঠিনা কুচমণ্ডলা ইত্যাদি। এতৎপদ্যচতুষ্টয়েন (ভাং ১০।৩১।১৯) "যত্তে সুজাত চরণাম্বুরুহম্" ইতি॥

৪৫। তথৈব ব্যাজস্তুত্যা তস্য নিষ্কৃপত্বমাহুঃ—অসমঞ্জসমিতি। ব্রজতোঽপি প্রাণান্ বলাদেব রুণৎসি, অহে কৃপালুত্বমিতি ভাবঃ। বস্তুতস্তু নির্যান্তোঽপি প্রাণাস্তদাশয়ৈব পীড়োদ্রেকলিপ্সয়ৈব ন নির্যান্তি, অতো মারণাদপ্যধিকদুঃখদোঽসীতি ভাবঃ॥

৪৬। কিঞ্চ, আশাবন্ধতোঽপ্যপর্যাপ্তাঃ প্রাণাস্ত্বৎস্ফূর্ত্যৈব রক্ষ্যন্তে, ইত্যাহুঃ—অথবেতি। বহিরন্তর্ধায় অসূন্ যাপয়সি, পুনর্হৃদয়ে পরিস্ফুরন্ নিরুণৎসি, ইতি নিষ্ক্রমণনিরোধনময়ং তবৈতদতিকৌতুকমিতি॥

বজ্র হতেও নিষ্ঠুর যে আমাদের মন। আমাদের কুচযুগল কেন না কঠিন হবে?

৪৪। (হায় হায় আমাদের কাঠিন্যগৌরবের কথা আর বলবার কি আছে, যার সংসর্গে তোমাকেও কঠিন করে দিয়েছে—এই আশয়ে বলা হচ্ছে)

তোমার মন তো কুসুমাদপি কোমলই বটে, কিন্তু এখন যে মহা কঠোরতা প্রাপ্ত করে নিয়েছ, তাও অতি দারুণ মনা আমাদের হায় হায় যাদৃচ্ছিক সঙ্গ থেকেই।

৪৫। (পূর্বের মতোই ব্যাজস্তুতিতে প্রিয়ের কৃপাহীনতা বলা হচ্ছে—)

যুগপৎ তোমার বহুস্ত্রী বধ, এ এক মহান্ অযুক্তিযুক্ত কথা—এরূপ কারণশূন্য বিচারের বড় দুরবস্থা। বরঞ্চ বেরিয়ে যাচ্ছে, এরূপ প্রাণকেও বলপূর্বক আটকে দেও তুমি, অহো কি কৃপা! (মরণাধিক দুঃখদ তুমি, তাই দগ্ধিয়ে দগ্ধিয়ে মারতে চাও।)

৪৬। (আরও, আশাবন্ধেও মরমর প্রাণকে স্ফূর্তিই রক্ষা করে—এই আশয়ে বলা হচ্ছে—)

অথবা ইন্দ্রজালিকশ্রেষ্ঠ-কৌতুকী তুমি আমাদের হৃদয়মধ্যে স্পষ্টভাবে স্ফূর্তি প্রাপ্ত হয়ে হায় হায় আমাদের বহির্চলমান প্রাণ আটকে দেও, এ তোমার অতি কৌতুক। (বাইরে অন্তর্ধান করে প্রাণ বের করার উপক্রম কর, আবার তখনই হৃদয়ে স্ফূর্তি প্রাপ্ত হয়ে ওকে আটকে দেও, এরূপ নিষ্ক্রামন-নিরোধনময় তোমার এক অতিকৌতুক।)

৪৭। (আরও, এরূপ হলেও অতঃপর তুমিও আর আমাদের প্রাণ ধরে রাখতে পারবে না—উৎপ্রেক্ষার সহিত ইহাই বলা হচ্ছে—)

হে নাথ! বহু অনুসন্ধান করেও অহহ, আমরা তোমাকে বের করতে সমর্থ হলাম না, তাই রাগ

৪৮। মম লব্ধিরহো মদিচ্ছয়া, ন বিনা তেন কৃতং সমুদ্যমৈঃ।
ইতি চেন্মনসি স্ফুরদ্দশাং, ত্যজ গচ্ছন্তু বহির্বতাসবঃ ॥

৪৯। অয়ি জীবিতনাথ জীবিতৈ-,র্ভবদন্বেষকৃতে বহির্গতৈঃ।
ত্বমবশ্যমবেক্ষ্যসেঽচিরা-,ন্ন হি ভৃত্যেষু পরাঙ্মুখঃ প্রভুঃ ॥'

৫০। ইতি রোদন-রীতি কোমলঃ, কলকণ্ঠীকুল-কণ্ঠনিস্বনঃ।
মৃগ-পক্ষি-বধূররোদয়-,ত্তরু-বল্লী-হৃদয়ান্যদারয়ৎ ॥

৫১। নিকটস্থিত এব তত্র স, প্রণয়ী গোকুলরাজনন্দনঃ।
কৃতকং কঠিনত্বমাবহ-ন্নপি সোঢ়ুং প্রবভুব নাপরম্ ॥

৫২। পুনরপি বিলপন্ত্যো মুক্তকণ্ঠং রুদত্যঃ, প্রিয়গুণগণমুচ্চৈঃ কোমলং কীর্ত্তয়ন্ত্যঃ।
তমথ সময়মীয়ুঃ প্রাণনির্যাণতো বা, সুখদমবধিভূতং প্রাণনাথাগমাদ্বা ॥

৪৭। কিঞ্চ, তদপ্যতঃপরং নিরোদ্ধুমসূন্ ন পারয়িষ্যসি, ইত্যংপ্রেক্ষণেনাহুঃ—ন বয়মিতি। স্বয়মেবেতি যদি যূয়ং শ্রান্তাস্তর্হি বয়মেবান্বেষ্টুমিতো নিঃসরাম ইত্যস্মভ্যং প্রকুপ্যেবেত্যর্থঃ ॥

৪৮। ইতি চেদিতি। তবেচ্ছা তু নৈব ভবিষ্যতীতি বয়ং জানীম এবেতি ভাবঃ ॥

৪৯। বিলাপগীতমুপসংহরন্ত্যঃ সন্যায়মাহুঃ—অয়ি জীবিতেতি ॥

৫০। মৃগেতি। অধিরূঢ়ভাবস্যানুভাবোঽয়ম্; যদুক্তং তিরশ্চামপি রোদনমিতি ॥

৫১। কৃতকং কৃত্রিমম্ ॥

৫২। তং সময়ম্; অবধিভূতঃ সন্তং সুখদম্। ঈয়ুরিষ্টবত্যঃ। তস্যাবধিভূতত্বেন সুখদত্বে হেতুদ্বয়ং প্রাণনির্যাণতো

করে আমাদের প্রাণ নিজেই তোমার অন্বেষণে বের হয়ে যাচ্ছে।

৪৮। অহো আমার প্রাপ্তি তো আমার ইচ্ছা বিনা হয় না, কাজেই চেষ্টা করার কি প্রয়োজন। বেশ মেনে নিলাম তোমার কথা, আর এ-ও ভালমতো জানি তোমার ইচ্ছাও হবে না, তাই বলছি, আমাদের মনে স্ফূর্তি প্রাপ্ত দশা ত্যাগ কর, আমাদের প্রাণ বের হয়ে যাক্ তোমার অনুসন্ধানে।

৪৯। (বিলাপ-গীত উপসংহার করতে গিয়ে যুক্তির সহিত বলছেন —)

অয়ি প্রাণনাথ! বহিরাগত প্রাণ তোমার অন্বেষণ করতে থাকলে অবশ্যই শীঘ্র তোমাকে বের করে ফেলবে। এ তো প্রসিদ্ধই আছে, নাথ কখনও-ই দাসের উপর বিমুখ হয় না।

৫০। এইরূপ রোদনগুণে কোমল, পিককুল নিন্দিত কণ্ঠধ্বনি মৃগপক্ষিবধূদের কাঁদালো এবং তরু-লতার হৃদয়বিদারক হল।

৫১। সেখানেই নিকটেই বিরাজিত সেই প্রণয়ী গোকুলরাজনন্দন মিথ্যা কাঠিন্য ধারণ করে থাকলেও অতঃপর আর সহ্য করতে পারলেন না।

৫২। এদিকে পুনরায় বিলাপ করতে করতে মুক্তকণ্ঠে রোদনপরায়ণা এবং প্রিয়ের গুণাবলী উচ্চস্বরে কোমল কণ্ঠে কীর্তনপরায়ণা গোপীগণ অতঃপর তাঁদের হাতের সেই মুহূর্তমাত্র সময়টিকে সর্বসম্মতিক্রমে

৫৩। এবং সতি স তিরোভাবতো ভাবতোষেণোপরতো রতোৎসব ইব মূর্ত্তঃ সকরুণারুণাপাঙ্গেষুণা তাসামন্তঃক্লান্তিলতাং সমূলমুন্মূলয়ন্নিব, স্মিতচন্দ্রিকয়া কয়াচন মনোরুগন্ধকারং বিদ্রাবয়ন্নিব, মধুরিমগরিমগভীরতয়া মুহুরুদিতরুদিতক্রমাদিকং কদাপি নানুভূতমিতি মিতিরহিতাং সম্বিদং প্রতিফলয়ন্নিব, তদেব প্রথমং প্রথমঙ্গলমঙ্গলক্ষ্মীসৌভাগ্যং দর্শিতমিব প্রতিবোধয়ন্ বিরহরংহসা যদিতস্ততো গবেষিতং তদপি স্বপ্নবিলসিতমিবানুভাবয়ন্, প্রমদমদনানন্দরসেন তাসাং হৃদয়ং সুহৃদয়ং সুক্ষালয়ন্নিব, বপুরপি বিরহকৃশানুকৃশানুতপ্তং তৎকালমেব তৃপ্ত শীতলতয়া স্তবপুরং বপুরন্তরতাং প্রাপয়ন্নিব, নিষ্ক্রম্য গতং জীবিতং পুনরপি স্থানস্থিতং কারয়ন্নিব, বিরহ ইতি নামধেয়ং কদাপি শ্রবণয়োর্ন জাতমিতি ভাবং ভাবন্দিতং কুর্বন্নিব, এক এব যুগপদেব সর্বা এব সমালিঙ্গ-

বা প্রাণনাথাগমাদ্বেতি ! অয়মর্থঃ—সর্বাভিঃ সম্মত্যা সম্ভূয়ায়ং ক্ষণাত্মকঃ সময় এবাবধিত্বেন ব্যবস্থাপিতঃ। যদ্যত্র স নায়াতি, তদা প্রাণাংস্ত্যক্ত্বা সুখিন্যঃ স্যাম; যদ্যায়াতি, তদা প্রাণবত্য এব সুখিন্যঃ স্যাম, ইত্যুভয়থাপ্যয়ং সময়ঃ সুখদোঽস্ত্বিতি তা নিরনৈষুরিতি ॥

৫৩। এবং সতি স কৃষ্ণস্তিরোভাবত উপরতঃ প্রাদুরাসীদিত্যন্বয়ঃ। অন্তঃক্লান্তীতি মনঃপীড়ায়া এব কৃপাকটাক্ষেষুণা নিবর্ত্যত্বে লতাত্বম্, ততোঽপ্যতিশয়েন স্মিতচন্দ্রিকয়া চান্ধকারত্বঞ্চোৎপ্রেক্ষিতম্, ন তু বস্তুভেদস্য। মধুরিম্ণো গরিমা গৌরবং তস্য গভীরতয়া গাম্ভীর্যেণ মিতিরহিতামপরিমিতাং সংবিদং জ্ঞানম্। প্রথং খ্যাতং মঙ্গলং যত্র তৎ, অঙ্গলক্ষ্মীসৌভাগ্যং প্রথমমেব দর্শিতমিত্যভিসারান্তমারভ্যৈতাবন্তং কালমভিব্যাপ্যৈব দর্শিতমিতি জ্ঞাপয়ন্, ন তু বিলাপান্তে ইদানীমিত্যর্থঃ। ততশ্চ বিরহেতি স্বপ্নেতি তৎসঙ্গবিচ্ছেদস্যানুভবলোপাদিতি ভাবঃ। অয়ং সুহৃদ্বিরহকৃশানুনা কৃশঞ্চানুতপ্তঞ্চ তথাভূতং বপুঃ স্তবপুরং স্তবস্য প্রশংসায়াঃ পুরং বাসস্থানম্; যদ্বা, বপুরন্তরতামিত্যস্য বিশেষণমেতৎ। স্তবং পিপর্তীতি স্তবপূস্তাম্। ভা কান্তিস্তয়া বন্দিতং প্রদীপ্তং ভাবান্তরালুপ্তমিত্যর্থঃ। সমালিঙ্গন্নিবেতি তদ্দর্শনমপ্যালিঙ্গনজন্যসুখদায়ক-

সীমারূপে নির্ধারণ করে নিলেন সুখ প্রাপ্তির যদি এ-মুহূর্তে প্রিয়তম না আসে তবে প্রাণ-ত্যাগে সুখী হবো, আর যদি আসে তবে প্রাণ-প্রাচুর্যে সুখী হবো এইরূপে উভয়থা এই মুহূর্তটি সুখদরূপে নির্ধারিত হল।

৫৩। এইরূপ যখন পরিস্থিতি তখন কৃষ্ণের প্রস্তুত ভাবের নিবৃত্তি হল। তিনি মূর্তিমান্ রতি-উৎসবের মতো আবির্ভূত হলেন গোপীসভা মধ্যে—যেন করুণা মাখানো অরুণ কটাক্ষ প্রাপ্তেচ্ছু গোপীদের মনোপীড়া সমূলে উৎপাটিত করতে করতে, যেন কোনও অনির্বচনীয় মৃদু হাস জ্যোৎস্নায় গোপীমনোরাগ-অন্ধকার বিতাড়িত করতে করতে, মধুরিমা-গৌরব-গাম্ভীর্যের দ্বারা গোপীচিত্তে মুহুঃমুর্হুঃ উদিত রোদন-খেদাদি কখনও-ই যেন অনুভূত হয় নি—এরূপ অসীম জ্ঞান প্রতিফলন করাতে করাতে, অভিসারের পর থেকে এতাবৎকাল পর্যন্ত নিরন্তরই যেন তাঁর প্রসিদ্ধ মঙ্গলময় অঙ্গশোভা-সৌভাগ্য তাঁদের নয়নগোচরে রাখা হয়েছে—এরূপ বুদ্ধির উদয় করিয়ে এবং বিরহবেগে যদি ইতস্ততো অন্বেষণ করা হয়েছে তাও স্বপ্নবিলাসের মতো অনুভব করিয়ে প্রমত্ত কামনানন্দ রসে হৃদয় যেন তাঁদের ধুইয়ে দিতে দিতে, বিরহাগ্নির দ্বারা কৃশ ও অনুতপ্ত তাঁদের শরীরকে সেই সময়েই তৃপ্ত-শীতলতায় প্রশংসিত অন্য একটি শরীর যেন প্রাপ্ত করিয়ে দিতে দিতে, বেরিয়ে যাওয়া প্রাণকে যেন পুনরায় যথাস্থানে স্থাপন করতে করতে, 'বিরহ'নামক কোনও কিছু কদাপি কর্ণকুহরে যেন প্রবেশই করেনি এরূপ ভাবকে প্রদীপ্ত করে তুলতে তুলতে, একক তিনিই যেন যুগপদ্ই সকলকে আলিঙ্গন করতে করতে

ন্নিব, গরিমমধুরামধুরাধরসংযোগং বিনাপি যুগপদেব সকলানামেব বিলসৎকপোলচুম্বন-চাতুরীমুরীকুর্বন্নিব, তত্রৈব স্থিতোঽপি কুতশ্চিদিবাগতঃ সাক্ষান্মন্মথমন্মথ ইব, পীতাংশুকাংশুকান্তো বিলোল-বনমালস্তাসাং হৃদয়াকাশাদিবাবনিতলাদিব, বনান্তরাদিব, ন কুতোঽপীবাগতস্তত্রৈব স্থিত ইব প্রাদুরাসীৎ ॥

৫৪। অকস্মাৎ কস্মাৎ কারণাদিব সমুদ্গতং পূর্ণসুধাকরমিব কুমুদিন্যঃ, দুরবগ্রহাবগ্রহাবসানে তৎকালোদিতং নবধারাধরমিব চাতকযুবতয়ঃ, অভিতো বনং সমুজ্জ্বলজ্জ্বলন-সন্তাপদহ্যমানা নির্মেঘমাসারং সারঙ্গরমণ্য ইব, পরপুরপ্রবেশমারচয্য চিরান্নিবর্তমানমাত্মানং সদ্যস্তনবস্তনব ইব তমালোক্য যুগপদেব সমুল্লসিতা বভূবুরসিতাপাঙ্গ্যঃ, তৎসমকালমেব প্রমোদেন সহ সমুত্তস্থুঃ, বপুষা সহ সকলসন্তাপং বিসস্মরুঃ, উৎকণ্ঠয়া সহ সমীপমভিসস্রুঃ ॥

৫৫। ততশ্চ,

কাচিৎ করাম্বুরুহমঞ্জলিনা স্ম ধত্তে, কাপাংসসীমনি ভুজং মদরূষিতায়াম্।
তাম্বুলচর্বিতমমুষ্য দধার কাচিৎ, পাণৌ হিরণ্ময়পতদ্গ্রহকান্তিক স্তে ॥

মিত্যর্থঃ। গরিমধুরয়া গৌরবাতিশয়েন মধুরস্যাধরস্য সংযোগং বিনাপীতি চুম্বনসুখমপি দর্শনাদেবোপলব্ধমিত্যর্থঃ ॥

৫৪। কুমুদিন্য ইতি তং বিনা বস্ত্বন্তরেণ প্রফুল্লতানবাপ্তেঃ। চাতক্য ইতি তং বিনা তৃষ্ণোত্থবিলাপানপগমাৎ, সারঙ্গরমণ্য ইতি তং বিনা বাহ্যাভ্যন্তর-সন্তাপাশান্তেঃ; তনব ইতি তং বিনা স্বসত্তায়া অপ্যনবাপ্তেঃ! তত্র দুরবগ্রহঃ স্বদর্শনাদানপ্রৌঢ়িঃ, স এবাবগ্রহো বৃষ্টিপ্রতিবন্ধস্তদন্তে। পরপুরপ্রবেশং পরলোকগমনং কৃত্বা সদ্যস্তৎক্ষণাদেব তনবো দেহাঃ তনবোঽতিকৃশাঃ ॥

৫৫। অঞ্জলিনা স্ম ধত্ত ইতি বিনয়বতী দক্ষিণমৃদ্বীয়ম্, অংসসীমনীতি দক্ষিণপ্রখরেয়ম্, তাম্বুলচর্বিতেতি দক্ষিণ-

---

এবং গৌরবাতিশয়ে মধুর অধর সংযোগ বিনাও যুগপদ্ তাঁদের সকলের গালে চুম্বনদান চাতুরী যেন প্রকাশ করতে করতে সেই স্থানেই স্থিত হয়েও কোথাও থেকে যেন আগত সাক্ষান্মন্মথমন্মথের মতো, পীতাম্বরের কিরণে মনোহর এবং দোলায়িত বনমালাধারী গোপীপ্রিয়বন্ধু আবির্ভূত হলেন যেন তাঁদের হৃদয়াকাশ থেকে যেন ভূগর্ভ থেকে, যেন বনান্তর থেকে অথবা যেন কোথাও থেকেই আগত হয়ে নয়, তত্রস্থ অবস্থিতি থেকেই।

৫৪। তাঁকে দেখে তৎক্ষণাৎ কাজলকাল নয়নকোনবিশিষ্টা গোপীগণ যুগপদ্ই সকলে সমুল্লসিত হয়ে উঠলেন—কোনও কারণে অকস্মাৎ পূর্ণচন্দ্রের উদয়ে কুমুদিনীর মতো, বৃষ্টিপ্রতিবন্ধের অন্তে তৎকালোদিত নবজলধর দর্শনে চাতকযুবতীগণের মতো, চতুর্দিকে সমুজ্জ্বল অগ্নিশিখার সন্তাপে দহ্যমান বনে নির্মেঘধারাসম্পাত দর্শনে হরিণরমণীর মতো এবং পরলোকে গমন করত বহুকাল পর সেখান থেকে ফিরে আসা জীবাত্মার দর্শনে হড্ডোসার শরীরের মতো। সঙ্গে সঙ্গেই আনন্দের সহিত তাঁরা উঠে দাঁড়ালেন, নিজের শরীরের সহিত সকল সন্তাপ ভুলে গেলেন এবং উৎকণ্ঠার সহিত প্রিয়ের নিকট গেলেন।

গোপীদের সম্ভোগ প্রার্থনা সূচক বিবিধ ভাবোৎসব ঃ

৫৫। অতঃপর বিনয়িনী দক্ষিণমৃদ্বী কেউ প্রিয়ের করকমল অঞ্জলিতে গ্রহণ করলেন, দক্ষিণপ্রখরা কেউ কস্তুরী লেপিত তাঁর কাঁধে প্রিয়ের ভুজদণ্ড উঠিয়ে নিলেন, দক্ষিণ-মৃদ্বী সেবাপরা কেউ প্রিয়ের চর্বিত

৫৬। কাচিত্তপ্তস্তনমুকুলয়োস্তৎপদাজং নিধায়, প্রত্যগ্রোগুন্নবকিসলয়াচ্ছাগ্যমানাননস্য।
ভাবিক্রীড়োৎসবরসসমারম্ভ-সংসূচকস্য, স্বাঙ্গে শোভামধিত সুতনুঃ স্বর্ণকুম্ভদ্বয়স্য॥

৫৭। কাচিন্তালে ভ্রুকুটিকুটিলে তন্বতী ভ্রূতরঙ্গান্, চঞ্চৎকোণৈররুণতরুণৈরঞ্জনাক্তৈরপাঙ্গৈঃ।
কন্দর্পস্য প্রমদগরলেনেব দিগ্ধৈঃ পৃষৎকৈ- র্নিঘ্নত্যালোকত কুতুকিনী দন্তদষ্টাধরশ্রীঃ॥

৫৮। অনিশমনিমিষাভ্যাং লোচনাভ্যামথৈকা, মুখকমলমধূলীমাপিবৎ প্রাণবন্ধোঃ।
অলভত ন পিপাসাপারমেষা তদাসী- দিয়মপি চ নিতান্তং পীয়মানাপি পূর্ণা॥

৫৯। তং কাপি লোচনপথেন নিবেশ্য চিত্তে, তেনৈব নির্গমন-শঙ্কনতো নতাক্ষী।
তৎকালমেব বিনিমীলিতলোচনৈব, রোমাঞ্চিতা বিধুমুখী চিরমালিলিঙ্গ॥

মৃদ্বী সেবাপরেয়ম্; পতদ্‌গ্রহ আলবাটীতি পীকদানীতি বা খ্যাতঃ।।

৫৬। কাচিত্তপ্তেতি দক্ষিণপ্রখরেয়ম্। প্রত্যগ্রেণাভিনবেনোগুতা নবকিশলয়েনাচ্ছাগ্যমানমাননং যস্য তত্তথা, তস্য স্বর্ণকুম্ভদ্বয়স্য শোভাং স্বাঙ্গে অধিত।।

৫৭। কাচিদ্‌ভাল ইতি রোষাবেশেনৈব কুটিলভাবোদ্‌গারপ্রাখর্যেহপি মধ্যেবেয়ম্, পূর্ববদ্‌বাহুধারণাদি-প্রাগল্‌ভ্য-প্রকাশনাদ্‌বামা চ। প্রকৃষ্টো মদ এব গরলং তেন; পৃষৎকৈর্বাণৈঃ। নিঘ্নতীতি করাম্বুরুহধারণ্যাদিকান্তাভিঃ সংপৃক্তমপি তং দূরস্থিতৈব সতীয়ং ক্ষোভয়তীতি সৌভাগ্যোদ্রেকঃ সূচিতঃ।কুতুকিনী বিলাসবতীত্যন্তরুল্লাসেন, বস্তুতঃ কোপাভাবশ্চ।।

৫৮। এষা গোপী, ইয়মপি মুখকমলমধূলীমিতি তদঙ্গস্পর্শনাত্যকরণাদ্‌বামেয়ং পূর্বস্যাস্তাদৃশ-কটাক্ষশরাঘাত-জাতক্ষোভস্য তস্য সন্তপ্তমুখকমল-মধূল্যাঃ পানজনিতহর্ষেণ বিস্মৃত-স্বপ্রাখর্যা তদানীং মধ্যায়মানৈব তৎসখীয়ং বামা।।

৫৯। তেনৈব লোচনপথেনৈব পুনর্নির্গমনং ততঃ শঙ্কনত এব হেতোস্তৎকালমেব বিশেষেণ নিমীলিতে লোচনে যয়া সা। নতাক্ষী কুটিলাক্ষীতি এষাপি বামা মধ্যা চ জ্ঞেয়া। বৈষ্ণবতোষণীব্যাখ্যানুসারেণ করাম্বুরুহধারিণ্যাদ্যা এতাঃ

তাম্বুল তাঁর স্বর্ণপীকদানির কান্তি থেকে দীপ্ত হাতে ধারণ করলেন।

৫৬। দক্ষিণপ্রখরা সুতনু কেউ তাঁর বিরহতপ্ত স্তন-মুকুলোপরি প্রিয়ের পদকমল স্থাপন করত অভিনব নবপল্লবে আচ্ছাদিত মুখযুক্ত ও ভাবি রাসক্রীড়োৎসবরসের সমারম্ভ-সূচক স্বর্ণঘটযুগলের শোভা নিজ অঙ্গে ধারণ করলেন।

৫৭। দন্তদষ্ট অধরশোভাবিশিষ্টা বিলাসবতী কোনও মধ্যাবামা ভ্রূকুটি-কুটিল কপালে অন্তর-উল্লাসে ভ্রূতরঙ্গ বিস্তার করতে করতে অরুণ-তরুণ-অঞ্জনাক্ত চঞ্চল নয়নকোণের দ্বারা কামের উগ্র গর্বগরল-লিপ্ত বাণের মতো কটাক্ষে আঘাত হেনে দূর থেকে দেখতে লাগলেন।

৫৮। তখন উপযুক্ত মধ্যাবামার কোনও সখী নিমেষরহিত নয়নে প্রাণবন্ধুর মুখকমলমধু নিরন্তর পান করতে লাগলেন, এততেও পিপাসা কিন্তু মিটলো না এঁর। এ-ই কিন্তু আবার একান্ত পূর্ণতা প্রাপ্ত হয়ে গেলেন কৃষ্ণের দ্বারা নয়নপথেই পীয়মান হয়ে।

৫৯। কোনও নতাক্ষি বিধুমুখী প্রিয়তমকে নয়নপথে হৃদয়মন্দিরে প্রবেশ করিয়ে নির্গমন-শঙ্কায় সঙ্গে সঙ্গেই নয়ন মুদ্রিত করে বহুক্ষণ ধরে আলিঙ্গনে বদ্ধ রেখে রোমাঞ্চিত হয়ে উঠলেন।

৬০। ততশ্চ, কাচিৎ কাঞ্চনমঞ্জরীব বিনমদ্‌গাত্রী মনোরাগজৈ-
রাবেগৈঃ পৃথুবেপথুর্বিকুরুচে কৃষ্ণং বিলোক্যাগ্রতঃ।
সংগ্রামোৎসব-কৌতুকোৎসুকতয়া সদ্যঃ প্রসূনায়ুধো
গর্বেণৈব চকার চম্পকধনুঃকম্পস্য সম্পাদকম্‌॥

৬১। ততশ্চ, অভ্যুন্নীয় পরস্পরাঙ্গুলিদলব্যাসঙ্গি পাণিদ্বয়ং
লীলালস্যবিলুপ্তয়ে তনুলতামুল্লাসয়ন্তী তিরঃ।
মূর্দ্ধ্নঃ সীমনি মণ্ডলীকৃতমতিস্মেরস্য হর্ষোদয়া-
দ্বক্ত্রেন্দোঃ পরিধীচকার ভুজয়োর্যুগ্মং চকোরেক্ষণা॥

৬২। ততশ্চ, বামা বামকরাঙ্গুলীদলযুগেনাতন্বতী ছোটিকাং
নির্যাহীতি হ্রিয়োপসারণবিধেঃ সঙ্কেতমুদ্রামিব।
ঈষন্নিঃসরতেব দন্তমহসা সার্দ্ধং বহির্নিঃসৃতৌ
তস্যা এব হি বর্ত্মকল্পনকৃতারম্ভেব জম্ভাং ব্যধাৎ॥

ক্রমেণ চন্দ্রাবলী-শ্যামলা-শৈব্যা-পদ্মা-রাধা-ললিতা-বিশাখাঃ সপ্ত ব্যাখ্যাতাঃ। ব্যাখ্যাস্যমানাস্তদিতরাস্তা অপি স্বাভিযোগবত্যস্তত্তদ্‌গুণযোগাদিভ্যস্তা জ্ঞেয়াঃ, তত্র তত্র বাম্যা প্রাখর্য্যাদি স্বয়মূহ্যম্‌॥

৬০। বিনমদ্‌গাত্রীতি লজ্জয়া হস্তযুগোন্নমনং বিনৈব গাত্রং মোটয়ন্তীত্যর্থঃ॥

৬১। অভ্যুন্নীয়েতি প্রাখর্য্যাৎ কান্তং মোহয়িতুমিব। হস্তযুগোন্নমনমস্যাঃ পূর্বতো বিশেষঃ। পরিধির্মণ্ডলম্‌॥

৬২। বামা বাম্যভাববিশেষবতী নায়িকা। বামকরাঙ্গুলীদলযুগেন বামাঙ্গুষ্ঠমধ্যমাভ্যামিত্যর্থঃ, ছোটিকাং তদুত্থধ্বনিম্‌;তস্যা হ্রিয়ঃ,সার্দ্ধং বহির্নিঃসৃতৌ বহির্নিঃসরণনিমিত্তং দন্তমহসা রত্নদীপকেনৈব বর্ত্মকল্পনার্থং কৃত আরম্ভো যয়া সা।

৬০। কৃষ্ণকে সম্মুখে দেখে কাঞ্চনমঞ্জরার মতো কোনও গোপী লজ্জায় বাহুযুগল না উঠিয়েই গা-মোড়ামোড়ি দিতে লাগলেন এবং মনোরাগজ আবেগে থর থর করে কাঁপতে লাগলেন। দূরে দাঁড়িয়ে মদনদেব সংগ্রামোৎসব-কৌতুক দর্শনের উৎসুকতায় তৎকালোৎপন্ন গর্বে তাঁর চম্পক ধনুর পরিচালক করে দিলেন কৃষ্ণকে।

৬১। চকোরনয়না কোনও গোপী কান্তকে যেন মোহিত করবার জন্য পরস্পর সংবদ্ধ অঙ্গুলিদলযুক্ত পাণিদ্বয় ঊর্ধ্বে উঠিয়ে ধরে লীলা-আলস্য দূর করবার জন্য তনুলতা তেরছা ভাবে উল্লসিত করে উঠিয়ে এবং ভুজযুগল মস্তকসীমায় মণ্ডলী পাকিয়ে ধরে হর্ষোদয় বশে অমিত মন্দ হাস্যযুক্ত মুখচন্দ্রের ছটামণ্ডল রচনা করলেন।

৬২। অতঃপর এক বামা যেন লজ্জা-অপসারণ বিধির সঙ্কেতমুদ্রা বামহস্তের অঙ্গুষ্ঠ মধ্যমা যোগে বেরোও বেরোও, এরূপ তুড়ি মারতে মারতে এবং নিঃসরণোন্মুখ লজ্জার সহিতই যেন বাইরে যাওয়ার জন্য ঈষৎ বেরিয়ে আসা রত্নদীপকস্বরূপ দন্তদ্যুতির দ্বারা এই নির্গমন পথ নির্মাণ কর্মের আরম্ভক হয়ে হাই তুলতে লাগলেন।

৬৩। আনীয় কাচ্যুরসি পাণিদলেন বেণী-,মেণীদৃগুন্নতপয়োধরয়োর্নিবেশ্য।
দোর্ভ্যাং নিপীড্য নিবিড়ং বিনিমীলিতাক্ষী, রোমাঞ্চকঞ্চুকতনূশ্চিরমালিলিঙ্গ॥

৬৪। কিঞ্চ, আঘ্রায় ধূনিতশিরঃ সরসং চ বীক্ষ্য, ব্যাধুন্বতী মধুকরীং পুরতঃ পতন্তীম্।
স্বিদ্যৎকপোলফলকা পুলকাঙ্কুরেণ, লীলারবিন্দমরবিন্দমুখী চুচুম্ব॥

৬৫। কাচিচ্চকোরনয়না নয়নাঞ্চলেন, লীলালসেন দয়িতাননমীক্ষমাণা।
আলীজনাংসতটবেল্লিত-বাহুবল্লি- মূর্ত্তেব সৌভগমহাধনমত্ততাভূৎ॥

৬৬। দোর্ভ্যাং লসৎকনককঙ্কণঝঙ্কৃতাভ্যা মামোচ্য কাপি কবরীং পুনরাববন্ধ।
ধ্বান্তভ্রমাদিহ নিলীয় কিমস্তি মানো, নো বেত্তি তং নিরসিতুং তমিবান্বিয়েষ॥

৬৩। উরসি বেণীমানীয়েতি সম্ভোগপ্রার্থনাভিযোগঃ॥

৬৪। ধূনিতশিরো যথা স্যাত্তথা আঘ্রায়; শিরোধুননমতিমাধুর্যানুভবোত্থবিস্ময়াভিনয়ঃ। সরসং সোল্লাসং ভাববিশেষসহিতঞ্চ। ব্যাধুন্বতী তিরস্কুর্বতী দক্ষিণপাণিনেত্যর্থঃ। অয়ং স্ববিপক্ষপক্ষাক্ষেপাভিনয়ঃ। অরবিন্দমুখীতি "যোগ্যং যোগ্যেন যুজ্যতে" ইতি মুখচুম্বনাভিযোগে ন্যায়ো ব্যঞ্জিতঃ॥

৬৫। দয়িতাননমীক্ষমাণেতি তদ্ব্যাপারে লজ্জাসঙ্কোচয়োরভিনয়েচ্ছা প্রকটা, তদবধানেচ্ছা তু বাস্তবী। আলীজনেত্যালিঙ্গনাভিযোগঃ॥

৬৬। আমোচ্য পুনরাবন্ধেত্যনুভাবজ্ঞাপিত-সুরতান্তাভিযোগঃ, ধ্বান্তেত্যুৎপ্রেক্ষয়া বাম্যাপগমাত্তত্রাতিধার্ষ্ট্যমপি দ্যোতিতম্॥

৬৩। মৃগনয়না কোনও গোপী পাণিদলের দ্বারা বেণী বুকের উপর টেনে নিয়ে এসে উন্নত পয়োধর যুগলের মধ্যে সংস্থাপন করত ভুজযুগলে সজোরে চেপে ধরে নয়ন মুদ্রিত করে অঙ্গে রোমাঞ্চ ধারণ করে বহুক্ষণ পর্যন্ত ওটিকে আলিঙ্গন করতে লাগলেন। (সম্ভোগ প্রার্থনা অভিযোগ)।

৬৪। আরও, পুলক-সঞ্চারের দ্বারা ঘর্মাচ্ছন্না কপোলফলকা কোনও কমলমুখী একটি লীলাকমল মাথা হেলিয়ে শুঁকে, উল্লাস ও ভাববিশেষের সহিত চেয়ে দেখে এবং সম্মুখে উড়ে এসে বসতে উন্মুখ ভ্রমরীকে দক্ষিণহাতে তাড়াতে তাড়াতে চুম্বন করলেন। (অতি মাধুর্যানুভব জনিত বিস্ময়, স্ববিপক্ষ-পক্ষকে আক্ষেপ অভিনয় এবং মুখচুম্বন অভিযোগ প্রকাশ হচ্ছে এ শ্লোকে)।

৬৫। কোনও চকোর-নয়না বাহুলতায় সখীজনের স্কন্ধতট জড়িয়ে ধরে লীলা-আলসে নয়নকোণে দয়িতানন দেখতে দেখতে যেন হয়ে উঠলেন মূর্তিমতী সৌভাগ্যধনমত্ততা। (নয়ন কোনে দেখায় লজ্জা সঙ্কোচের অভিনয়েচ্ছা বাইরে প্রকাশ হচ্ছে, যদিও দেখবার ইচ্ছাটাও বাস্তব। স্কন্ধতট জড়িয়ে যেন আলিঙ্গনের আবেদন জানাচ্ছেন)।

৬৬। কোনও গোপী উজ্জ্বল স্বর্ণকঙ্কণে ঝঙ্কার উঠিয়ে বাহুলতার দ্বারা খোঁপা খুলে পুনরায় বাঁধলেন। অন্ধকার ভ্রমে ঐ খোঁপায় তাঁদের মান লুকিয়ে আছে কি নেই, এরূপ বিচার করে যেন তাঁকে ওখানে খুঁজতে লাগলেন তাড়িয়ে দেওয়ার জন্য। (সুরতান্ত অভিযোগ ও বাম্য চলে যাওয়াতে অতি প্রগল্‌ভতা ব্যঞ্জিত হচ্ছে)।

৬৭। ভুজায়া বামায়াঃ কলমধুরঝঙ্কারিবলয়ং, সলীলং ধূত্রায়াঃ করদলকনীয়োঽঙ্গুলিকয়া।
বিতন্বানা বামশ্রুতিকুহরকণ্ডূমথ পরা, ব্যধাৎ, কামক্রীড়াসমরজয়ঘণ্টাধ্বনিমিব ॥

৬৮। করেণাসব্যেন প্রচলবলয়ালিধ্বনিভৃতা, ব্যধূনাত্তন্বঙ্গী ললিতমথ লীলাসরসিজম্।
তদাসীদেতস্যাঃ কুসুমশরসংগ্রামবিজয়ী মহানেবাবর্ত্তো নভসি নবলাবণ্যসরিতঃ ॥

৬৯। মুদিতমদনমোদামর্ষঘর্মাম্বুসিক্তং, নিজবপুরথ কাচিৎ স্বোত্তরীয়াঞ্চলেন।
ব্যজয়ত কৃতহেলং লীলয়া বীজয়ন্তী, স্মরসমরপতাকা মারুতেনাধূতেব ॥

৭০। অন্তঃপ্রফুল্লদভিলাষলতাততীনা-,মৌৎসুক্যমারুতজবেন বহির্বিধূতৈঃ।
পুষ্পৈরিব স্মিতভরৈর্বিদধে বিদগ্ধা, কৃষ্ণাবলোকন-মহোৎসবপুষ্পবর্ষম্ ॥

৭১। কিঞ্চ, আনন্দজৈর্বকুরঙ্গবিলোচনায়া, বাষ্পাম্বুভির্নয়নযুগ্মকমাপুপূরে।
কৃষ্ণং বিলোকয়সি ধন্যমসীতি গাঢ়ং প্রেম্ণা দ্রুতেন মনসেব তদালিলিঙ্গে ॥

৬৭। করস্য দলভূতা কনীয়সী যা অঙ্গুলিস্তয়া ॥

৬৮। তদ্বিধুননমেবাবর্ত আসীদভবদিত্যন্বয়ঃ। কুসুমশরসংগ্রামে বিজয়ঃ সূচ্যত্বেন বর্ততে যস্য সঃ ॥

৬৯। মুদিতাহ্লাসিতান্মদনাদ্ধেতোর্মোদঃ কান্তদর্শনজানন্দঃ, অমর্ষস্তদীয়কৈতবানুসন্ধানজো রোষস্তদনুভাবরূপং যদ্ঘর্মাম্বু তেন সিক্তম্ ॥

৭০। কৃষ্ণাবলোকনরূপো যো মহোৎসবস্তত্র করণীয়ং পুষ্পবর্ষং স্মিতভরৈরেব বিদধে। কৈরিব ? অন্তঃপ্রফুল্লন্তীনামভিলাষলতাততীনাং পুষ্পৈরিব, তেন চ তাসামঙ্কুরিতত্বপল্লবিতত্ব পুষ্পিতত্বেষু জাতেষু ফলিতত্বমপি নেদিষ্ঠমেবেতি দ্যোতিতম্ ॥

৬৭। অতঃপর কোনও গোপী সলীলায় বামবাহু কাঁপিয়ে করদলভূতা কনিষ্ঠ অঙ্গুলিদ্বারা বামকর্ণ-কুহর চুলকাতে চুলকাতে বলয়ে এমন কলমধুর ঝঙ্কার উঠালেন মনে হতে লাগল, যেন কামক্রীড়াযুদ্ধের জয়ঘণ্টা-ধ্বনি হচ্ছে।

৬৮। অতঃপর কৃশাঙ্গী কোনও গোপী চঞ্চল বলয়শ্রেণীতে ধ্বনি উঠিয়ে দক্ষিণহস্তে ললিত লীলা-কমল শূন্যে ঘুরাতে লাগলেন। এই ঘুরানো তখন প্রতীতি জন্মাল, এ যেন তাঁর নবলাবণ্য নদীর এক মহান্ ঘূর্ণিপাক, যা ঘোষণা করছে কামযুদ্ধের বিজয়বার্তা।

৬৯। অতঃপর উল্লসিত কামজ আনন্দের ও তদীয় শঠতা অনুসন্ধানজ রোষের অনুভাবরূপ ঘর্মজলে সিক্ত বপু কোনও গোপী বাতাসে কম্পিত ও কামযুদ্ধপতাকার মতো স্বীয় উত্তরীয় অঞ্চল আলস লীলায় দুলিয়ে হাওয়া করতে করতে বিজয়িনীর ভাবে দীপ্তি পেতে লাগলেন।

৭০। কোনও বিদগ্ধা গোপী কৃষ্ণাবলোকন-মহোৎসবের করণীয় পুষ্পবর্ষণ করলেন, ভিতরে ভিতরে প্রফুল্লিত অভিলাষরূপ লতাবলীর ঔৎসুক্যরূপ বায়ুবেগে ঝড়ে পড়া কুসুমের মতো মৃদু হাসির ঝলকের দ্বারাই।

৭১। হরিণনয়না কোনও নব বয়সী গোপীর কৃষ্ণদর্শনানন্দ জনিত অশ্রুভরে নয়নযুগল ছাপাছাপি হয়ে উঠল। তাঁর মন যেন বলছে, 'হে নয়নযুগল কৃষ্ণ দর্শন করছো, বেশ। কর্ণাদি ইন্দ্রিয় দ্বারে কৃষ্ণানুভব

৭২। কিঞ্চ, একাঞ্চ কাঞ্চনময়প্রতিমায়মানাং, স্তম্ভঃ প্রিয়েক্ষণকৃতঃ সহসা ব্যধত্ত।
তামেব কিং ত্রিজগতীললনাললাম- সৌভাগ্যভারগরিমৈব পরাবভূব ॥

৭৩। কিঞ্চ, আমূলতো মুকুলিতেব কদম্বশাখা, কাচিদ্বভূব, বিপুলৈঃ পুলকৈঃ কিমস্যাঃ।
বাণান্ স্মরস্য বিরহে হৃদি সম্প্রবিষ্টান্, শ্রীকৃষ্ণচুম্বকমণির্বহিরাচকর্ষ ॥

৭৪। কিঞ্চ, অন্তঃ-কণাকুলিতকাঞ্চনপদ্মিনীব, সিষেদ কাচন চিরায় চমূরুনেত্রা।
প্রাণাধিনাথমুখচন্দ্রবিলোকনেঽস্যা যৎ স্যন্দতে স্ম বত মানস-চন্দ্রকান্তঃ ॥

৭৫। কিঞ্চ কৃষ্ণং বিলোক্য চলচারুচকোরনেত্রা, সঞ্চারিচম্পকলতেব চিরং চকম্পে।
অস্যাঃ প্রবিশ্য বপুষ স্মরসিন্ধুরেন্দ্রো, হৃদ্‌ভূমিকম্পমিব মত্ততয়া ব্যধত্ত ॥

৭৬। কাচিদ্বিকস্বরপিকস্বরসারতোঽপি, চারুস্বরা বিধুমুখী স্বরভঙ্গমাপ।
বীণা স্বভাবকলকোমলনিক্কণাপি, স্নিগ্ধা ঘনাম্বুভিরপস্বরমেব ধত্তে ॥

৭১। কৃষ্ণং বিলোকয়সীতি। অয়মর্থঃ—কর্ণেন্দ্রিয়াদিদ্বারা কৃষ্ণমনুভবতোঽপি মম ন তাদৃশং সুখং যথা ত্বদ্‌দ্বারেতি। ত্বমেব ধন্যমসীত্যুক্ত্বা প্রেম্ণা দ্রুতেন প্রেমহেতুকদ্রববতা মনসা কর্ত্রা তন্নয়নযুগ্মকমাশ্লিলিঙ্গে ইব, অতএব তদ্দ্রব এব নয়নযুগ্মান্নিঃসৃতোঽয়মিত্যুৎপ্রেক্ষা ব্যঞ্জিতেতি। তদানীং নয়নতাদাত্ম্যং মনসা প্রাপ্তমিতি পর্যবসিতো ভাবঃ ॥

৭২। ব্যধত্ত কৃতবান্; ললামং তিলকম্; ভারগরিমৈবেতি, অতএবাস্যাঃ স্পন্দনসামর্থ্যং নাস্তীবেতি ॥

৭৩। বিপুলৈঃ পুলকৈঃ কদম্বশাখা তদ্রূপৈব বভূব। বিরহে কৃষ্ণবিচ্ছেদকালে ॥

৭৪। স্যন্দতে স্ম, সুস্রাব ॥ (৭৫)

৭৬। বিকস্বরো যঃ পিকানাং স্বরসারস্ততোঽপি ঘনাম্বুভিরিতি, দার্ষ্টান্তিক পক্ষে কৃষ্ণদর্শনামৃতৈঃ ॥

তেমন সুখের না, যেমন হচ্ছে তোমার দ্বারে তাই বলছি তোমরাই ধন্য।' এ বলে প্রেমে দ্রবীভূত মন যেন নয়নযুগলকে গাঢ়ভাবে আলিঙ্গনে জড়িয়ে ধরলো, (তাই এমন জলের ছাপাছাপি)।

৭২। প্রিয়দর্শনজাত স্তম্ভ কোনও এক গোপীকে সহসাই করে দিল কাঞ্চনপ্রতিমার মতো। অহো ত্রিজগতের লালনাশ্রেষ্ঠের সৌভাগ্যাধিক্যের গরিমাই কি তাকে করে দিল পরাভূত।

৭৩। কোনও গোপী বিপুল পুলকে আমূল মুকুলিত কদম্বশাখার মতো রোমাঞ্চিত হয়ে উঠলেন। অহো মদনের শর, যা কৃষ্ণবিচ্ছেদকালে হৃদয়ে প্রবিষ্ট হয়েছিল তাই কি শ্রীকৃষ্ণচুম্বকমণি বাইরে টেনে বের করে আনলো।

৭৪। জলবিন্দুভরা স্বর্ণকমলিনীর মতো কোনও মৃগনয়নী সর্বাঙ্গ থেকে স্বেদবিন্দু ত্যাগ করতে লাগলেন। দেখে মনে হল হায় হায়, প্রাণাধিনাথের মুখচন্দ্র দর্শনে মানসচন্দ্রকান্তমণি যেন এঁর দ্রবীভূত হয়ে চুয়াতে লাগলো।

৭৫। চঞ্চল চারুচকোরনেত্রা কোনও গোপী কৃষ্ণদর্শনে সঞ্চরণশীলা চম্পকলতার মতো বহুক্ষণ ধরে কাঁপতে লাগলেন। কামগজেন্দ্র যেন এঁর অঙ্গে প্রবেশ করে মত্ততায় হৃদ্‌ভূমিকম্প ঘটালো।

৭৬। কোকিলের স্পষ্ট স্বরশ্রেষ্ঠের থেকেও চারুস্বরা কোনও চন্দ্রমুখীর স্বরভঙ্গ হয়ে গেল কৃষ্ণমেঘ

৭৭। বেণীং বিমুচ্য কুটিলাং নিজবাহুমূলে, কাচিৎ কুরঙ্গনয়না ভুজগীভ্রমেণ।
বিত্রাসবিক্ষুভিতনেত্রমরালিতভ্রূঃ ক্ষিপ্ত্বোত্তরীয়সহিতামপসর্পমীয়ে॥

৭৮। অভিমুখমবলোক্য কাপি ভৃঙ্গং, করকমলেন সলীলমুদ্ধুনানা।
সললিতমবগুণ্ঠনাঞ্চলেন, ব্যধিত বধূরধরোষ্ঠ-সংপিধানম্॥

৭৯। কাচিন্নোপসসার নান্তরমুদং ব্যানঞ্জ কঞ্জেক্ষণা
নোচে কিঞ্চন কিন্তু কান্তবদনং দৃষ্ট্বা শিরো ধুন্বতী।
লীলাকুণিতকোণশোণনয়নং হেলাভ্রমদ্ভ্রূলতং
সীমন্তোপরি বদ্ধপাণিপুটকং সাসূয়মেবানমৎ॥

৮০। কাচিৎ কৃষ্ণমুখং সকৃৎ কুটিলিতাপাঙ্গেন হেলালসং
দৃষ্ট্বা বামভুজালতাং সহচরীস্কন্ধান্তিকে বিভ্রতী।

৭৭। উত্তরীয়সহিতামেব বেণীং ক্ষিপ্ত্বা অপসর্পং পলায়নমীয়ে প্রাপ, স্বীচকারেত্যর্থঃ। নিজস্কন্ধে কৃষ্ণবাহুস্পর্শাভিযোগোঽয়ম্॥

৭৮। অধরোষ্ঠসংপিধানমিতি কৃষ্ণকর্তৃক স্বাধরপানাভিযোগঃ॥

৭৯। শিরো ধুন্বতীতি ভদ্রেণ ময়া ত্বং জ্ঞাতোঽসীতি ভাবঃ। কুণিতকোণেতি তাদৃশকষ্টদাতরি ত্বয়ি দৃষ্টিমাধাতুমহং লজ্জে ইতি ভাবঃ। শোণিতে তদপি মাং পুনরপি দুঃখয়িতুমধুনা কিমিতি সন্নিধৎসে ইতি রোষঃ। হেলেতি তেন কিং মম, যদহমতঃপরং বিজ্ঞা অভবমিত্যবজ্ঞা। সাসূয়মেবানমদিতি, অতঃপরং ত্বৎসমীপমপি ময়া ত্যক্তমেবেতি ভাবঃ॥

৮০। স্কন্ধান্তিকে, ন তু স্কন্ধোপরীতি কৃষ্ণেন তর্কয়িষ্যমাণ-স্বাভিযোগশঙ্কয়েতি ভাবঃ। কুটিলিতাপাঙ্গেনেত্যমর্ষঃ,

---

দর্শনে, যেমন না-কি বীণা স্বভাবকলকোমল ধ্বনিযুক্তা হয়েও মেঘের জলো হাওয়ায় মন্দস্বরা হয়ে পড়ে।

৭৭। কোনও হরিণনয়না কুটিলবেণী নিজস্কন্ধে খুলে দিয়ে সর্পভ্রমে অতি ত্রাসে চঞ্চলনেত্রা ও বাঁকা ভ্রূ হয়ে উত্তরীয় সহিত ঐ বেণী পিছনে ছুঁড়ে দিয়ে ছুটে পালাতে লাগলেন। (এ তাঁর কৃষ্ণবাহুলতা স্কন্ধে পাওয়ার আবেদন-সূচক ভঙ্গী।)

৭৮। ভ্রমরকে নিজের অভিমুখে আসতে দেখে লীলাপূর্বক করকমলের দ্বারা ওকে তাড়াতে এস্তা কোনও গোপী আপন কমনীয়তা বিস্তার পূর্বক ঘোমটার আঁচলের দ্বারা অধরোষ্ঠ ঢেকে ফেললেন। (কৃষ্ণ কর্তৃক নিজের অধর পানের অভিলাষ জ্ঞাপন)।

৭৯। কান্তবদন দর্শন করে কোনও কমলনয়না গোপী দূরে সরে গেলেন না, অন্তরের আনন্দও বাইরে প্রকাশ করলেন না এবং কিছু বললেনও না। কিন্তু সাধু তোমাকে চিনে নিয়েছি, এরূপ ভঙ্গীতে মস্তক হেলালেন। কিহে আবার দুঃখ দিতে এলে, এভাবে রোষে আরক্ত নয়ন লীলায় কুঞ্চিত করলেন। তোমার সান্নিধ্যও ত্যাগ করবো, এভাবে মস্তকোপরি অঞ্জলি ধরে অসূয়ার সহিত প্রণাম করলেন।

৮০। কোনও গোপী কৃষ্ণমুখ একবার কুটিল নয়নকোণে অবজ্ঞাভরে দর্শন করে বামবাহুলতা সহচরীর স্কন্ধের নিকট ধরলেন (নিকটে ধরলেন, 'উপরে' নয়, যাতে কৃষ্ণ তার অভিলাষ ভাল বুঝতে না পেরে তর্কের

আমন্দস্মিতমুৎসবাল্লসলসদ্‌ভ্রূভঙ্গমল্লাক্ষরং
জল্পন্তী প্রতিপাদ্য শূন্যমপি তদ্বহ্বর্থমেবামনৎ ॥

৮১। স্বীয়োত্তরীয়শকলেন সলীলমন্যা, পাণ্যম্বুজেন কলকঙ্কণঝঙ্কৃতেন।
প্রাণেশ্বরং প্রণয়তঃ পরিবীজয়ন্তী, স্রস্তেঽপি তত্র করধূননমেব চক্রে ॥

৮২। ভ্রান্তং মুহুর্বনরুহোদরসোদরেণ, হা হন্ত পাদযুগলেন কথং ত্বনেন।
ইত্যেকয়া স্বকরপঙ্কজকোরকাভ্যাং সম্বাহনং ব্যধিত পাদযুগস্য শৌরেঃ ॥

৮৩। এবং সহজসমুল্লসদলাবলালাবণ্যসুধাসরসীসরসীভবদবয়বানামপি তৎকালোদয়িতদয়িত বিলোকনকনদেবংবিধ-বিবিধবিশিষ্টপ্রভাবভাবশবল-বলমানমাননীয়মাধুরীধুরীণতয়া তদা যদবিরামরামণীয়কমাসামাসামাস,

হেলালসমিতি গর্বঃ, মন্দস্মিতমিতি হর্ষঃ, উৎসবেতি ঔৎসুক্যম্, অল্লাক্ষরং জল্পন্তীতি—'সখি! অখণ্ডশ্রীখণ্ডালম্বিনী নীলোৎপলমালা স্পৃহণীয়া ভবাদৃশীভিঃ' ইতি। বহ্বর্থং বাচ্যব্যঙ্গ্যবস্তুবাহুল্যযুক্তম্; আমনদভ্যস্তবতী ॥

৮১, ৮২। দাসীনাং চেষ্টিতমাহ দ্বাভ্যাম্—স্বীয়েতি। তত্র উত্তরীয়শকলে স্রস্তে সতীতি ভাববৈবশ্যাদিতি ভাবঃ।

৮৩। তদেবমাসাং কেচিদনুভাবরূপাঃ স্তম্ভকম্পাদয়ঃ, কেচিন্নায়কমনোমোহনার্থাঃ কর্ণকণ্ডূয়ন-গাত্রমোটদাদয়ঃ, কেচিৎ সম্ভোগবিশেষস্পৃহাসূচনার্থা লীলাকমলাঘ্রাণ বেণীপরিরম্ভাদয়ঃ, সর্ব এব ভাবাঃ সাহজিকলাবণ্যময়া এবেত্যুপসংহরতি—এবমিতি। বিশিষ্টাঃ প্রভাবাঃ কৃষ্ণবশীকাররূপা যেষাম্; যদ্বা, বিশিষ্টাং প্রভামবন্তীতি তথা তেষাং ভাবানাং শবলেন বৈচিত্র্যা বলমানা চ মাননীয়া চ যা মাধুরী তস্যা ধুরীণতয়া আসামাস, আস্তে স্ম; (পা° ৩।১।৩৭) "দয়ায়াসশ্চ"

মধ্যে পড়েন)। একটু মুচকি হেসে উৎসবরসে দীপ্ত ভ্রূভঙ্গের সহিত অল্পাক্ষরে বিড়বিড় করতে লাগলেন—শূন্য হলেও যেন সেই কথা বহু অর্থ পুনঃ পুনঃ প্রকাশ করতে লাগলো। (অমর্ষ, গর্ব, হর্ষ ও ঔৎসুক্য প্রভৃতি ভাব প্রকাশিত হচ্ছে এখানে)।

৮১। কোনও এক গোপী দাসীভাবে কঙ্কণে কলঝঙ্কার তুলে নিজের উত্তরীয় আঁচলে প্রাণেশ্বরকে আদরের সহিত নানাভাবোদগার-ভঙ্গীপূর্বক বাতাস করতে লাগলেন—ভাবাবেগে আঁচল হাত থেকে খসে পড়ে গেলেও খালি হাতই ঘুরাতে লাগলেন।

৮২। কমলগর্ভসম কোমল পদযুগলে হায় হায়, প্রাণনাথ কি করে মুহুর্মুহুঃ বনপ্রদেশে ঘুরে বেড়িয়েছে—এ বলে কোন এক গোপী নিজ করকমলকলিকার দ্বারা শৌরী শ্রীকৃষ্ণের পদযুগল সম্বাহন করতে লাগলেন।

৮৩। (এইরূপ গোপীদের কারোর অনুভাবরূপা স্তম্ভ কম্পাদি, কারোর কর্ণকণ্ডূয়ণ গাত্রমোটনাদি, কারোর সম্ভোগেচ্ছা সূচক লীলাকমল আঘ্রাণাদি, কারোর বেণী আলিঙ্গনাদি—এ সব কিছু ভাবই সহজলাবণ্যময় হল—এই কথার উপসংহার করতে গিয়ে কবি বলছেন, এবমিতি)।

সমুল্লসিত ও অবিচ্ছিন্ন লাবণ্যসরসীতে নিমজ্জিত থাকা হেতু গোপীগণ অতি সহজমাধুর্যময়ী দেহধারিণী হলেও তৎকালে দয়িতের বিলোকনে দীপ্ত হয়ে উঠা এবংবিধ কৃষ্ণবশীকাররূপা বিবিধ বিশিষ্ট ভাবসমূহের চিত্রবিচিত্রা, বলবতী, মাননীয়া এবং উচ্ছলিতা মাধুরীর ভারে তখন যে নিরবচ্ছিন্ন মনোহরতা প্রকাশিত

তদনুবদিতুং কা বাণী বাণীয়সী মন্দধিষণো ধিষণো বা কো বরাকঃ ॥

৮৪। ততশ্চ ততশ্চরমণীয়তাপরিপাকেন কেনচিন্মধুরিম্ণা ব্রজরাজতনয়ো রাজতনয়োপপন্নেন মধুরিম্ণা পরস্পরাবিসদৃশাভ্যাং হিমকিরণকিরণকন্দলীমৃদুলমেদুরদুরবসেয়সিকতানিচয়াভ্যাং লোচনলোভনীয়মুপর্য্যুপরি পরিমল-লালসালসালিকুল-কোলাহল-কাহল-কান্তধ্বনি-ধ্বনিতং কুবলয়বলয় হল্লকহল্লীশকশিক্ষাদক্ষেণ দক্ষিণমরুতা চারুতাচারং তপনতনয়াপুলিনমাসাদ্য পুরুতরশোভাবলিভাবলিবলিতো যামিনীনাথ ইব প্রমদমদন-মোদ প্রসর-সরসমানসমানসর্ব্বস্বাভিঃ স্বাভিঃ শক্তিভিরিবানন্দময়ীভিরাভিরাভিরাম্যাবধিভূতাভির্ব্রজরমণীমণীভিবিরুরুচে ॥

৮৫। স্বকাম্মিতরমিতরহস্যলাভাসন্নতয়া শ্রুতয়ো গন্ধতদনুরূপরূপসম্পদ্বিশিষ্টতনবো নবোদিতভাগ্যবশাদ্‌যথা মনোরথসিদ্ধিমবাপুস্তথা নিত্যসিদ্ধা অপি তদা তদালোকাহ্লাদবিধুতাহিং স্বমহিমানমজানত্য ইব

ইতি আম্। বাণী সরস্বতী বা কা অনীয়সী অতিক্ষুদ্রেত্যর্থঃ। বিষণো বৃহস্পতিঃ ॥

৮৪। ব্রজরাজতনয়স্তপনতনয়াপুলিমাসাদ্য ব্রজরমণীমণীভিঃ সহ বিরুরুচে ইত্যন্বয়ঃ। ততো বিস্তৃতঃ। রাজতস্য রজতবিকারস্যেব নয়ো নীতিঃ স্বাভাব্যং তেনোপপন্নেন। হিমকিরণস্য চন্দ্রস্য কিরণকন্দলী চ মৃদুলঃ কোমলো মেদুরো নিবিড়ো দুরবসেয়ঃ, ছবিবাহুল্যেন দুঃশকনিশ্চয়ো যঃ সিকতানিচয়স্তাভ্যাম্। পরিমললালসাভির্লসতীতি তস্যালিকুলস্য কোলাহল এব কাহলস্য বাদ্যভেদস্য কান্তো ধ্বনিস্তেন ধ্বনিতম্। হল্লীশকং মণ্ডলনৃত্যম্; চারুতামাচরতীতি তথা তৎ। ভাবলিবলিতো নক্ষত্রশ্রেণ্যা বিরাজিতঃ। প্রকৃষ্টো নবযৌবনাখ্যো মদশ্চ মদনশ্চ মোদপ্রসরশ্চ তৈঃ সরসং মানসং যাসাং তাশ্চ মান এব সর্বস্বং যাসাং তাশ্চ তথা তাভিঃ ॥

৮৫। নিত্যসিদ্ধাঃ শ্রীরাধাদ্যাঃ। তস্মিত্যসঙ্গিত্বেঽপি তাসাং কদাচিৎ স্বানুভবসাধিতমস্তীতি ভাবঃ ॥

হচ্ছিল, তা বর্ণনা করতে সরস্বতীদেবীও কি অতিক্ষুদ্র হয়ে যাবেন না? এখানে মন্দবুদ্ধি দীন বৃহস্পতির কথা আর কি বলবার আছে?

৮৪। অতঃপর ব্রজরাজতনয় চরমরমণীয়তার পরিপাক হেতু প্রাপ্ত কোনও অনির্বচনীয় মধুরিমায় চতুর্দিকে ছড়িয়ে পড়লেন। গলিত রৌপ্যের স্বাভাবিক শুভ্রতাগুণে সিদ্ধ মধুরিমাদ্বারা পরস্পর একইরূপ রম্য জ্যোৎস্নাপ্রবাহ ও কোমলঘন-চাকচিক্যে চোখধাঁধানো বালুকারাশিদ্বারা নয়ন-লোভা যমুনাপুলিনে প্রবেশ করলেন মাধুর্যধুর্য নায়কশিরোমণি কৃষ্ণ। এই পুলিন তখন অলিকুলের কোলাহল-কাহলের ললিত ধ্বনিতে ঝঙ্কৃত হচ্ছিল। আর নীলপদ্ম ও রক্তকৈরবকে হল্লীশক (নৃত্য) শিক্ষাদানে দক্ষ দক্ষিণা বায়ুর প্রবাহে মনোরম হয়ে উঠেছিল। যমুনা পুলিন প্রাপ্ত হয়ে ব্রজরাজতনয় অতিশয় শোভাবলী বিশিষ্ট নক্ষত্রশ্রেণী পরিবেষ্টিত যামিনীনাথের মতো নবযৌবনোত্থ গর্ব কাম-হর্ষপ্রবাহাদি দ্বারা সরসমানসা, মানসর্বস্বা, নিজশক্তির প্রতিকৃতি স্বরূপা আনন্দময়ী এবং রমণীয়তার অধিকরূপা ব্রজরমণীমণী সকলে পরিবেষ্টিত হয়ে সর্বোৎকর্ষের সহিত বিরাজমান হলেন।

৮৫। স্ববাঞ্ছিত রমণরহস্য-লাভ আসন্ন হেতু শ্রুতিচরীগণ যেরূপ তদুপযোগী রূপসম্পত্তি সম্পন্ন দেহধারিণী হয়ে নবোদিত ভাগ্যবশে মনোরথসিদ্ধি প্রাপ্ত হলেন, সেইরূপ নিত্যসিদ্ধা রাধিকাদিও তখন নিজমহিমা

স্বাত্মানমভিমন্যন্তে স্ম ॥

৮৬। ততশ্চ তস্মিন্নেব পুলিনেঽলিনেতৃপরিশীলিত-বিবিধোৎপলপলৎপলপলাশপেশলসমীরসমীরণ-শীতলে বিলসৎকামহেলা মহেলাবিততয়ো বিততযোযুজ্যমানকুচকুঙ্কুমারুণসুগন্ধিভিরুত্তরীয়ৈরুপর্য্যুপরি পরিপাতিতৈর্ম্মৃদুহসিত-সিত-দশনমরীচিবীচি বিকাশপুরঃসরমিহোপবিশ্যতামিতি ত্রিভুবন-কমনীয়াসনমাসনমাকল্পয়ামাসুঃ ॥

৮৭। ততশ্চ, তত্র প্রীত্যোপবিশ্য ব্যজয়ত স যথা কামমুদ্দামধামা
যোগীন্দ্রাণাং ন তদ্বদ্বিমলতমমনঃপুণ্ডরীকাসনেঽপি।
নাপি ত্রৈলোক্যলক্ষ্মীকৃতললিত-মহারত্নসিংহাসনান্ত-
র্নাপ্যেবাধারশক্তিপ্রভৃতিভৃতমহাযোগপীঠোদরেঽপি ॥

৮৮। কিঞ্চ, তস্মিন্ কান্তাকদম্বস্তনকলশলসৎকুঙ্কুমামোদমুগ্ধ-
স্নিগ্ধে দুগ্ধেন্দুকুন্দদ্যুতিপুলিনগতে চারুচেলাসনে সঃ।
আসীনঃ পীনবক্ষাস্ত্রিভুবনরমণীরত্নসম্মোহলীলা-
রাজ্যে ত্রৈলোক্যলক্ষ্ম্যা গমিত ইব বভৌ যৌবরাজ্যাভিষেকম্ ॥

৮৬। অলয় এব নেতারো নায়কাস্তৈঃ পরিশীলিতানাং বিবিধোৎপলানাং পলৎপলানি চলদংশানি পলাশানি পত্রাণি যতস্তথাভূতো যঃ পেশলঃ সমীরস্তস্য সম্যগীরণেন শীতলে; ত্রিভুবনকমনীয়মসনং দীপ্তির্যস্য তৎ ॥

৮৭। আধারশক্তিপ্রভৃতিভিঃ শেষ কমঠাদ্যৈর্ভৃতং ধৃতম্ ॥

৮৮। গমিতঃ প্রাপিতঃ ॥

যেন জানেন না, এ ভাবে নিজ আত্মাকে মনে করতে লাগলেন— কৃষ্ণদর্শন অ হ্লাদে একান্তভাবে মুক্ত বলে।

৮৬। অতঃপর ভ্রমররূপ নায়িকাদ্বারা আলিঙ্গিত উৎপল-দল দোলানো চতুর বায়ুর মন্দ মন্দ প্রবাহে শীতল সেই পুলিনে কামখেলায় বিলাসকারিণী মহিলাগণ, পাটখুলে বিস্তারপূর্ব্বক অঙ্গে জড়িয়ে পরাতে কুচ-কুঙ্কুম-দাগে অরুণিমা ও সুগন্ধ প্রাপ্ত উত্তরীয় একের উপর আর পুরু করে পেতে দিয়ে শুভ্র দশনদ্যুতিমালা মৃদুহাসিতে বিকাশ পূর্ব্বক বললেন, এখানে বসতে আজ্ঞা হোক—এভাবে ত্রিভুবন-কমনীয় উজ্জ্বল আসন নিবেদন করলেন তাঁরা।

৮৭। অতঃপর, সেই আসনে প্রীতিপূর্ব্বক উপবেশন করত যথেচ্ছ উদ্দাম তেজে দীপ্ত কৃষ্ণ যেরূপ উচ্চ জয় জয় কার প্রাপ্ত হচ্ছিলেন, সেরূপ হন না—যোগীন্দ্রগণের বিমলতম মনোপদ্মাসনে, ত্রৈলোক্যলক্ষ্মীকৃত ললিত মহারত্ন সিংহাসনে এবং এমন কি শেষকমঠাদি আধারশক্তি প্রভৃতি ধৃত মহাযোগপীঠ উদরেও।

৮৮। আরও কান্তাগণের স্তনকলশের উজ্জ্বল কুঙ্কুম আমোদে মুগ্ধস্নিগ্ধ ও দুগ্ধেন্দুকুন্দদ্যুতির মতো শুভ্র পুলিনে বিছানো সেই বস্ত্রাসনে সমাসীন পীনবক্ষদেশা কৃষ্ণ ত্রিভুবনরমণীরত্নের সম্মোহনলীলা রাজ্যে ত্রৈলোক্যলক্ষ্মীর দ্বারা যেন যৌবরাজ্যে অভিষেক প্রাপ্ত হলেন।

৮৯। অথ তথোপবিষ্টবতি ভগবতি ভগণপরিবৃতে চন্দ্রমসীব মসীবদসিতপয়সো যমুনায়াঃ পুলিন-পরিসরে পরিতঃ পরিতস্থুষীষু রমণীমণীষু কাশ্চন সরসচাতুরীতুরীয়দশাকুশলাঃ সুরসতর-মৃদুলমেদুরদুরবগাহ-মনোরাগখেদস্বেদসলিলকণমঞ্জুলেন করকমলদলেন কৃতকরচরণসম্বাহনাঃ সাদরদরমদরমদরাজ্যমানমানসং মৃদুমধুরেণ বচসা চ সাকূতেন হৃদ্‌গতং কিমপি পিপৃচ্ছিষবঃ প্রথমং প্রথমঞ্জসা প্রাসঙ্গিকত্বেন প্রশ্নোত্তরসমাদিবচনরচনা-বিশেষং নির্মিমতে স্ম॥

৯০। তত্র প্রশ্নোত্তরসমং যথা—প্রশ্নঃ সীমন্তিনীনাম্, উত্তরং কৃষ্ণস্যেতি প্রথমঃ ক্রমঃ।—

কোঽমলধীঃ কোমলধীঃ কা মোহিতা হন্ত কামহিতা।
কোঽপচয়ঃ কোপচয়ো, মধুরা কা পশ্য মধুরাকা॥

৯১। কিঞ্চ, কে বলভাজঃ কেবল-ভাজঃ কে সন্ত এব কে সন্তঃ।
কা সাররসবিলাসা, বিলসতি কাসাররসবিলাসৈব॥

৮৯। মনোরাগহেতুকো যঃ খেদস্তত এব স্বেদসলিলম্; সাদরদরং সগৌরবং সভয়ঞ্চ অদরমদেনানল্পমত্তত্বয়া রজ্যমানমাক্রম্যমাণং মানসমেব যত্র তদ্‌যথা স্যাদেবম্। মৃদুমধুরেণেত্যবহিত্থয়া কৃত্রিমহর্ষপ্রকাশনম্॥

৯০। অমলধীঃ কঃ, মহিতা শ্রেষ্ঠা কা, অপচয়ঃ কঃ, মধুরা মাধুর্যবতী কা—ইতি তাসাং প্রশ্নচতুষ্টয়ে তথৈব প্রযুক্তবতী শ্রীকৃষ্ণে হংহো ভবানেব কঠোরধীঃ; বয়ং তু কামে হিতা ভবাম এব, কোপসমূহোঽপি (ভা° ১০।৩০।৩৮) "ন পারয়েঽহং চলিতুম্" ইত্যুক্তিমাত্র এব ভবতা কৃতঃ, বসন্তরাকাতোঽপ্যতিমধুরা অদ্যতনী শারদী রাকা দুঃখদানেন বিরসীকৃতৈবেতি স্ববচনেনৈব বদ্ধো ভবানিতি তাসাং কটাক্ষকূণনং জ্ঞেয়ম্॥

৯১। 'বলভাজো বলবন্তঃ কে?'—ইতি প্রশ্নে 'কে বলভাজঃ কেবলং যে ভজন্তি তে' ইতি উত্তরে তথাভূতা

৮৯। অতঃপর সেইভাবে নক্ষত্র পরিবেষ্টিত চন্দ্রের মতো ভগবান্ কৃষ্ণচন্দ্র কালির মতো কালো জলবিশিষ্টা যমুনার পুলিনে বসে গেলে এবং তাঁকে ঘিরে রমণীমণীগণও বসে গেলে সরসচাতুরীর তুরীয়দশায় নিপুণা কোনও একদল গোপী অতি সুরস-মৃদুল-স্নিগ্ধ এবং দুর্বোধ্য মনোরাগজনিত দুঃখের আঘাতে উদ্গত ঘর্মবিন্দুতে মঞ্জুল করকমলদলে দয়িতের করচরণ সম্বাহন করতে লাগলেন। এই পাদ সম্বাহন সেবা করতে করতে তাঁরা সগৌরবে, সভয়ে এবং অতিমত্ততাদ্বারা আক্রান্ত চিত্তের ভাবে প্রাণের আকূতির সহিত মৃদমধুর বাক্যে হৃদ্গত কোনও কিছু জিজ্ঞাসার ইচ্ছায় প্রথমেই প্রাসঙ্গিকতায় বিখ্যাত 'প্রশ্নোত্তরসম' প্রমুখ বচনের রচনাবিশেষ অনায়াসে নির্মাণ করতে আরম্ভ করলেন—

গোপীকৃষ্ণে পরস্পর কথার মারপেঁচ :

৯০। সেই রাসস্থলীতে 'প্রশ্নোত্তরসম' (যে বাক্যে প্রশ্ন-উত্তরের বর্ণশ্রুতির একরূপতা থাকে) যথা—সিমন্তীদের প্রশ্ন আর কৃষ্ণের উত্তর, এইটি প্রথম ক্রম।—প্র° কে অমলবুদ্ধি, উ° যে কোমলবুদ্ধি। প্র° কে মহিতা (শ্রেষ্ঠা), উ° হায় হায় যে কামহিতা (কামে শ্রেষ্ঠা)। প্র° কি অপচয়, উ° কোপচয়। প্র° মধুরা কি, উ° মধুরাকা (বাসন্তী পূর্ণিমা)।

(শ্রীকৃষ্ণ প্রশ্নানুসারে এইরূপ উত্তর করলে গোপীগণের চক্ষু কুঞ্চনে এরূপ ভাব প্রকাশ পেল, যথা—

৯২ এবং কৃষ্ণস্য প্রশ্নে উত্তরং তাসাং যথা —

ক উপাস্যো যো রসবান্, কঃ সরসো যঃ পদং প্রেম্ণঃ।
কিঃ প্রেম যদবিয়োগং, কঃ স বিয়োগো ন যেন জীবন্তি ॥

৯৩। কিং দুঃখং প্রিয়বিরহঃ কিং প্রিয়মতিদুর্লভং যদিহ।
কিং দুর্লভং প্রকারৈ-,রাখিলৈঃপি লভ্যতে নহি যৎ ॥

গোপ্য এবেত্যায়াতম্। 'সন্তঃ পণ্ডিতাঃ কে ?' ইতি প্রশ্নে 'কে সুখে সন্তঃ বর্ত্তমানাঃ কেনাপ্যুদ্বেজয়িতুমশক্যাঃ' ইত্যুত্তরে গোপ্যো বয়ং মুগ্ধাস্ত্বয়োদ্বেজিতা ভবেমৈবেত্যপণ্ডিতা ইতি স্বাভিমতম্। 'সারে রসে বিলাসো যস্যাঃ সা কা' ইতি প্রশ্নে 'কাসারস্য তড়াগস্য রসে জলে বিলাসো যস্যাঃ সা পদ্মিনী' ইত্যুত্তরে গোপ্যঃ পদ্মিনীজাতয় এবেতি স্বেষামেব পূর্ববজ্জয় ইতি ॥

৯২। পদমাশ্রয়ঃ। ন যেন জীবন্তীত্যস্মদ্‌বিয়োগেঽপি তব দুঃখলেশাভাবলিঙ্গেন প্রেমশূন্যত্বপ্রসক্ত্যা ত্বৎপ্রশ্নেনৈব তবারসবত্ত্বং স্ফুটীকৃতমিতি তাসাং তস্মিন্ পূর্ববদক্ষিনিকোচঃ ॥

৯৩। অতিদুর্লভমিতি স্পৃহণীয়মথ চাতিদুর্লভমিত্যর্থঃ। লব্ধ্‌মশক্যমিত্যুক্তৌ স্পৃহায়ামন্তর্ভাবাবগমাত্ততশ্চ দ্বীপান্ত-

---

হো হো তোমার উত্তরেই তো প্রকাশিত হয়ে পড়লো তুমিই কঠোরধী,আমরা তো কাম-মোহিতা 'কোপচয়' যে তোমারই, তা-তো তোমার ব্যবহারেই দেখা গেছে— রাধা কি-একটু বলেছিলো, আর তুমি অমনই পালিয়ে গেলে। বসন্ত পূর্ণিমা থেকে অতি মধুরা আজকের শারদী পূর্ণিমা রাত্রিকে একেবারে মাটি করে দিলে। অহো নিজের কথাতেই নিজে আটকে গেলে)।

৯১। আরও পূর্ববৎ গোপীগণের প্রশ্নে কৃষ্ণের উত্তর—

প্র০ (কে বলভাজঃ) বলবান্ কে, উ০ (কেবল-ভাজঃ) যে শুধু ভজনই করে। প্র০ (কে সন্ত এব) পণ্ডিত কে, উ০ (কে সন্তঃ) যারা সদা সুখে থাকে উদ্বেগগ্রস্ত হয় না। প্র০ (কা সাররসবিলাসা বিলসতি) সারময় রসে যাঁর বিলাস সে কে, উ০ সে হল পদ্মিনী যার বিলাস সরোবর জলে। (কৃষ্ণের প্রথম প্রশ্নের উত্তরে গোপীদেরই পাওয়া যাচ্ছে, দ্বিতীয় প্রশ্নের উত্তরে গোপীদের অভিমতই প্রকাশিত হচ্ছে, যথা মুগ্ধা আমরা তোমার দ্বারা উদ্বেগগ্রস্তা কাজেই অপণ্ডিত, তৃতীয় প্রশ্নের উত্তরে গোপীদেরকেই পাওয়া যাচ্ছে, তারাই তো পদ্মিনী– কাজেই পূর্ববৎ গেপীদেরই জয় হল, কৃষ্ণের উত্তরে।)

৯২। আরও, কৃষ্ণের প্রশ্নে গোপীদের উত্তর যথা—

প্র০ উপাস্য কে, উ০ যে রসস্বরূপ। প্র০ সরস কে, উ০ যে প্রেমের আশ্রয়। প্র০ প্রেম কি, উ০ যা বিয়োগ রহিত। প্র০ সেই বিয়োগ কি, উ০ যাতে জীবন থাকে না। (আমাদের বিয়োগে তোমার দুঃখাভাব চিহ্নের দ্বারা তোমার প্রেমশূন্যতা বোঝা যাচ্ছে তাই প্রেমশূন্যতা আবরণ হেতু তোমার প্রশ্নেই তুমি যে অরসিক, তা প্রকাশিত হচ্ছে। এই ভাবে পূর্ববৎ গোপীদের অক্ষিকুঞ্চন প্রকাশিত হল।)

৯৩। আরও প্র০ প্রিয়বস্তু কি, উ০ এই সংসারে যা স্পৃহণীয়, অথচ অতি দুর্লভ তাই প্রিয়। প্র০ দুর্লভবস্তু কি, উ০ অখিল প্রকার সাধনেও যা লভ্য নয়, তাই দুর্লভ। (সর্বপ্রকারে দুর্লভবস্তু কৃষ্ণের বিরহেই

৯৪। এবমিতরেতরতরতমভাবেন শব্দার্থবৈচিত্র্যেণ প্রশ্নোত্তরচাতুরীতুরীনিঃক্ষেপেণ বিলসৎকপটং পটং বর্ণময়মিব রচয়িত্বা পুনঃ প্রকৃতমেব মনোগতমগতমদা মনসীষৎকুপিতা অপি তা অতিসরসতরং বহিরবহিতমনসো হি তমনসো ভঞ্জকমূচুঃ॥

৯৫। 'আকর্ণয় নো নয়নোৎসব সবহুবিতর্কং কিমপি—

কেচিদ্ভজন্তি ভজতোঽভজতোঽপি হন্ত, কেচিদ্ভজন্তি ভজতোঽভজতোঽপি নৈব।

কেচিদ্ভজন্তি তদিদং বদ নো বিবিচ্য, পীতাম্বর ত্বমখিলস্য বিদাং বরোঽসি॥'

৯৬। অথ রমণী-মণী-সভা-সভাজন-ভাজনন-চমৎকারকার এষ ব্রজপুরপুরন্দরনন্দনস্তমিমং প্রিয়তমায়ত্তমানপিশুনং প্রশ্নমাত্মনিষ্ঠপ্রণয়াসূয়াসূযাতযামং বিদিত্বা মধুমধুরতরং তরঙ্গিণা নয়নকমলাঞ্চলেন নিরীক্ষমাণো

রস্তৃণশর্করাদিবস্তুনি নাতিব্যাপ্তিঃ। ততশ্চ সর্বপ্রকারৈর্দুর্লভস্য কৃষ্ণস্য বিয়োগেনৈব তা দুঃখিন্য এব গোপ্য ইতি ভাবঃ॥

৯৪। ইতরেতরং পরস্পরং তারতম্যেন যা প্রশ্নোত্তরচাতুরী সৈব তুরী 'মাকু' ইতি খ্যাতা। প্রথমে শ্লোকে কৃষ্ণস্য দোষাঃ স্বেষাং গুণাঃ, দ্বিতীয়ে স্বেষাং গুণা এব, তৃতীয়ে কৃষ্ণস্যানুপাস্যত্বপ্রকত্যা দোষাধিক্যমেব, চতুর্থে তু তস্য দুঃখদত্বেন তদতীব ব্যঞ্জিতমিতি তারতম্যং তেন তত্র প্রথময়োঃ শব্দবৈচিত্র্যং চরময়োরর্থবৈচিত্র্যম্, তেন বিলসৎ প্রকাশমানমেব যৎ কপটং তদেব বর্ণময়ং পটং বস্ত্রং রচয়িত্বা। অবহিতমনসঃ সাবধানাঃ, হি এবার্থে; তং শ্রীকৃষ্ণম্, অনসঃ শকটস্য ভঞ্জকম্॥

৯৫। কেচিদ্ভজতো ভজন্তি, ন ত্বভজত ইত্যর্থঃ। তদন্যে কেচিদভজতোঽপি ভজন্তি, কিং পুনর্ভজত ইত্যর্থঃ। তদন্যে কেচিদ্ভজতোঽপি নৈব ভজন্তি, অভজতোঽপি নৈব—ইতি ত্রিবিধা জনাস্তে কে ইতি প্রশ্নঃ॥

৯৬। ভা কান্তিস্তস্যা জননেন চমৎকারকারঃ। প্রিয়তমানামায়ত্তস্য মানস্য পিশুনং সূচকম্। আত্মনিষ্ঠেন

এই গোপীগণ দুঃখি - শ্লোকে এই ভাব।।

৯৪। এইরূপে পরস্পর তারতম্যভাবে শব্দার্থ-বৈচিত্রের দ্বারা প্রশ্নোত্তর-চাতুরীরূপ মাকু চালিয়ে যেন উজ্জ্বল বর্ণবৈচিত্রময় মায়া-বস্ত্র রচনা করলেন গোপীগণ। অতঃপর তাঁরা মনে মনে মদরহিতা না হলেও, ঈষৎ কুপিতা থাকলেও পুনরায় মনোগত প্রস্তুত বিষয়ে অতি সরস ভাবে সাবধানতা পূর্বক সেই শকটভঞ্জককে বললেন -

৯৫। 'হে আমাদের নয়নোৎসব! বহু বিতর্কযুক্ত কোনও একটি বিষয় বর্ণপাত কর—

(১) কেউ ভজনকারীকে ভজনা করে, ভজন না-করা জনকে করে না। (২) কেউ হায় হায় ভজন না-করা জনকেও ভজনা করে, ভজনকারীজনের কথা আর বলবার কি আছে। (৩) কেউ আবার ভজনকারী এবং ভজন না-করা জন কাকেও ভজন করে না। এই ত্রিবিধ জনের মধ্যে কে কান্টি? হে পীতাম্বর, তুমি অখিল চরাচরের জ্ঞানিশ্রেষ্ঠ, অতএব বিচার করে আমাদিকে এর উত্তর দেও।

৯৬। অতঃপর রমণীমনীসভার সম্মানের দ্বারা এবং শোভার ঔজ্জ্বল্য চমৎকারকারী ব্রজপুরপুরন্দরনন্দন বুঝলেন প্রিয়াদের এই প্রশ্ন তাঁদের লম্ব-চওড়া মানেরই সূচক ও আত্মনিষ্ঠপ্রণয়োত্থ অসূয়া থেকে উদ্ভুত, তাই কঠোর। এরূপ জ্ঞানে তিনি তরঙ্গময় নয়নকোণে অতি মধুর মধুর ভাবে তাঁদের দেখতে দেখতে

মৃদুহসিতামৃতমৃতসঞ্জীবনরসবিশেষেণ সরসয়ন্নুবাচ ॥

৯৭। প্রিয়াঃ প্রতিভজন্তি যে ভজত এব তেষামহো
ঋণস্য পরিশোধনপ্রতিমমেব তৎ কেবলম্।
ভজন্ত্যভজতোঽপি যে সহজজন্তুমাত্রস্নিহো
ভবন্তি পিতরাবিব স্বতনয়েষু তে বৎসলাঃ ॥

৯৮। এবং প্রশ্নদ্বয়স্যোত্তরং দত্ত্বা তৃতীয়প্রশ্নস্য সমুচিতমুত্তরং মৃত্তরঙ্গভঙ্গ্যাহ,—
'ভজন্তি ভজতে ন যে ত্বভজতঃ কথং তে ভজ-
ন্ত্বহো বত ভবন্তি তে ভুবি চতুর্বিধাঃ সুভ্রুবঃ।
পরাত্মনি সমন্বিয়ো নিজসুখেন পূর্ণান্তরাঃ
কৃতোপকৃতিবিদ্রুহঃ সুকঠিনাঃ কৃতঘ্না অপি ॥'

৯৯। এবমুত্তমত্বেন দ্বৌ অধমত্বেন দ্বাবিত্যুক্তে সস্মিতকুণিতাপাঙ্গ পাঙ্গবা-চটুলমিতরেতরমালোকয়ন্তী-রালোক্য দয়িতা দয়িতাক্ষরং পুনরুবাচ ॥

প্রণয়েন অসূয়ায়াঃ স্ফুরদ্বক্ত্রয়া কান্তস্বামং বিরসং কঠোরমিত্যর্থঃ।

৯৭। ভজতো জনান্। তৎ প্রতিভজনম্।

৯৮। পর আত্মনীত্যাত্মারামাঃ। নিজসুখেনেত্যাপ্তকামাঃ। কৃতা উপকৃতির্যেন তস্মৈ দ্রুহ্যন্তি, ন ভজন্তি, প্রত্যুত পীড়য়ন্তীত্যর্থঃ। অতএব সুকঠিনা ইত্যাস্যৈব বিশেষণং কৃতঘ্নাঃ কৃতমুপকারং ঘ্নন্তি, ন মন্যন্ত ইত্যর্থঃ ॥

৯৯। এবমুত্তমত্বেনেতি। চতুর্দ্ধমীষু দ্বিশ এবোত্তমত্বাধমত্বাভ্যাং যথাপূর্বমাধিক্যং বোধ্যম্। সস্মিতং কুণিতো

এবং মৃদু হাস্যামৃতরূপ মৃতসঞ্জিবনী রসবিশেষের দ্বারা তাঁদের সরস করে তুলতে তুলতে বললেন—

৯৭। হে প্রিয়াগণ! (১) ভজনকারী জনকে যে প্রতিভজন করে তাদের তো অহো, কেবল ঋণ প্রতিশোধ সদৃশ ব্যাপার (এঁরা স্বার্থপর)।

(২) জীব মাত্রেই স্বাভাবিক স্নেহপ্রবণ যে ব্যক্তি ভজন না-করা জনকেও ভজন করে, সে তো স্বতনয়-বৎসল পিতামাতা সদৃশ (এঁরা লৌকিক কৃপালু)।

৯৮। এইরূপে প্রশ্নদ্বয়ের উত্তর দিয়ে তৃতীয় প্রশ্নের সমুচিত উত্তর হর্ষতরঙ্গ ভঙ্গীতে দিচ্ছেন—

হে সুভ্রূগণ! যে ব্যক্তি ভজনকারী জনকেই ভজন করে না, সে আর অহো কি করে ভজন না-করা জনকে ভজন করবে! সংসারে এরূপ ব্যক্তি চতুর্বিধ যথা—

(১)। আত্মারাম—পরমাত্মাতে রমণকারীজন,(২)আপ্তকাম নিজসুখে পূর্ণাত্মা জন,(৩)গুরুদ্রোহী—উপকারীর প্রতি বিদ্বেষী, অতএব সুকঠিন, (৪) কৃতঘ্ন—পরকৃত উপকার অস্বীকারকারী।

৯৯। এইরূপে উত্তমকক্ষায় অবস্থিত(১,২)এই দু প্রকারের এবং অধম কক্ষায় অবস্থিত (৩,৪) এই দু প্রকারের কথা বলে হাসি হাসি কুঞ্চিত নয়নকোণের পঙ্গুতা হেতু শ্রীকৃষ্ণমুখাভিমুখে গমনে অসমর্থ্যতা বশতঃ চঞ্চল ভাবে পরস্পর চাওয়া-চাওই কারিণী প্রেয়সীগণকে দেখে প্রিয়বাক্যে পুনরায় বললেন—

১০০। 'কিমহো মহোন্নতধিয়ঃ সুহৃদা হৃদা পরস্পরং পরং তর্কমীহধ্বে; প্রশ্নত্রয়েণাপি বো নাহমপরাধ্যামি। তথা হি—

ভবতীর্ন ভজামি যদ্ভজন্তী-,রভজন্তীর্ভবতীশ্চ নো ভজামি।

অতএব গতং ভবদ্বিধানা-,মহহ প্রশ্নযুগং চমূরুনেত্রাঃ॥

১০১। তৃতীয়প্রশ্নেঽপি যচ্চ তুর্বিধ্যং তত্রাপ্যহমতিচত্ব এব, যতোঽহং নাত্মারামো যদ্ভবতীনাং করুণালাপেনাকৃষ্টোঽস্মি, নাপি নিজসুখেনৈব, পূর্ণঃ পূর্বোক্তযুক্তেরেব নাপি কৃতোপকারধ্রুক্ কঠিনস্তেনৈব হেতুনা, নাপি কৃতঘ্নস্তস্মৈব হেতোঃ, তর্হি কথমেবং ভজন্তীরস্মান্ন ভজসীতি চেদুচ্যতে তদাকর্ণয়ন্ত নির্ণয়ন্ত নির্ভরমস্মদুদিতম্॥

১০২। অহমনুভজতো ভজামি নো যৎ, তদিহ তদুৎকলিকাবিবৃদ্ধিহেতোঃ।

উপনতধনগা নতো যথায়ং, ভবতি জনস্তদনুস্মৃতৌ নিমগ্নঃ॥'

যোঽপাঙ্গস্তস্য পাঙ্গব্যেন পঙ্গুতয়া শ্রীকৃষ্ণমুখাভিমুখগমনাশক্তিমত্যা চটুলং চঞ্চলং যথা স্যাদেবং পরস্পরমেবালোকয়ন্তীর্দয়িতাঃ প্রেয়সীরালোক্য। অয়ং ভাবঃ—অস্য কৃতঘ্নত্বাপাদনার্থমস্মাভির্গূঢমন্যুতয়া পৃষ্টোঽয়ং ততোঽপ্যধিকং স্বান্তর্ধানেনাস্মদ্দ্রোহাচরণাদ্ভজজ্জনবিদ্রোহিত্বং স্বমুখেনৈবাঙ্গীকুরুতে স্ম, অতঃ স্বজয়েন হর্ষবোধকং স্মিতম্, হন্ত স্বীকৃতনিজাগসি প্রেষ্ঠে কিমিতি মন্যুঃ কৃত ইতি লজ্জয়া অপাঙ্গস্য কূননম্, অতোঽস্মিন্ সম্প্রতি প্রসাদ এবোচিতঃ, তমকৃতবতীনাং লজ্জয়ৈবাপাঙ্গস্য তস্মিন্ পঙ্গুতা॥

১০০। প্রশ্নযুগং গতম্, ময়ি ন কলিতমিত্যর্থঃ। তেন নাহং স্বার্থপরঃ, নাপি লৌকিককৃপালুরিতি ব্যঞ্জিতম্॥

১০১। অতিচত্বাঃ—চতুষ্ক এবৈতানতিক্রম্য বর্ত্তমান ইত্যর্থঃ। পূর্বোক্তযুক্তেরিতি করুণালাপেনাকৃষ্টোঽস্মীত্যতঃ। এবং সর্বত্র। অস্মদুদিতং মদ্বাক্যম্। নির্ণয়ন্ত নিঃশেষেণ নয়ন্ত ভবত্যঃ॥

১০২। অনুভজতোঽনুবৃত্ত্যা ভজতো জনান্॥

১০০। অহো মহোন্নতধী! সখীভাবে পূর্ণহৃদয়া তোমরা পরস্পর কি উল্টা তর্ক করছো। প্রশ্নত্রয়ের দ্বারাও অহো আমি অপরাধী গণ্য হই না। তথ হি —

'হে মৃগনয়না গোপীগণ! যেহেতু আমি ভজনকারী জনদেরও ভজন করি না এবং ভজন না করা জনদেরও ভজন করি না, কাজেই তোমাদের মতো চতুর সুন্দরীদের প্রশ্নযুগল (৯৫।১২) অহো আমাতে টিকলো না। (এতে বাঞ্জিত হল - আমি না-স্বার্থপর, না-লৌকিক কৃপালু)।

১০১। তৃতীয় প্রশ্নও (১৫।৩) যা চতুর্বিধ, তাও অতিক্রম করে আমি অবস্থিত। কারণ আমি তো আত্মারাম নই—তোমাদের করুণালাপে আকৃষ্ট হয়ে পড়ি যে। পূর্বোক্ত যুক্তি অনুসারেই আমি নিজসুখে পূর্ণ আপ্তকামও নই। ঐ পূর্বোক্ত করণেই আমি (গুরুদ্রোহী) উপকারীর শত্রু হেতু কঠোরও নই ঐ একই কারণে আমি কৃতঘ্নও নই। তা হলে কেন ভজনকারী আমাদের ভজনা করছো না, এরূপ যদি বল তার উত্তর দেওয়া হচ্ছে। আমার বাক্য মন দিয়ে শোন ও নিঃশেষে হৃদয়ে গেঁথে নেও।

১০২। আমি নিরন্তর ভজনকারী জনকেও যে ভজন করি না —দর্শন দেই না এ সংসারে, তা তাঁদের

১০৩ ইত্যুক্তেঽপি বিম্লানকমলা কমলাকরলক্ষ্মীপরিষদিব দিবসনাথসমক্ষং বিপ্রসন্নবদনা বদনালক্ষিত-হৃদয়মালিন্যা বনমালিন্যা বদ্ধ নয়ন-নলিনদামা যদি সমজনি বধূরাজী, রাজীবনয়নোঽপি স তদা পুনরূচে ॥

১০৪। 'ইদং যত্তুদিতং তৎ সামান্যাশ্রয়ম্, মান্যাশ্রয়ং তু নৈতৎ; যতঃ,—

ন পরমমহতঃ পরাস্তি বৃদ্ধি- র্ন ভগবতঃ পরতঃ পরাৎ পরোঽস্তি।
নহি ভবতি রতেরিতোঽতিভূমি-,শ্চরমদশা ন দশান্তরং প্রযাতি ॥

১০৫। কিঞ্চ, অয়মবধিমিয়ায় বোঽনুরাগঃ, কমপরমেতু মৃগেক্ষণাঃ প্রকর্ষম্।
উপরি পরিচিতঃ সিতোপলায়া, ভবতি ন হীক্ষুরসস্য কোঽপি পাকঃ ॥

১০৬। কিঞ্চ, স্থিতমনুভজতৈব বঃ সমীপে, নয়নপথান্তরিতেন মাদৃশেন।
অথ কিমপরথা যিযাসবো বঃ, পরমসবো ন নিবারিতা বভূবুঃ ॥

১০৩। দিবসনাথসমক্ষমিতি ন হি দিবসনাথঃ কমলানি ম্লাপয়িতুমর্হতীতি ভাবঃ।

১০৪। মান্যা আদরণীয়াঃ শ্রেষ্ঠা ভবদ্‌বিধা ইত্যর্থঃ। তদাশ্রয়ং তু ন। অতিভূমিরুৎকর্ষঃ ॥

১০৫। অবধিং মহাভাবপর্যন্তম্ ॥

১০৬। নয়নপথান্তরিতেন যুষ্মন্নেত্রপথমাত্রব্যবহিতেন; যুষ্মাংস্তু স্পষ্টমবলোকয়তৈব সতেত্যর্থঃ। এতৎ মদ্বাক্যং স্বানুভবেনাপি প্রমাণীকর্তুমর্হথেত্যাহ—অথ কিমিতি ॥

উৎকণ্ঠা বাড়িয়ে তুলবার জন্যই। এই সব জন আমার স্মৃতিতে নিমগ্ন হয়ে যায়, প্রাপ্তধন হারা ব্যক্তির মতো।

১০৩। এরূপ বলবার পরও, সরোবর লক্ষ্মীর সভাসদ কমল যেমন সূর্যের সম্মুখে মলিন হতে জানে না, তেমনই কৃষ্ণের সম্মুখে যাঁরা মলিন হতে জানে না সেই অমলিন বদনা বধূরাজী হৃদয় বেদনার লেশমাত্রও মুখে ফুটে না-বেরোনো অবস্থায় প্রসন্ন মুখে বনমালীর দিকে নয়নকমলশ্রেণী নিবদ্ধ করে যদি দাঁড়িয়ে রইলেন, তখন সেই কমলনয়ন কৃষ্ণ পুনরায় বললেন –

১০৪। 'এই যা বলা হল, তা সাধারণ পাত্রকে লক্ষ্য করে, তোমাদের মতো আদরনীয় শ্রেষ্ঠ পাত্রকে লক্ষ্য করে নয়। কারণ—

চরম বড় যে, তার আর বৃদ্ধি নেই। ভগবান্ থেকে পরাৎপর বস্তু কিছু নেই, আর তোমাদের প্রেম থেকেও উন্নত কক্ষার প্রেম কিছু নেই। চরমদশা দশান্তর প্রাপ্ত হয় না।

১০৫। আরও, হে মৃগনয়না গোপীগণ ! তোমাদের এ-অনুরাগ চরম দশা প্রাপ্ত হয়েছে উৎকর্ষতা এর বেশী আর কি হতে পারে ? মিছরির উপর ইক্ষুরসের আর কোনও জানিত পাক নেই।

১০৬। আরও, তোমাদের থেকে নেত্রপথমাত্র ব্যবহিত হয়ে নিরন্তর তোমাদিকে ভজনা করতে করতে নিকটেই এতক্ষণ অবস্থিত ছিলাম আমি। হাঁ হাঁ তাই বটে, এ যদি না হতো তবে দেহ ছেড়ে বেরিয়ে যেতে ইচ্ছুক তোমাদের প্রাণ নিরস্ত হতো না।

১০৭। তদপি যদতিসাহসং ময়ৈতৎ. কৃতমিহ তৎ সুদৃশো মম ক্ষমধ্বম্।
ক্বচন চ সময়ে হ্যসেবমানং, ন ঘনমসূয়তি বিদ্যুতাং সমাজঃ ॥

১০৮। কিঞ্চ, দয়িতরচিতমুচ্চৈঃ প্রাতিকূল্যং চ কালে, জনয়তি দয়িতানামানুকূল্যপ্রকারম্।
অতিমুদমভিতাপো মর্মমর্মপ্রসক্তাং, রচয়তি নলিনীনাং ঘর্মজো ঘর্মভাসঃ ॥

১০৯। কিন্তু, অয়ি ময়ি ভবতীভির্যঃ ক্ষণেনানুরাগঃ, সমতনি ন ময়াসৌ হন্ত দেবায়ুষাপি।
প্রতিবিধিমুপনেতুং শক্যতে তেন যূয়ং, স্বয়মুপকৃতভাবং স্বৈর্গুণৈঃ সম্প্রযাত ॥'

ইত্যানন্দবৃন্দাবনে কৈশোরলীলালতাবিস্তারে রাসলীলায়াং প্রাদুর্ভাবভাবুকো
নামোনবিংশ স্তবকঃ ॥ ১৯ ॥

॥★০★॥

১০৭। ন ঘনং ন মেঘম্; পরস্পরিতশ্লেষেণ ন নিবিড়ং নাতিশয়মিত্যর্থঃ। অতঃ সম্প্রত্যপি প্রসীদতেতি ভাবঃ॥

১০৮। ঘর্মভাসঃ সূর্যস্য ঘর্মজোঽভিতাপো মর্মণি মর্মণি প্রসক্তামতিমুদং রচয়তি॥

১০৯। উক্তলক্ষণং সর্বমিদং বাক্‌চাতুর্যমাত্রং ময়া স্বপরাজয়াপহ্নবায়ৈবোপনীতম্, পরমার্থং তু শৃণুতেতি সগদ্গদমাহ—কিং ত্বিতি। অসাবনুরাগঃ প্রতিবিধিমুপনেতুং প্রাপয়িতুং ন শক্যতে,তৎপ্রতিরূপো মম নাস্ত্যেবানুরাগ ইতি ভাবঃ। উপকৃতভাবমুপকৃতত্বমুপকারমিত্যর্থঃ। সংপ্রযাত প্রাপ্নুত। অনেনোপকৃতমিতি স্বয়মেবাঙ্গীকুরুতেত্যর্থঃ॥

ইতি শ্রীমদানন্দবৃন্দাবন-টীকায়াং শ্রীসুখবর্ত্তিন্যামেকোনবিংশস্তবকসঙ্গমনম্॥ ১৯ ॥

—＝★＝—

১০৭। সুতরাং এই যা অতি সাহস করে ফেলেছি, সেই অপরাধ আমার, হে সুলোচনাগণ! ক্ষমা করে দেও। কোনও সময়ে মেঘ যদি বিজলীকে সেবা না করে অর্থাৎ না-জড়িয়ে থাকে, তবে কি বিজলী-সমাজ মেঘকে অনাদর করে।

১০৮। আরও, কোনও কোনও সময় দয়িত-রচিত অতিশয় প্রাতিকূল্যও দয়িতাগণকে কোনও এক নূতন ধরণের আনুকূল্য এনে দেয়। সূর্যের ঘাম-ঝরানো প্রখর তাপ কমলকুলের মর্মেমর্মে সতত অতিশয় আনন্দ জন্মিয়ে থাকে।

১০৯। (উপরে যা কিছু বলা হলো. তা সব বাক্‌চাতুর্যমাত্র। নিজের পরাজয় ঢাকবার জন্যই এদের এনে উপস্থিত করা হয়েছে কিন্তু পরমার্থ তো হল এই, শোন, এই বলে সগদ্গদ বললেন—)

কিন্তু অয়ি গোপীগণ, তোমরা ক্ষণকাল সময়ে আমাতে যা অনুরাগ বিস্তার করেছ, আমি হায় হায়, দেবপরিমাণ আয়ু পেলেও তা পরিশোধ করতে পারবো না। অতএব তোমরা নিজেদের গুণেই নিজেরা উপকার-প্রাপ্তির ভাবসম্পন্ন হয়ে যাও।

ইতি আনন্দবৃন্দাবনে কৈশোরলীলালতা বিস্তারে
রাসলীলাতে প্রাদুর্ভাবভাবুক নামক উনবিংশ স্তবক।

—০★০—

বিংশঃ স্তবকঃ

১। অথ প্রাণপ্রেয়া প্রাণপ্রিয়াননচন্দ্রগলিতেন ললিতেন লপিতসুধারসেন নির্বাপিতহৃদয়তাপানলা পানলালিত্যমন্তরেণাপি মত্তেব যদি সমুজ্জৃম্ভমাণে মধুরিমণি রমণিরত্নসভাসভাজিতা সতী বিজয়তে স্ম জয়তে স্মরকোটিলাবণ্যং দয়িতস্য তস্য নয়নোৎসবপুষে বপুষে স্পৃহাবতী চ বভূব ভূবলয়স্য সৌভাগ্যবতী ॥

২। তদনন্তরং তরঙ্গিতকৌতুকেন কেনচিদপি ক্বচন চ ন চমৎকারকারিণাপি নটেনাবিষ্কৃতং শুভরতেন ভরতেন মুনিনা নিনায়িতং হল্লীশকতয়ৈব যত্তদেব তদা তালবন্ধমণ্ডলভেদেন স্বয়মেব রাসত্বেন সৃজ্যমানমানন্দ-কন্দকমনাবিলাসলাস্যবিশেষং বিধিৎসুনাধিৎসুনা চ তাসাং মনসি চমৎকারং কমপি নিজগদে জগদেকবিস্মাপকেন তেন রমণীয়মণীযশঃ-পতাকানিকর ইব দয়িতাসমাজঃ ॥

বিংশঃ স্তবকঃ

হল্লীশকভ্রমণ-হস্তকতালরাগ-বাদ্যস্বরোদ্ঘটন-নর্তন-তদ্বিরামম্ ।

সম্ভিঃ পুনর্নটনরত্যমলাম্বুখেলা-মাধ্বীকপান-শয়নং বিবৃতানি বিংশে ॥

১। অথ যদি রমণীরত্নসভা লপিতসুধারসেন সভাজিতা সতী বিজয়তে স্ম, তদনন্তরং তস্য বপুষে স্পৃহাবতী চ বভূব, তদা তেন কান্তেন স দয়িতাসমাজঃ কিমপি নিজগদে ইত্যন্বয়ঃ। প্রাণেভ্যোঽপি প্রিয়স্য শ্রীকৃষ্ণস্যাননচন্দ্রগলিতেন। প্রাণপ্রিয়া কৃষ্ণপ্রাণতুল্যা। জয়তে তিরস্কুর্বতে ॥

২। কেনচিদপি নটেন যন্নাবিষ্কৃতম্, অশক্তেরিতি ভাবঃ। ন চাদ্ভুতচরত্বেন নির্মূলত্বাদপ্রামাণ্যং শঙ্কনীয়মিত্যাহ—শুভরতেনেতি। নিনায়িতং নিতরামভিনায়িতম্। হল্লীশকতয়েতি যদুক্তম্- "বহুস্ত্রীকর্তৃকং নৃত্যং হল্লীশকমিতি স্মৃতম্" ইতি। ন আবিলস্য দোষস্য আসঃ স্থিতির্যত্র স চাসৌ লাস্যবিশেষশ্চেতি তম্। রমণীয়ানাং মণীনাং মাল্যাবয়বানাং যানি যশাংসি শ্লাঘাস্তেষাং পতাকানিকর ইব কনক মণিমালা-তুল্যাকার ইত্যর্থঃ ॥

বিংশ স্তবক

রাসবিলাসঃ

১, ২। অতঃপর কৃষ্ণপ্রাণতুল্যা, নির্বাপিত-হৃদয়তাপানলা, কৃষ্ণের সুদীপ্ত মাধুর্য পানলালিত্য উন্মজ্জনে মত্তপ্রায়া এবং ভূমণ্ডলের শ্রেষ্ঠ সৌভাগ্যবতী এই রমণীরত্নসভা যদি প্রাণপ্রিয় কৃষ্ণের মুখচন্দ্র বিগলিত এই ললিত বাক্যসুধারসে সম্মানিত হয়ে সর্বোৎকর্ষের সহিত বিরাজমানা হয়ে গেলেন এবং তদন্তর দয়িতের কোটিকন্দর্পলাবণ্যতিরস্কারী ও নয়নোৎসবপালনকারী শ্রীঅঙ্গের প্রতি স্পৃহাবতী হলেন, তখন গোপীদের মনে অনির্বচনীয় আনন্দ জন্মাতে সম্মত জগদেক বিস্মাপক কৃষ্ণ আনন্দকন্দা ও নির্দোষ মণ্ডলাকার নৃত্যবিশেষ রচনা করতে ইচ্ছুক হলেন—যা তালবন্ধমণ্ডল-বিলক্ষণতায় নিজে নিজেই রাসের আকারে পরিণত লাভ করতে থাকে এবং যা কোনও চিত্তচমৎকারকারী নটও তরঙ্গিত কৌতুকেও আবিষ্কার করে নি। তবে হ্যাঁ, একজন করেছে। লোককল্যাণে রত ভরতমুনি হল্লীশক নৃত্য বলে বিখ্যাত এই নৃত্য অভিনয় করে দেখিয়েছেন। এই ইচ্ছা বশে

৩। 'শৃণু তাবদয়ি দয়িতামণ্ডল মণ্ডলতয়া স্বীয়তামাস্বীয়তামানন্দকারিণি মদুদিতে ইদমতিপ্রকৃষ্ট-কৃষ্টমদীকৃতঘনসারসার-কেদারসদৃশমতিবিসারিতং সারিতরংহসা রামণীয়কেন যমুনয়ানয়া নয়াদিব প্রকাশিতং নিরঙ্কুশকুশলময়ং স্বহৃদয়মিব পুলিনমবলোক্য মণ্ডলীভূয় ভূয়সীষু ভবতীষু স্থিতবতীষু স্থিতমস্য বিলোকয়িতুং যুজ্যতে ভবতীনাং পরিমণ্ডলোঽত্র মাতি ন বা' ইতি॥

৪। তত উচিরেঽচিরেণৈব তাঃ—'প্রভাপ্রভাবজিতকুবলয়! বলয়সদৃশাবস্থানেন স্থানেন ভবতি ভবদ্-দূরবর্ত্তিত্বম্, অস্মাকং স্মাকম্পতে হৃদয়ম্ নাপরং দূরীভবিতুমুৎসহামহে, সহামহে নাপরং দুঃখম্' ইতি॥

৫। স পুনরুবাচ,—'পশ্যত মে শিক্ষাকৌশলং কৌশলন্তু কে তদ্‌যদহমন্তরালবর্ত্তমানোঽপি সরস-খেলাবিভ্রমভ্রমণলাঘবেন সর্ব্বাসামেব বো জনং জনং রঞ্জয়ন্ প্রকটমেব সদা নিকটবর্ত্তী ভবামি' ইতি তথা গদিতেন দিতেন সন্দেহেন তদদ্ভুতাবলোকন-কনৎকৌতুকতয়া চ কৃষ্ণমভিতোঽভিতোষেণ পরস্পরকরকমলদলকলিতবন্ধানু-বন্ধানুক্রমেণ ক্রমেণ মণ্ডলীভাব-ভাবনয়াপসর্পন্তীনাং তন্নুভিঃ সন্তুয় ভূয়স্তয়া পুলিনমেব বিসারিতরং তরঙ্গপটলা-ভিরিব চন্দ্রিকান্তোনিধেরানশে॥

৩। আস্বীয়তাং বিশ্বস্যতাম্। অতিপ্রকৃষ্টং যথা স্যাত্তথা কৃষ্টঃ কর্ষণেন দূরীকৃতো মদঃ কাঠিন্যভাগো যস্য তথা ভূতীকৃতং ঘনসারসারং শ্রেষ্ঠকর্পূরময়ং যৎ কেদারং ক্ষেত্রং তৎসদৃশম। সারিতং বিস্তারিতং রংহো যেন তাদৃশেন রামণীয়কেন॥

৪। স্মেতি যমকার্থমনধিকার্থম্। হৃদয়মাকম্পতে॥

৫। শলন্তু প্রাপ্নুবন্তু; আনশে ব্যাপ্তম॥

কৃষ্ণ রমণীয় মণিমাল্য-সৌষ্ঠবপতাকা সম দয়িতা সমাজকে কিছু বললেন—

৩। অয়ি দয়িতাগণ! তোমরা যত আছ সকলে আনন্দকারিণী আমার কথা শ্রদ্ধা পূর্ব্বক শোন — এই যে সম্মুখে যমুনার নিজ হৃদ্‌দেশের মতো কর্পূরকান্তি, বার বার কর্ষণে দূরীকৃত-কঙ্করা কৃষিক্ষেত্র সদৃশ, উচ্ছলিত রমণীয়তায় অতি বিস্তার প্রাপ্ত, যমুনার দ্বারা স্বাভাবিক ভাবেই উজ্জ্বলীকৃত এবং নিরঙ্কুশ মঙ্গলময় পুলিন, একে দেখে নিয়ে মণ্ডলাকারে দাঁড়িয়ে যাও। দেখতে হবে, সংখ্যায় বহু তোমরা মণ্ডলী হয়ে দাঁড়ালে, এর যা জায়গা তাতে কুলায় কি, না-কুলায়।

৪। একথা শুনে গোপীগণ সঙ্গে সঙ্গেই বলে উঠলেন—ওহে প্রভাপ্রভাবজিতপদ্ম! মণ্ডলাকারে দাঁড়ালে তোমার থেকে দূরে পড়ে যাবো যে। এ কথাটা-যে মনে হতেই আমাদের সমস্ত হৃদয় কেঁপে উঠ্‌ছে। আরবার দূরে সরে যেতে উৎসাহ বোধ করছি না। পুনরায় আর দুঃখ সইতে পারবো না।

৫। কৃষ্ণ পুনরায় বললেন—'অহো আমার শিক্ষাকৌশল দেখ-না একবার। এ-জগতে কে তা আয়ত্ত করতে পারবে। কারণ আমি কেন্দ্রস্থলে থেকেও সরস খেলাবিলাসে প্রচণ্ডবেগে ঘূরণ কৌশলে তোমাদের সকলকে রঞ্জিত করতে করতে প্রকাশ্যে সদা নিকটেই থাকবো।' এরূপ কথায় সন্দেহ-ভঞ্জন হলে সেই অদ্ভুত মজা দেখার লোভে দীপ্ত কৌতুকে দয়িতের চতুর্দিকে অতিশয় আনন্দে পরস্পর যথাক্রম-পদ্ধতিতে হাত ধরাধরি করত চক্র রচনার ইচ্ছায় পিছু হটে যেতে লাগলেন গোপীগণ। এতে তাঁদের তনু একাকার প্রাপ্ত হয়ে অতি

৬। ততশ্চ তৎকৃষ্ণমনোরথতরোর্মহামূলস্য লস্যমানপ্রণয়সুধাসেকসলিলনির্গমনিবারি কনকালবালমিব, কৃষ্ণ মহামদ-কলভ বন্দীকরণায় বিলাসরসসম্রাজ্ঞা বিতানিতং কনকবাগুরা বলয়মিব, কৃষ্ণমনোমীনগ্রহাগ্রহাকুলেন কুসুমশরজালিকেন বিস্তারিতং কুচকোরক-তুম্বীফল-ফলিতলালিত্যং বলয়াকৃতি কাঞ্চনজালমিব, কৃষ্ণদুর্গমতাকারি বদনতুহিনকিরণবিম্বনিকরকনককুম্ভবিশেষশোভমানং চপলবেণিদণ্ডতিমিরপতাকাকুলাকুলায়মানং কৌমুদী-দুর্গমিব, ভূবিলাস লক্ষ্ম্যা বিলাসকনকমহাতাটঙ্কমণ্ডলমিব, মিহিরদুহিতৃপুলিনলক্ষ্ম বক্ষসো বলয়াকারং চম্পক-মাল্যমিব কৃষ্ণরত্নসানুমভিতঃ কনকময়মানসোত্তরগিরিবরবলয়মিব, সম্পূর্ণমহসঃ কৃষ্ণকলানিধের্মহাপরিধিরিব, রতিরসকলাকলাপকুলালস্য লালস্যমানননটনঘটঘটনাচক্রমিব, যমুনাপুলিনকর্পূরকেদারতলতো নির্বীজমেব তৎ-সময়সমুদ্ভিন্নং পরস্পরশাখাগ্রসংশ্লেষবিশেষদর্শনীয়ং হিমকণগণগুণিতশোভং বলয়াকারং কনককল্পলতানিকুরম্বমিব, চিত্রকাব্যমিব, সদা সুকরসর্বতোভদ্রং প্রতিলোমানুলোমপাদক্রমং চ একাক্ষরচরণং চ সুললিতভাষাসমং চ, শব্দা-

---

৬। লসমানঃ কাম্যমানঃ প্রণয়ঃ প্রেমৈব সুধাভিষেকস্তৎসম্বন্ধি-সলিলানাং নির্গমং নিবারয়িতুং শীলমস্যেতি। অনেন তাসাং তথাভূতানাং কৃষ্ণাভিলাষ-পোষক-নিশ্চল-প্রেমবত্ত্বং ব্যঞ্জিতম্। কৃষ্ণমহামদকলভেতি তদীয়ভাব-হাব-হেলা-দীনাং চেষ্টানামপি কৃষ্ণবশীকারিত্বম্। কৃষ্ণমনোমীনেতি তদীয়াঙ্গদত্তসাম্রাজ্যস্য কন্দর্পস্যাপি কৃষ্ণমনোব্যাকুলীকারি বিক্রমত্বম্। কুচকোরকা এব তুম্বীফলানি জাতিভেদেন বর্তুলাকারাণি তানি জ্ঞেয়ানি। অতএব কোরকৈঃ প্রথমমুপমা কৃষ্ণস্য দুর্গমতা নিঃসরণাসামর্থ্যমিত্যর্থঃ। বদনান্যেব চন্দ্রবিম্বসমূহা উপরিভাগে যেষাং তথাভূতৈঃ কনককুম্ভবিশেষৈঃ শোভমানম্, কৌমুদী-দুর্গমিবেতি—পূর্বোক্তয়োর্বশীকরণোপমানয়োর্বাগুরাজালয়োর্বশীকার্যকষ্টদায়িত্বরূপো দোষঃ প্রসক্ত আসীদিতি তদ্বারণার্থমুৎপ্রেক্ষেয়ম্। ভূবলয়েত্যূর্ধ্বাধোবর্তিসমস্তলোকেভ্যোঽপি ভূর্লোকস্য তদানীং সৌভাগ্যং সূচি-তম্। মিহিরেতি, তত্রাপি যমুনাপুলিনপ্রদেশস্য নিতরাম্। তাদৃশাকারকান্তাগণবেষ্টিতং নৃত্যোচিতস্থানবিমর্শার্থং ক্ষণং স্থিরতয়া তিষ্ঠন্তমুৎপ্রেক্ষতে—কৃষ্ণরত্নসানুমিতি। রত্নসানুঃ সুমেরুঃ; ততশ্চ বিচারিতস্থানং প্রতি তথাভূততয়ৈব মন্দং মন্দং গচ্ছন্তমুৎপ্রেক্ষতে—সম্পূর্ণমহস ইতি। গত্বা চ তত্র প্রথমং চক্রভ্রমিনাট্যমারভমাণমুৎপ্রেক্ষতে—রতিরসেতি। ততশ্চ নাট্যমানসমাপ্তৌ বিশ্রামার্থং ক্ষণং তথাভূততয়া তিষ্ঠন্তমুৎপ্রেক্ষতে—যমুনাপুলিনেতি। হিমকণগণেতি শ্রমবিন্দুনামুপমা।

বিশাল পুলিন ছেয়ে ফেললো, জ্যোৎস্নাসমুদ্রের তরঙ্গমালায় ছেয়ে যাওয়ার মতো।

৬। তখন ঐ রমণীমণ্ডল দীপ্তি পেতে লাগলেন—কৃষ্ণমনমীন ধরার জন্য আগ্রহাকুল মদনজেলের দ্বারা বিস্তারিত সোনার জালের মতো, যা কুচকোরকরূপ তুম্বীফলের ফলন-লালিত্যে মনোহরা। উপরে বদন-চন্দ্রবিম্বসমূহের দ্বারা উজ্জ্বলীকৃত, কনককুম্ভ বিশেষে শোভমান ও চঞ্চল বেণিদণ্ডরূপ কালো পতাকাচয়ে উথলিত জ্যোৎস্না-দুর্গের মতো। ভূবিলাসলক্ষ্মীর কর্ণে লীলায় পরিহিত বিশাল কানবালার মতো। কৃষ্ণরূপ সুমেরু পর্বতের চতুর্দিকে কনকময় মানসোত্তর গিরিরাজবলয়ের মতো। পূর্ণজ্যোতিরূপ কৃষ্ণচন্দ্রের মহাবলয়ের মতো। রতিরসকলাপ্রবাহরূপ কুম্ভকারের দেদীপ্যমান নটন ঘট-ঘটনাচক্রের মতো। যমুনা পুলিনের কর্পূরধবল ভূমিতল থেকে বিনা বীজে তৎকালে উৎপন্ন, পরস্পর জড়াজড়ি করে থাকায বিশেষ দর্শনীয়, বিন্দু বিন্দু ঘর্মরূপ ওসে গুণিত শোভনা এবং বলয়াকারা কনককল্পলতাচয়ের মতো। (আরও উৎপ্রেক্ষা হচ্ছে—) চিত্রকাব্য যেমন সদা অনায়াস-সাধ্য 'সর্বতোভদ্র' নামক সন্দর্ভবিশেষযুক্ত তেমনই সর্বতোভাবে সুখ-আকর, চিত্রকাব্য যেমন অক্ষরের

লঙ্করণমিব সদাশ্লেষং ছেকবৃত্ত্যনুপ্রাসং পুনরুক্তবদাভাসভাস্বরম্, নয়নমিব মধ্যকৃষ্ণম্, ছন্দ ইব সদা বিষমসমভাব-রমণীয়ভাবং রমণীমণ্ডলমাভাতি স্ম ॥

৭। তস্মিন্নেব সময়ে দেব্যা যোগমায়য়া তৎসময়োচিতবেষভূষাভির্যদলঙ্কৃতং তন্ন তাসাং গোচর আসীদপি তু কৃষ্ণস্যাতিমনোহরমভূদহো তস্যাঃ কৃষ্ণহৃদয়ানুরঞ্জকত্বম্,তত্র প্রথমমেব রমণীমণীভাবেনাসামান্যতয়া মান্যতয়া চ সর্বানুমত্যা কৃষ্ণেন সহৈব মধ্যমধ্যবস্থিতা বৃষভানুপুত্রী চিত্রীভূতা সতীব পরিতোষবতীং রমণীমণ্ডলীমালোকয়াঞ্চকার ॥

সর্বতোভদ্রং তন্নামা সন্দর্ভবিশেষঃ; পক্ষে সুকরং সর্বত এব ভদ্রং সুখং যত্র তৎ। প্রতিলোমানুলোমাভ্যাং পাদক্রমো যত্র তৎ। যত্র শ্লোকে তেষামেবাক্ষরাণাং প্রতিলোমপাঠেনৈকশ্চরণস্তেষামেবানুলোমপাঠেনান্যশ্চরণ ইত্যর্থঃ। পক্ষে, কদাচিৎ প্রতিলোমেন কদাচিদনুলোমেন চ নৃত্যবশাৎ পাদক্রমো যত্র তৎ। একৈরেবাক্ষরৈশ্চরণঃ পাদো যত্র তৎ; পক্ষে, একং তুল্যমেবাক্ষরং স্খলনহীনং চলনং গতির্যত্র তৎ। সুললিতাভ্যাং ভাষাভ্যাং প্রাকৃতসংস্কৃতময়ীভ্যাং সমং তুল্যম্; পক্ষে, ভাষা উক্তিপ্রত্যুক্তিময়ী বাণী তয়া সমং শোভনম্; "সর্বসাধুসমানেষু সমং স্যাদভিধেয়বৎ" ইতি মেদিনী। সদৈব শ্লেষঃ; পক্ষে, সন্ আশ্লেষ আলিঙ্গনং যত্র তৎ। ছেক ইতি বৃত্তিরিতি অনুপ্রাসো যত্র তৎ; যদুক্তম্—"বর্ণসাম্যমনুপ্রাসশ্ছেকবৃত্তিগতো দ্বিধা" ইতি; পক্ষে, ছেকো বিদগ্ধো বৃত্তেঃ করচরণাদিচালন ব্যাপারস্য অনু অনুকূলঃ প্রাসঃ প্রকৃষ্টবিন্যাসো যত্র তৎ। পুনরুক্তবদাভাসনাম্না অলঙ্কারেণ ভাস্বরং দীপ্তম্; পক্ষে, পুনরুক্তবদাভাসতে তথা তচ্চ ভাস্বরঞ্চ তৎ; একস্যাপি তন্মণ্ডলস্য গতিলাঘবেন দ্বিত্বত্রিত্বয়বত্তদা ভানমভূদিত্যর্থঃ। বিষমভাবেন ভিন্নচিহ্নচতুষ্পাদত্বেন সমভাবেন তুল্যমাত্রাকচতুষ্পাদত্বেন চ রমণীয়ো ভাবঃ সত্তা যস্য তৎ; পক্ষে, গতিভেদেন মণ্ডলস্য কদাচিদ্বৈষম্যং কদাচিৎ সাম্যঞ্চেতি।।

উল্টাপাঠে প্রথমচরণ ও সোজা পাঠে দ্বিতীয় চরণ পাওয়া যায় তেমনই নৃত্যবশে কখনও উল্টা কখনও সোজা চরণ-সঞ্চালনযুক্ত, চিত্রকাব্যে যেমন সমান (এক) অক্ষরেই চরণের রচনা তেমনই সমান স্খলনহীন গতিযুক্ত, চিত্রকাব্য যেমন সুললিত প্রাকৃত ও সংস্কৃতময়ী ভাষায় সমান ভাবে বিরচিত তেমনই সুললিত উক্তি-প্রত্যুক্তিতে ঝঙ্কৃত এবং শব্দালঙ্কার যেমন সদা শ্লেষ নামক অলঙ্কারযুক্ত তেমনই দৃঢ় আলিঙ্গনবদ্ধ, শব্দালঙ্কার যেমন 'ছেক' নামক অনুপ্রাস ও 'বৃত্ত' নামক অনুপ্রাসযুক্ত তেমনই বিদগ্ধ করচরণ-সঞ্চালনাদি ব্যাপারের অনুকূল প্রকৃষ্ট বেশবিন্যাসে সজ্জিত, শব্দালঙ্কার যেমন 'পুনরুক্তবদাভাস' নামক অলঙ্কারে সমৃদ্ধ তেমনই পুনরুক্তির মতো একই বহু বলে প্রতীতি প্রাপ্ত ও দীপ্ত এবং নেত্র যেমন মধ্যস্থলে কৃষ্ণতারাযুক্ত তেমনই মধ্যস্থলে দয়িত কৃষ্ণযুক্ত তথা 'ছন্দ' যেমন সদা ভিন্ন ভিন্ন চিহ্ন চতুষ্পাদের দ্বারা ও তুল্যমাত্রাক চতুষ্পাদের দ্বারা রমণীয়ভাবে অবস্থিত তেমনই গতিভেদে কদাচিৎ বৈষম্য-কদাচিৎ সাম্য প্রাপ্ত রমণীমণ্ডল দীপ্তি পেতে লাগলেন।

৭। সেই সময়ে দেবীযোগমায়া তৎসময়োচিত বেশভূষায় রমণীদের সাজিয়ে দিলেন। এ তাঁদের লক্ষ্যের মধ্যে না এলেও কৃষ্ণের অতি চিত্তাকর্ষক হল। অহো যোগমায়ার কি অদ্ভুত কৃষ্ণহৃদয় অনুরঞ্জন করবার কৌশল! এই খেলা বিলাসের আরম্ভে রমণীকুলে উৎকর্ষতায় অসামান্যতার ও মান্যতার আসনে প্রতিষ্ঠিতা বৃষভানুপুত্রী সর্বানুমতি ক্রমে কৃষ্ণের সঙ্গে কেন্দ্রস্থলে পটে আঁকা ছবির মতো স্থির হয়ে দাঁড়িয়ে আহ্লাদে ডগমগ ঐ রমণীকুলকে দেখতে লাগলেন।

৮। তদনু সা মণ্ডলী বহুবিস্তারভিয়াঽভিযাতশঙ্কা পরস্পরসংসক্ততয়া কবিতাগতশিথিলবন্ধদোষমিব দূরীচিকীর্ষুর্গাঢ়বন্ধমঙ্গীকর্তুমিতরেতরেষামংসবিন্যস্তবাহুমূলং স্থিতবতী রাজতি স্ম ॥

৯। তত্র মধ্যমধ্যবস্থিতস্য তস্য রসিকশেখরস্য সারস্যদেন স্যদেন প্রবেশসমকালমেব মুক্তপরস্পরাংশ-তটয়োর্দ্বয়োর্দ্বয়োর্মধ্যে পুরঃপশ্চাদ্ভাবেন প্রবিশ্য কণ্ঠতটং ভুজবলয়াভ্যামবগৃহ্য বিভ্রমতো ভ্রমতোঽলাতচক্রমিব তদ্ভ্রমণং চিত্রকাব্যমিব গোমূত্রিকাবন্ধপ্রায়ং প্রতিলোমানুলোমক্রমেণ ভবদত্যদ্ভুতং তদাসীৎ; যেন তং সকলাঃ সকলা এব স্বস্বনিকটস্থমেব মন্যন্তে স্ম, এবমেব তস্য ভ্রমণলাঘবম্ ॥

১০। তেন চ,— একস্যা দক্ষিণাংসে বরভুজবলয়ং বামমন্যং পরস্যা
বামাংসে ন্যস্য গাঢ়ং যুগপদভিমুখে দ্বে সমাশ্লিষ্য কান্তে।

৭। রমণীষু মণীভাবেন শ্রেষ্ঠত্বেনেত্যর্থঃ ॥

৮। অংসে স্কন্ধে বিন্যস্তং বাহুমূলং যত্র তদ্যথা স্যাত্তথা ॥

৯। পুরঃপশ্চাদ্ভাবেন প্রবিশ্যেতি মণ্ডলমধ্যস্থাং রাধিকাং পরিত্যজ্যৈবাতিলাঘবেন মণ্ডলস্থয়োর্দ্বয়োর্দ্বয়োরেকং মধ্যং তয়োঃ পুরোভাবেন প্রবিশ্য তৎপৃষ্ঠতঃ পরাবৃত্যান্যং মধ্যং পশ্চাদ্ভাবেন তয়োঃ প্রবিশ্য তদনন্তরঞ্চ তদগ্রতঃ পরাবৃত্য অপরং মধ্যং পুনঃ পুরোভাবেন প্রবিশ্য পুনরপি তৎপৃষ্ঠতঃ পরাবৃত্যাপরঞ্চ মধ্যং পশ্চাদ্ভাবেনেত্যেবং সম্পূর্ণমণ্ডলভ্রমণা-নন্তরং মণ্ডলমধ্যস্থ-রাধিকাংসং বাম ভুজেনাশ্লিষ্য পুনর্মণ্ডলস্থানামুক্তন্যায়েন মধ্যমধ্যপ্রবেশ ইত্যেবমগ্রিমশ্লোকে স্পষ্টং ভাবি। বিভ্রমতো বিলাসেনেত্যর্থঃ। গোমূত্রিকাবন্ধ ইতি স যথা অক্ষরপংক্তেঃ প্রত্যক্ষরং প্রতিমধ্যমেব পুরঃ পশ্চাৎ পরি-বর্তনবেষ্টনরেখাবিন্যাসেন ভবতি, তথৈবেত্যর্থঃ। সকলা এব কলাবত্য এব স্বনিকটস্থমেবেতি পূর্বমণ্ডলমধ্যে তস্য রাধা-সাহিত্যাদর্শনাৎ, কথঞ্চিৎ প্রসক্তায়া ঈর্ষ্যায়া অপাপগমঃ সূচিতঃ ॥

৮। অতঃপর সেই মণ্ডলী বহুবিস্তার ভয়ে শঙ্কাকুল হয়ে পরস্পর সেটে দাঁড়িয়ে কবিতাগত 'শিথিল বন্ধ' দোষের মতো তাঁদের শিথিল বন্ধনদোষ দূর করবার ইচ্ছায় একে অন্যের কাঁধে বাহুমূল বিন্যস্ত করে দাঁড়িয়ে দীপ্তি পেতে লাগলেন।

৯। এই খেলাবিলাসে কেন্দ্রস্থলে অবস্থিত সেই রসিকশেখর অতি দ্রুত বেগে প্রতি রমণীযুগলের মধ্যে প্রবেশ করতে গেলেই অমনি তাঁদের স্কন্ধদেশ ধরা বাহুবন্ধন খুলে খুলে যেতে লাগল আর সেই প্রতি রমণীযুগলের মধ্যে প্রথমে বলয়ের সম্মুখ দিয়ে পরে পৃষ্ঠদেশ দিয়ে ঢুকে গিয়ে গিয়ে বাহুর বেষ্টনে রমণীদের কণ্ঠ-তট ধারণ করে করে ভ্রমণ করতে লাগলেন। এর থেকে এক অদ্ভুত ব্যাপারের সৃষ্টি হল – আলাতচক্রের মতো সেই ভ্রমণ সোজা-উল্টা ভাবে চলতে থাকায় 'গোমুত্রিকাবন্ধ'প্রায় চিত্রকাব্যের সৃজন হয়ে গেল তৎকালে। শ্রীকৃষ্ণের ভ্রমণবেগ এমনই বিচিত্র হল যে কলাবতী রমণীগণ সকলেই তাঁকে নিজ নিজ নিকটস্থ বলেই মনে করতে লাগলেন।

১০। এই ঘুরুনি বেগেই—এক গোপীর দক্ষিণস্কন্ধে ও অন্য গোপীর বামস্কন্ধে শ্রেষ্ঠভুজবলয় দৃঢ়ভাবে

তাভ্যাং দত্তপ্রবেশস্ত্বরিতমনুগতঃ পৃষ্ঠমেকাং বিমুঞ্চ-
ন্নন্যাং গৃহ্ণন্ পুরস্তাৎ স পুনরুপসরত্যেবমেব ক্রমেণ ॥

১১। এবং প্রতিলোমানুলোমাভ্যাং স্পষ্টমেব গোমূত্রিকাবন্ধমুপপাদয়তা প্রত্যেকমেব তাসাং পুরঃ পশ্চাদ্ভাগ-পরিষ্বঙ্গেণ লাঘবকৌশলেন ভ্রমতা তাসাং তস্যাশ্চ মধ্যগতয়া মুখ্যায়াঃ পরমকৌতুকমাততান ॥

১২। এতস্মিন্নেব সময়ে সুখাবলোকনাশয়া নিকটমালম্বিতং জ্যোতিশ্চক্রমিব বিমানশ্রেণিসঙ্কুলমপি নির্বিমানং লেখাবলিবলিতমপি নির্লেখং সদা সদার-চারণ কিন্নর-সিদ্ধ-সাধ্য-গন্ধর্ব-বিদ্যাধর-প্রভৃতিভৃতনিরন্তর-সমাজং বিভ্রদম্বরতলং ররাজ ॥

১৩। ততশ্চ চিত্রকাব্যমিব ললিতমুরজবন্ধম্ পার্থিবশঙ্করকদম্বমিব নির্দোষমৃদঙ্গম্, ক্রয়বিক্রয়শীলন-

---

১০। পুনঃ পুরস্তাদুপসরতীত্যগ্রদেশং গত্বা বিবৃত্যেতি জ্ঞেয়ম্ ॥

১১। উক্তমেবার্থমুক্তপোষন্যায়েনাহ—এবমিতি ॥

১২। নিঃশেষেণ বিগতং মানং পরিমাণং যত্র তৎ; লেখাবলির্দেবশ্রেণী; নির্লেখং নির্গতো লেখ ইয়ত্তা যতস্তৎ ॥

১৩। মুরজবন্ধো মুরজাকৃতিঘটিতশ্লোকাক্ষরঃ; পক্ষে, ললিতো মুরজস্য বন্ধো বাদ্যপ্রবন্ধো যত্র তৎ। নির্দোষাভিঃ

ন্যস্ত করে কৃষ্ণ যুগপদ্ দুই কান্তাকে আলিঙ্গন করলেন সম্মুখদেশে। আলিঙ্গিত কান্তাদ্বয় তাঁদের মাঝে জায়গা করে দিলে ঝটিতি পিছনে গিয়ে একজন থেকে হাত সরিয়ে নিয়ে অন্য একজনের স্কন্ধে দিয়ে পুনরায় সম্মুখে এসে ঘুরে গেলেন—এইরূপ ভাবেই খেলা চলতে লাগল পরপর।

১১। এইরূপে উল্টা-সোজা চলনের দ্বারা অতি স্পষ্ট 'গোমূত্রিকাবন্ধ' চিত্রকাব্য রচনা করতে করতে তাঁদের প্রত্যেককে সম্মুখে ও পৃষ্ঠদেশে আলিঙ্গনের সহিত বেগকৌশলে ভ্রাম্যমান্ কৃষ্ণ মণ্ডলস্থা রমণীদের ও মধ্য-গতা মুখ্যের পরমকৌতুক বিস্তার করলেন।

১২। (সেই সময়ে আকাশের যে শোভা হয়েছিল, তার বর্ণন হচ্ছে—)

সুখে অবলোকন আশায় নিকটে ঝুলে থাকা গ্রহমণ্ডলের মতো সুন্দর বিমানে বিমানে সমাকীর্ণ হয়েও 'নির্বিমানম্' অর্থাৎ সম্পূর্ণ স্থানাভাবযুক্ত, (লেখাবলিবলিতমপি) দেবশ্রেণী সমাকীর্ণ হয়েও এবং (নির্লেখম্) অসীম হয়েও সীমার মধ্যে আগত এবং সদা স্ত্রীগণের সহিত বিরাজমান চারণ-কিন্নর-সিদ্ধসাধ্য-গন্ধর্ব বিদ্যাধর প্রভৃতির দ্বারা পরিপূর্ণ জমাট সভাপ্রাঙ্গনস্বরূপ আকাশতল অতিশয় শোভা পেতে লাগল তৎকালে।

১৩। অতঃপর এই রাসে দেবতাদের প্রশংসিত যে বাদ্য বেজে উঠল তার বর্ণনা হচ্ছে, শব্দসাম্য উপমামুখে—

(১) চিত্রকাব্য যেমন 'ললিতমুরজবন্ধম্' অর্থাৎ ললিত মুরজাকৃতিতে লিখিত শ্লোকাক্ষরময় এ-রাস-বাদ্য তেমনই 'ললিত মুরজবন্ধম্' অর্থাৎ ললিত মুরজ নামক বাদ্য-সঙ্গত। (২) নয়নানন্দ মাটির কদমফুল যেমন 'নির্দোষমৃদঙ্গম' অর্থাৎ কঙ্কর-তুষাদিরহিত নির্দোষ মাটিতে নির্মিত তেমনই এ-রাসবাদ্য নির্দোষমৃদঙ্গম' অর্থাৎ

মিব পণবাহিতম্, বন্ধুজনবপুরিব ললিতালিঙ্গ্যম্, নাটকমিব বিলসদঙ্ক্যম্, যদুকুলমিব শ্লাঘ্যতমানকদুন্দুভি, গগনমিব বিততম্, বর্ষানভ ইব সুঘনম্, সূচীমূলমিব সশুষিরম্, মহারত্নমিব সদানদ্ধম্, দেবতাভিবাদ্যং বাদ্যং নদতি স্ম ॥

১৪। নন্দনবনবনদেবতাভিরেব তাভিরেবমনবরতং বৃষ্যমাণানি সমধুকরাণি দিবঃ সাঞ্জনহর্ষনয়নজলবিন্দুনিকুরম্বাণীব নিপতন্তি স্ম কুসুমানি, যশো যশোদানন্দনস্য তস্য ললিতকলস্বরং স্বরঙ্গনাভিঃ সহ সহর্ষং গন্ধর্বাশ্চ গায়ন্তি স্ম। ততশ্চ,

মুখরনূপুরকঙ্কণকিঙ্কিণী -কলকলঃ সুদৃশাং চ হরেশ্চ সঃ
সমকিরদ্রসনারসনাশনঃ, শ্রবণয়োরমৃতান্যমৃতান্ধসাম্ ॥

শর্করাতুষাদিরহিতাভির্মৃদ্ভিরঙ্গং যস্য তৎ; পক্ষে স্পষ্টম্; পণৈর্মূল্যৈর্বাহিতম্; পক্ষে, পণবেনাহিতম্। ললিতং যথা স্যাত্তথা আলিঙ্গ্যমালিঙ্গনার্হম্; পক্ষে, ললিত আলিঙ্গ্যো মৃদঙ্গভেদো যত্র তত্র। বিলসতঃ শোভনানঙ্কানর্হতীতি তৎ; পক্ষে, অঙ্ক্যোঽপি মৃদঙ্গভেদঃ; যদুক্তম্—"হরীতক্যাকৃতি স্ত্বঙ্ক্যো যবমধ্যস্তথোর্ধ্বকঃ। গোপুচ্ছাকৃতিরালিঙ্গ্যো মধ্যদক্ষিণবামগাঃ ॥ ইতি। আনকদুন্দুভির্বসুদেবঃ; পক্ষে, আনকদুন্দুভী বাদ্যভেদৌ। গগনমিত্যাদি স্পষ্টম্; পক্ষে, "ততং বীণাদিকং বাদ্যমানদ্ধং মুরজাদিকম্। বংশ্যাদিকং তু শুষিরং কাংস্যতালাদিকং ঘনম্ ॥" ইত্যমরঃ ॥

১৪। অমৃতান্ধসামমৃতভোজিনাং দেবানাং শ্রবণয়োঃ কর্ণদ্বয়েঽমৃতানি সমকিরন্নিচিক্ষেপ। রসনয়া জিহ্বয়া যো রস আস্বাদস্তং নাশয়তীতি সঃ, অতঃপরং ন তেঽরোচকম্। অমৃতমাস্বাদয়িষ্যন্তীতি ভাবঃ ॥

নির্দোষ মৃদঙ্গ নামক বাদ্যযন্ত্র-সঙ্গত। (৩) ক্রয়বিক্রয় পরম্পরা যেমন 'পণবাহিতম্' অর্থাৎ মূল্যের বিনিময়ে প্রচলিত তেমনই এ-রাসবাদ্য 'পণবাহিতম্' অর্থাৎ পণব নামক বাদ্যযন্ত্র-সঙ্গত। বন্ধু জনের বপু যেমন 'ললিতাঙ্গ্যম্' অর্থাৎ ললিত আলিঙ্গন যোগ্য তেমনই এ রাসবাদ্য ললিত আলিঙ্গ্য-সঙ্গত। নাটক যেমন 'বিলসদঙ্কম্' অর্থাৎ অঙ্ক সমূহে বিভক্ত তেমনই এ-রাসবাদ্য বিলসদঙ্কম্' অর্থাৎ 'অঙ্ক্য'-সঙ্গত। যদুকুল যেমন 'শ্লাঘ্যতম আনকদুন্দুভি' অতি প্রশংসনীয় বসুদেবের দ্বারা অলঙ্কৃত তেমনই এ-রাসবাদ্য অতি প্রশংসনীয় 'আনকদুন্দুভি'-সঙ্গত। আকাশ যেমন 'বিততম্' বিস্তার প্রাপ্ত তেমনই এ-রাসবাদ্য 'বিততম্' বীণাদি-সঙ্গত। বর্ষার আকাশ যেমন 'সুঘনম্' অর্থাৎ সুন্দর মেঘযুক্ত তেমনই এ-রাসবাদ্য 'সুঘনম্' অর্থাৎ কাঁসর-সঙ্গত। সূচীমূল যেমন 'সশুষিরম্' অর্থাৎ ছিদ্রযুক্ত তেমনই এ রাসবাদ্য 'সশুষিরম্' অর্থাৎ বাঁশিসঙ্গত। মহারত্ন যেমন 'সদানদ্ধম্' অর্থাৎ সদা গ্রথিত তেমনই এ-রাসবাদ্য 'সদানদ্ধম্' অর্থাৎ 'আনদ্ধ'-সঙ্গত।

১৪। এই সব বাদ্যযন্ত্রের প্রশংসারত সেই নন্দনবনদেবতাগণের দ্বারা অনবরত বর্ষমান কুসুম নিপতিত হচ্ছিল ভ্রমরচুম্বিত অবস্থাতেই, এ ভ্রমরনিচয় দেখে মনে হচ্ছিল, এ যেন স্বর্গের অধিষ্ঠাত্রী দেবীর অঞ্জনাক্ত আনন্দাশ্রুবিন্দু। আর গন্ধর্বগণ স্বর্গের দেবীগণের সহিত পুলকে আকুল হয়ে ললিত কলকণ্ঠে যশোদানন্দনের যশো কীর্তন করছিলেন। অতঃপর সুনয়নীদের এবং কৃষ্ণের মুখর নূপুর ও কঙ্কণ-কিঙ্কিণীর যে কল কল শব্দ উঠল, তা অমৃতভোজী দেবতাদের কর্ণদ্বয়ে রসনারসাস্বাদন নাশন অমৃত বর্ষণ করতে লাগলেন।

১৫। ততশ্চ, তস্মিন্নেবং ভ্রমতো জবেন সুদৃশাং দ্বে দ্বে সমালিঙ্গতো
মধ্যং মধ্যমনুপ্রবিশ্য বপুষা তেনৈব সা মণ্ডলী।
কিং জ্যোৎস্নাতিমিরৈঃ কিমু স্থিরতড়িন্মেঘৈরথো চম্পক-
শ্যামাব্জৈরুত কাঞ্চনেন্দ্রমণিভিঃ কৢপ্তামজৈষীৎ স্রজম্॥

১৬। কদাচিদপি তথাবিধ-গোমূত্রিকাবন্ধং বিহায় স্বচ্ছভূমাবেব চক্রাকার চিত্রকাব্যমিব নর্ত্তনমাবর্ত্তয়তি। তদ্যথা—

বল্গদ্বল্গুবতংসমংসবিলসন্মন্দারমালং নদৎ-
কাঞ্চীকিঙ্কিণিকঙ্কণাদি বিগলৎসংব্যানকং ভ্রাম্যতি।
বিশ্বদ্রীচি-মরীচিবীচিনিচয়ে জীমূতচক্রাকৃতৌ
সর্বাঃ পুপ্লুবিরে স্থিরা নবতড়িন্মালা ইবৈণীদৃশঃ॥

১৭। ততশ্চাতিচিত্রম্—
হ্রস্বাবর্ত্তে সরতি সরসং রাধিকামন্তরস্থাং, দীর্ঘাবর্ত্তে নিকটময়তে মণ্ডলীস্থপ্রিয়াণাম্।
নুন্নো বেগাদ্মরকতময়ঃ সূত্রবন্ধপ্রমুক্তো, লীলাচক্রীপুট ইব হরির্বিভ্রমী বংভ্রমীতি॥

১৫। তেনৈব একেনৈব বপুষা সা মণ্ডলী জ্যোৎস্নাতিমিরাদিভিঃ কৢপ্তামপি স্রজমজৈষীৎ। জ্যোৎস্নাতিমিরয়োঃ কান্তিতারল্যং পরস্পরবৈরঞ্চেতি, অতস্তড়িন্মেঘয়োঃ কান্তিনৈবিড্যেন পরস্পরসৌখ্যেন চোৎকর্ষঃ, কিন্তু তড়িতা মেঘকান্ত্যাচ্ছাদনরূপো দোষ ইতি চম্পকশ্যামাব্জাভ্যামুপমা পুনরপি নিবিড়াশ্লেষলক্ষণসখ্যপ্রাপ্ত্যর্থং কাঞ্চনেন্দ্রমণিভ্যামিতি॥

১৬। বল্গদিত্যাদি ক্রিয়াবিশেষণচতুষ্টয়ম্। ভ্রাম্যতি শ্রীকৃষ্ণে॥

১৭। তচ্চ চক্রভ্রমি-নাট্যমন্তর্বহির্নীলমণিমণ্ডলদ্বয়নির্মাপকমিব জাতমিত্যাহ— হ্রস্বাবর্ত ইতি। অন্তরস্থাং মধ্যস্থিতাং

১৫। অতঃপর এমত আনন্দ পরিবেশে দ্রুতবেগে ঘুরতে ঘুরতে দু-দু গোপীর মধ্যে মধ্যে প্রবেশ করে দু-দু সুনয়নীদের একত্রে আলিঙ্গন করতে করতে বিরাজমান্ কৃষ্ণের সেই একই শ্যাম অঙ্গের সহিত মিলিত সেই মণ্ডলী কি জ্যোৎস্নাতিমিরে রচিত মালিকাকে, কি স্থিরবিজলী-মেঘে রচিত মালিকাকে, কি চম্পক-নীলপদ্ম মালিকাকে অথবা কি কাঞ্চন-ইন্দ্রনীলমণি মালিকাকে জয় করতে লেগে গেল?

১৬। কখনও আবার তথাবিধ 'গোমূত্রিকাবন্ধ' ত্যাগ করে চক্রাকার চিত্রকাব্যের মতো নৃত্যে ঘুরপাকখেতে লাগলেন যথা,—

সুমনোহর কুণ্ডল লম্ফ দিয়ে দিয়ে উঠ্ছে। স্কন্ধে মন্দার মালা খেলা করে বেড়াচ্ছে। কাঞ্চী-কিঙ্কিণী কঙ্কণাদি ঝণঝণাৎ বাজ্ছে। উত্তরীয় খসে খসে পড়ে যাচ্ছে—এইরূপ তাণ্ডবনৃত্যে ঘুরপাক খাওনে রত কৃষ্ণরূপ মেঘচক্রাকৃতি বিশ্বব্যাপিনী কিরণতরঙ্গমালায় মৃগনয়নীগণ সকলে যেন স্থিরা নবতড়িৎমালার মতো চমকাতে লাগলেন।

১৭। অতঃপর এক অতি আশ্চর্য ব্যাপার চলতে লাগল - ছোট পাকে চক্রাকারে সরস ভাবে পরিক্রমা করতে লাগলেন কেন্দ্রস্থলস্থ রাধাকে ঘিরে, আর দীর্ঘ পাকে আসতে লাগলেন চক্রঘেরস্থ প্রিয়া-

১৮। ততস্তদবেক্ষণেন ক্ষণেন তাসামপি মনসি সমুদ্দিসমুদিতায়াং নিনর্ত্তিষায়াং তৎক্ষণাদেব দেবতাভিস্তৌর্য্যত্রিকাধিষ্ঠাত্রীভিস্তনুমতীভিরুপতস্থে ॥

১৯ তথা সতি নৃত্য-গীত-বাদ্যাধ্যায়োপাধ্যায়োপাসিতচরণাস্তাঃ পূর্ব্বপূর্ব্বতর সুচিরাভ্যাসাভ্যাসাদিতকৌশলমিবাত্মানং প্রত্যেকমেব মন্যম না ন্যমানানন্দবৃত্তিমাসাদ্য ধনিকমণিকমনীয়গৃহপটলীমিব ললিতপতাকাম্, হোমধূমাবলীমিব সত্রিপতাকাম্, মৃণালবল্লীমিব হংসাস্যলুলিতাম্, দ্বিতীয়চন্দ্রলেখামিব কর্ত্তরীমুখশোভাম্,

রাধিকাং কনকমণিকণিকামিব সরতি, মণ্ডলীভাবেন পরিক্রাময়তি। দীর্ঘাবর্ত্ত ইতি পুনশ্চ বৃহন্মণ্ডলীভাবেন তাসাং নিকটেঽপি ভ্রাময়তি। এবঞ্চ যুগপদেব নীলমণিমণ্ডলদ্বয়ী ভাব ইত্যতিচিত্রতা,প্রকাশভেদস্বীকারে সা ন স্যাদিতি লাঘবকলাতিকৌশলমেবাত্র ব্যবস্থাপিতম্, তচ্চান্তর্মণ্ডলে ভ্রমণানন্তরমপি তদীয়ময়ূখপরিধিস্তদাকারো যাবন্ন বিরমতি, তাবদেব বহির্মণ্ডলে পরিভ্রম্যৈবান্তর্মণ্ডলে তত্র প্রবিশ্যৈব পুনর্ভ্রমণং তস্যৈবমেব বহির্মণ্ডলে পুনরপীতি পরামৃশ্যম্ ॥

১৮। তৌর্যত্রিকং নৃত্য-গীত-বাদ্যম্, উপতস্থে উপস্থিতম্; তত্রাগতমিত্যর্থঃ ॥

১৯। তথা সতি তা অধিষ্ঠাত্র্যো দেবতা হস্তাধ্যায়দেবতামনুগৃহ্য গানদেবতাং রাগ-রাগিণীগণদেবতাদিঞ্চ স্বয়মাগতামনুজগৃহুরিত্যন্বয়ঃ। নিতরামমানামপরিমিতামানন্দবৃত্তিম্। ললিতপতাকামিত্যাদিষু পতাকাদয়োঽর্দ্ধচন্দ্রান্তাঃ সংযুতা-

গণের নিকট।—এই রূপে লীলাময় হরি পাকখেতে লাগলেন বাঁধন ছিঁড়ে ছুটে যাওয়া নীলমণি-লীলাচক্রৌপুটের (কর্ণোর্ধ্বের ভূষণ যুগলের) মতো।

১৮। অতঃপর সেই নৃত্য দর্শনোৎসব বেগে রমণীদের আহ্লাদিত মনেও নাচনের ইচ্ছা সমুদিত হতেই তৎক্ষণাৎ নৃত্যগীতবাদ্যের অধিষ্ঠাত্রী দেবীগণ মূর্তিমতী হয়ে এসে উপস্থিত হলেন সেই রাসস্থলীতে।

১৯। এরূপ হলে নৃত্যগীতবাদ্য-অধ্যয়নের অধ্যাপিকাগণের দ্বারা উপাসিত-চরণা এবং পূর্বপূর্বতর সুদীর্ঘকালের অভ্যাসে যেন নৃত্যগীতাদিতে নিপুণতা প্রাপ্তা বলে প্রত্যেকে নিজেকে মাননাকারিণী সেই অধিষ্ঠাত্রীদেবীগণ অসীম আনন্দবৃত্তি প্রাপ্ত হয়ে হস্তাধ্যায় দেবতাকে অনুগ্রহ করতে লাগলেন—(মূলের 'পতাকাদি' থেকে 'অর্ধচন্দ্র' পর্যন্ত সংযুত-অসংযুত নৃত্যভেদে ত্রিবিধ হস্তকের (নৃত্যে হাতের মুদ্রা-হস্তক) মধ্যে অসংযুত আদি হস্তকভেদ সমূহ সঙ্গীত শাস্ত্র থেকে জেনে নিতে হবে যথা ('নর্তনে রতিজনকঃ' ইত্যাদি) যে নৃত্যে অনুরাগ জনক, পদার্থাকৃতি-কারক হস্তের অঙ্গুলি বিন্যাস হয় তাকে হস্তক বলা হয় এ হল হস্তক সামান্যের লক্ষণ। যেখানে এক হস্ত বিন্যাসে অর্থ প্রকাশ হয়, তাকে 'অসংযুত হস্তক' বলা হয় হস্তদ্বয় বিন্যাসে যেখানে অর্থ প্রকাশ হয় তাকে 'সংযুত হস্তক' বলা হয় যখানে দুহাত বিযুক্ত অর্থাৎ আলাদা আলাদা বিন্যাসে অর্থ প্রকাশ হয় তাকে 'নৃত্যহস্তক' বলা হয়। এখানে নৃত্যহস্তকের উল্লেখ না থাকলেও উপলক্ষণে বলা হয়েছে—'কিং বহুনা' বাক্যের পর 'বিশুদ্ধসহস্রহস্তাং' বাক্যে)।

অধিষ্ঠাত্রীদেবীগণ যাঁকে অনুগ্রহ করতে লাগলেন সেই হস্তাধ্যায় দেবতা কিরূপ, তারই উত্তরে শব্দসাম্য উপমাদ্বারা তাঁকে বিশেষিত করা হচ্ছে,যথা—(১) ধনিশ্রেষ্ঠের কমনীয় অট্টালিকাশ্রেণী যেমন 'ললিত পতাকাম্' সুন্দর পতাকাযুক্ত তেমনই 'পতাকা' নামক ললিত হস্তকধারী (পতাকার লক্ষণ—কুঞ্চিত বুড়ো আঙ্গুল দৃঢ় ভাবে তর্জনীমূল আশ্রিত এবং অন্যান্য আঙ্গুল সম্পূর্ণ প্রসারিত)। (২) হোমের ধূমশ্রেণীই যেমন 'সত্রিপতাকাম্'

পলাশকুসুমশ্রেণীমিব শুকতুণ্ডাভাম্, তপ্তসুবর্ণাদি-সূত্রাবলিমিব সন্দংশাকৃষ্টাম্ হরমূর্ত্তিমিব বিলসৎখটকামুখাম, মধুকরশ্রেণীমিব পদ্মকোশোৎকণ্ঠিতাম্ আহিতুণ্ডিকব্যবসিতিমিব খেল্যমানাহিতুণ্ডাম্, সীবনশিল্পকলামিব

সংযুতনৃত্যভেদেন ত্রিবিধেষু হস্তকেষসংযুত হস্তকভেদাঃ সঙ্গীতশাস্ত্রতো জ্ঞেয়াঃ। যদুক্তম্—"নর্তনে রক্তিজনকঃ পদার্থাকৃতিকারকঃ। পদেতরাঙ্গুলিন্যাসবিশেষো হস্তকঃ স্মৃতঃ॥" ইতি হস্তকসামান্যলক্ষণম্; "যত্রৈকহস্ততশ্চার্থপ্রকাশঃ স্যাদসংযুতঃ" ইত্যসংযুত-হস্তকলক্ষণম্; "হস্তদ্বয়যুতেরর্থপ্রকাশে সংযুতো ভবেৎ" ইতি সংযুক্তহস্তক লক্ষণম্; "হস্তাভ্যাং বিপ্রযুক্তাভ্যাং ক্রিয়য়া নৃত্যহস্তকঃ" ইতি নৃত্যহস্তকলক্ষণম্। অত্র সংযুতনৃত্যহস্তকা অনুল্লিখিতা অপি বিশুদ্ধসহস্রহস্তা ইত্যনেনোপলক্ষয়িষ্যন্তে। ধনিকা ধনিনঃ; অন্যৎ স্পষ্টম্। পক্ষে, ললিতঃ পতাকো হস্তকভেদো যত্র তাম্; "কুঞ্চিতাঙ্গুষ্ঠকঃ সম্যক্ তর্জনীমূলমাশ্রিতঃ। পতাকো যত্র সুহিত-প্রসারিতকরাঙ্গুলিঃ॥" ইতি। সত্রিপতাকাং সত্রিণাং যাজ্ঞিকানাং পতাকাতুল্যাম্; পক্ষে, ত্রিপতাকেন সহিতাম্; "ত্রিপতাকঃ পতাকস্তু বক্রিতানামিকাঙ্গুলিঃ" ইতি। হংসাস্যেন লুলিতাং মর্দিতাং মৃদুলীকৃতাঞ্চ; "তর্জনীমধ্যমাঙ্গুষ্ঠামিলিতাগ্রাঃ পরে পুনঃ। অঙ্গুলীবিরলে চোর্ধ্বে হংসাস্যো হস্তকস্তু সঃ॥" ইতি। কর্তর্যাং মুখস্য শোভেব শোভা যস্যাস্তাম; পক্ষে, কর্তরীমুখনামা হস্তকঃ; "তর্জনীমধ্যমে ভিন্নে বক্রিতানামিকা পুনঃ। পতাকস্য যদা স স্যাৎ কর্তরীমুখহস্তকঃ॥" ইতি। পলাশেতি স্পষ্টম্। "তর্জন্যনামিকাঙ্গুষ্ঠা বক্রা মধ্যা প্রসারিতা। পতাকস্য যদা তু স্যাচ্ছুকতুণ্ডক হস্তকঃ॥" ইতি। সন্দংশঃ সাঁড়াশীতি খ্যাতা, পক্ষে, হস্তকভেদঃ "তর্জন্যঙ্গুষ্ঠকৌ চৈব মিলিতাগ্রাল্পকুঞ্চিতৌ। বিরলোর্ধ্বাঃ পরাঙ্গুল্যঃ সন্দংশঃ স তু কথ্যতে॥" খটকা বাদ্যভেদঃ; পক্ষে খটকামুখো হস্তকঃ "বক্রিতে মধ্যমাঙ্গুল্যৌ বিরলোর্ধ্বে পরে পুনঃ। তর্জন্যঙ্গুষ্ঠকৌ চাগ্রে মিলিতৌ খটকামুখঃ॥" ইতি। মধুকরেতি স্পষ্টম্; "ধনুর্লতাগ্রমীলিতাঙ্গুলীকঃ পদ্মকোশকঃ ইতি। আহিতুণ্ডিকো ব্যালগ্রাহী; "পতাকো নিম্নমধ্যো যঃ স তু স্যাদাহিতুণ্ডিকঃ" ইতি। সীব-

---

যাজ্ঞিকগণের পতাকা তেমনই 'সত্রিপতাকাম্' ত্রিপতাকা হস্তকধারী (অনামিকা বক্র অন্য অঙ্গুলী সোজা)। (৩) মৃণাললতা যেমন 'হংসাস্যলুলিতাম্' হংসমুখে মর্দিত তেমনই 'হংসাস্যলুলিতাম্' 'হংসাস্য' নামক হস্তকে কোমলতাপ্রাপ্ত (তর্জনী-মধ্যমা অঙ্গুষ্ঠের ডগা মিলিত, অন্যান্য অঙ্গুলী পৃথকভাবে উপরে ধৃত)। (৪) দ্বিতীয়ার চন্দ্ররেখা যেমন 'কর্তরীমুখ শোভাম্' কাটারির মুখের মতো শোভন তেমনই 'কর্তরীমুখ শোভাম্' কর্তরীমুখ নামক হস্তকের শোভায় রম্য (পতাকার অঙ্গুলী বিন্যাসে যখন তর্জনী ও মধ্যমার মধ্যে ফাঁক ও অনামিকা বক্র)। (৫) পলাশ কুসুমশ্রেণী যেমন 'শুকতুণ্ডাভাম্' শুকতুণ্ডের বর্ণ তেমনই 'শুকতুণ্ডাভাম্' শুকতুণ্ড নামক হস্তকে শোভিত (পতাকা হস্তকের তর্জনী-অনামিকা-অঙ্গুষ্ঠ বক্র আর মধ্য প্রসারিত)। (৬) তপ্ত সুবর্ণাদি সূত্রচয় যেমন 'সন্দংশাকৃষ্টাম্' সাড়াশীদ্বারা টেনে আনা হয় তেমনই 'সন্দংশাকৃষ্টাম্' সন্দংশ নামক হস্তকদ্বারা মুগ্ধ -(তর্জনী-অঙ্গুষ্ঠ এ দুয়ের ডগা মিলিত হয়ে কিঞ্চিৎ কুঞ্চিত, বাকী অঙ্গুলী পৃথক পৃথক ভাবে উর্ধ্বে প্রসারিত)। (৭) শিবমূর্তি যেমন 'বিলসৎখটকামুখাম্' খটকা নামক বাদ্যে শোভিত আননবিশিষ্ট তেমনই 'বিলসৎখটকামুখাম্' খটকামুখ নামক হস্তকে শোভিত, —(মধ্যাঙ্গুলী বক্রীভূত, অনামিকা-কনিষ্ঠা অসম্মিলিত অবস্থায় কিঞ্চিৎ উত্তোলিত থেকে তর্জনী-অঙ্গুষ্ঠের অগ্র ভাগে মিলিত)। (৮) মধুকরশ্রেণী যেমন 'পদ্মকোশোৎকণ্ঠিতাম্' পদ্মকোশর জন্য উৎকণ্ঠিতা তেমনই পদ্মকোশ হস্তকের জন্য উৎকণ্ঠিত, —(অঙ্গুষ্ঠাদি অঙ্গুলীসমূহ মিলিত অবস্থায় কুঞ্চিত হয়ে ধনুর আকার ধারণ) (৯) সাপুড়েদের কাজই যেমন 'খেল্যমানাহিতুণ্ডাম্' সাপের মুখ

সদোপযুক্তস্চীমুখাম্, মার্গশীর্ষপূর্ণিমামিব মৃগশীর্ষযুক্তাম্, অষ্টমীতিথিমিব বিলসদর্দ্ধচন্দ্রাম্, কিং বহুনা ? কার্ত্তবীর্য্যমূর্ত্তিমিব বিশুদ্ধসহস্রহস্তাং হস্তাধ্যায়দেবতামনুগৃহ্য তদনুগামিনীং চচ্চৎপুট চাচপুট-হংসলীল-গজলীল-সিংহনন্দনাদি-মহাতালৈরাদিতালৈকতালীরূপক প্রতিমণ্ঠনিসারুযতিত্রিপুটাড্ডুক প্রভৃতিভিরপরৈশ্চ-তদিতরৈর্হরিবিলাস-স্বরার্থাদিস্বরূপাঠবিরুদাদিবলিত-নানাপ্রবন্ধ ধ্রুবগানদেবতাং দ্রবিড়-তৈলঙ্গ-পাশ্চাত্ত্যাদিদেশীয়-গানদেবতাং চ

নেতি স্পষ্টম; "অঙ্গুষ্ঠমধ্যমে সংযুক্তাগ্রে চোর্ধ্বাথ তর্জনী। কনিষ্ঠানামিকে চোর্ধ্বে সূচীমুখ ইতি স্মৃতঃ॥" ইতি। মার্গেতি স্পষ্টম্। "অঙ্গুষ্ঠানামিকামধ্যা মিলিতাগ্রাঃ পরেঽঙ্গুলী। উর্ধ্বে যত্র পুনঃ স্যাতাং মৃগশীর্ষঃ স হস্তকঃ॥" ইতি অষ্টমীতি স্পষ্টম্। "পতাকাঙ্গুষ্ঠকং চেত্তু স্যাদাকৃষ্টোঽন্যতঃ পুনঃ। অর্দ্ধচন্দ্র ইতি প্রোক্তো ভরতাদিমুনীশ্বরৈঃ॥" ইত্যর্ধচন্দ্রলক্ষণম্।

তদনুগামিনীং প্রবন্ধধ্রুবগানদেবতামিতি সম্বন্ধঃ। তদিতরৈর্মহাতালেতরৈঃ ক্ষুদ্রতালৈরিত্যর্থঃ। চচ্চৎপুট-চাচপুটৌ মার্গতালৌ; হংসলীল-গজলীল-সিংহনন্দনাস্ত্রয়ো দেশীতালাঃ। আদি শব্দাৎ ষট্পিতাপুত্রকসম্পক্কেষ্টকোদ্ঘট্টাস্ত্রয়োঽন্যে মার্গতালাশ্চ জ্ঞেয়াঃ। আদিতালাদয়োঽষ্টৌ অল্পমাত্রাকা দেশীতালাঃ। এতেষাং লক্ষণানি "গুরুদ্বয়ং লঘুশ্চৈকঃ প্লুতশ্চচ্চৎপুটো মতঃ" "গুরুরেকো লঘূ মধ্যে গুরুশ্চাচপুটো মতঃ"; "হংসলীলে বিরামান্তং লঘুদ্বয়মুদাহৃতম্"; "চত্বারো লঘবো যত্র গজলীলঃ স উচ্যতে"; "গুরুদ্বয়ং লঘুশ্চৈকঃ প্লুতো লশ্চ গুরুস্তথা। দ্রুতৌ গুরূ লপ্লুতৌ চ লপ্লুতৌ গুরুরেককঃ॥ লঘু পুনশ্চ চত্বারো নিঃশব্দা লঘবো যদা। তদা তালোঽয়মাখ্যাতঃ সিংহনন্দনসংজ্ঞকঃ॥"; "লঘুনৈকেনাদিতালঃ" ইতি; "একো দ্রুতশ্চৈকতালী" ইতি; "দ্রুতৌ লো রূপকঃ স্মৃতঃ" ইতি; লঘুগুর্ব্বর্লঘুশ্চৈকঃ প্রতিমণ্ঠঃ প্রকীর্তিতঃ" ইতি; "লঘুদ্বয়ং বিরামান্ত নিসারো পরিকীর্তিতম্" ইতি; "দ্রুতদ্বয়ং লঘুশ্চৈব যতিতালঃ প্রকীর্তিতঃ" ইতি; "দ্রুতত্রয়ং বিরামান্তং ত্রিপুটঃ

ধরে খেলে বেড়ানো তেমনই 'খেলামানাহিতুণ্ডাম্ অহিতুণ্ড হস্তক ধারণ করে খেলতে খেলতে আগমনপর;—(পতাকা হস্তকের মধ্যভাগ নীচু)। (১০) সূচিশিল্প যেমন 'সদোপযুক্ত সূচামুখাম্' সদা উপযুক্ত সূচীমুখযুক্ত তেমনই 'সদোপযুক্ত-সূচীমুখাম্' সদা সূচীমুখ হস্তক ধারণে সমর্থ,—অঙ্গুষ্ঠ ও মধ্যমার অগ্রভাগ সংযুক্ত হয়ে অন্যান্য অঙ্গুলী উর্ধ্ব দিকে প্রসারিত)। (১১) অগ্রহায়ণ মাসের পূর্ণিমা যেমন মৃগশীর্ষযুক্তম্' মৃগশিরা নক্ষত্রযুক্ত তেমনই 'মৃগশীর্ষযুক্তম্' মৃগশীর্ষ হস্তকযুক্ত,—(অঙ্গুষ্ঠ-অনামিকা-মধ্যমার অগ্রভাগ মিলিত অন্য দুটি অঙ্গুলী উর্ধ্বে অবস্থিত)। (১২) অষ্টমীতিথি যেমন অর্ধ চন্দ্রমাদ্বারা সুশোভিত হয় তেমনই অর্ধচন্দ্র নামক হস্তকের দ্বারা সুশোভিত,—(পাতাকা নামক হস্তকেই যদি অঙ্গুষ্ঠার অন্যদিকে আকর্ষণ হয়)। আর বেশী বলবার কি আছে কার্তবীর্যের শরীর যেমন বিশুদ্ধ সহস্র হস্ত বিশিষ্ট তেমনই সহস্রপ্রকার বিশুদ্ধ হস্তকে অলঙ্কৃত হস্ত দেবতাকে অনুগ্রহ করলেন।

এ হস্তাধ্যায় দেবতাকে অনুগ্রহ করে স্বয়ম্ আগত তার অনুগামী গানদেবতা ও রাগরাগিণী দেবতাদিকে অনুগ্রহ করতে লাগলেন নৃত্যগীতবাদ্যের অধিষ্ঠাত্রীদেবীগণ। এখন এই দেবতাদের কথা বলা হচ্ছে—

(১) প্রবন্ধ-ধ্রুবগানদেবতা : চচ্চৎপুট-চাচপুট হংসলীল-গজলীল-সিংহনন্দনাদি মহাতালের সহিত আদি তালের সহিত, একতালী-রূপক-প্রতিমণ্ঠ-নিসারু-যতি-ত্রিপুট-অড্ডুক প্রভৃতির সহিত তথা এতদ্ব্যতীত অন্যান্য তালের সহিত এবং স্বরপাঠ বিরুদাদি সমন্বিত হরিবিলাস ও স্বরার্থ নামক যে নানাপ্রবন্ধ ও ধ্রুব আছে, তৎসম্বন্ধীয় গানদেবতাকে, আরও দ্রবির-তৈলঙ্গ-পাশ্চাত্যাদি দেশীয় গানদেবতাকে অনুগ্রহ করলেন।

মালব-মল্লার-ভৈরব-কেদার-সারঙ্গ-নট কর্ণাট-কামোদ-সাম-দেশাগ-গান্ধার-বঙ্গাল-বসন্তাদি-রাগনিকর-গুজ্জরীবহুল-গুজ্জরী-বারাটি-দেশিকা-ভৈরবী-বেলাবলীরামকিরী-ধন্নাসিকা-শ্রী—পালী-গৌরী—তোড়ী-গোণ্ডকিরী—কল্যাণিকা-পৌরবী-সৈন্ধবী-শোভনবত্যাশাবরী-দেশবরাড়ী-গোড়া-পঠমঞ্জরী-ললিতা-দেবক্রী-মাগধী-কৌশিকী-প্রভৃতিরাগিণী-গণদেবতাং চ সপ্তস্বরৈকবিংশতিমূর্ছনাগ্রামত্রয়-জাত্যষ্টাদশকশ্রুতিদ্বাবিংশতিকমাতুধাতুদেবতাং চেতি গানাধ্যায়-

---

পরিকীর্তিতঃ" ইতি; "দ্রুতৌ লঘূ ভবেতাং চেৎ তদাসাবড়ুতালকঃ" ইতি। হরিবিলাসস্বরার্থৌ প্রবন্ধভেদৌ, তদাদয়ো যে স্বরপাঠবিরুদাদিভির্বলিতা নানাপ্রবন্ধা ধ্রুবাশ্চ তদীয়গানদেবতাম্। "যত্রৈকখণ্ড উদ্‌গ্রাহস্তথৈব ধ্রুবসংজ্ঞকঃ। রচিতাঙ্গপদাভোগঃ স স্যাদ্ধরিবিলাসকঃ।।;"যত্র সপ্তাক্ষরৈরেব ষড়্জাদিস্বরবাচকৈঃ। ক্রমব্যুৎক্রমব্যস্তৈশ্চ সমস্তৈর্বাঞ্ছিতার্থকৈঃ। উদ্‌গ্রাহধ্রুবকৌ স্যাতামাভোগোঽন্যপদৈঃ পুনঃ। স্বরার্থঃ স্যাদিষ্টতালো মোক্ষ উদ্‌গ্রাহকে ভবেৎ।।" ইতি। স্বরপাঠ-বিরুদাদীনি প্রবন্ধাঙ্গানি ষট্। "স্বরঃ সরিগমেত্যাদির্বিরুদং গুণকীর্তনম্। শৌর্যদান-দ্বয়স্যাপি পদং তদিতরৎ স্মৃতম্।।" "তেনকন্তেন তেনেতি পাঠো বাদ্যাক্ষরোৎকরঃ। তালশ্চচ্চৎপুটাদিঃ স্যাদিতি জ্ঞেয়ং মনীষিভিঃ।।" ইতি তল্লক্ষণানি। প্রবন্ধোঽতিক্ষুদ্রো দ্রবিড়ভাষাবদ্ধ 'শিন্দু' নামা যথা যথা চ তৈলঙ্গভাষাবদ্ধো 'ধরু'-নামা, তথৈব পাশ্চাত্যব্রজাদিভাষাবদ্ধো 'ধ্রুব-বিষ্ণুপদ'সংজ্ঞঃ।

সপ্ত স্বরাঃ ষড়্জাদয়ঃ। যদুক্তম্ "ষড়্জর্ষভৌ চ গান্ধারো মধ্যমঃ পঞ্চমস্তথা। ধৈবতশ্চ নিষাদশ্চ স্বরাঃ স্যুঃ শ্রুতিসম্ভবাঃ।। ময়ূর-চাতক-ছাগ ক্রৌঞ্চ কোকিল-দর্দুরাঃ। মাতঙ্গশ্চ স্বরানাহুঃ ক্রমেণৈতান্ সুদুর্গমান্।।" ইতি। এক-বিংশতিমূর্ছনাঃ স্বরারোহাবরোহরূপাঃ; যদুক্তম্—"ক্রমাৎ স্বরাণাং সপ্তানামারোহশ্চাবরোহণম্। মূর্ছনেত্যুচ্যতে গ্রামত্রয়ে তাঃ সপ্ত সপ্ত চ।।" ইতি। গ্রামত্রয়ং ষড়্জগ্রাম মধ্যমগ্রাম-গান্ধারগ্রামাঃ। তদুক্তম—"স্বরাণাং সূচ্যবস্থানাং সমূহো গ্রাম উচ্যতে। ষড়্জগ্রামঃ পঞ্চমে স্বচতুর্থশ্রুতিসংস্থিতে। স্বোপান্ত্যঃ শ্রুতিসংস্থেঽস্মিন্ মধ্যমগ্রাম ইষ্যতে।। রিময়োঃ শ্রুতিমেকৈকাং গান্ধারশ্চেৎ সমাশ্রিতঃ। পশ্রুতিং ধোনিষাদস্তু ধশ্রুতিং সশ্রুতিং শ্রিতঃ। গান্ধারগ্রামমাচষ্ট তদা তন্নারদো মুনিঃ।।" ইতি। "গান্ধারঃ সপরিবারো গ্রামস্তু দিবি গীয়তে" ইতি চ। জাতয়োঽষ্টাদশ। যদুক্তম্—"যাভ্যো রাগাঃ সম্ভবন্তি জাতয়স্তাঃ সমীরিতাঃ। তাঃ সপ্ত শুদ্ধা বিকৃতা একাদশ উদাহৃতাঃ।।" ইতি। শ্রুতয়ো দ্বাবিংশতিঃ; যদুক্তম্—"পঞ্চস্থানোদ্ভবো নাদো বিভক্তো মারুতাহতঃ। দ্বাবিংশতিঃ স্যুঃ শ্রুতয়ঃ শ্রবণাচ্ছ্রুতয়ো মতাঃ।।" ইতি। তত্র ষড়্জস্য চতস্রঃ শ্রুতয়ঃ, ঋষভস্য তিস্রঃ, গান্ধারস্য দ্বে, মধ্যমস্য চতস্রঃ, পঞ্চমস্যাপি চতস্রঃ, ধৈবতস্য তিস্রঃ, নিষাদস্য দ্বে; এবং দ্বাবিংশতিঃ। পদানি বাক্যানি চ তালাদিনিবদ্ধানি চেন্মাতুঃ, তত্র নিবদ্ধো রাগস্তু ধাতুঃ; যদুক্তম—"বাঙ্‌মাতুরুচ্যতে গেয়ং ধাতুরিত্য-

---

(২) রাগরাগিণী দেবতাঃ মালাব-মল্লার-ভৈরব-কেদার-নট-কর্ণাট-কামোদ-সাম-দেশাগ-গান্ধার-বঙ্গাল-বসন্তাদি রাগসমূহের ও গুজ্জরী-বহুলগুজ্জরী-বারাটি-দেশিকা-ভৈরবী-বেলাবলী-রামকিরী-ধন্নাসিকা-শ্রী-পালী-গোরী-তোড়ী-গোণ্ডকিরী-কল্যাণিকা প্রভৃতি রাগিণীদেবতাকে অনুগ্রহ করলেন।

আরও অনুগ্রহ করলেন সপ্তস্বর-বিংশতি মূর্চ্ছনা-গ্রামত্রয়-অষ্টাদশ জাতি-দ্বাবিংশতি শ্রুতি এবং মাতুধাতুদেবতাকে এবং মূর্তিমতী গানাধ্যায় লক্ষ্মীকে।

লক্ষ্মীং মূর্ত্তিমতীং চানুকম্প্য বংশী-মুরলিকা-পাবিকোপাঙ্গাদি-বিবিধ-শুষিরং বীণা-মহতীকবিলাসিকা-বিপঞ্চী-স্বরমণ্ডলিকা-কচ্ছপী-রুদ্রবীণা-কিন্নরীপ্রভৃতিতত-বিততিমৃতুমৃদঙ্গ-ডমরু-ডম্ফাদি-বিবিধানদ্ধং মন্দিরাদিঘনং চেতি চতুর্বিধবাদ্যাধ্যায়দেবতাং চ, দ্রুতবিলম্বিত-মধ্যালয়-লক্ষ্মীমঙ্গহারশ্রিয়ং চ স্বয়মাগতামনুজগৃহুঃ ॥

২০। ততশ্চ তাসামেব মধ্যে—

স্বরমণ্ডলিকাং বিপঞ্চিকাং, মহতীং রূপবতীং চ তুম্বুরীম্।
কবিলাসিকয়া সমং সমা-,দধ্বতীভিঃ কিয়তীভিরুদ্‌যযে ॥

২১। ততশ্চ, মূর্ত্তাঃ সঙ্গীতশাস্ত্রোপনিষদ ইব তাশ্চিত্রমেবাবিরাস-
ন্নাসন্নে রাসলীলারহসি সহসিত-শ্রীমুখাম্ভোজকোশাঃ।
বৈণিক্যো বৈণবিক্যঃ সরস মুদভবন্মৌরজিক্যা সমেতা
গায়ন্ত্যস্তালধারিণ্যপি করকলিতোপাঙ্গমৌপাঙ্গিকী চ ॥

ভিধীয়তে” ইতি। বংশ্যাদয়ো লোকত এব প্রসিদ্ধা ইতি ন লক্ষিতাঃ। দ্রুত-বিলম্বিত-মধ্যভেদেন ত্রিবিধো লয়ঃ; যদুক্তম— “ক্রিয়ানন্তরবিশ্রান্তির্লয়ঃ স ত্রিবিধো মতঃ। দ্রুতো মধ্যো বিলম্বশ্চ দ্রুতঃ শীঘ্রতমো মতঃ ॥ দ্বিগুণদ্বিগুণৌ জ্ঞেয়ৌ তস্মান্মধ্য বিলম্বিতৌ ॥” ইতি; “অঙ্গহারোঽঙ্গবিক্ষেপবিশেষঃ পরিকীর্তিত ॥” ইতি ॥

২০। কিয়তীভির্বৈণিকীভিরুদ্‌যযে উদ্গতম্, তত্রোদ্ভূতমিতি যাবৎ ॥

২১। সহসিতং সহাসং শ্রীযুক্তং মুখমেবাম্বুজকোশো যাসাং তাঃ, বৈণিক্যা বীণাধারিণ্যঃ, বৈণবিক্যো বেণুবাদিন্যঃ, করকলিতোপাঙ্গং যথা স্যাত্তথা ঔপাঙ্গিকী চ ॥

বাদ্যাধ্যায় দেবতা ঃ আরও অনুগ্রহ করলেন – বংশী-মুরলিকা-পাবিকা-উপাঙ্গাদি অনেক প্রকার ফুঁদিয়ে বাজাবার বাদ্য, বীণা-মহতী-কবিলাসিকা-বিপঞ্চী-স্বর-মণ্ডলিকা-কচ্ছপী-রুদ্রবীণা-কিন্নরী প্রভৃতি ‘তত’ নামক বাদ্যসমূহ এবং মৃতু-মৃদঙ্গ-ডমরু-ডম্ফাদি বিবিধ আনদ্ধ নামক বাদ্য তথা মন্দিরাদি ঘন—এই রূপ চতুর্বিধ বাদ্যাধ্যায় দেবতাকে।

লয় ও অঙ্গহারলক্ষ্মী ঃ আরও অনুগ্রহ করলেন—দ্রুত-বিলম্বিত-মধ্য নামক মূর্তিমতী লয় শোভাকে এবং নৃত্যের অঙ্গ বিক্ষেপ শোভাকে।

২০। অতঃপর সেই অধিষ্ঠাত্রী দেবীগণের মধ্যে—

কবিলাসিকার সহিত স্বরমণ্ডলিকা-বিপঞ্চিকা-মহতী-রূপবতী এবং তুম্বুরী ধারিণী কতিপয়দেবী প্রকট হলেন।

২১। অতঃপর উৎফুল্লভাবে প্রকট হলেন বীণা-বেণুধারিণীগণ, মৃদঙ্গবাদিকাদের সহিত গায়িকাগণ, তালধারিণীগণ এবং হাতে ঝাজ করতালাদি নিয়ে ঔপাঙ্গিকদেবীগণ। রাসলীলা আসন্ন হলে হাসি হাসি মুখী শোভন মুখকমলকোষা এবং মূর্তিমতী সঙ্গীতশাস্ত্র উপনিষদের মতো এই সব দেবীগণ যেন আশ্চর্য হয়ে এসে আবির্ভূত হলেন।

২২। বাগ্‌গেয়কারকগুণৈরুপলক্ষিতানাং, সঙ্গীততন্ত্ররহসামপি পারগাণাম্‌।
শুদ্ধাঙ্গশুদ্ধতরকর্কশমার্গলাস্য-,নেত্রী ব্যরোচত ততীর্বরনর্ত্তকীনাম্‌॥

২৩। তত্র চ,— গীতং দ্বেধা মার্গদেশীয়ভেদাৎ, ত্রিংশচ্চত্বারশ্চ মার্গপ্রভেদাঃ।
তেষাং তালাঃ পঞ্চ চচ্চৎপুটাদ্যা-,শ্চত্বারিশদ্দ্বৌ চ দেশ্যাং প্রসিদ্ধাঃ॥

২৪। ততশ্চ তালপাঠঃ স্বয়মুল্ললাস—
থৈয়া তথতথথৈয়া, তথতথথৈয়া তথত্তিতথথৈয়া।
থৈয়া তথতথথৈয়া, থগথগথগতত্তিথদিগণথৈঃ॥

২৫। ততশ্চৈ ং শব্দং গৃহীত্বা—
স্বরং লঘুগুরুপ্লুতদ্রুতবিরামমাত্রাবিধৌ, সশব্দকমশব্দকং কলিতাংস্যতালোত্তমম্‌।
করাব্জমপসব্যসব্যত উপর্য্যধো নিক্ষিপ-,ন্ত্যথষ্টমমুপারটৎ কিমপি তালধারিণ্যসৌ॥

২২। বাগ্‌গেয়েতি; তদুক্তম্‌—"বাচং গেয়ঞ্চ কুরুতে যঃ স বাগ্‌গেয়কারকঃ" ইতি তস্য গুণৈঃ॥

২৩। গীতং দ্বেধেতি গান বাদ্য নৃত্যেষু ব্রহ্মবিরচিতনিয়মযুক্তং যৎ তন্মার্গসংজ্ঞকম্‌। তত্তদ্দেশপ্রিয়ত্বাৎ তত্তদ্দেশ-রীত্যা কল্পিতং যৎ তৎ দেশীনামকম্‌। 'চচ্চৎপুটাদ্যাশ্চচ্চৎপুটচাচপুট ষট্‌পিতাপুত্রক-সংপক্কেষ্টকোদ্‌ঘট্টাঃ' ইতি পঞ্চ প্রসিদ্ধাঃ সঙ্গীতশাস্ত্রত এবেত্যর্থঃ॥ (২৪)

২৫। তালধারণী কলিতকাংস্যতালোত্তমং গৃহীতকাংস্যময়-করতালং করাব্জমপসব্যসব্যতো দক্ষিণবামত উপর্যধো নিক্ষিপন্তী সতী কিমপ্যনির্বচনীয়ং যথা স্যাত্তথা অষ্টমং স্বরমুপারটৎ; ষড়্‌জাদ্যাঃ সপ্ত স্বরা ইব তস্যাস্তালোঽপ্যেকঃ স্বর এবাভবদিত্যর্থঃ। কীদৃশম্‌? লঘ্বাদিবিধৌ সশব্দকমশব্দকঞ্চ; যদুক্তম্‌—"পঞ্চলঘ্বক্ষরোচ্চারমিতা মাত্রেহ কথ্যতে। একমাত্রো লঘুর্জ্ঞেয়ো দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে॥ ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ো মাত্রার্ধং দ্রুতমুচ্যতে। লঘুদ্রুতদ্বয়ার্ধন্তু বিরামঃ

২২। যে ব্যক্তি কথামাত্রকে গানের যোগ্য বানাতে পারে তাঁর গুণে অনুমান বিষয়ীভূতা, সঙ্গীত-শাস্ত্রের রহস্য পারঙ্গতা এবং শুদ্ধাঙ্গশুদ্ধতর কর্কশমার্গের নৃত্যলক্ষ্মী শ্রেষ্ঠনর্তকীশ্রেণী দীপ্তি পেতে লাগলেন।

২৩। এ বিষয়ে আরও বলবার কথা হল—মার্গ (অর্থাৎ গানবাদ্যনৃত্যে যা ব্রহ্মাবিরচিত নিয়মে চলে) ও দেশীয় ভেদে গীত দু প্রকার। মার্গে চৌত্রিশ প্রকার ভেদ। আবার সঙ্গীতশাস্ত্রে এদের তাল চঞ্চপুটাদি পাঁচ প্রকার প্রসিদ্ধ। আর দেশীয় গীতে বেয়াল্লিশ প্রকার ভেদপ্রসিদ্ধ।

২৪। অতঃপর তালপাঠ স্বয়ং উল্লসিত হয়ে উঠল—
থৈয়া তথ-তথ-থৈয়া, তথ-তথ-থৈয়া-তথত্তি-তথ-থৈয়া।
থৈয়া তথ-তথ-থৈয়া, থগ-থগ-থগ-তত্তিথ-দিগণথৈ॥

২৫। অতঃপর তালপাঠের ঐ বোল অনুসারে সেই তালধারিণীদেবী কাঁসার করতাল হাতে নিয়ে ডানে-বায়ে-উপরে-নীচে ছুঁড়ে ছুঁড়ে কোনও অনির্বচনীয় অষ্টম স্বর ('সারেগামার' মতো এক নূতন স্বর) ঘোষণা করতে লাগলেন, যা লঘু-গুরু-প্লুত-দ্রুত-বিরাম-মাত্রা ক্রমে কখনও বোলের সহিত কখনও এমনই চলতে লাগলো।

২৬। ততশ্চ, শব্দাস্তে মৌরজিক্যা মুরজবরমুখে পাণিনোদ্‌ঘাট্যমানা
ঔপাঙ্গিক্যাপ্যুপাঙ্গং স্ফুরদধরদলং নিন্যিরে কম্প্রকণ্ঠম্।
গায়ন্ত্যো রাগরাজীঃ সময়সমুচিতা হুংক্রিয়াভিঃ কলাভি-
র্যন্ত্রে ঝঙ্কারয়ন্ত্যোঽখিলরবমিলনে দত্তকর্ণা বিরেজুঃ ॥

২৭। সপ্ত স্বরাঃ সদনুবাদিবিবাদিবাদি-,সম্বাদিনঃ স্থলবশেন চতুর্বিভেদাঃ।
তাশ্চৈকবিংশতিরপি শ্রুতয়ো যথাস্বং, গ্রামাস্ত্রয়ঃ শ্রুতিসমা অথ মূর্ছনাশ্চ ॥

২৮। ত্রিলক্ষী তানানাং নবশতযুতৈঃ সপ্তদশভিঃ, সহস্রৈর্যুক্তাষ্টাদশ পরিচিতা জাতিরপি চ।
ত্রিধা রাগাঃ পঞ্চাশদথ পরিপূর্ণাদিভিদয়া, বিশুদ্ধাঃ সঙ্কীর্ণা অপি বহুবিধাঃ প্রাদুরভবন্ ॥

পরিকীর্তিতঃ ।।" ইতি। "ক্রিয়া তু দ্বিবিধা প্রোক্তা নিঃশব্দা চ সশব্দিকা" ইতি ॥

২৬। মৌরজিক্যা মুরজবাদিন্যা পাণিনৈবোদ্‌ঘাট্যমানাঃ শব্দাঃ, উপাঙ্গধারিণ্যা উপাঙ্গং নিন্যিরে, উপাঙ্গমুদ্‌ঘাটয়ামাসিরে ইত্যর্থঃ। স্ফুরদধরদলং কম্প্রকণ্ঠমিত্যুপাঙ্গবিশেষণং ক্রিয়াবিশেষণং বা ॥

২৭। সপ্তস্বরা ইত্যস্যানন্তরশ্লোকস্থেন প্রাদুরভবন্নিত্যনেনান্বয়ঃ। সন্তশ্চ তে অনুবাদ্যাদয়শ্চেতি তথা তৈঃ জহুক্তম্—"চতুর্বিধাঃ স্বরা বাদী সংবাদী চ বিবাদ্যপি। অনুবাদী চ বাদী তু প্রয়োগে বহুলঃ স্বরঃ। রাজরূপঃ স বিজ্ঞেয়োঽনুবাদী ভৃত্যসম্মতঃ। বিবাদী শত্রুবজ্‌জ্ঞেয়ো রাগভঙ্গকরো মতঃ ॥ সংবাদী মন্ত্রিবৎ প্রোক্তঃ স্বরশাস্ত্রবিশারদৈঃ ॥" ইতি। শ্রুতিসমাস্তত্তচ্ছ্রুত্যাচিতা গ্রামাঃ ॥

২৮। তানানামেকোনপঞ্চাশৎসংখ্যত্বেন প্রসিদ্ধানামপি ত্রিলক্ষীতি। তদুক্তম্—"মূর্ছনা এব তানাঃ স্যুঃ শুদ্ধা

২৬। অতঃপর মৃদঙ্গশ্রেষ্ঠেরমুখে মৃদঙ্গীর হাতের চাঁটিতে ধ্বনিত শব্দতরঙ্গ ঝাজাদি-বাদিকাগণ ঝাজাদি বাদ্যে উঠিয়ে নিলেন—তখন তাঁদের অধরদল দীপ্ত হয়ে উঠ্‌ছিল এবং কণ্ঠ কম্পিত হচ্ছিল। আর এদিকে গায়িকাগণ সময়োচিত নিপুণতায় হুঙ্কারধ্বনিদ্বারা রাগরাজি যন্ত্রে ঝঙ্কারিত করাতে করাতে অখিল ধ্বনির এক তানতার দিকে কান ফেলে দীপ্তি পেতে লাগলেন।

২৭। 'সারেগামা' সপ্তস্বর স্থানবিশেষের বশীভূত হয়ে চতুর্বিধ উৎকৃষ্ট বিভিন্নতায় প্রকাশিত হয় যথা—অনুবাদী, বিবাদী, বাদী এবং সম্বাদী। (যে স্বর কার্যকালে প্রচুর ব্যবহার হয় ও রাগের স্বরূপ নিরূপণ করে তাই বাদী, এ রাজার তুল্য। পঞ্চমের তুল্য শ্রুতিবিশিষ্ট স্বর—সম্বাদী, এ পাত্র। গান্ধারাদি চারিস্বর—বিবাদী, এ শত্রু। এদ্ব্যতীত স্বর সমুদয় অনুবাদী, এ রাজপাত্রের অনুচর।

স্বরের অবয়ব শ্রুতি ২২ প্রকার – তীব্রা, কুমুদ্বতী ইত্যাদী। আর এই সব শ্রুতির উচিত তিনটি গ্রাম আছে; যথা ষড়্‌জ, মধ্যম এবং গান্ধার। গ্রামের সপ্তমভাগের নামই মূর্ছনা; স্বর সংমূর্ছিত হয়ে রাগত্ব প্রাপ্তি করে, এ আবার গ্রাম থেকে উৎপন্ন হয়। প্রত্যেক গ্রামের সাতটি করে মূর্ছনা, মোট মূর্ছনা ২১টি—ললিতা, পঞ্চমা, রৌদ্রী ইত্যাদি। এরা সব প্রকটিত হয়ে গেল।

২৮। স্বরের আরোহন মুখে মূর্ছনা সকলই তান হয়। তান সংখ্যা ৪৯ হলেও তান থেকে কূটতানের উদয় হয় বলে এর সম্যক্ গণনা সম্ভব নয়। এই রাসে তিন লক্ষ তান প্রকট হল।(জাতি—রাগের আকর স্থান।

২৯। তত্র— শ্রুতিজাতিমূর্ছনানাং, গমকানাং চাপি পঞ্চদশকানাম্।
ব্যক্তির্ন কণ্ঠতট ইতি বিধিনা বিহিতে চলাচলে বীণে॥

৩০। চিত্রং চিত্রমগো মহ,দিহ রাসারম্ভলীলায়াম্।
কণ্ঠৈরেব হি তাসাং, তয়োঃ পরীক্ষা পরস্পরং চক্রে॥

শ্রেণির্বক্ষোরুহকলশকৈশ্চক্রনাম্নাং সমাজঃ।
গত্যা হংসীততিরতিতরাং হন্ত জিগ্যে বধূভি-
র্ভাস্বৎকন্যাসলিলমলসং লম্বমানাভিরাভিঃ॥

৯৭। বক্তৈ্রঃ স্বর্ণসরোজমণ্ডলময়ং নীরোপরিষ্টান্নভো
বক্ষোজৈর্মদচক্রবাকমিথুনশ্রেণীজুষো বীচয়ঃ।

৯৪। কারুণ্যমাত্রপিশুনানীতি লাবণ্যবিলাসাদিবিশিষ্টানাং তদীহিতানাং প্রকাশিকা তৎকৃপৈব, অতস্তামেব তানি পিশুনয়ন্তি সূচয়ন্তীত্যর্থঃ॥

৯৫। শ্রমহতী; শ্রমবাধা লয়াবাপ্ত্যা বিরতাঃ কারয়িতুং তাভিস্তেন কৃষ্ণেন কমলাকরবন্ধুনন্দিনীধারা সমবজ-গাহে। শ্রমহতীঃ কথম্ভূতাঃ? নিতান্তমালস্যং দদাতি যঃ স্যদো বেগস্তং ভজন্তী ধারয়ন্তীতি তথা তাঃ। ধারা কীদৃশী? বিমলানি কুমুদানি যস্মিস্তথাভূতং কমলং জলং যস্যাং সা। ধারাধরমহসা মেঘরুচিনা কৃষ্ণেন মহে উৎসবে সানন্দেন চিরং-পুলিনখেলাভির্বিলসন্তঃ কে মস্তকে রেণবো যাসাং তাভিঃ॥

৯৪। শ্রেষ্ঠ সরস লাবণ্যযুক্ত, বিলাস-নৃত্যবৈদগ্ধীময়, মুগ্ধ মধুর এবং কারুণ্যমাত্রসূচক সেই লীলা-বলী তাঁরা গাইতে লাগলেন, নিজ নিজ প্রতিভাকৃত সুগীত বন্ধনে।

৯৫। অতঃপর অতিমহতী রতিকলাচয় জনিত এবং নিতান্ত আলস্যদায়ী ও বেগধারী শ্রমপীড়া জল-ক্রীড়ায় লয় পাইয়ে শান্ত করবার জন্য কৃষ্ণ চতুর্দিকে মধুরজ্ঞি মধুকর গায়কের সঙ্গে মৃদুমধুর গায়নী, কৃষ্ণসঙ্গে দ্রুত হৃষ্ট হওয়ার স্বভাবা এবং মেঘরুচি তার সঙ্গে দীর্ঘ সময় পুলিন মধ্যে খেলাবিলাস হেতু ধূলিধূষরিতা রমণীগণকে সঙ্গে নিয়ে বিমল কুমুদাকর জলে ভরা যমুনার ধারায় প্রবল উচ্ছাসে ডুবা ডুবি করতে লাগলেন, হস্তিনীর সঙ্গে মিলিত মদমত্ত হস্তীশাবকের মতে।

৯৬। বদনকমলশ্রেণী দ্বারা শ্রেষ্ঠ কমলবনকে, ভুজবল্লীশ্রেণী দ্বারা মৃণাল শ্রেণীকে, স্তনকুম্ভশ্রেণীদ্বারা চক্রবাক সমাজকে এবং চলনভঙ্গী দ্বারা হংসীশ্রেণীকে সম্পূর্ণভাবে জয় করলেন যমুনা জলে অলস ভাবে লম্বা হয়ে ভাসমান্ সেই বধূগণ

৯৭। বধূবৃন্দ উদর-ডোবা যমুনা জলে গেলে তাঁদের বদনকমলের দ্বারা জলোপরি আকাশ হয়ে উঠল স্বর্ণকমলমণ্ডলময়, উচ্ছলিত তরঙ্গমালা স্তনকুম্ভচয়কে স্পর্শ করে হয়ে উঠল মত্তচক্রবাক-চক্রবাকী যুগল-

দোর্ভিশ্চারুমৃণালবল্লিবলিতা আপস্তদাসন্ বধূ-
বৃন্দে গচ্ছতি চিত্রভানুদুহিতুস্তৎকুক্ষিদঘ্নং পয়ঃ ॥

৯৮। ততশ্চ,   লব্ধ্বা তাসাং তনুপরিমলান্ পদ্মিনীঃ প্রোজ্ঝ্য ভৃঙ্গৈ-
রভ্যুদ্যাতৈস্তরণিতনয়ৈবাদরাদুজ্জগাম।
হংসৈস্তল্যোড্ডয়নচপলৈশ্চামরত্বং প্রযাতৈঃ
শ্রান্তাঃ সর্বাঃ প্রণয়রভসাদ্বীজয়ামাস সৈব ॥

৯৯   ভৃঙ্গৈস্তাসামুপরি পরিতো মণ্ডলীভূয় সদ্ভি-
স্তৎপর্যন্তেষ্বপি দিবিষদাং পুষ্পবর্ষৈঃ পতদ্ভিঃ।
নীলং বাতাবধুতমভিতঃ সারিমুক্তাবলীকং
শোভাহেতোরতনুত কিমু ব্যোমলক্ষ্মীর্বিতানম্ ॥

১০০। ততশ্চ, অন্যোন্যাত্তৈঃ করসরসিজৈস্তাড়য়ন্তীষু তোয়ং, মধ্যে কৃত্বা দয়িতমভিতো মণ্ডলত্বং গতাসু।
তাসূদ্ভূতাস্তরণিদুহিতু রোমহর্ষা ইব শ্রী-,কৃষ্ণস্যোরঃ-পরিসরময়ুস্তোকতুঙ্গাস্তরঙ্গাঃ ॥

১০১।   অন্যোন্যগ্রথিতাঙ্গুলীকলিকয়োঃ কৃত্বাম্বুপাণ্যোঃ সমা-
পীড্যোচ্চৈর্জলযন্ত্রবৎ করভয়োঃ প্রান্তেন নিক্ষিপ্যতা।

৯৬। কলশকৈরিত্যল্পার্থে কঃ ॥

৯৭। চক্রবাকজুষো বীচয় ইতি কুক্ষিদঘ্নেঽপি জলে তরঙ্গাণামুচ্ছ্‌নত্বেন স্তনপর্যন্তস্পর্শাদিতি ভাবঃ ॥

৯৮। উজ্জগাম অভ্যুত্থিতবতী ॥

৯৯। সারিণ্যো মুক্তা এব বলীকং পটলপ্রাপ্তং যত্র তৎ ॥ (১০০)।

শ্রেণীর সেবাকারিণী এবং বাহুলতাশ্রেণী দ্বারা যমুনার জল হয়ে উঠল মৃণাললতাময়।

৯৮। অতঃপর তনুপরিমল লাভ করে পদ্মিনীকে ছেড়ে কাল কাল ভ্রমরকুল তাঁদের দিকে যেতে থাকলে মনে হল যেন কাল যমুনাই আদরের সহিত অভ্যর্থনা করবার জন্য তাঁদের দিকে এগিয়ে যাচ্ছেন। তথা উড়ন চপল হংসসমূহ চামরের ভাব প্রকাশ করলে মনে হল যেন যমুনাই শ্রান্তা গোপীগণকে প্রণয়বেগে বীজন করছেন।

৯৯। কাল কাল ভ্রমরনিকর তাঁদের উপর মণ্ডলী হয়ে ছেয়ে থাকলে এবং এর নিকট দেবতাগণের বর্ষিত শুভ্রপুষ্পসমূহ পড়তে থাকলে সৃজিত হল, বাতাসে কম্পিত একটি নীল জমিনের চতুর্দিকে মুক্তাবলীর ঝালরের দৃশ্য। অহো একি শোভা সৃজনের জন্য আকাশলক্ষ্মীর টানানো চাঁদোয়া।

১০০। কেন্দ্রস্থলে প্রিয়তমকে রেখে মণ্ডলী আকারে দাঁড়িয়ে গিয়ে গোপীগণ পরস্পর ধরাধরিকরা করকমলের দ্বারা জলে আঘাত করতে লাগলেন। সেই আঘাতে যমুনা থেকে উত্থিত রোমাঞ্চের মতো ছোট ছোট বীচিমালা শ্রীকৃষ্ণের বক্ষোদেশ প্রাপ্ত হল।

১০১। পরস্পর গ্রথিত অঙ্গুলী কলিকাযুক্তা পাণিদ্বয়ে জল ভরে নিয়ে পীচকারীর মতো জোরে

ধারাভির্মুহুরায়তাভিরবলাবৃন্দেন সিক্তো হরি-
র্মন্যে মন্মথবারুণাস্ত্রমহসা মূর্ত্তেন বিদ্ধো বভৌ ॥

১০২। ততশ্চ, নিঃসংহারং তদিদমতনোর্বারুণাস্ত্রং বিদিত্বা
শক্তোঽপ্যস্য প্রতিকৃতিবিধৌ লীলয়া বারিমগ্নঃ।
নীবীদাম্নাং হরণকুতুকী তদ্ধৃতিব্যগ্রহস্তং
ভগ্নাঃ সর্বাঃ পুনরতিতরামেক এবাসিষেচ ॥

১০৩। ততশ্চ, প্রত্যেকং তাঃ সপদি পয়সো দ্বন্দ্বযুদ্ধেন জিত্বা
কৃষ্ণেনাস্মিন্ পণিতমখিলং হারমাকৃষ্য নীতম্।
পৃষ্ঠং যাতা লঘুলঘুতরাং পীড়য়িত্বাস্য বাহূ
রাধা সর্বং যদি হৃতবতী তামধাবত্তদাসৌ ॥

১০৪। আচিন্বানাং কমলমমলং ক্বাপি গাধেঽপি নীরে
গম্ভীরত্বাভিনয়চকিতাং শঙ্কয়া পঙ্কিলাক্ষীম্।

১০১। অবলাবৃন্দেন কর্তৃভূতেন পাণ্যোরম্বু কৃত্বা উচ্চৈঃ সমাপীড্য জলযন্ত্র ইব জলযন্ত্রেণেব নিক্ষিপ্যতা নিক্ষেপকেন করভয়োঃ প্রান্তেন নিমিত্তেন সতীভির্ধারাভিঃ সিক্তঃ; ক্ষিপতের্দৈবাদিকস্য শত্রা রূপম্; "মণিবন্ধাদাকনিষ্ঠং করস্য করভো বহিঃ" ইত্যমরঃ ॥

১০২। তস্যা নীবের্ধৃতৌ ব্যগ্রহস্তং যথা স্যাত্তথা; ভগ্না বিদ্রুতাঃ ॥

১০৩। আকৃষ্য নীতং স্বকক্ষদেশে স্থাপিতমখিলমেব হারং পৃষ্ঠং যাতা সতী হৃতবতী। কথমিত্যত আহ—অস্য বাহূ পীড়য়িত্বা মৃণাল্যা বা অঙ্গুল্যা বারিরেখাং কনকরূপেণ পীড়নেন কণ্ডূতিমুৎপাদ্য কক্ষমুদ্রায়ামুদ্ঘাটিতায়াং সত্যাং স্বয়মকস্মা-

---

চাপ দিয়ে করভের (মণিবন্ধ থেকে কনিষ্ঠাঙ্গুলী পর্যন্ত করের বহির্ভাগ) সাহায্যে মোটা মোটা ধারায় ছুড়ে তার ঝাপটায় হরিকে বার বার ভিজিয়ে দিতে লাগলেন অবলাগণ। মনে হতে লাগল যেন কামদেবের বরুণাস্ত্রের মূর্ত তেজে বিদ্ধ হলেন হরি।

১০২। অতঃপর এ-কে কামদেবের সংহার-অযোগ্য বরুণাস্ত্র জেনে হরি এর প্রতিকার বিধানে সমর্থ হয়েও লীলায় ডুব দিলেন জলে। নীবিদাম হরণ কৌতুকী তাঁর হাত ব্যগ্র হয়ে উঠল গোপীগণের নীবিধারণে। গোপীগণ সকলে ভীতচকিত ভাবে ঝাপাঝাপি করে পালাতে আরম্ভ করলে পুনরায় কৃষ্ণ একাই সকলকে যথেচ্ছ ভাবে জলের ঝাপটা মারতে লাগলে-।

১০৩। অতঃপর তাঁদের প্রত্যেককে জল-দ্বন্দ্বযুদ্ধে জয় করে চট্ পট্ এতে পণরাখা যত কিছু হার, সব নিয়ে নিয়ে বগল তলায় পুরে দিলেন কৃষ্ণ। রাধা পিছন দিক্ থেকে ধীরে ধীরে গিয়ে কাতুকুতু দিয়ে কৃষ্ণের হাত ঢিলে করত সব হার যদি কেড়ে নিলেন, তখন কৃষ্ণ তাঁর পিছে পিছে তাড়া করলেন।

১০৪। কোনও স্থানে অমল কমল চয়ন করতে করতে জল অগভীর হলেও সম্মুখের জল হয়তো বা গভীর হবে, কি করে অহো ওখান থেকে উঠে আসবো, এরূপ নিজ অঙ্গভঙ্গীতে রাধা চকিতের ভাব প্রকাশ

দোর্ভ্যাং বক্ষোভুবি সুনিবিড়াপীড়মুত্থাপ্যমানাং
কান্তেনৈনাং সরসকুতুকং তাঃ সমীক্ষাম্বভূবুঃ ॥

১০৫। ততশ্চ কদাচন— রাধাদেব্যা চপলশফরীঘট্টনাশঙ্কিতাক্ষ্যা
কণ্ঠগ্রাহং ভয়চকিতয়া গাঢ়মাশ্লিষ্যমাণঃ।
প্রত্যাশ্লিষন্নুপধি মুহুঃ শ্লাঘমানঃ শফর্য্যা-
স্তৎসৌহৃদ্যং হরিরতিতরাং সিস্মিয়ে মোদমানঃ ॥

১০৬। এবং চ কদাচন— পদ্মৈঃ পদ্মৈঃ স্বয়মবচিতৈস্তন্মৃণালৈর্মৃণালৈ-
র্লীলাযুদ্ধং যদজনি মিথস্তত্র যোষিন্মণীনাম্।
তাসাং তস্মিন্নজনি কুতুকং পশ্যতস্তৎপ্রমোদাৎ
কৃষ্ণস্যৈব প্রহরণবশেনেব রুগ্নং মনোহভূৎ ॥

দেব জলে পতিতমিত্যর্থঃ ॥

১০৪। গাধেহপি নীরে গম্ভীরত্বস্যাভিনয়েনাগ্রেতনং নীরমিদং নূনমগাধমেব ভবিষ্যতি, কথমিতো বিদ্রবামীতি স্বাঙ্গচেষ্টয়া চকিতাং স্বাকর্ষণার্থমনুধাবন্তং কৃষ্ণমালোক্য শঙ্কয়া পঙ্কিলাক্ষীং ব্যাকুলিতনেত্রাম্ ॥

১০৫। ততশ্চ কদাচনেতি তদাকর্ষণ-পরিরম্ভাদি নির্বাহান্তে সামঞ্জস্যেন দ্বয়োশ্চলনে বৃত্তে সতীত্যর্থঃ। ঘট্টনা ফরফরাৎকারেণোচ্ছলিতত্বম্। অনুপধি উপাধিশূন্যং সৌহৃদ্যম্॥

১০৬। মিথস্তাসামেব পরস্পরং যদ্যুদ্ধমজনি, তস্মিন্ যুদ্ধে তাসাং কুতুকমেবাজনি, ন তু পীড়া, তৎ পশ্যতঃ কৃষ্ণস্যৈব মনো রুগ্ণং কামপীড়িতমাসীৎ। প্রহরণবশেনেত্যুৎপ্রেক্ষা ॥

করলে তাকে টেনে তুলবার জন্য কৃষ্ণ পিছনে ছুটে এলেন ত দেখে শঙ্কায় ব্যাকুল নেত্রা হয়ে উঠলেন রাধা। দু হাতে রাধার বক্ষোদেশ সুনিবিড় ভাবে চেপে ধরে কৃষ্ণ যখন তাঁকে টেনে উঠাচ্ছিলেন, তখন গোপীগণ সরস কৌতুকে নিরীক্ষণ করছিলেন।

১০৫। অতঃপর কখনও—(সেই আকর্ষণ-আলিঙ্গনাদি সমাপনান্তে দুজনে মিলেমিশে চলতে আরম্ভ করলেন—)

চপল শফরীমাছ ফর ফর করে উঠলে শঙ্কিত নয়। রাধাদেবী ভয়চকিতভাবে কৃষ্ণের কণ্ঠ জড়িয়ে ধরে আলিঙ্গন করলেন। কৃষ্ণ প্রতি আলিঙ্গন দান করতে করতে সেই শফরীর নিরুপাধি সৌহার্দকে মুহুর্মুহু প্রশংসা করতে লাগলেন. আর খুব হাসতে লাগলেন।

১০৬। এইরূপে কখনও স্ত্রীরত্নদের মধ্যে পরস্পর যদি নিজ হাতে চয়িত পদ্মে-পদ্মে মৃণালে-মৃণালে লীলাযুদ্ধ আরম্ভ হয়ে গেল, তখন সেই যুদ্ধে রমণীদের কৌতুকই হল, পীড়া নয়। এদিকে কিন্তু ঐ লীলার দ্রষ্টা শ্রীকৃষ্ণের সেই দর্শনজ আনন্দ থেকে জাত হল কামপীড়া, প্রহার বশে মুগ্ধের মতো।

১০৭। কদাচন – কৃষ্ণে কর্ষতি কোকযুগ্মমবলা দোর্ভ্যাং ব্যধুঃ স্বস্তিকং
কণ্ঠে চারুমৃণালমর্পয়তি তাশ্চক্রুর্ভুজান্ ভঙ্গুরান্।
পদ্মং জিঘ্রতি পাণিভিঃ পিদধিরে বক্ত্রং জলক্রীড়নে
তাভিস্তস্য বভূব সৌরতরসঃ কোঽপীঙ্গিতৈরিঙ্গিতৈঃ ॥

১০৮। ততশ্চ, নির্লেপঃ কুচমণ্ডলো মৃগদৃশং হারাবলী নির্গুণা
নেত্রাম্ভোরুহমঞ্জনেন রহিতং নীরাগমোষ্ঠাধরম্।
নিগ্রন্থির্মণিমেখলা কচততির্মোক্ষং গতা কাচন
শ্রীরাসীদ্দ্বিগুণৈব সা ঘনরসে মগ্নস্য যোগ্যং হি তৎ ॥

১০৯। পদ্মৈঃ কেশাভরণমমলৈরুৎপলৈঃ কর্ণভূষাং
হারং কৃত্বা বিস-লতিকয়া মেখলাং শৈবলেন।
ক্রীড়োপান্তে মণিময়শিরোভূষণাদীনি তানি
প্রেম্ণা নার্য্যো দিনমণিভুবে প্রীতিদেয়ানি চক্রুঃ ॥

১০৭। পাণিভ্যাং কোকযুগ্মং কর্ষতীতি স্তনালভনসূচনম্; স্বস্তিকমিতি তদ্বারণার্থং বক্ষসি আসনমুদ্রা হস্তধারণম্। এবমেব কণ্ঠে ইত্যাদিনা ব্যঞ্জিতয়োঃ পরিরম্ভাধরপানয়োর্বারণার্থং ভঙ্গুরানিত্যাদি ॥

১০৮। ঘনরসে জলে; পক্ষে, সম্ভোগাত্মক শৃঙ্গাররসে ॥

১০৯। সম্ভোগান্তে তাসাং স্বাধীনভর্তৃকাভাবেন প্রসাধনমাহ—পদ্মৈরিতি। নন্বু তাভিঃ পূর্বসিদ্ধানি মণিময়মণ্ডনানি ক ধারিতানীত্যত আহ—ক্রীড়োপান্তে ইত্যাদি। দিনমণিভুবে যমুনায়ৈ ॥

---

১০৭ কখনও—কৃষ্ণ স্তন ধারণসূচক চক্রবাক পক্ষীযুগলকে ধরে টান দিলে অবলাগণ দুহাতে স্বস্তিক রচনা করলেন কণ্ঠে আলিঙ্গনাদি সূচক চারু মৃণাল অর্পণ করলে বাহুযুগল তেরছা করে ধরলেন। পদ্ম শুঁকতে থাকলে পাণিযুগলে মুখকমল ঢাকলেন।—এইরূপ ইঙ্গিতে ইঙ্গিতে কোনও অনির্বচনীয় সৌরতরস উচ্ছলিত হয়ে উঠল, গোপীদের সঙ্গে কৃষ্ণের জলখেলায়।

১০৮। অতঃপর, হরিণনয়নাদের কুচমণ্ডল হয়ে পড়ল কুঙ্কুমাদি বিলেপনহীন, হারাবলী গাথুনী সুতাহীন, নয়নকমল অঞ্জনরহিত, ওষ্ঠাধর রক্তিমারহিত, মণিমেখলা গ্রন্থিরহিত, আর কেশপাশ বন্ধনহীন—এতে শোভা দ্বিগুণিতই হয়ে উঠল ও কোনও অনির্বচনীয়তা প্রাপ্ত করে নিল। (সাধারণ পক্ষে) জলমগ্ন বা (গোপী পক্ষে) সম্ভোগাত্মক শৃঙ্গাররসমগ্ন জনের পক্ষে এ যোগ্যই বটে।

১০৯। (সম্ভোগান্তে স্বাধীনভর্তৃকা ভাবে গোপীদের যে প্রসাদন তার কথা বলা হচ্ছে –)

পদ্মে কেশাভরণ অমল উৎপলে কর্ণভূষা, মৃণাললতায় হার, আর শৈবালে মেখলা করে গোপীগণ তাঁদের অঙ্গের মণিশিরোভূষণাদি খুলে প্রেমের সহিত যমুনাকে দিয়ে দিলেন প্রীতি উপহার রূপে।

১১০। উল্লাস্য বামকরবারিরুহেণ বারি, ঝঙ্কারিকঙ্কণকলেন চ দক্ষিণেন।
সন্তাড্য চারু জলমণ্ডুকবাদ্যলীলা-,মাতেনুরুৎসবসমাপ্তিফলামিবৈতাং॥

১১১। স্নানোত্তীর্ণাঃ কনকনলিনীস্পর্ধিভাসো নিতম্বং
ক্রান্ত্বা স্রস্তৈরবিরতপয়োবিন্দুনিষ্যন্দভাগ্‌ভিঃ।
রেজুঃ কেশৈরথ হঠহৃতৈরশ্রু মুঞ্চদ্ভিরুচ্চৈ-
র্ধ্বান্তৈঃ পৃষ্ঠানুসরণপরৈরংশুমালা ইবেন্দোঃ॥

১১২। অথ সময়সম্মুখমানসেবাতৎপরয়া রয়াপাদিতাদরয়া যোগমায়য়াগমায়য়া সমুপাহৃতানি তৎকালোচিতলোচিতরমণীয়ানি যানি বসনালঙ্কারানুলেপনাদীনি স্বপ্নোপলব্ধানীব তানি সেবিত্বা'হবিত্বা সকলসুন্দরতা দরতাণ্ডবিতকুণ্ডলাঃ সরসকলাবলাবণ্যশ্রিয় ইব মূর্ত্তিমত্যো মত্যোঢ়মহামহাধৌতা ইব মাধুর্য্যো ধুর্য্যোত্তমাঃ প্রণয়ভরস্য রস্যতমত্বিষো ললিতোপবনকুঞ্জবরাজিরেষু রাজিরেষু মদকলকলহংসকারণ্ডবাদিবাদিবর্গস্য মণ্ডলীভূয় ভূয় এব রসিকঘটামুকুটালঙ্কারনীলমণিবরেণ কৌস্তুভেন বিলসদুরসা রসাম্বুধিনাধিনাথেন সহ সহর্ষমুপবিবিশুর্গোপ-

---

১১০। উল্লাস্যেতি নির্বাণসময়ে বাদ্যং সমুচিতমেবেতি ভাবঃ॥

১১১। স্নানোত্তীর্ণাঃ—অভ্যঙ্গোদ্বর্তনাদি পূর্বক-স্নানান্তরমুত্তীর্ণাঃ॥

১১২। অথ গাত্রজলাপসারণাদনন্তরং বসনালঙ্কারাদীনি সেবিত্বা ভূয় এবাধিনাথেন সহ ললিতোপবনকুঞ্জবরাণামজিরেষু প্রাঙ্গণেষু উপবিবিশুরিত্যন্বয়ঃ। অগমো দুর্লক্ষ্যোঽয়ঃ শুভাবহো বিধির্যস্যাস্তয়া। লোচিতং দৃষ্টিস্তস্যা রমণীয়ানি; সরসকলামবন্তি রক্ষন্তীতি তাঃ। মত্যা ঊঢ়েন মহামহেন মহোৎসবেন আ সম্যক্ ধৌতাঃ ক্ষালিতা ইব মাধুর্য্যো মধুরতা মূর্তিধারিণ্যো ধুর্যোত্তমাঃ; শ্রেষ্ঠাধারাঃ; রাজিং শ্রেণীং রান্তীতি তথা তেষু॥

১১০। বাম করকমলে জল উছলিত করে এবং ঝঙ্কারি কঙ্কণের কোমল ধ্বনিযুক্ত দক্ষিণ করকমলে জল থাপড়িয়ে চারু জলমণ্ডুকবাদ্য লীলা বিস্তার করলেন গোপীগণ উৎসব সমাপ্তির ফল স্বরূপে।

১১১। অতঃপর অভ্যঙ্গোদ্বর্তনাদি পূর্বক স্নানের পর উপরে উঠে এসে স্বর্ণকমল স্পর্দ্ধী কান্তিময়ী গোপীগণ নিতম্ব ছাড়িয়ে এলানো এবং অবিরত জলবিন্দু-ঝরানো কেশের সৌন্দর্যে দীপ্তি পেতে লাগলেন, যেমন না-কি দীপ্তি পায় চন্দ্রমার কিরণমালা বলাৎকারে হটে যাওয়া, (অতএব) অশ্রু মোচন করতে করতে পিছে পিছে অনুসরণপর ঘন অন্ধকার দ্বারা।

১১২। সময়োচিত এবং সম্মুখে উপস্থিত সেবায় তৎপরা দুর্লক্ষ্য শুভাবহ আচারপরায়ণ যোগমায়াদ্বারা অত্যাদরে তৎকালোচিত ও দৃষ্টিরম্য যে সকল বসন-অলঙ্কার-অনুলেপনাদি স্বপ্নে পাওয়ার মতো অনায়াসে সংগৃহীত হল, তা গোপীগণ ধারণ করলেন অঙ্গ মুছবার পর। ঈষৎ তাণ্ডবিত কুণ্ডল সরস কলার পালয়িতা, লাবণ্যলক্ষ্মীসম, বুদ্ধিদ্বারা অঙ্গীকৃত মহোৎসবের দ্বারা যেন সম্যক্ ক্ষালিত মূর্তিমতী মাধুর্য শ্রেষ্ঠা, প্রেমের আশ্রয়-শ্রেষ্ঠা এবং অতি আস্বাদনীয় কান্তি গোপরমণীযূথসমূহ তখন সকল সৌন্দর্যে দীপ্তা হয়ে উঠলেন। অতঃপর তাঁরা সকলে রসিককুল মুকুটালঙ্কারশ্রেষ্ঠ নীলমণি স্বরূপ, কৌস্তুভে দীপ্ত বক্ষ রসসাগর প্রাণাধিদেবতাকে

রমণীমণীশ্রেণয়ঃ ॥

১১৩। তত্রানিম্নে মণিময়ঘটৈর্দেবতাভির্বনীনাং
স্বাদুঃ স্বচ্ছঃ পুরুপরিমলঃ কৌসুমঃ শীধুপূরঃ।
যদ্‌গন্ধান্ধৈর্মধুপনিকরৈ সর্বতো ঘূর্ণ্যমানৈ-
র্জ্যোৎস্নাজালেঽপ্যুপচিত ইব ব্যোম্নি গাঢ়ান্ধকারঃ ॥

১১৪। রজতজলবজ্জ্যোৎস্নাজালোজ্জ্বলে পুলিনোদরে, স্ফটিকচষকশ্রেণ্যস্তাসাং পুরঃ পরিরেজিরে।
নয়নবিষয়ীভাবং হিত্বা পরস্পর-সত্বিষঃ, করকিশলয়স্পর্শেনৈব স্ববোধবিভাবিকাঃ ॥

১১৫। তামেতাং মধুপানসামগ্রীমগ্রীয়াং সামগ্রীমিব মনোভবামোদক-মোদকদম্বস্য সমালোকমানো মানোন্নতধীঃ সরসমনা রসমনায়াসসিদ্ধং তং বহুমানয়ন্ নয়ন্নপি তত্র লালসাং সালসাং সাধীয়সীং মদমাধুরী-মাধুরীণাং চিত্তবিভ্রমৈর্বিভ্রমৈরুপচিতাং চালোকয়িতুং মধূনি ॥

১১৩। বনীনাং ক্ষুদ্রবনানাম্ ॥

১১৪। পরস্পরসত্বিষো জ্যোৎস্নাস্ফটিকচষকশ্রেণ্যোস্তুল্যকান্তিত্বাৎ, অতএব পার্থক্যেনানুপলব্ধের্হেতোর্নয়নবিষয়ী-ভাবং নেত্রেন্দ্রিয়গ্রাহ্যত্বং ত্যক্ত্বা ত্বগিন্দ্রিয়গ্রাহ্যান্তা অভবন্নিত্যাহ—করকিসলয়েতি। করকিসলয়ানাং স্পর্শেনৈব স্ববোধং স্ফটিকচষকশ্রেণ্য এবৈতা ন জ্যোৎস্না ইতি স্ববিষয়কজ্ঞানং বিশেষেণ ভাবয়ন্ত্যুৎপাদয়ন্তীতি তাঃ ॥

১১৫। মনোভবামোদকস্য কামোদ্দীপকস্য মোদকদম্বস্য হর্ষসমূহস্য সামগ্রীমিব সমগ্রতামিব সম্পূর্ণতামিবেত্যর্থঃ। চিত্তস্য বিবিধো ভ্রমো যেষু তথা তৈর্বিভ্রমৈরুপচিতাং মদসা মত্ততায়া মাধুরীং দ্রষ্টুম্ ॥

ঘিরে মণ্ডলাকারে মিলিত হয়ে আনন্দ কলরবকারী রাজহংস-বালিহংসাদি জলচর পক্ষিরাজি সমাকুল ললিত উপবনস্থ কুঞ্জশ্রেষ্ঠের প্রাঙ্গণে গিয়ে প্রবেশ করলেন সহর্ষে।

১১৩। উপবন দেবতাগণ মণিময় ঘটে স্বাদু-স্বচ্ছ-অতি সুগন্ধী বহু পুষ্পমদ এনে উপস্থিত করলেন সেখানে, যার গন্ধে ভ্রমরকুল চতুর্দিকে ঘুর ঘুর করতে লাগল। এদের ছায়ায় আকাশ যেন গাঢ় অন্ধকারে ঢেকে গেল, জ্যোৎস্না ধারায় প্লাবিত হয়েও।

১১৪। রৌপ্যজলের মতো জ্যোৎস্নাজালোজ্জ্বল পুলিনের মধ্যে গোপীগণের সম্মুখে স্ফটিক পানপাত্র-শ্রেণী অতিশয় শোভা পেতে লাগল। জ্যোৎস্ন ধারা ও স্ফটিক পাত্রশ্রেণী তুল্য কান্তি হওয়াতে দুয়ের পার্থক্যের অনুপলব্ধিতে স্ফটিক পাত্রশ্রেণী নেত্রেন্দ্রিয় গ্রাহ্যত্ব ত্যাগ করে শুধুমাত্র ত্বকেন্দ্রিয় গ্রাহ্য হল তৎকালে। এরা যে স্ফটিকপাত্র তা একমাত্র হাতের স্পর্শই জানাতে লাগল।

১১৫। গোপীদের অগ্রে স্থিত এই মধুপানের সরঞ্জামকে কামোদ্দীপক প্রসন্নতাপুঞ্জের পরিপূর্ণতার মতো দেখতে দেখতে সমাদরে প্রশান্তবুদ্ধি সরসমনা কৃষ্ণ অনায়াসসিদ্ধ সেই রসকে বহুমানন করতে করতে তাতে লালসাযুক্ত হয়েও অতিশ্রেষ্ঠ মত্ততার উচ্ছল মাধুরী, যা চিত্তের বিবিধ ভ্রম উৎপাদক বিভ্রমের দ্বারা সমৃদ্ধ, তা দেখবার জন্য ঐ গোপীদের প্রিয় সহচরীদিকে কৌতুকপূর্বক এইরূপ বললেন—

১১৬। একৈকস্যৈ স্ফটিকচষকৈঃ পূরয়িত্বা প্রদাতুং
স্বেচ্ছাপূর্বং নয়ত সুদৃশো যূথপায়ৈ বিভজ্য।
ইত্যেতাসাং প্রিয়সহচরীঃ কৌতুকাৎ প্রাহ কৃষ্ণ-
স্তাস্তস্যাংশং তদভিমুখতো ন্যস্য চক্রুস্তথৈব ॥

১১৭। এবং সতি— কর্পূরাভে কিরণসুধয়া প্রোক্ষিতে শীতধাম্নঃ
প্রত্যামৃষ্টে কমলকুমুদ-মোদিনা মারুতেন।
প্রাদুর্ভূতঃ স খলু শুশুভে সৈকতে ভানুপুত্র্যাঃ
প্রত্যাসন্নে সুরতসমরে বীরপানপ্রমোদঃ ॥

১১৮। প্রতিচষকং প্রতিবিম্বিত-,শশিবিম্বং বিলসদুৎপলামোদম্।
উপরিভ্রমদলিললিতং, পুরতস্তাসাং ররাজ মাধ্বীকম্ ॥

১১৯। আদৌ পানে নয়নযুগয়োঃ শোণিমানং দ্বিতীয়ে
বাচ্যেবজ্যং ব্যধিকরণতাং হাসভীত্যোস্তৃতীয়ে।
দ্রষ্টুং পশ্চাদ্বিহসিতুমপি প্রাণনাথং তথান্যাঃ
পানক্রীড়াপরিষদি দধে পাতুমিচ্ছাং ন কাচিৎ ॥

১১৬। হে সুদৃশঃ ! একৈকস্যৈ যূথাপায়ৈ বিভজ্য প্রদাতুং স্ফটিকচষকৈঃ পূরয়িত্বা মধূনি নয়ত ॥

১১৭। সৈকতে সিকতাময়পুলিনে ॥

১১৮। উপরি ভ্রমন্তোঽলয়ো যত্র তৎ ॥

১১৯। কাচিন্মাধ্বীকং পাতুমিচ্ছাং ন দধে। কিমর্থম্ ? আদৌ প্রথমে পানে নয়নয়োঃ শোণিমানং দ্রষ্টুং হাস-ভীত্যোর্ব্যধিকরণতাং হাসোৎপাদকে বস্তুনি বিষয়ে ভীতিং ভীত্যুৎপাদকে হাসং দ্রষ্টুং পশ্চাদ্‌বিহসিতুং পরিহসিতুমিতি। এতৎ সুখং পানসুখতোঽপ্যধিকমিতি মত্বানেত্যর্থঃ। অপিকারাদ্ব্যজনাদ্যৈঃ পরিচরিতুম্ ॥

১১৬। 'হে সুনয়নীগণ ! এক এক যূথেশ্বরীকে ভাগ করে দেওয়ার জন্য স্বেচ্ছা মতো মধু নিয়ে নেও, স্ফটিকপাত্র ভরতি করে।' সহচরীগণ কৃষ্ণের ভাগ তাঁর সম্মুখে ধরে সেইরূপই করলেন।

১১৭। সুরত সমর নিকটবর্তী হয়ে গেলে চন্দ্রমার কিরণসুধায় ধৌত কমলকুমুদগন্ধী বায়ুতে পরি-মার্জিত যমুনার পুলিনে প্রকটিভূত সেই বীরপান-প্রমোদ অতিশয় শোভা পেতে লাগল।

১১৮। প্রতি পানপাত্রে প্রতিবিম্বিত শশিবিম্বযুক্ত, প্রফুল্ল উৎপল গন্ধে আমোদিত এবং উপরে ঘূর্ণয়মান্ অলিতে ললিত মাধ্বিক শোভা পাচ্ছে।

১১৯। প্রথমপানে নয়ন যুগলে শোণিমা, দ্বিতীয় পানে বাক্যে জড়িমা এবং তৃতীয় পানে হাস্যোৎ-পাদক বস্তু বিষয়ে ভয় ও ভয়োৎপাদক বস্তু বিষয়ে হাসি—এত সব দেখবার জন্য, তথা পরে প্রাণনাথকে পরি-হাস করবার জন্য কোনও এক গোপী এই পানক্রীড়া সভাতে মধু পান করবার ইচ্ছা করছিলেন না।

১২০। আতন্বানে অমৃতমধুনোর্ব্যত্যয়েনৈব মৈত্রীং
চন্দ্রাম্ভোজে ইব বদনয়োর্মণ্ডলে কারয়ন্তৌ।
অন্যোন্য-শ্রীবদনচষকোপাত্তমন্যোন্যদত্তং
রাধাকৃষ্ণৌ সমমপিবতাং সাধরোষ্ঠোপদংশম্ ॥

১২১। এবং প্রবৃত্তে পানমহে মহেভ্যো মধুরিমমণিভিঃ সম্মদসিন্ধুরসৌ মদসিন্ধুরসৌভাগ্যঃ সিন্ধুরীভিরিব তাভির্মধুমদমদনমদতোঽনমদতোদমনা মত্তলীলালীলাবিতধীরধীর ইব সন্নপি সন্নপিপাসানাং পূর্বপানেনৈব ক্ষিপ্রমদানাং প্রমদানাং মদাবিলবিলসিতাং সখীভিঃ সহ বাচং বাচংযম ইব শুশ্রাব ॥

১২২। আলীন্দুর্মে পিবতি মধু কিং পীয়তামালি সার্দ্ধং
স্তেনোঽহ ং যত্তব মুখরুচাং কণ্ঠলগ্নেন ভাব্যম্।

১২০। কৌসুমমধুপানান্তরমাধরমধুপানপৌনঃপুন্যমাহ—আতন্বানে ইতি। শ্রীবদনমেব চষকং পাত্রং তত্রোপাত্তং ধারিতম্। অধরোষ্ঠাবেব উপদংশো বিদংশস্তদন্তরাস্বাদনীয়ং বস্তু তৎসহিতম্। কিং কুর্বন্তৌ? চন্দ্রাম্ভোজে চন্দ্রকমল রূপে বদনয়োর্মণ্ডলে অমৃত-মধুনোর্ব্যত্যয়েনৈব মৈত্রীমাতন্বানে কারয়ন্তৌ। অয়মর্থঃ—রাধামুখং চন্দ্রঃ, কৃষ্ণমুখং কমলম্, অতস্তয়োঃ পরস্পরাধরপানতশ্চন্দ্রস্যামৃতং কমলে প্রবিশতি, কমলস্য মধু চন্দ্রে প্রবিশতি; মধুমাংশ্চন্দ্রোঽমৃতময়ং কমলমিতি পরস্পরমৈত্র্যা ধর্মবিপর্যাসঃ ॥

১২১। মহেভ্যোমহাঢ্যঃ, "ইভ্য আঢ্যো ধনী" ইত্যমরঃ। মদসিন্ধুরস্য মত্তহস্তিন ইব সৌভাগ্যং যস্য সঃ। অনমদনশ্রীভবং, অতএবাতোদং নিরঙ্কুশং মনো যস্য সঃ। মত্তস্যেব যা লীলালী তয়া লবিতা ছেদিতা ধীর্বিচারো যস্য সঃ। সন্নপিপাসানাং বিগততৃষ্ণানাম্ ॥

১২২। মধুচষকে প্রতিবিম্বিতং চন্দ্রমালোক্যাহ—আলীন্দুরিতি। অপীতমাধ্বীকা সখী তামুপহসন্তী প্রত্যাহ—হে আলি! তর্হি ইন্দুনা সার্ধমেব পীয়তাম্, যদ্ যস্মাদয়মিন্দুস্তব মুখরুচাং স্তেনশ্চোরঃ। পুনঃ সা প্রাহ—কণ্ঠেতি। সা সখী

১২০। চন্দ্রমা ও কমলের পরস্পর অমৃত-মধুর বদলাবদলির মতো রাধার মুখচন্দ্রের অমৃত ও কৃষ্ণের মুখকমলের মধুর পরস্পর বদলাবদলিতে এবং এদের দুয়ের সহযোগে যে অপূর্ব মিক্‌চার তৈরী হল, তা পরস্পর সুন্দর বদনপাত্রে পরস্পর স্থাপন ও পরস্পর ধারণ করত অধরোষ্ঠ রূপ চাটের (পানের মাঝে মাঝে যে চর্ববস্তু খাওয়া হয়) সহিত পান করতে লাগলেন উভয়ে।

১২১। এইরূপে পানোৎসব চলতে থাকলে মাধুর্য মণিতে মহাধনী, নিত্য আনন্দসিন্ধু, মত্ত হস্তীর মতো সৌভাগ্যবান্ মধুমদমদনগর্বে অনম্রী হওয়াতে নিরঙ্কুশমনা কৃষ্ণ গোপীসঙ্গে লীলা সমূহে মত্তের মতো বিচারশক্তির লোপে মিলনের জন্য অধীরের মতো হলেও মৌনীর মতো চুপচাপ শুনতে লাগলেন—প্রথমপানেই বিগত-তৃষ্ণ, চট্ জলদি নেশা লাগা এবং মদঘোরে বিলাসিনী প্রমদাগণের সখীসঙ্গে আলাপ।

১২২। মধুপাত্রে প্রতিবিম্বিত চন্দ্র দেখে কোনও গোপী মদঘোরে বলছেন, হে সখি! চাঁদ কি আমার মধু পান করে নিচ্ছে? বীজনসেবা তৎপরা সখী উত্তর দিলেন, একে শুদ্ধুই পান করে নেও, এ তোমার মুখকান্তি

দন্তচ্ছেদ্যোঽমৃতময়তয়া সত্যমস্যাবশিষ্টং
নো পাস্যামীত্যথ মধুমতী পাণিনা মধ্বপাস্যৎ ॥

১২৩। হা কষ্টং দ্যৌঃ পপততি কথং হন্ত ঘূঘূর্ণতে ভূ-
র্নাথ ত্বং মাং ধধর পপতা কম্প মে গাত্রযষ্টিঃ।
ইত্থং বৃদ্ধস্খলিতহ্রসিতৈরক্ষরৈর্ব্যাহরন্তী
ত্রাসাৎ কাচিদ্ভুজলতিকয়া কৃষ্ণকণ্ঠং দধার ॥

১২৪। ভ্রাম্যতামুপরি ভৃঙ্গগণানাং, বীক্ষ্য বিম্বমথ কল্কবিকল্পাৎ।
বল্লভায় দদতী মধু নিন্যে, স্বাঞ্চলেন চষকাচ্চষকান্তঃ ॥

১২৫। এবং মধুমদাধিকা রাধিকা রামণীয়কাধিকারা মত্তলীলাং প্রথয়তাযত্তানন্দেন সহ বনমালিনালি-নাম্না সম্বোধিতেন তেন চ তদনুবদতা কিঞ্চিদবাদীৎ ॥

প্রত্যাহ—তর্হি দন্তৈশ্ছেদ্যঃ। সা প্রাহ—অস্যাবশিষ্টমুচ্ছিষ্টম্ ॥

১২৩। বৃদ্ধঞ্চ স্খলিতঞ্চ হ্রসিতঞ্চেতি তথাভূতৈরক্ষরৈঃ। পপততীতি বাক্যত্রয়েঽক্ষরবৃদ্ধিঃ। মে মম গাত্র-যষ্টিঃ পতিতেত্যর্থঃ। পপতা—অত্র বিপর্যাসরূপমক্ষরস্খলনম্। কম্পতে ইতি বক্তব্যে কম্প ইত্যক্ষরহ্রাসঃ ॥

১২৪। বিম্বং মধুনি প্রতিবিম্বং কল্কবিকল্পাৎ, মধুনঃ কল্কোঽয়ং ভবিষ্যতীতি সন্দেহাদ্ধেতোর্বল্লভায় মধু দদতী দাতুং চষকাদেকস্মাৎ চষকাৎ চষকান্তঃ, অন্যস্য চষকস্য মধ্যং স্বাঞ্চলেন সংশোধ্য নিন্যে ॥

১২৫। মধুমদেনাধিকা রাধিকা আলিনাম্না সখ্যা এব নাম্না সম্বোধিতেন তেন বনমালিনা সহ কিঞ্চিদবাদীৎ। রমণীয়কেঽধিকারো যস্যাঃ সা ॥

চোর। গলায় ঠেকে যাবে যে। দাঁতে কেটে ফেলো', অমৃতময় ব.ল ওটাকে দাঁতে কাটাই সমীচীন। ঠিক ঠিক, এর উচ্ছিষ্ট পান করব না, এই বলে মধু হাতে ধরা সেই গোপী মধু ছুঁড়ে .ফলে দিলেন।

১২৩। হা কষ্ট, কি করে আকাশ প....পড়ে যাচ্ছে। হায় হায় কি করে পৃথিবী ঘু....ঘুরছে। হে নাথ, তুমি আমাকে ধ....ধর, আমার গা কাঁপ (ছে) প....পড়ে যাব—এইরূপে অক্ষরের বৃদ্ধি, স্খলন এবং হ্রাসে কথা বলতে বলতে কোনও গোপী ভয়ে কৃষ্ণের গলা জাপটে ধরলেন।

১২৪। মধুর উপর ভ্রাম্যমান ভ্রমরগণের প্রতিবিম্ব দেখে নেশার ঘোরে 'এ মধুর কাইট', এ..প সন্দেহ বশতঃ এক পাত্র থেকে মধু অন্যপাত্রে ছেঁকে পরিষ্কার করে নিয়ে চললেন বল্লভকে দেওয়ার জন্য রাধিকা।

১২৫। এইরূপে মধুপানের মত্ততায়ও অধিকা এবং মনোহরত্বে অধিকার প্রাপ্তা রাধিকা কথার পুনরুক্তিকারী ও পরিপূর্ণ আনন্দের সহিত মত্তের মতো লীলা বিস্তারকারী বনমালীর সহিত হে সখি বলে সম্বোধন করে, এইরূপ আলাপ করতে আরম্ভ করলেন।

১২৬। আলি প্রেয়ন্ হরিরসি শঠঃ কৃষ্ণ মে সম্প্রসীদ
শ্যামে স ত্বামভিসরতি কিং নাথ মে ত্বং হ্যুপাস্যঃ।
ইত্যন্যোন্য-প্রকৃতিবিকৃতীভাবতোঽনন্বিতার্থং
ব্যাজল্পন্তৌ কুসুমধনুষং নিন্যতুর্মূঢ়ভাবম্ ॥

১২৭। পাকং যাতে মধুমদরসে প্রাপ্তসংস্কারশেষে
বৃদ্ধিং যাতি স্মরভুজবলে চোভয়োর্মিশ্রভাবাৎ।
রম্যা রামাবিততিরসকৌ প্রাণনাথেন সাকং
দীর্ঘোদ্রেকাং সুরতকলয়া যাপয়ামাস রাত্রিম্ ॥

১২৬। হে আলি! হে সখি! ইতি প্রথমং রাধয়া সম্বোধিতঃ কৃষ্ণঃ, ততঃ 'হে প্রেয়ন্' ইতি কৃষ্ণেন সম্বোধিতা রাধা; ততশ্চ হরতি চোরয়তীতি হরিঃ, স্ত্রীচোরস্ত্বমালি শঠোঽসীতি মানাভাসমালম্ব্য রাধয়োক্তম্, ততো হে রাধে! ত্বং প্রসীদেতি বক্তব্যে কৃষ্ণ! মে সংপ্রসীদেতি কৃষ্ণেনোক্তম্, ততো রুষ্যন্ত্যা রাধয়া হে শ্যাম! সা ত্বামভিসরতি কিমিতি বক্তব্যে শ্যামে, স ত্বামভিসরতি কিমিত্যুক্তম্। ততঃ কৃষ্ণেন 'হে নাথে! ত্বমেব মে উপাস্যা নান্যা' ইতি বক্তব্যে নাথ, মে ত্বং হ্যুপাস্য ইত্যুক্তম্। নাথ! দাসী তবাস্মীতি অলঙ্কারকৌস্তভে পাঠঃ। মূঢ়ভাবং নিন্যতুঃ, মোহয়ামাসতুরিত্যর্থঃ ॥

১২৭। পাকং যাতে জীর্ণে সতীত্যর্থঃ। তথাপি প্রাপ্তঃ সংস্কারশেষো যত্র তথাভূতে যাথার্থ্যেন স্বপরপ্রত্যভিজ্ঞায়াং বৃত্তায়ামপি সম্যঙ্ মত্ততানপগম এবেত্যর্থঃ। অতএব স্মরস্য ভুজবলে বৃদ্ধিং যাতি গচ্ছতি সতি পূর্বমতিমধূন্মাদ-ঘূর্ণালস্যাদিভিঃ স্মরবিলাসো বৈদগ্ধীরহিতঃ শিথিল এবাসীদিতি ভাবঃ। উভয়োর্মধুমদশেষকামাবেশয়োঃ ॥

১২৬। (রাধা) হে সখি। (কৃষ্ণ) হে প্রাণনাথ। (মানাভাস অবলম্বন করে রাধা:) তুমি তো স্ত্রীলোক হরণ করে নাম ধরেছ হরি, তুমি শঠ। (হে রাধে, তুমি প্রসন্ন হও, এরূপ সমুচিত উত্তর না দিয়ে কৃষ্ণ:) হে কৃষ্ণ, আমার উপর প্রসন্ন হও। অতঃপর রাগত রাধা (হে শ্যাম, আমার সখী তোমার নিকট অভিসার করেছে কি, এরূপ বলবার পরিবর্তে বললেন—) হে সখি শ্যামে, কৃষ্ণ তোমার নিকট অভিসার করেছে কি? (অতঃপর হে স্বামিনী রাধে। তুমিই আমার উপাস্যা, অন্য কেহ নহে, এরূপ বলবার পরিবর্তে কৃষ্ণ বললেন—) হে নাথ! আমার উপাস্য তো তুমিই, অন্য কেহ নহে।

এইরূপে স্বভাবের বিকৃতি ভাব হেতু উভয়ে পরস্পর অসংলগ্ন অভিযোগ করতে করতে কামদেবকে মোহিত করে দিলেন।

১২৭। মধুপানের মত্ততা-রস জীর্ণ হয়ে গেল, তথাপি মত্ততা গেল না। তবে যথার্থ ভাবে স্বরূপ অনুসন্ধান জ্ঞান জাত হল। এমত অবস্থায় কামের ভুজবল বর্ধিত হয়ে উঠলে (পূর্বে অতিশয় মধু পানে উন্মাদ ঘূর্ণা-আলস্যাদিতে কামবিলাস বৈদগ্ধী রহিত হওয়ত শিথিল হয়ে পড়েছিল) মধুমত্ততার অবশেষ ও কামের আবেশ, এই উভয়ের মিশ্র ভাবে পরমরমণীয় গোপাঙ্গনাশ্রেণী প্রাণনাথের সঙ্গে ব্রহ্মরাত্রিসম দীর্ঘ হয়ে উঠা রাত্রি সুরতকলায় যাপন করলেন।

১২৮। সান্দ্রানন্দকলেবরেণ রসিকেনানন্দিনীভিঃ সমং
স্বাভিঃ শক্তিভিরাত্মিরেব পরিতো গোপাঙ্গনানামভিঃ।
ইত্থং কাব্যকথাযথার্থবিধয়ে মাধ্বীকপানাদিকাং
সাধ্বীহাং সুরতোৎসবং চ দধতা কামঃ কৃতার্থীকৃতঃ॥

১২৯। অথ গগনবিটঙ্কপারাবতেনেব পীযূষদীধিতিনা ভুক্তাবশিষ্টাসু কতিপয়থীষু লাজাস্বিব দিবিষদ্বধূভিঃ কুসুমধিয়া কুসুমৈঃ সহ বৃষ্টপরিশিষ্টাসু রজনিরমণ্যা রজনি-রমণেন ত্রোটিতস্য দেবচ্ছন্দস্য নিপত্য বিস্মরাণাং মুক্তানাং পুনর্গ্রথনায় সমাহৃতানাং শেষভূতাসু কিয়তীষু মুক্তাস্বিব পরিমেয়তাং গতাসু তারাসু দ্বীপাৎ দ্বীপান্তরং চলতা কলধৌতময়েন গগনপয়োধিমধ্যে চলনপ্রাতিকূল্যকারিণা মরুতেব তেন রাসবিলাসেন চিরং বিলম্বয্য রক্ষিতেন চন্দ্রমঃপোতেন চিরাৎ পুনশ্চলতা প্রতীচীদিগ্দ্বীপনিকটে সমাসাদ্যমানে সতি বিভাবরী বরী-

---

১২৮। সাঙ্গোপাঙ্গাং রাসক্রীড়ামুপসংহরতি—সান্দ্রেতি। স্বাভিঃ স্বরূপভূতাভিরানন্দিনীভির্হ্লাদিনীত্যভিধানাভিঃ (বি° পু° ৬।৭।৬১) "বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা" ইতি, (বি° পু° ১।১২।৬৯) "হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকা সর্বসংশ্রয়ে" ইতি, (ব্রহ্ম-সং° ৫।৩৭) "আনন্দচিন্ময়রস-প্রতিভাবিতাভিঃ" ইতি, "হ্লাদিনী যা মহাশক্তিঃ সর্বশক্তিবরীয়সী" ইতি বিষ্ণুপুরাণ-ব্রহ্মসংহিতা তন্ত্রাদি-প্রামাণ্যাদেবেতি ভাবঃ। কাব্যেষু বিবিধকবিকৃতেষু কথাঃ প্রাকৃতনায়কালম্বনত্বেন তেষ্বসম্ভাবিতত্বেন চ ব্যর্থা এব যাস্তাসামপি যাথার্থীকৃতয়ে তা যথার্থীকর্তুং তাসাং স্বয়মেবালম্বনীভূয়েতি ভাবঃ॥

১২৯। রাত্রিবিরামং বর্ণয়তি। তারাসু পরিমেয়তাং গতাসু সতীষু বিভাবরীশরীরপরিত্যাগায় কৃতোদ্যমেব যদা সমজনিষ্ট, তদা খে আকাশে দেববধূততিরপি অতি অতিশয়েন রোপিতহৃদয়শল্যেব তিরোবভূব, অন্তরধাদিত্যন্বয়ঃ। তারাসু কাস্বিব? কুসুমৈঃ সহ বৃষ্টপরিশিষ্টাসু কতিপয়থীষু কতিপয়ানাং পূরণীষু লাজাস্বিব। তর্হি অপরা বহ্ব্যো লাজাঃ ক্ব গতা ইত্যত আহ—গগনমেব বিটঙ্কঃ কপোতপালিকা তস্য পারাবতেন শ্বেতকপোতেনৈব চন্দ্রেন ভুক্তাবশিষ্টাসু।

১২৮। (সাঙ্গোপাঙ্গ বিশিষ্ট রাসক্রীড়া উপসংহার করতে গিয়ে বলছেন—) গোপাঙ্গনা নামধারিণী হ্লাদিনী নামক স্বরূপশক্তিবর্গের দ্বারা পরিবেষ্টিত হয়ে সান্দ্রানন্দ কলেবর রসিকেন্দ্রচূড়ামণি কৃষ্ণ এইরূপে মাধ্বীক পানাদি সাধু লীলাময় সুরতোৎসব ফলাও করে উঠালেন—প্রাকৃত নায়ক-নায়িকা আশ্রয়ে রচিত যে কাব্যকথা রসসৃষ্টির অভাবে এতদিন ব্যর্থতায় পর্যবসিত হচ্ছিল, তাকে সার্থক করে তুলবার জন্য। আর এতে কামদেবও কৃতার্থ হয়ে গেলেন।

১২৯। (রাসরাত্রির বিরাম বর্ণনা করা হচ্ছে—) অতঃপর দেববধূদ্বারা কুসুম বুদ্ধিতে কুসুমের সঙ্গে বর্ষণের অবশেষ অপর যা কিছু বহু তারকা আকাশে ছিল তাও চন্দ্রদেবের আহারকালে ভুক্তাবশেষ কতিপয় খৈয়ের মতো গণনার মধ্যে এসে গেল—বিহার বশ্যতা হেতু রজণিরমণ চন্দ্রের দ্বারা ছিঁড়ে ফেলা রজনী রমণীর হারের ছিটিয়ে পড়া যে মুক্তাগুলি রজনী কুড়িয়ে নিচ্ছিল পুনরায় গাঁথবার জন্যে, সেই চয়মান্ মুক্তাগুলির মধ্যে অবশেষ কতিপয় মুক্তার মতো কমতে কমতে। এবং আকাশরূপ সমুদ্র বক্ষে দ্বীপ থেকে দ্বীপান্তরে চলমান্ চন্দ্ররূপ রূপার জাহাজ, যা চলন-প্রাতিকূল্যকারী বায়ুসম রাসবিলাসের দ্বারা দীর্ঘ সময় ধরে বাঁধা প্রাপ্ত হয়ে দাঁড়িয়েছিল, তা রাসবিলাস সমাপ্তির পর পুনরায় বহু সময় পর চলতে আরম্ভ করে পশ্চিম দিকের দ্বীপের

য়সা ভবিষ্যদ্ভগবদ্বিরহদুঃখেনেব শরীরপরিত্যাগায় কৃতোদ্যমেব যদ্যজনিষ্ট, তদা তদাকলনখেদেব খে দেববধূততিরপি তিরোহতিরোপিতহৃদয়শল্যেব বভূব ॥

১৩০। এবং বিলাসবিরতৌ, নিশোঽবসানেঽতিদীর্ঘদীর্ঘায়াঃ।
সপদি পতিম্মন্যানাং, পুনরগমন্ যোষিতঃ সদনম্ ॥

১৩১। তেঽপি চ ন পতিম্মন্যা-,স্তাঃ সুদৃশঃ স্মাভ্যসূয়ন্তি।
ছায়ারূপতয়া তাঃ, পার্শ্বস্থা ইত্যমংসতাবিরতম্ ॥

১৩২ পরপুরুষত্বং তস্য ন, পরনারীত্বং চ নো তাসাম্।
পরপুরুষত্বং তস্মিন্, পরনারীত্বং চ তাস্বেব ॥

তেজস্বিত্বমালক্ষ্যোৎপ্রেক্ষতে—রজনীতি। রজনিরমণ্যা ইতি ষষ্ঠ্যন্তং তৃতীয়ান্তঞ্চ; রজনিরেব রমণী তস্যাঃ; দেবচ্ছন্দস্য হারবিশেষস্য রজনিরমণেন চন্দ্রেন বিহারবশাৎ ত্রোটিতস্য মুক্তানাং পুনর্গ্রথনায় তয়া সমাহৃতানাং মধ্যে কিয়তীষু; "দেবচ্ছন্দোঽসৌ শতযষ্টিকঃ" ইত্যমরঃ। কলধৌতময়েন রৌপ্যময়েন; চন্দ্রমা এব পোতো মণ্ডলাকারো নৌকাবিশেষস্তেন পুনঃ রাসবিলাসে সমাপ্তে সতি চলতা সতা প্রতীচীদিগ্দ্বীপস্য নিকটে প্রাপ্যমাণে সতি বরীয়সা অতিবৃহতা তদাকলনেন তদ্দর্শনেন খেদো যস্যাঃ ॥

১৩০। সপদি তৎক্ষণাদেব, (ব্র০ সূ০ ২।১।৩৩) "লোকবল্লীলাকৈবল্যাৎ" ইতি ন্যায়েন প্রভাতাগমচকিতা ইতি ভাবঃ ॥ (১৩১)।

১৩২। লোকদৃষ্ট্যা প্রসক্তং বৈধর্ম্যং সিদ্ধান্তরীত্যা নিরস্যন্ তস্য প্রয়োজনভূতাং রসপুষ্টিঞ্চ ব্যঞ্জয়ন্নাহ—পরপুরুষত্বমিতি। তস্য শক্তিমত্ত্বাৎ, তাসাঞ্চ হ্লাদিন্যাখ্যস্বরূপশক্তিত্বাৎ পরত্বমেব তাবন্নাস্তীতি ভাবঃ। লীলারসপুষ্টিময্যা লোকরীত্যা তু তস্মিন্নেব পরপুরুষত্বং তাস্বেব পরনারীত্বমিত্যেবকারস্যোভয়ত্রান্বয়াদ্দ্বারকানাথ বৈকুণ্ঠনাথাদিস্বরূপেষু রুক্মিণী-

---

নিকট পৌঁছে গেল। আকাশে চন্দ্রতারার যখন এই অবস্থা, তখন সেই অতি দীর্ঘরাত্রি ভাবী ভগবৎবিরহ দুঃখে শরীর পরিত্যাগের জন্য যদি উদ্যম প্রকাশ করল, তখন আকাশে দেববধূশ্রেণীও যেন হৃৎশল্য অতিশয় রূপে গ্রথিত হয়ে গিয়েছে সেই ভাবে বেদনায় অন্তর্ধান করলেন।

১৩০। এইরূপে ব্রহ্মরাত্রিসম অতিদীর্ঘ হতেও দীর্ঘরাত্রির অবসানে রাসবিলাস সমাপ্ত হয়ে গেলে তৎক্ষণাৎ রমণীগণ পুনরায় পতিম্মণ্যদের ঘরে ফিরে গেলেন।

১৩১। সেই পতিম্মণ্যগণও এই সুন্দরীদের উপর কোনও দোষারোপ করলেন না যোগমায়া-সৃষ্ট ছায়ারূপা গোপীতে তাদের এইরূপ মনে হতে লাগল, আসল গোপীগণই সবসময় পাশে শুয়ে আছে।

১৩২। (লোক দৃষ্টিতে অতি ধর্মহীনতা সিদ্ধান্তানুসারে নিরসনপূর্বক কৃষ্ণের প্রয়োজনভূত রসের পুষ্টি প্রকাশ করতে করতে বলছেন—'পরপুরুষত্বমিতি'।)

শক্তিমান্ বলে কৃষ্ণের এবং তাঁরই হ্লাদিনী নামক স্বরূপশক্তি বলে গোপীদের পরত্ব বলে একেবারেই কিছু নেই। কিন্তু লীলারসপুষ্টিময়ী লোকরীতিতে সেই কৃষ্ণেতেই পরপুরুষত্ব আর গোপীদিকেতেই পরনারীত্ব দৃষ্ট হয়।

১৩৩। বিক্রীড়িতমিদমমলং, তস্য চ তাসাং চ সর্বদা সিদ্ধম্।
লোকানুগ্রহহেতোঃ, কেবলমবনৌ প্রকাশমায়াতম্॥

১৩৪। আকর্ণয়তি য এতৎ, কর্ণযুতঃ কর্ণরমণীয়ম্।
যো বর্ণয়তি চ ন তয়োঃ, সৌভাগ্যং স্যাদ্বচোবিষয়ঃ॥

ইত্যানন্দবৃন্দাবনে কৈশোরলীলালতাবিস্তারে রাসবিলাসো
নাম বিংশঃ স্তবকঃ॥ ২০॥

লক্ষ্ম্যাদি-হ্লাদিন্যংশেষু চ নিরুপধি-গাঢ়রাগানভিব্যক্তের্বশীকারাভাবদর্শনাচ্চ স্বীয়াত্ব পতিত্ব-লীলাবিষ্কারেণ ন তথা রস-পুষ্টিরিতি সূচিতম্। অতএবোক্তম্—(উং নীং শ্রীহরিপ্রিয়াপ্রং ২১) "যত্র নিষেধবিশেষঃ, সুদুর্লভত্বঞ্চ যন্মৃগাক্ষীণাম্। তত্রৈব নাগরাণাং, নির্ভরমাসজ্জতে হৃদয়ম্॥" ইতি। যত্তু পরকীয়ায়ামধর্মহেতুকত্বেনানৌচিত্যাদ্রসাভাসত্বমুক্তম্, তৎ প্রাকৃতনায়কমালস্যৈব, ন তু ধর্মাধর্মাভ্যাং নিয়ন্তুমশক্যং নিয়ন্তৃচূড়ামণীন্দ্রং শ্রীকৃষ্ণম্। যদুক্তম্ (উং নীং নায়কভেদ-প্রং ২১) "লঘুত্বমত্র যৎ প্রোক্তং তত্তু প্রাকৃতনায়কে" ইতি, (উং নীং নায়িকাভেদ-প্রং ৩) "নেষ্টা যদঙ্গিনি রসে কবিভিঃ পরোঢ়া-,স্তদগোকুলাম্বুজদৃশাং কুলমন্তরেণ" ইতি॥

১৩৩। ন চৈষা রীতিঃ প্রকটপ্রকাশ এব কেবলং কিন্তু অপ্রকটপ্রকাশেঽপ্যেষৈব লীলা নিত্যসিদ্ধেবেত্যাহ—বিক্রীড়িতমিতি॥

১৩৪। অনির্বাচ্যং সৌভাগ্যং স্যাদিত্যনেন বল্লবীজনবল্লভত্বং স্বাতিসৌভাগ্যাস্পদে নিবেশয়তীতি দ্যোতিতম্॥ বাঙ্ময়েষু মধুরা হরিগাথা-,স্তাসু কৃষ্ণচরিতান্যমৃতানি। তেষ্বপি প্রমদদিব্যধুনীং মে, রাসকেলিমনু মজ্জতু চেতঃ॥

ইতি শ্রীমদানন্দবৃন্দাবন টীকায়াং শ্রীসুখবর্ত্তিন্যাং বিংশস্তবকসঙ্গমনম্॥ ২০॥

(এই শ্লোকে 'তস্মিন্' ও 'তাসু' উভয়ের সঙ্গে 'এব' কার দেওয়াতে এইরূপ ইঙ্গিত করা হচ্ছে এখানে—দ্বারকানাথ ও বৈকুণ্ঠনাথ স্বরূপে এবং রুক্মিণী-লক্ষ্মী আদি হ্লাদিনীর অংশে নিরুপাধি গাঢ় রাগের প্রকাশ হয় না। তাই স্বীয়াত্ব-পতিত্ব লীলা আবিষ্কারের দ্বারা সেরূপ রসপুষ্টি হয় না।)

১৩৩। এইরূপে পরকীয়া ভাবের রীতি যে কেবল প্রকট প্রকাশে, তা নয়। কিন্তু অপ্রকট প্রকা-শেও এই পরকীয়া ভাবের লীলা যে নিত্যসিদ্ধ, তাই বলা হচ্ছে –'বিক্রীড়িতম্' কৃষ্ণ ও গোপীদের এই রাসলীলা নির্মল এবং নিত্যসিদ্ধ। লোকানুগ্রহ হেতু প্রকাশ মাত্র হয় এ-জগতে।

১৩৪। কর্ণবান্ যে জন এই কর্ণ রমণীয় রাসলীলা শ্রবণ করে এবং যে জন বর্ণন করে, এ দুয়ের সৌভাগ্য বাক্যের বিষয় হতে পারে না অর্থাৎ তাঁদের সৌভাগ্য অনির্বচনীয়।

(বাঙ্ময় গ্রন্থের মধ্যে হরিগাথা মধুর, আবার শ্রীহরির যত কথা আছে তার মধ্যে কৃষ্ণচরিত পরম অমৃতস্বরূপ। এই কৃষ্ণ চরিতের মধ্যে আবার এই রাসলীলা আনন্দময়ী গঙ্গাস্বরূপ—এতেই আমার মন ডুবে থাক্, এটাই প্রার্থনা।)

ইতি শ্রীআনন্দবৃন্দাবনে কৈশোরলীলালতাবিস্তারে
রাসবিলাস নামক বিংশ স্তবক।

—=★∘★=—

একবিংশঃ স্তবকঃ

১। অথ লোকাচারচারবোপপন্নমহোলা হোলাকা নাম খেলা খেলালসৈর্দিবিষদ্ভিরপি বিলোকয়িতু-মাকাঙ্ক্ষণীয়া ক্ষণীয়া ব্রজবলয়ে জবলয়েন যদি কদাচন ববলে নববলে, তদা তস্মিন্নুৎসবে স বেণুপাণিঃ কুতূহলী হলী চানুবৃন্দাবনমহি মহিম্না তস্য মহস্য বিগতত্রপে তত্র পেশলতাশলতা বৈদগ্ধ্যেন মুগ্ধে তাদৃশাং সুদৃশাং সুভগানাং মণ্ডলে মণ্ডলেপেনেব চিক্কণে কৌতুকপীযূষযূষস্য স্বস্বানুরাগবতীজনেন পৃথক্ পৃথগুপগীয়মানৌ মানৌচিত্যেন

একবিংশঃ স্তবকঃ

হোলাকেল্যনুরাগরাগনিকরপ্রোদ্গানকৌতূহলে রাসারামধৃতাবিরামরমণে রামে সরামে হরৌ।
বংশীচৌর্যমনু প্রহাসনপটৌ জল্পত্যনল্পং বটৌ দৈবাদাগত-শঙ্খচূড়মবধীদত্রৈকবিংশে হরিঃ ॥

১। শারদীং রাসলীলামুপবর্ণ্য তাদৃশীং বাসন্তীং হোলাকালীলামনুবর্ণয়তি—অথেতি। হোলাকা নাম খেলা যদি কদাচন ফাল্গুনাদিমাসে ববলে প্রাবর্তত, তদা স কৃষ্ণো বেণুপাণিঃ কুতূহলী হলী চ স্বস্বানুরাগবতীজনেন পৃথক্ পৃথগুপগীয়মানৌ বিলসতুরিত্যন্বয়ঃ। লোকাচারস্য চারবেণ চারুতয়োপপন্নং মহমুৎসবং লাতীতি তথ সা; "মহস্তূৎসব তেজসোঃ" ইতি নানার্থসান্তবর্গঃ। ব্রজমণ্ডলে ক্ষণীয়াঃ প্রতিক্ষণভবাঃ প্রাতর্মধ্যাহ্ন-প্রদোষ-নিশীথাদিকালনিয়মোঽপি তত্র

একবিংশ স্তবক

মুরলীচৌর্যবিলাস ঃ

হোলী খেলোৎসব ঃ

১। (শারদীয়া রাসলীলা পুঙ্খানুপুঙ্খ বর্ণন করবার পর তাদৃশী অন্য এক লীলা, বসন্তকালীন হোলী-খেলার বর্ণনা করা হচ্ছে এখানে, যথা—)

অতঃপর কোনও একদিন শীঘ্রযোগে হোলিনামে এক খেলা, যা সকাল সন্ধ্যাদি যে কোনও সময়ে ব্রজমণ্ডলে অনুষ্ঠিত হওয়ার যোগ্য, তা বলদর্পে উচ্ছ্বসিত হয়ে উঠল। এই হোলিখেলা লোকাচারের চারুতায় আগত সফল উৎসবময়ী। খেলালস দেবতাগণও এ দেখতে আকাঙ্ক্ষা করেন। এই হোলিরঙ্গে চাতুর্যের প্রাচুর্যে ও বৈদগ্ধীতে মনোহরা সুনয়নী রমণীমণ্ডল মধ্যে নিজ নিজ অনুরাগবতী গোপীজনের দ্বারা পৃথক্ পৃথক্ ভাবে স্তূয়মান্ মালা-বসন-অলঙ্কারে চিত্তচমৎকারকারী বেণুপাণি কৃষ্ণ ও কুতূহলী হলধর প্রণয়ী সখাগণের সঙ্গে

পৃথক্ পৃথক্ বিহরন্তৌ হরন্তৌ নিজনিজরমণীমনো মনোরমালেপমালামালাবসনালঙ্কার-চমৎকৃতিকৃতিনৌ সরাগং রাগং কমপি চালপন্তৌ তৎস্বরগ্রামগ্রামমূর্চ্ছনর্চ্ছনাতিদক্ষতাক্ষতানন্দৌ দেশাচারবশতোঽবশতোষতয়া সহ সহচরৈরপি প্রণয়িভিঃ শ্রবণসুখকরকরতালিকাচলবলয়ঝঙ্কারানুকূলমধুরতাবাদিবাদিত্রসমসমদচর্চ্চর্চ্চরীদ্বিপদিকাদিকান্ত-গানপরৈরপরৈরপি পরিজনৈঃ সমং সমন্ততো মধুরজনিমধুরজনিশোভাতিশয়ে হিমকরকরনিপাত-শাতশাবল্যবল্য-সৌভগে তরুতরুণিমাবিরামরামণীয়কে কাননোদ্দেশে কেকাননোদ্দেশে চিরং বিললসতুঃ ॥

২ । তত্র চ— বারুণীমদবিঘূর্ণিতেক্ষণো, গণ্ডমণ্ডলচলৈককুণ্ডলঃ ।
স্বানুরাগিরমণীভিরাবভৌ, গান-নর্ত্তন-কুতূহলী হলী ॥

নাস্তীতি ভাবঃ। জবলয়েন শীঘ্রযোগেন ববলে, যদি প্রবলা বভুব। অনুবৃন্দাবনমহি বৃন্দাবনভূমিং লক্ষীকৃত্য সুদৃশাং মণ্ডলে পেশলতয়া সৌন্দর্যেণ চাতুর্যেণ বা শলতা প্রচুরতা বৈদগ্ধ্যেন মুগ্ধে মনোহরে কৌতুকমেব পীযূষং তস্য যূষস্য দ্রবস্য মণ্ডলেপেনৈব চিক্কণে। স্বরাণাং গ্রামাণাং গ্রামস্য সমূহস্য মূর্চ্ছনায়াশ্চ ঋচ্ছনে গতৌ অতিদক্ষতয়া অক্ষতানন্দৌ অনুপহতহর্ষৌ। অবশস্তোষো যেষাং তত্তয়া সহচরৈরপি সহাতিমহত্ত্বাৎ প্রাবল্যাচ্চ হর্ষো যেষাম্; ন বশীভূতঃ, অতএব হর্ষস্যৈব যে বশাস্তৈরিত্যর্থঃ। মধুরতয়া মধুরতাং বা বদিতুং শীলং যস্য তথাভূতং যদ্বাদিত্রং মৃদঙ্গাদিবাদ্যং তৎসমা তদনুরূপা মদচর্চ্চা কস্তূরীচর্চেব যা চর্চরী তথা সাহিতানাং দ্বিপদিকাদীনাং কান্তগানপরৈঃ। মধুরা জনিরুৎপত্তির্যস্যাস্তথাভূতা যা মধুরজনির্বসন্তরাত্রিস্তয়া শোভাতিশয়ো যস্মিংস্তথাভূতে কাননোদ্দেশে কেকানাং ময়ূরবাণীনামননোদ্দেশো জীবনোদ্দেশো যত্র তস্মিন্; হিমকরস্য করনিপাতেন শাতং সুখদং শাবল্যং বৈচিত্র্যং তেন বল্যং সৌভগং যস্য তস্মিন্ ॥ (২)।

৩। হিমগৌরাদ্বপুষঃ সকাশাদবিশ্লেষেণাতিশিতিনাতিশ্যামেন বাসসা অন্তরীয়েণোত্তরীয়েণ চার্ধমর্ধমুরসঃ

খেলায় মেতে উঠলেন। তাঁরা দুভাই নিজ নিজ সম্মানের ন্যায্যতানুসারে পৃথক্ পৃথক্ ভাবে বিহার করতে করতে নিজ নিজ রমণীদের মন হরণ করছিলেন। তাঁরা অনুরাগের সহিত অনির্বচনীয় রাগ আলাপ করছিলেন এবং সেই রাগের স্বর গ্রামসমূহের মূর্চ্ছনার গতিতে অতি দক্ষতা হেতু অখণ্ড আনন্দে উচ্ছল হয়ে উঠ্‌ছিলেন। এই নববলদীপ্ত উৎসবে বৃন্দাবনভূমির গুণে ও উৎসব প্রভাবে সৌভাগ্যবতী রমণীগণ লজ্জায় জলাঞ্জলি দিলেন এবং কৌতুকামৃত দ্রবের মণ্ডলেপে চিক্কন হয়ে উঠলেন। আনন্দোচ্ছল সখাগণ অপর পরিজনদের সঙ্গে মিলিত হয়ে দেশচার অনুসারে শ্রবণসুখকর করতালিকা, চঞ্চল বলয়-ঝঙ্কারের পোষক মধুর ধ্বনিযুক্ত মৃদঙ্গাদি বাদ্য ও তদনুরূপ কস্তুরীচর্চের মতো চর্চরী তালের সঙ্গতে দ্বিপাদিকাদি কমনীয় গান গাইতে লাগলেন।

এইরূপে বহুকাল ধরে ক্রীড়া করে বেড়াতে লাগলেন শ্রীকৃষ্ণ বলরাম মধুরতার উদয়স্থলী বসন্ত-রাত্রিদ্বারা অতিশয় শোভিত চন্দ্রকিরণপাতে সুখদ বৈচিত্রীতে ও বর্ণ সৌন্দর্যে উচ্ছল, তরুশ্রেণীর তরুণিমার নৈরন্তর্যে রমণীয়তা প্রাপ্ত এবং যেখানে একমাত্র ময়ূরের কেকারবেই জীবনের চিহ্ন প্রকাশিত হচ্ছে এমন নির্জন কানন প্রদেশের চতুর্দিকে।

২। এ সম্বন্ধে আরও বিস্তারিত ভাবে বলা হচ্ছে ক্রমশঃ—

বারুণীমদবিঘূর্ণিত নয়ন, গণ্ডমণ্ডলে নৃত্যশীল এক কুণ্ডলধারী গাননর্তন কুতূহলী হলধর নিজ অনু-রাগিণী রমণীদের সহিত শোভা পেতে লাগলেন।

৩ কিঞ্চ, বিশ্লেষেণ বপুষো হিমগৌরা-,দ্বাসসাতিশিতিনা কৃতশোভঃ।
অর্দ্ধমর্দ্ধমুরসঃ স্খলতেব, ভ্রাজতে স্ম তিমিরেণ শশাঙ্কঃ॥

৪। কিঞ্চ, ক্ষণং নটতি চর্চরী-দ্বিপদিকাদি গানক্রমে
বলঃ প্রমদবিহ্বলঃ স্বয়মভূন্মদো মূর্ত্তিমান্।
ক্ষণং হসতি গায়তি ক্ষণমপি প্রিয়াভিঃ সমং
রজঃ কিরতি কৌঙ্কুমং সুরভিকামসিন্দূরবৎ॥

৫। চন্দ্রাবলী নিজসখী-নিকরেণ রাধা, প্রাণপ্রিয়েণ ললিতাদি-সখীজনেন।
শ্যামা নিজালিনিচয়েন নিজেন ভদ্রা, স্বালীকুলেন নিবহৈঃ সহ যূথপানাম্॥

৬। অন্যোন্য-হাস-পরিহাস বিলাসপূর্বং, সৈন্দূর-কৌঙ্কুমরজোনিকরং কিরন্ত্যঃ।
বীণাদি-বাদনবিধানরসেন মুক্ত-,কণ্ঠং জগুর্দ্বিপদিকাং মদিরায়তাক্ষ্যঃ॥

৭। কৃষ্ণঃ কলেন মুরলী নিনদেন তাসাং, বিদ্রাবয়ন্ সুচিরসঞ্চিতগানগর্বম্।
কাশ্মীররেণুনিকরেণ সমং সমন্তা-,ত্তাভিঃ প্রমোদ রভসেন বিকীর্য্যতে স্ম॥

৮। অবাঙ্মুখতয়া বরং সহত এব মুগ্ধভ্রুবাং, সঝঙ্করণকঙ্কণং করতলেন কীর্ণং রজঃ।
মদাবিলকলাকুলঃ কলভরাজবন্নিশ্চলঃ, সমুজ্ঝতি ন চর্চরীরুচিরবেণুগানং হরিঃ॥

সকাশাং স্খলতেব॥
৪। স্পষ্টম্॥
৫। সপক্ষ সুহৃৎপক্ষ-তটস্থপক্ষ প্রতিপক্ষীত্বরূপ চাতুর্বিধ্যেঽপি তাসাং হোলোকোৎসবে মিথঃ সৌহার্দ্যমেবোদ-

---

৩। আরও, বলদেবের কর্পূরধবল বক্ষোদেশ থেকে গাঢ় নীল উত্তরীয় অর্ধ অর্ধ স্খলনে এক অপূব শোভার সৃজন হল, যেন অন্ধকারের গাঢ় কালিমা ভেদ করে শুভ্রচন্দ্রমার উদয় হচ্ছে।

৪। আরও, অতিশয় আনন্দবিহ্বল বলদেব ক্ষণকাল চর্চরী-দ্বিপকাদি গানের তালে তালে নাচ্ছেন, স্বয়ম্ আনন্দই যেন মূর্তিমান্ হয়ে উঠলো ক্ষণকাল হ সৃছেন গাইছেন, আবার ক্ষণকাল সুগন্ধী কুঙ্কুম আবির ছুড়ে ছুড়ে মারছেন প্রিয়াদের দিকে, যেন কামসিন্দুর পরিয়ে দিচ্ছেন তাঁদের ললাটে।

৫, ৬। নিজ সখীগণ সঙ্গে চন্দ্রাবলী, প্রাণপ্রিয় ললিতাদি সখীজন সঙ্গে রাধা, নিজ সখীগণ সঙ্গে শ্যামা এবং নিজগণ সঙ্গে ভদ্রা অগণিত যূথেশ্বরীদের সহিত মিলিত হয়ে খঞ্জননয়নী তাঁরা সকলে পরস্পর হাস-পরিহাস-বিলাসপূর্বক স্বচ্ছন্দে সিন্দুর ও কুঙ্কুমধূলি ছুড়তে ছুড়তে বীণাদি বাদন-রসের সহিত মুক্তকণ্ঠে দ্বিপদিকা গান গাইতে আরম্ভ করলেন।

৭। গোপীদের দীর্ঘকাল সঞ্চিত গানগর্ব কৃষ্ণ বিতাড়িত করে দিলেন, মধুর অস্ফুট মুরলীনিনাদে। গোপীগণ সকলে তাঁকে ঘিরে ধরে বিপুল আনন্দবেগে কুঙ্কুম আবিরের নিক্ষেপে নিক্ষেপে ছেয়ে ফেললেন।

৮। মদমত্ত কলাকুল করিশাবক শ্রেষ্ঠের মতো হরি বরঞ্চ অধোমুখে সইতে থাকলেন, মুগ্ধা সুন্দরী-দের কঙ্কণ ঝঙ্কারের সহিত ছুড়িত ঐসব আবির, তবুও চর্চরী তালের মনোহর বেণুগান বন্ধ করলেন না।

৯। এবং খেলাবিক্রম-ক্রমতঃ সবিভ্রম-ভ্রমণবশাৎ বলদেবালম্বিনীনাং নিতম্বিনীনাং নিতরামুন্মদানাং দানান্ধ্যবন্ধুরসিন্ধুরসিংহবৎ কুতূহলিনা হলিনা সহ তত্রৈব সান্নিধ্যে সতি—

গায়ন্ত্যো গাপয়ন্ত্যশ্চলবলয়করোত্তাল-তালানুকারং
নৃত্যন্ত্যো নর্ত্তয়ন্ত্যঃ পদকমললসন্মঞ্জুমঞ্জীরঘোষৈঃ।
রামা রামানুরক্তা ঋজুসরসদৃশো লৌকিকেনোপহাসে-
নাদূরাদ্দেবরাঙ্গে সকুতুকমকিরন্ কৌঙ্কুমীঃ কেলিধূলীঃ॥

১০। ততশ্চ, কৃষ্ণাপাঙ্গেঙ্গিতজ্ঞৈঃ সহচরনিকরৈর্লোহিত-শ্বেত-পীতান্
পিষ্টাতানুৎকিরদ্ভির্যুগপদুপচিতৈর্দ্রাব্যমাণাসু তাসু।
গাম্ভীর্য্যস্নিগ্ধমুগ্ধোল্লসিতবিহসিতঃ কূজিতেনৈব বেণোঃ
কৃষ্ণস্তাঃ পর্য্যহাসীদথ পরিজহসু সুস্বনং কৃষ্ণবধ্বঃ॥

১১। এবং করকিশলয়লয়ললিতোত্তালতালপুরঃসরং হো হো হী হীতি হাস-পরিহাস-পরিপাট্যা পরিতঃ পরিসরৎসু কৃষ্ণপরিজনেষু তৎকুতূহলহলহলাশব্দেন কুপিতো মদকলকলভ ইব মদমত্তপ্রবরো হি রোহিণী-

গাদিত্যাহ—চন্দ্রাবলীতি ॥ (৬)।

৭। তাভিঃ কর্ত্রীভিঃ কৃষ্ণো বিকীর্য্যতে স্মেত্যর্থঃ ॥

৮। কলভরাজপক্ষে, মদেনাবিলঃ কলেনাকুলশ্চেতি সঃ; হরিপক্ষে, মৃগমদরসলিপ্তো বৈদগ্ধীপূর্ণশ্চেতি সঃ ॥

৯। দানান্ধ্যেন বন্ধুরশ্চাসৌ সিন্ধুরসিংহো মত্তগজোত্তমশ্চেতি তথা তেনেব। ঋজুসরসদৃশ ইত্যনেন ভ্রাতৃজায়াত্বাভিব্যঞ্জনোচিতো ভাব এব তাসাং কৃষ্ণে দর্শিতঃ ॥

১০। পিষ্টাতান্ সুগন্ধধূলীঃ;—"পিষ্টাতঃ পটবাসকঃ" ইত্যমরঃ ॥

৯। যিনি তাঁর নিজ অতি মদমত্তা সুন্দরী প্রেয়সীবর্গের মধ্যে মদবারিতে শোভন মত্ত গজশ্রেষ্ঠের মতো দাপিয়ে বেড়াচ্ছেন সেই কুতূহলী হলধরের সান্নিধ্যে যখন হরি এইরূপ খেলাবিক্রম-পদক্ষেপে সলীলায় চলতে চলতে এসে গেলেন তখন—

ভ্রাতৃজায়া ভাবের অভিব্যক্তিতে সহজ সরস নয়না হলধরানুরক্তা নারীগণ চঞ্চলবলয়যুক্ত হাত উপরে উঠিয়ে তালানুকরণ পূর্বক গান গাইতে গাইতে, পরস্পর গাওয়াতে গাওয়াতে এবং পদকমলে বিলসিত মঞ্জু মঞ্জীর-নাদের সহিত নাচতে নাচতে ও পরস্পর নাচাতে নাচাতে লৌকিক উপহাসের সহিত নিকট থেকে দেবরের অঙ্গে কৌতুক পূর্বক কুঙ্কুম কেলিধূলি নিক্ষেপ করতে লাগলেন।

১০। অতঃপর কৃষ্ণের চোখের ইসারা অভিজ্ঞ সখাগণ সকলে একসঙ্গে জড় হয়ে লাল-শাদা-পীত সুগন্ধী আবির বার বার ছুড়তে থাকলে বলদেব প্রিয়াগণ দৌড়ে পালাতে লাগলেন। ওঁদের অবস্থা দেখে গাম্ভির্যে স্নিগ্ধ-মুগ্ধ-উল্লসিত কৃষ্ণ স্মিত বদনে বেণুর কূজনেই তাঁদের পরিহাস করতে লাগলেন। অতঃপর কৃষ্ণবধূগণও তাঁদের সুস্বরে পরিহাস করতে লাগলেন।

১১। এইরূপে কৃষ্ণপরিজনগণও হাততালি দিয়ে ললিত উৎকট তাল বাজাতে বাজাতে 'হো হো

সুতঃ কেলীধূলীধূলীলয়া খেলাজিত্বরো জিত্বরো ভবন্নভিধাবতি স্ম ॥

১২। তদবসরে সিংহাবলোক-ন্যায়েন গতয়াপ্যাগতয়েব লজ্জয়া জয়াকাঙ্ক্ষিণ্যেব হতপ্রতিভাপ্রতিভানাস্বপস্হতাসু তাসু কৃষ্ণবনিতাসভাসু ভাসুরতয়া সমুপসর্পৎসু সহচরেষু স ভগবানেককুণ্ডলী কুণ্ডলীন্দ্রভোগভুজো ভুজোপপীড়ং হসন্নেব সহচরানাপীড্য কেলিধূলিভির্ধূসরয়ামাস ॥

১৩। তৈরথ চ রথচরণপাণিসহচরৈর্বলাৎ বলাৎ স্বং মোচয়িত্বা সংভূয় ভূয়ঃ সকলৈরেব যুগপদসাধ্বসং সাধ্বসংভ্রান্তঃ স খলু খেলাকৌতুকেন কেনচিদগণিতগৌরবৈ রবৈকমুখরমুখরম্যৈঃ সিন্দূরপাংশুভিরুদংশুভিরুদস্যমানৈঃ পর্য্যভাবি ॥

১৪। দরহসিতসিতদশনজ্যোৎস্নাস্নানসরসদশনবসনং স নন্দকুমারো মা রোচতেঽয়ং বোঽন্যায়ো মে যদেকাকিনমাযামনার্যামনাস্ত্ব.দৃশাং গণঃ সম্ভূয় পরিভবতীতি যদি নিবারয়ামাস, তদা কমলরাগরাগপরিষিক্তং হীর-

১১। করকিশলয়য়োর্লয়েন; শ্লেষেণ, ললিত উত্তাল উৎকটঃ শ্রেষ্ঠো বা যস্তালস্তৎপুরঃসরম্; "উত্তাল উৎকটে শ্রেষ্ঠে" ইতি মেদিনী। হি যতো মদেন মত্তপ্রবরঃ, অতঃ কুপিতঃ কেলিধূলীনাং ধূশ্চালনং তল্লীলয়া খেলৈব আজির্যুদ্ধং তত্র ত্বরা যস্যঃ সঃ ॥

১২। কুণ্ডলীন্দ্রভোগভুজঃ শেষনাগশরীরসদৃশ ভুজদ্বয়ঃ; ভুজোপপীড়ং ভুজাভ্যামুপপীড্য ॥

১৩। রথচরণপাণেঃ কৃষ্ণস্য সহচরৈঃ স বলদেবঃ সাধ্বসম্ভ্রান্তোঽপি পর্যভাবি অজীয়ত ॥

১৪। বো যুষ্মাকময়মন্যায়ো মে মহ্যং মা রোচতে। কমলরাগস্য রাগেণ রক্তিম্না পরিষিক্তমিত্যনেনাতিকোমলানাং

হী হী' এরূপ হাস পরিহাস পরিপাটিতে চতুর্দিকে ঘুরে বেড়াতে থাকলে সেই কুতূহল হলাহল শব্দে ক্রুদ্ধ ও মত্ততা হেতু কলধ্বনিকারী, করিশাবকের মতো মদমত্তশ্রেষ্ঠ এবং খেলারণে চট্‌পটে রোহিণীসুত কেলীধূলি ছোড়নখেলায় জয়লাভ করে কৃষ্ণপরিজনদের পিছে পিছে দৌড়াতে লাগলেন।

১২। আর সেই অবসরে সিংহাবলোকন ন্যায়ে (শিকার বধের পর সিংহের দৃষ্টি যেমন আগে পাছে চলতে থাকে তেমনই) জয়াকাঙ্ক্ষীণী জনের মতো গিয়েও না-যাওয়ার ভাবে লজ্জায় উপস্থিত বুদ্ধির প্রকাশ হারা হয়ে সেই কৃষ্ণবনিতাসভা পালিয়ে গেলেন। অতঃপর কৃষ্ণসহচরগণ প্রদীপ্ত ভাবে সম্মুখে এগিয়ে এলে ভগবান্ এককুণ্ডলধারী ও শেষনাগশরীর সদৃশ ভুজযুগলে শোভন বলদেব হাসতে হাসতেই তাঁদিকে বাহুদণ্ডে খুব জোরে চেপে ধরে তাড়না করত কেলিধূলি দ্বারা একেবারে ধূসরিত করে দিলেন।

১৩ অতঃপর খেলাকৌতুকে বলদেবের প্রতি স্বাভাবিক গৌরববুদ্ধি হারা, হৈ-হুল্লোড় রবে মুখর মুখের শোভায় রম্য এবং উদ্দাম সেই কৃষ্ণসহচরগণও বলপূর্বক নিজদিকে বলদেবের হাত থেকে ছুটিয়ে নিয়ে পুনরায় সকলে একত্র মিলিত হয়ে নির্ভয়ে অতি উজ্জ্বল সিন্দুরধূলি ছুড়ে ছুড়ে বলদেবকে হারিয়ে দিলেন—তিনি সম্পূর্ণ ভয়চকিত ভাব শূন্য অবস্থায় থাকলেও।

১৪। মৃদু হাসিমাখা দশনজ্যোৎস্না-স্নানে সরস অধরা নন্দকুমার বললেন, এ তোমাদের অন্যায়। আমার তো ভাল লাগছে না। কারণ অভদ্রমনা তোমাদের মতো বহুজনে মিলে একক আমার ভাইকে অবমাননা করছ, এই বলে তাঁদের থামিয়ে দিলেন।

কস্তম্ভমিব,জবারুচিজবারুচিরং মহাস্ফটিকাঙ্কুরমিব,বালারুণারুণায়িতং সুমহিমহিমগিরিশিখরমিব,প্রচলকোককোকনদকাননাক্রান্তং পুণ্ডরীকখণ্ডমিব, সন্ধ্যারাগপরভাগপরভাস্বরং পূর্ণচন্দ্রমণ্ডলমিব, সিন্দূররেণুরুষিতং মদকৌতুকশবলং বলং বিলোক্য তদ্বনিতা নিতান্তরাগিণ্যঃ পুনস্তমভিতোঽভিতোষেণ সহ নৃত্য-গীত-বাদ্যাভিবাদ্যাভিনয়েন বিহারবিক্রমতঃ ক্রমতঃ কিয়দন্তরিতা যদি বভূবুঃ, তদা তদারাৎ কৃষ্ণমহেলা কামহেলা কাপি কাপিশায়নপানমত্ততয়েব মহনীয়মহনীয়মানোৎকণ্ঠয়া সমুল্ললাস ॥

১৫। 'কথং হ্রিয়তেঽস্য বংশিকা বংশিকাসুরভের্ভুজাভোগতো গতোল্লাসশ্চ কথময়ং সম্পদ্যতে তদ্-

---

সিন্দুররেণূনাং কাঠিন্যং প্রসক্তমিত্যন্যথোপমিমীতে। জবানাং রুচিজবেন কান্তিবেগেন আ সম্যক্ রুচিরম্। তেনাপি স্ফটিকস্য স্বীয়বর্ণাতিলোপান্নাতিসারস্যমিত্যত আহ—বালারুণেন প্রাতরুদিতসূর্যেণারুণায়িতম্। অনেনাপ্যতিশীতলানাং তেষামৌষ্ণ্যং প্রসক্তমিত্যন্যথাহ—প্রচলাঃ কোকাশ্চক্রবাকা যত্র তদিত্যুপমানস্যৈব বিশেষণং প্রক্রান্তযমকভঙ্গভয়াভাবায়। অত্রাপি কোকনদবর্ণেনারুণীভাবো নাস্তি; পুণ্ডরীকস্যেত্যত আহ—সন্ধ্যারাগেতি। অত্র তেষাং মৃদুলত্বমনুষ্ণত্বং চন্দ্রস্য স্বরূপাতিরোধনঞ্চেতি সর্বং সমঞ্জসম্। পূর্বানুবৃত্তেনামর্ষেণ মদকৌতুকাভ্যাঞ্চ সঞ্চারিভ্যাং শবলং জাতশবলীভাবম্। নৃত্যগীতবাদ্যৈরভিবাদ্যেনাত্যাদরণীয়েনাভিনয়েন। কৃষ্ণেন সার্ধং যদি রামকান্তাঃ খেলন্ত্যে এবাচিরতো জিতাঃ স্যুঃ, কৃষ্ণং সকান্তং সসখিব্রজং হলী জিগীষুরাধাবতি, তর্হি মত্তঃ কৃষ্ণঃ সখীনেব নিযোধয়ন্ স্বয়ং তৈস্তং বিজিত্যৈব যদেতি দূরম্, তদা বলঃ খেলতি স্ব-প্রিয়াভিঃ কৃষ্ণস্তদা স্বাভিরিতি ব্যবস্থা। অতএব তদা তদারাদ্ দূরে শ্রীরাধাদিভির্নিজককান্তাভিঃ কৃষ্ণেন খেলায়াং প্রক্রম্যমাণায়াং সত্যামিত্যর্থঃ। কাপিশায়নং মধু। মহনীয়া শ্লাঘনীয়া চ মহে উৎসবে নীয়মানা চ যা উৎকণ্ঠা তয়া ॥

১৫। অস্য কৃষ্ণস্য ভুজায়া ভুজস্য সর্পতুল্যস্য ভোগঃ ফণতুল্যো যঃ; পাণিস্তস্মাৎ; বংশিকায়া অগুরোরিব সুরভি-

---

তখন কমলরাগের লালিমায় আলিঙ্গিত হীরকস্তম্ভের মতো, জবার কান্তিবেগে সমুজ্জ্বল মহাস্ফটিকাঙ্কুরের মতো, বালারুণে অরুণায়িত অতি গৌরবান্বিত তুষারগিরি-শিখরের মতো, চক্রবাক-অধ্যুষিত কমলবনের দ্বারা ঢাকা শ্বেতপদ্ম খণ্ডের মতো, (উপমাগুলি পর পর কোনটিই নিখুত না হওয়াতে একটি নিখুত উপমায় এসে মন শান্ত হল যথা—)অথবা, সন্ধ্যারাগের রমণীয় লালিমার আভায় সমুজ্জ্বল পূর্ণচন্দ্রমণ্ডলের মতো, সিন্দুর-রেণু-লিপ্ত এবং ক্রোধ-গর্ব-কৌতুকমিশ্র সঞ্চারী ভাবে ভাবিত বলদেবকে দেখে অতিশয় রাগবতী তাঁর বনিতা-গণ পুনরায় তাঁকে ঘিরে নিয়ে অতি আনন্দের সহিত নৃত্যগীতবাদ্যের সঙ্গতে অতি আদরণীয় অভিনয় পূর্বক বিহারবিক্রমে ক্রমে ক্রমে কিছুদূর যদি চলে গেলেন, তখন কিছুদূরে কৃষ্ণের সঙ্গে বিরাজমানা শৃঙ্গারসূচক কোনও অনির্বচনীয় হাবভাবযুক্তা কৃষ্ণমহিলাগণ মধুপানমত্ততায় প্রশংসনীয় উৎসবে যা চিত্তে ভরে সঙ্গে নিয়ে যাওয়া হচ্ছে সেই উৎকণ্ঠায় সমুল্লসিত হয়ে উঠলেন।

গোপীদের বংশীচুরি-মন্ত্রণা ও তৎভয়ে বটুর মুরলীরক্ষণ-ভার গ্রহণঃ

১৫। কৃষ্ণপ্রেয়সীগণ পরস্পর মন্ত্রনা করতে লাগলেন—

অগুরু সুরভিক্ত সর্পশরীর তুল্য ওর বাহুদণ্ডের থেকে কি করে বংশী চুরি করা যায়? আর দেখি না

বিয়োগেন যোগেন যস্যাঃ কূজিতেনাস্মাকমেতাবতি গানকৌশল্যে শল্যেন বিদ্ধমিব বৈদগ্ধ্যং ভবতি; তদিয়মবশ্যং বংশী বশীভাবমাপাদনীয়া' ইতি পরস্পরং মন্ত্রণানৈপুণ্যপুণ্যতামুদ্ভাব্য—

ন সাক্ষাদাকৃষ্যা ভবতি মুরলী নাস্য করতো
বিরামোঽস্যা নাস্যাপ্যবতরতি বৈবশ্যসময়ঃ।
কথঙ্কারং ভূয়াদপহরণমস্যা ইতি দর-
স্মিতং কর্ণে কর্ণে নিভৃতমলগন্ পঙ্কজদৃশঃ॥

১৬। এবং নিভৃতভৃতযুক্তয়ো বিবশীকরিষ্যমাণপুরুষবৃষভা বৃষভানুপুত্রীমুপসৃত্য 'সুভগে যদি কৃষ্ণবংশী-বশীকরণলোভবতী ভবতী ভবতি, তদা কৃতকৃতকবাম্যা ক্ষণং ভবতু, তদা কৃষ্ণস্য বংশীবাদনপ্রগল্ভতা অপযাস্যতি, যাস্যতি নঃ সঙ্গীতমতিকৌশলন্' ইতি কথয়ন্তীষু নিভৃতং সর্বাসু কুসুমাসবস্তু বস্তুতো ন জানন্নপি সহজবাচাল-তালতাকুসুমপরিমলয়া প্রতিভয়া ভয়াভাবতঃ কৃষ্ণং জগাদ,—'বয়স্য! ইমাঃ খলু মুরলীগানানুরূপং সুরূপং সুষ্ঠু গাতুমসমর্থা মুরলীমপহর্তুং মন্ত্রয়ন্তে, তদিমাং ময়ি সমর্প্য কণ্ঠেনৈব গীয়তাম্। মম ব্রাহ্মণস্য প্রভা প্রভাবতো নিকটং প্রকটং প্রযাস্যন্তি নেমাঃ॥'

র্থস্য তস্মাৎ; "বংশিকাগুরুরাজার্হলোহক্রিমিজজোঙ্গকম্" ইত্যমরঃ। মন্ত্রাণাং নৈপুণ্যস্য পুণ্যতাং চারুতাম্; "পুণ্যং তু চার্বপি" ইত্যমরঃ। কথঙ্কারমিতি ন সাক্ষাদিত্যাদিনাঽপহরণস্য ত্রয়াণামুপায়ানামুক্তানাং মধ্যে কঃ খল্বত্র ফলিষ্যতীতি ভাবঃ॥

১৬। তত্র তৃতীয় এবোপায়ঃ প্রবলঃ সুকরশ্চ তাভির্নির্ণীত ইত্যাহ— এবমিতি। বিবশীকরিষ্যমাণঃ পুরুষো বৃষভঃ কৃষ্ণো যাভিস্তাঃ, কৃতং কৃতকং কৃত্রিমং বাম্যং মানলক্ষণং যয়া তথাভূতা ভবতী ভবতু। ততশ্চ ত্বৎপ্রসাদমনুপলভ্য বিবশী-ভবিষ্যতোঽস্য কৃষ্ণস্য বংশীং প্রত্যনবধানে সতি তাং সুখেন বয়ং চোরয়াম ইতি ভাবঃ। কিঞ্চ, তাভিরচিন্তনীয়ো দৈব-

---

এই বংশীর বিয়োগে কি করেই বা গতোল্লাস প্রিয়তম কার্যকুশল হয়? বংশী হাতে থাকলেই তো ওর কূজনে গানচাতুর্যে আমাদের এত যে বৈদগ্ধী তাও শল্যবিদ্ধের মতো হয়ে পড়ে। কাজেই অবশ্য এ-বংশী আমাদের হাতের মুঠায় নিয়ে আসতে হবে। এইরূপে পরস্পর মন্ত্রণা চাতুর্যের চারুতা উদ্ভাবন করবার পর কমলনয়নাগণ ঈষৎ হাস্য সহকারে কৃষ্ণকে একটু আড়াল করে কানাকানি করতে লাগলেন —

এ মুরলী এর চোখের সামনে কেড়ে নেওয়া যাবে না। হাত থেকে মুরলী কখ ও নামিয়ে রাখাও হয় না। এমন কি বিহ্বল অবস্থায়ও হাত থেকে ওটি খুলে পড়ে যায় না তা হলে বুঝে দেখ, উক্ত উপায় ত্রয়ের মধ্যে কোন্‌টাই বা কাজে লাগতে পারে এখানে।

১৬। (হাত থেকে খুলে পড়ে যাওয়া রূপ উপর্যুক্ত তৃতীয় উপায়টিকেই প্রবল এবং সুকর উপায় বলে নিশ্চয় করে নিলেন গোপীগণ। তাই বলা হচ্ছে —'এবমিতি'।)

এইরূপে নিভৃতে যুক্তি-পাকানো গোপীগণ কৃষ্ণকে বিহ্বল করার সচেষ্ট হয়ে বৃষভানুপুত্রীর নিকট গিয়ে বললেন—'হে সৌভাগ্যবতী রাধে! যদি তুমি কৃষ্ণ ংশী নিজ বশে আনবার জন্য লোভবতী হয়ে থাক, তবে ক্ষণকাল কৃত্রিম বাম্যভাব ধারণ করে বসে থাক। এতে কৃষ্ণের বংশীবাদন প্রগল্ভতা দূরে পালিয়ে যাবে। আর

১৭। কৃষ্ণ আহ,—'বয়স্য! ভবতো বসন্তোৎসব এব দৃষ্টা ব্রাহ্মণস্য প্রভাবাঃ প্রভাবাহুল্যং চ, তদদ্য মুরলীরক্ষণক্ষণক্ষমতা তব সাধীয়সী ভবিষ্যতীতি কঃ সন্দেহঃ ॥'

১৮। স আহ, 'ভো বয়স্য! যস্য মন্ত্রণতো ভবান্ সর্বোৎকর্ষশালী শালীনঃ, সোঽহং মুরলীং রক্ষিতুমেব সমর্থো ন ভবেয়ং ভবে যং কোঽপি দ্রষ্টুমপি নেষ্টে মেষ্টে ময়ি তত্রাবিশ্বাসং কার্ষীঃ ॥'

১৯। কৃষ্ণ আহ, –'যদি ভবৎকরতলতোঽতলতোষ মহোৎসব-সবহুমদাভিরাভিরাকৃষ্যতে মুরলী, তদা কিমধ্যবসেয়ম, সেয়ং বা কথং লপ্স্যতে ?'

২০। স আহ,– 'দৃশ্যতাং মত্তপঃপ্রভাবঃ' ইতি নিঃসাধ্বসং মুরলীমাকৃষ্য কক্ষে কৃত্বা 'বয়স্য! কণ্ঠেনৈব গীয়তাম্।' কৃষ্ণঃ –'যথা রুচিতং ভবতে' ইতি গাতুমুপক্রমতে ॥

ঘটিতঃ কোঽপ্যন্য এব বংশীহরণে উত্তম উপায়োঽভবদিত্যাহ—কুসুমাসবস্ত্বিত্যাদিনা প্রবন্ধেন ॥

১৭। প্রভাবাহুল্যঞ্চ দৃষ্টম্ ॥

১৮। শালীনঃ শ্রেষ্ঠঃ। ভবে সংসারে যং মাং কোঽপি জনঃ; শ্লেষেণ, কো ব্রহ্মাপি, দ্রষ্টুমপি কিং পুনর্ধর্তুং নেষ্টে, ন শক্নোতি, এতেন স্বস্যেশ্বরবন্মাহাত্ম্যম্, বস্তুতস্তু পলায়নবিদ্যাপাণ্ডিত্যমেব ধ্বনিতম্। তত্র ময়ি ইষ্টে প্রিয়ে সখ্যৌ অবিশ্বাসং মা কার্ষীঃ ॥

বাজাতে বাজাতে অসংখ্য বিমানযোগে দোলখেলা আরম্ভের পূর্বেই আকাশে এসে উপস্থিত হলেন। উৎকণ্ঠিত জনের চিত্তচাঞ্চল্য সময়কে অপেক্ষা করে না, এটাই তো ন্যায় সঙ্গত।

১৪। অতঃপর সকল বন থেকেই সেই সেই বনের অধিষ্ঠাত্রী দেবীগণ সকলে মিলেজিলে একমত হয়ে নির্মল অতি শোভন বিবিধ উৎসবোপকরণ হাতে নিয়ে হর্ষাবলম্বনে কোমলমনা হয়ে বৃন্দাবন এসে তুলনা-হীন সৌহার্দ ও সহৃদয়তাদি গুণে বৃন্দার সহিত সহচরী ভাব পাতিয়ে নিয়ে হিন্দোলার মণিময় তরুমণ্ডপে সজ্জার শেষ কাজ যা বাকী ছিল, তা সম্পন্ন করলেন উত্তম মালা দ্বারা নিরুপম কমনীয় জালাকৃতি তোড়ন রচনায়।

১৫। চতুর্দিক থেকে অতি আনন্দের সহিত ঝুলনোৎসব-দর্শনরস ছড়াতে ছড়াতে পক্ষিকুল ঝাঁকে ঝাঁকে এসে চতুর্দিকে দোলস্থলীস্থ লীলাতরুর প্রতি শাখায় প্রতি পল্লবে বসল। তাঁদের হৃদয় ঝুলনার ঝোঁকে ঝোঁকে দোল খেতে লাগল। দোলায়মান্ কৃষ্ণের দর্শনেচ্ছা দ্বারা আগত অনুরূপ উত্তম নব আমোদে পক্ষিসকল চুপচাপ বসে কৃষ্ণগুণগণ গণনা করতে লাগল।

১৬। তথা হরিণজাতি মাত্রে সকলেই কোনও অনির্বচনীয় পরমকৌতুকের উদয়ে গতব্যথ মনে প্রতি লতাকুঞ্জ-প্রাঙ্গণে এসে শোভা পেতে লাগল। তখন তাদের এই বিচিত্র যূথ পটে-আঁকা ছবির মতো নিষ্পন্দভাব ধারণ করল।

১৭। ততশ্চাকস্মাৎ— ন চাকৃষ্টা বেণোঃ ক্বণিতকলয়া নাপি ভবন-
ক্রিয়াং ত্যক্ত্বায়াতা ন চ গুরুবিরোধক্ষতধিয়ঃ।
কলাকেলিচিন্তামণয় ইব দিগ্‌ভ্যঃ কিমথবা
সমুদ্গীর্ণাঃ কল্পদ্রুভিরথ সমীয়ুর্মৃগদৃশঃ ॥

১৮। অন্তঃশ্রোণি বিরাজিতা মৃদুঘনৈশ্চণ্ডাতকৈঃ কৌঙ্কুমৈ-
স্তেষাং তূপরি সূক্ষ্মচীন-নিচয়ৈরাগুল্‌ফবিস্ফারিভিঃ।
চঞ্চৎকঞ্চুলিকাবিশেষবিলসদ্বক্ষোরুহা নির্ভরং
কাঞ্চীকল্পিতনীবিবন্ধবিধয়স্তুল্যশ্রিয়োঽমূর্বভুঃ ॥

১৯। কাশ্চিৎ কৌসুমচাপচাপললসৎস্কন্ধাঃ শরৈঃ কৌসুমৈঃ
কাঞ্চীদামগতৈঃ করাম্বুজকৃতৈঃ সৈন্দুরকৈঃ কন্দুকৈঃ।
তস্মিন্ কৌতুকদোলখেলনকলারঙ্গাজিরে রেজিরে
সংগ্রামোৎসবদেবতা ইব তনূমত্যো মনোজন্মনঃ ॥

১৬। জাতো যোগঃ সংযোগো যস্য তেন কৌতুকেনাস্ততোদেন গন্তব্যথেন মনসা। তাসাং রাজিঃ শ্রেণী ॥

১৭। ন চাকৃষ্টা ইত্যাদিনা দোলোৎসবাদিষু গুরুজনাদিবারণাসম্ভবাৎ স্বাচ্ছন্দ্যমেবেতি ব্যঞ্জিতম্। দিগ্‌ভ্য ইতি কল্পদ্রুভিরিত্যাভ্যাং কিং দূরাদাগতাঃ, কিংবা তত্র এবোদ্ভূতা ইতি সন্দেহো ব্যঞ্জিতঃ ॥

১৮। অন্তঃশ্রোণি নিতম্বাদিপ্রদেশে মৃদূনি কোমলানি চ ঘনানি চ তৈশ্চণ্ডাতকৈরর্ধোরুপর্যন্তপিধায়িভির্নৃত্য-গীতোৎসবাদ্যুপযোগিচালনেতিপ্রসিদ্ধবিচিত্রবস্ত্রৈর্বিরাজিতাঃ; "অধোরুকং বরস্ত্রীণাং স্যাচ্চণ্ডাতকমংশুকম্" ইত্যমরঃ। তদুপরি বিচিত্রান্তরীয়কৈস্তেষান্তু উপরি কৌঙ্কুমৈঃ কুঙ্কুমরসাক্তৈঃ ॥

১৯। কৌসুমানাং চাপানাং ধনুষাং চাপলেন চপলতয়া লসন্ স্কন্ধো যাসাং তাঃ ॥

দোলস্থলীতে গোপীগণের আগমন ঃ

১৭। বেণুধ্বনিকলায় আকৃষ্টা হয়ে নয় গৃহকর্ম ত্যাগ করে নয় এবং গুরুজনদের বিরোধে ভগ্নমতী হয়েও নয়— হঠাৎই মৃগনয়না গোপীগণ অতঃপর এসে উপস্থিত হলেন এদিক্-ওদিক্ থেকে কলিকলা-চিন্তামণির মতো কিম্বা কল্পদ্রুম থেকে বমিত হয়ে বেরিয়ে আসার মতো।

১৮। নিতম্বপ্রদেশে নাচের উপযুক্ত কুঙ্কুম রং-এ রঞ্জিত, কোমল, ঘন চণ্ডাতক বস্ত্র নিচয়ে আর তদুপরি পায়ের গোড়ালি পর্যন্ত বিস্তারিত সূক্ষ্ম রেশমীবস্ত্রনিচয়ে সুদীপ্তা, চঞ্চল কঞ্চুলিকা বিশেষে শোভনস্তনী এবং ঘন্টিমেখলায় রচিত নিবিবন্ধসূত্রবিশিষ্টা গোপীগণ সকলে একই ভাবে শোভোচ্ছল হলেন।

১৯। ফুলধনুর আস্ফালনে দৃপ্ত স্কন্দদেশা কেঁউ কেঁউ কাঞ্চিদামগত কুসুম শরে আর করকমলে ধৃত সিন্দরকন্দুকে সেই কৌতুকদোলখেলা কলারঙ্গ-প্রাঙ্গণে শোভা পেতে লাগলেন, কামসংগ্রামোৎসবের দেবী মূর্তি-মতীর মতো।

২০। কাশ্চিৎ কৌঙ্কুমধূলিধোরণিভৃতাং বাসোঽঞ্চলীং লীলয়া
তির্য্যক্ কাঞ্চনকাঞ্চিসীম্নি জঘনে বদ্ধাং দধত্যো বভুঃ।
যাভির্যচ্চিরসঞ্চিতং রতিকলাবৈদগ্ধ্যবিদ্যাধনং
ক্রেতুং কৃষ্ণমনোমণিং তদিব তা গ্রন্থৌ নিধায়াগতাঃ॥

২১। শ্চ্যোতৈরাগুরবৈর্মহাসুরভিভিঃ কস্তূরিকাকর্দমৈঃ
কার্পূরৈরপি রেণুভির্মলয়জক্ষোদৈশ্চ সম্পূরিতাঃ।
বাষ্পচ্ছেদ্যতয়া মহামণিময়স্থাল্যন্তরস্থাপিতাঃ
কাশ্চিজ্জাতুষকূপিকাঃ করতলেনাদায় তত্রাযযুঃ॥

২২। কাশ্চিৎ কুঙ্কুমবারিভির্মলয়জাম্ভোভিশ্চ কস্তূরিকা-
পাথোভিঃ কুসুমদ্রবৈরপি পৃথক্ সম্পূরিতং পৌরটম্।
বিভ্রত্যো জলযন্ত্রজালমতুলং শিল্পেন নানাত্মনা
রেজুর্মন্মথযুদ্ধযান্ত্রিকততের্মূর্ত্তা ইবৌজঃশ্রিয়ঃ॥

২৩। এবং তাভিঃ স্ত্রীরত্নভূতাভিরভিভূতাভিরভিরাম মহোৎসবরসেনাতনুসেনাতনু সৌভাগ্যহারিণীভি-

---

২০। ক্রেতুমিত্যনেন তদ্বৈদগ্ধ্যবিদ্যাধনস্য কৃষ্ণবশীকারিত্বং ব্যঞ্জিতম্॥

২১। আগুরবৈরগুরুসম্বন্ধিভিঃ; শ্চ্যোতৈর্দ্রবৈঃ॥

২২। যান্ত্রিকততের্যন্ত্রধারিসমূহস্য তেজঃসম্পত্তয়ো মূর্তিমত্য ইব। অভিরামেণ মহোৎসবরসেনাভিভূতাভির্বশীকৃতাভিঃ, অতনুসেনায়াঃ কন্দর্পসৈন্যস্য অতনু সম্পূর্ণং সৌভাগ্যং হর্তুং শীলং যাসাং তাভিঃ। কশ্চন কলকলঃ—'এহি, আয়াতাস্মি, পশ্য, দর্শয়, দেহি, নয়, সংস্কুরু, আরোহয়, বধান্তীহি, পরিধাপয়' ইত্যাদ্যাত্মকঃ॥

২০। কেঁউ কেঁউ কুঙ্কুমধূলিচয় ভরা বস্ত্রথলী মুখবাঁধা অবস্থায় লীলায় তেরছা করে কাঞ্চনকাঞ্চিসীমায় কটিতে ধারণ করে নিয়ে এলেন, দেখে মনে হল যেন কৃষ্ণমনোমণি ক্রয়ের জন্য এঁদের দীর্ঘকালের সঞ্চিত রতি-কলাবৈদগ্ধীবিদ্যারূপ ধন গাঁটে বেঁধে নিয়ে এলেন।

২১। মহাসুরভিত অগুরুদ্রব, কস্তুরিকা কর্দম, কর্পূরধূলি এবং চন্দনচূর্ণ পরিপূর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র লাক্ষা কূপিকা, যা অতি কোমল হওয়ার দরুণ মুখের ভাপেই খণ্ডিত হওয়ার যোগ্য, তা করতলে ধরে সেখানে এলেন কেঁউ কেঁউ।

২২। কুঙ্কুমজল চন্দনজল-কস্তুরিকাজল-পুষ্প নির্যাস পৃথক পৃথক ভাবে ভরা, কারুকার্যে বিবিধ প্রকার ও অতুল সোনার পিচকারীধারিণী কেঁউ কেঁউ আবার সেখানে দীপ্ত হয়ে উঠলেন, কামযুদ্ধযন্ত্রধারী জন সমূহের শ্রেণীর মূর্তিমতী তেজসম্পত্তির মতো।

দোলস্থলীতে রাধাকৃষ্ণের আগমন ও হিন্দোলা আরোহণঃ

২৩-২৭। এইরূপ অভিরাম মহোৎসব-রসে অভিভূতা, কন্দর্পসৈন্যের নিঃশেষে সৌভাগ্যহারিণী, 'আমি

হারিণীভিরহংপূর্বিকয়াঽহপূর্বিকয়া পৌর্বাপর্য্য-পর্য্যবলোচনেনৈব খেলা সৌকর্য্যচতুরং চতুরঙ্গন-পরিসরং পরিসরস্ত্রী-ভির্যদি মদকলকলকণ্ঠকণ্ঠবিকস্বর-স্বরপরিহাসকঃ স কশ্চন কলকলঃ কলয়াঞ্চক্রে, তদৈব—

শ্রীরাধিকাংস-বিনিবেশিত-বামবাহু-,র্বংশীবিলাসবিলসত্তর-বামপাণিঃ।
চারুপ্রকোষ্ঠচল-কঙ্কণমন্দদোষ্ণা, লীলাসরোরুহ-বিধূনন-লব্ধলক্ষ্মীঃ ॥

২৪। অন্তঃস্থশোণকুসুমদ্যুতিবামি সামি-,বাসঃ কিরীটতটগুম্ফিত-বর্হিবর্হঃ ॥
মন্দভ্রমদ্ভ্রমরপক্ষমরুদ্বিলোল-,কর্ণোৎপলং মকরকুণ্ডলমাদধানঃ ॥

২৫। সুশ্লক্ষ্ণসূক্ষ্মতম-কঞ্চুকচুম্বিতাঙ্গঃ, কেয়ূরকঙ্কণমণীন্দ্ররুচা সুচারুঃ।
কণ্ঠোপকণ্ঠচলকৌস্তুভ-রশ্মিপূর- শোণায়মান-বরমৌক্তিকদামধামা ॥

২৬। লীলাবিলাসগমন-ক্রমমন্দমন্দ-,শব্দায়মান মণিনূপুরকিঙ্কিণীকঃ।
ওষ্ঠাধরে ললিতয়া ললিতোপনীতং, তাম্বূলপূলকমদন্ মদমত্তমূর্ত্তিঃ ॥

২৭। নীরধ্রাম্বররমণীমণীন্দ্রবীথীং, স্বাভাভির্মণিময়যষ্টিকোপমাভিঃ।
উৎসার্য্য প্রসভমিবাহিতপ্রবেশঃ, শ্রীকৃষ্ণো মণিতরুমণ্ডপং বিবেশ ॥

২৩। মন্দদোষ্ণা দক্ষিণহস্তেন চারুণি প্রকোষ্ঠে চলং কঙ্কণং যতস্তদ্যথা স্যাত্তথেতি বিধূননক্রিয়াবিশেষণম্। তরুমণ্ডপং বিবেশেত্যুত্তরেণান্বয়ঃ ॥

২৪। অন্তঃস্থস্য শোণকুসুমস্য দ্যুতিবমনশীলং যৎ সামিবাসঃ কিরীটং তিরশ্চীনোষ্ণীষং তস্য তটে গুম্ফিতং বর্হিবর্হং যেন সঃ ॥

২৫। কণ্ঠোপকণ্ঠে কণ্ঠনিকটে ॥

২৬। তাম্বূলস্য পূলকং বীটিকাম্ ॥

২৭। অম্বররমণ্যঃ স্বর্গাঙ্গনাঃ ॥

আগে ঝুলবো আমি আগে ঝুলবো' এরূপ অপূর্ব অহংপূর্বিকায় মনোহারিণী এবং পূর্বাপর বিচারের দ্বারা খেলার সুবিধা সমাধানকারী ঐ চারিটি অঙ্গনপ্রদেশের নিকটে আগমনপরা সেই স্ত্রীরত্নস্বরূপা গোপীগণ যদি মত্ততা হেতু কলকাকলীমুখরা কোকিলকণ্ঠের মুক্তস্বর-পরিহাসী কোনও অনির্বচনীয় কলকল ধ্বনি উঠালেন, ঠিক তখনই বামবাহু রাধিকার স্কন্ধে ধারণে আর বংশীর বিলাসে অতিশোভন, চারুপ্রকোষ্ঠের কঙ্কণে চঞ্চলতা জন্মিয়ে দক্ষিণহস্তে লীলাকমল বিঘূর্ণনে প্রাপ্ত শোভন, ভিতরের রক্তকুঙ্কুমদ্যুতি বমনশীল তেরছা উষ্ণীষতটে গুম্ফিত ময়ূরপুচ্ছে নয়নলোভন, মন্দমন্দ ঘুরে বেড়ানো ভ্রমরের পাখার বাতাসে দোলায়িত কর্ণোৎপল ও মকরকুণ্ডলে মনোরম, স্নিগ্ধ অতিসূক্ষ্ম পরিচ্ছদে চুম্বিতাঙ্গ, কেয়ূর-কঙ্কণমণীন্দ্র কান্তিতে সুচারু, কণ্ঠতটে দোলায়মান কৌস্তু-ভের রশ্মিচয়ে রক্তিমাপ্রাপ্ত শ্রেষ্ঠ মৌক্তিক মালায় চিত্তহারী, লীলাবিলাসচলন-পাদক্ষেপে মন্দ মন্দ শব্দায়মান্ মণিনূপুর-কিঙ্কিণীতে রমণীয় এবং ওষ্ঠাধরে ললিতার ললিত করে গুঁজে দেওয়া তাম্বুলখিলি চিবানোতে নেশা-লাগা ঢুলুঢুলু মূর্তি শ্রীকৃষ্ণ উপস্থিত স্বর্গের দেবীদের অঙ্গের জমাট মণীন্দ্রচয়কে মণিময় যষ্টি উপম নিজ অঙ্গ-জ্যোতি দ্বারা দূর করে দিয়ে যেন হঠাৎ নিজ প্রবেশ প্রখ্যাপিত করত মণিতরু মণ্ডপে প্রবেশ করলেন।

২৮।   জয় জয় জয়েত্যুচ্চৈর্নাদাঃ খগৈরুপতেনিরে
           মুকুলপুলকৈরন্তর্মোদা দ্রুমৈরভিনিন্যিরে।
           অজনি সুমনঃশীধুস্যন্দৈর্লতাভিরুদশ্রুভিঃ
           সহ দয়িতয়া দোলাক্রীড়ং হরাবধিরোহতি ॥

২৯।   সতড়িতমিব স্নিগ্ধং ধারাধরং দ্রুমমণ্ডপো
           পরি পরিগতং দর্শং দর্শং প্রহর্ষবশং গতাঃ।
           পরিচিতমপি প্রেম্ণাপূর্বং বিদন্ত ইবোন্মদা-
           শ্চুকুবুরভিতঃ 'কেও কেও' ইতি প্রচলাকিনঃ ॥

৩০। **অথ নভসি ভ-সিতিম্না-তিম্নাতানি নন্দনবন-কুসুমানি সুমানিতানি মধুকর-নিকরেণ করেণ কিরন্তীভির্ললিত-সঞ্চার-চারণ-কিংপুরুষপুরুষনারীভির্মৃদুতর-কর-কিসলয়-সলয়-বিমর্দ মর্দল-সুপণ-পণববর-লম্পট পটহাদি-বাদিত্রবাদি-ত্রপারহিত সিদ্ধবধূ-নিচয়সমবেতাভিরতিভাসুরসুরতরঙ্গিণী-তরঙ্গরুচাহমরচামরনিচয়েন চুম্ব্যমানকরকমলাভিরমলাভিরমরনারীভিরুর্বশীবশীভূতাভিরপ্সরোভিরপি বিয়তি বিয়তি নিরবকাশতাং মথ্যমান-**

২৮। অধিরোহতি, আরোহতি সতি ॥

২৯। দর্শং দর্শং দৃষ্ট্বা দৃষ্ট্বা; প্রচলাকিনো ময়ূরাঃ পরিচিতমপি তং প্রেম্ণা অনুরাগেণাপূর্বমিব 'কেও কেও' ইতি, 'কে যূয়ং ভোঃ কে যূয়ং ভোঃ' ইতি চুকুবুঃ। "ও সম্বোধন আহ্বানে স্মরণে চানুকম্পনে" ইতি মেদিনী। অপভ্রংশ ভাষাপীয়ং প্রাচ্যানাম্; 'কেহো কেহো' ইতি পাশ্চাত্যানামপি ॥

৩০। অথ নভসি নন্দনবনকুসুমানি কিরন্তীভিরমরনার্যাদিভির্হেতুভির্নিরবকাশতাং বিয়তি বিশেষেণ প্রাপ্নুবতি সতি ব্রজকুলকনন্দনঃ কৃষ্ণো দোলস্য পর্যঙ্কিকাং সমারোঢুং ব্রজতি স্মেত্যন্বয়ঃ। কুসুমানি কথম্ভূতানি ? ভস্য নক্ষত্রস্য সিতিম্না শ্বেতিম্না অতিম্নাতান্যত্যুজ্জ্বলিতানি সুষ্ঠু মানিতান্যতিসৌরভ্যাদ্ধেতোরাদৃতানি। করকিশলয়ানাং সলয়ো বিমর্দো

২৮। দয়িতার সহিত কৃষ্ণ ঝুলনক্রীড়ামঞ্চে আরোহণ করলে জয় জয় জয় জয় উচ্চনাদ বিস্তার করল পাখীসব, মুকুলরূপ পুলকে অন্তরের আনন্দ অভিনয় করে দেখাল বৃক্ষ সকল, আর পুষ্পমধুধারাচ্ছলে প্রেমাশ্রু-মোচন করতে লাগল লতাচয়।

২৯। তড়িত-জড়িত স্নিগ্ধ মেঘকে দ্রুমমণ্ডপের উপরে আগত জেনে তাকে দর্শন করতে করতে ময়ূর-কুল অতি আনন্দে বিহ্বল হয়ে গেল, পূর্বপরিচয় থাকলেও অনুরাগে অপূর্বের মতো অনুভব করে মত্তপ্রায় চতুর্দিকে 'কেও কেও' রব করতে লাগল।

৩০। অতঃপর ললিত সঞ্চরণশীল চারণ ও কিংপুরুষের পুরুষ-নারীদের সহিত এবং অতি মৃদু কর-পল্লবে বিমর্দিত মাদল-বহুমূল্য পণব-শ্রেষ্ঠ লম্পটপটহাদির বাজনাদার অলজ্জ সিদ্ধবধূগণের সহিত মিলিত পবিত্র স্বর্গীয় রমণীসকলের এবং উর্বশীর বশীভূতা অপ্সরাগণের দ্বারা আকাশ নিরবচ্ছিন্ন ভাবে আচ্ছাদিত হয়ে গেল। স্বর্গীয় রমণী সকলের করকমল মন্দাকিনী তরঙ্গ-কান্তি স্বর্গীয় চামরে চুম্ব্যমান ছিল এবং তারা নক্ষত্রের শুভ্রতায় অতি উজ্জ্বল মধুকরাদৃত নন্দন কুসুমচয় বর্ষণ করছিলেন তৎকালে। এই পরিবেশের মধ্যে চক্ষুষ্মান্ গণের রূপ-

চন্দ্রিকা-ফেন-ধবল-বলমান-কশিপুনা পুনানেনেব নয়নবতাং নয়-নবতাং কৃতান্তরাং রুচিরুচিরোপবর্হামর্হামতিরামণীয়কস্য কস্যচিৎ সকলসৌন্দর্য্যোপর্য্যঙ্কিকাং পর্য্যঙ্কিকাং দোলস্য লম্বমানমানসতয়া সমারোঢ়ুং স্ম ব্রজতি ব্রজতিলকনন্দনঃ ॥

৩১। নীরাজিতো মধুরমঙ্গলগানপূর্বং, দীপৈর্মহামণিময়ৈর্বনদেবতাভিঃ।
ব্যাপারয়ন্নয়নমদ্ভুতদোলশিল্পে, শ্রীরাধয়া সহ বভৌ কুতুকী মুকুন্দঃ ॥

৩২। বামে বামবিলোচনাচয়মণী রাধা সলীলং হরে-
র্হস্তালম্বকরম্বিতেন রহসা সঞ্জাতরোমোৎসবা।
আরূঢ়স্য মণীন্দ্রদোলনমহপ্রোঙ্খোলিকাং কৌতুকা-
দুত্থায়োপবিবেশ তৎসহচরী-সঙ্ঘঃ সমন্তাদভূৎ ॥

৩৩। এবং চক্ষুষ্মতামতিমতিসুন্দরীদরীদৃশ্যমানেন রামণীয়কেন কেনচিদাহরন্তীং তাং দোলোৎসবপ্রোঙ্খোলিকাং ভগবতি সতি সমারূঢ়ে রূঢ়েন লাবণ্যামৃতস্রোতঃস্বতীস্রোতঃস্বতীবতরলেন মাধুর্য্যতরঙ্গ-

---

যত্র তথাভূতো মর্দলশ্চ সুপণো বহুমূল্যঃ পণবশ্চ, বরলম্পটঃ পটহশ্চ, তদাদি-বাদিত্রবাদিনীনাং ত্রপারহিতসিদ্ধবধূনাং নিচয়েন সমবেতাভিঃ সুরতরঙ্গিণ্যান্তরঙ্গস্যেব রুক্কান্তির্যস্য তথাভূতেনামরচামরনিচয়েন। কশিপুনা বস্ত্রেণ কৃতান্তরাম্—"কশিপু ত্বন্নমাচ্ছাদনং দ্বয়ম্" ইত্যমরঃ। কথভূতেন? নয়নবতাং চক্ষুষ্মতাং নয়স্য রূপগ্রহণস্য নবতাং নবীনত্ব পুনানেনেব পবিত্রীকুর্বতেব নবনবতয়া প্রাকৃতবস্তুরূপগ্রহণমপি পূর্বং যৎ কৃতং তদপি যদবলোকনমাহাত্ম্যাৎ পবিত্রং জাতমিত্যর্থঃ। সকলসৌন্দর্যমপি উপরি অঙ্কয়তি চিহ্নয়তীতি তাম্ ॥ (৩১)।

৩২। প্রেঙ্খোলিকামারূঢ়স্য হরের্বামে রাধা উপবিবেশ। বামবিলোচনাচয়স্য যুবতিসমূহস্য মণী রত্নরূপা হরের্হস্তাবলম্বেন স্কন্ধোপরি বামহস্তন্যাসেন করম্বিতং সংবদ্ধং যদ্রহঃ-স্মরবিলসিতং তেন হেতুনা সঞ্জাতো রোমোৎসবো যস্যাঃ সা; তস্যাঃ সহচরীসঙ্ঘঃ সমন্তাচ্চতুর্দিক্ষু ॥

গ্রহণের নবীনতাকে যেন নির্মল করে দেওয়ার মতো রমণীয়, মথ্যমানচন্দ্রিকা-ফেননিভ অতিশুভ্র চাঁদরে ঢাকা, কান্তিতে সুন্দর তাকিয়া সমম্বিত, কোনও অনির্বচনীয় অতিরমণীয়তা ভাবের অনুকূল এবং সকল সৌন্দর্যের শির্ষদেশে চিহ্নিত হয়ে থাকবার মতো সুদৃশ্য দোলপালঙ্কে অতি প্রসন্ন মনে আরোহণ করবার জন্য চললেন ব্রজতিলকনন্দন।

৩১। দেবতাগণের দ্বারা মধুর মঙ্গলগানপূর্বক মণিময় দীপে নিরাজিত শ্রীরাধাসহ মুকুন্দ অদ্ভুত দোলশী ল্প দৃষ্টি বিস্ফারিত করত চমৎকৃত হলেন।

৩২। হরির বামহস্ত লীলায় স্কন্ধোপরি স্থাপনে সংমিলিত স্মরচেষ্টা থেকে সঞ্জাত রোমাঞ্চে আকুলা যুবতীকুল ত্নরূপা রাধা কৌতুকপূর্বক ঝুলনোৎসবের মণীন্দ্রঝুলায় আরূঢ় হরির বামে উঠে আসন গ্রহণ করলেন, আর সহচরীগণ তাঁর চতুর্দিকে বিরাজমানা হলেন

৩৩। শ্রেষ্ঠ চক্ষুষ্মানগণের মতি সুন্দরীদ্বারা অতিশয়রূপে দৃশ্যমান্ কোনও অনির্বচনীয় রমণীয়তায় চিত্তাকর্ষক হিন্দোলায় ভগবান্ আরোহণ করলে লাবণ্যামৃত নদীর প্রবাহের মতো চঞ্চল প্রসিদ্ধ তাঁর মাধুর্য-

ভরেণ রেণব ইব সর্বেষাং ধৈর্য্যমর্য্যাদা যদি ক্ষালিতা বভূবুস্তদা তদালোকনকনত্‌ৎকণ্ঠাঃ কণ্ঠাগতপ্রাণা ইব দেবা দেবাঙ্গনাশ্চ বিহায় বিহায়সো মধ্যমধ্যবসিতদিদৃক্ষাসদৃক্ষাসন্নশ্রদ্ধাবশাৎ তদুচিতং নভোদেশং সমাশিশ্রিয়িরে ॥

৩৪। ততশ্চ প্রেঙ্খোলিকারোহরোহদদ্ভুতমহামধুরিমাণং তমালোক্য স্বস্বদোলপর্য্যঙ্কোপর্য্যঙ্কোঢ়-কেলিধূলয়ো লয়োত্তমেন মঙ্গলগানেন বিকস্বরস্বরপরিমলাঃ পরিতঃ প্রধানাঃ কমলদৃশোঽমূদৃশো মূর্ছিতানন্দাঃ সমারুরুহুঃ ॥

৩৫। তদ্‌যথা— চন্দ্রাবলীপ্রভৃতয়ঃ পুরতো মুরারে-,র্ভদ্রাদয়ঃ পরিজনৈঃ সহ দক্ষিণেঽন্যাঃ।
শ্যামাদয়ো নিজগণৈঃ সহ বামভাগে, ধন্যাদয়ঃ সহচরীভিরথাস্ত পশ্চাৎ ॥

৩৬। এবং বলিতপ্রত্যাশং প্রত্যাশং সমারূঢ়দোলপর্য্যঙ্কিকাসু তাসু সুতাসু গোদুহাং কৃষ্ণদোল-সমোচ্ছ্রায়লব্ধশোভাসু ভাসুরতয়ানারতয়া নানাবিধয়া তদা তদাত্যন্তিকমাশ্চর্যমাসীৎ ॥

৩৩। চক্ষুষ্মতামতিশয়েন মতিরেব সুন্দরী রমণী তয়া দরীদৃশ্যমানেনাতিশয়েন দৃশ্যমানেন রামণীয়কেন কেনচিদনির্বচনীয়েন তামতিসুন্দরীমাহরন্তীমাকর্ষন্তীং প্রেঙ্খোলিকাং সমারূঢ়ে সতি ভগবতি। লাবণ্যামৃতস্য স্রোতস্বতী নদী তস্যাঃ স্রোতঃস্বতীব চপলেন ॥

৩৪। স্বস্বদোলপর্যঙ্কোপরি। অঙ্কে কাঞ্চীবন্ধপ্রদেশে ঊঢ়াঃ কেলিধূলয়ো যাভিস্তাঃ॥

৩৬। বলিতা প্রত্যাশা খেলনাভিলাষো যত্র তদ্‌যথা স্যাত্তথা; প্রত্যাশং দিশি দিশীত্যর্থঃ। অনারতয়া নিরন্তরয়া ভাসুরতয়া সুন্দরতয়া কৃষ্ণদোলস্য সম এব য উচ্ছ্রায় উন্নতিস্তেন লব্ধশোভাসু ॥

ভারে যদি সকলের ধৈর্যমর্যাদা ধুয়ে গেল, তখন তাঁর অবলোকনের জন্য প্রদীপ্ত উৎকণ্ঠায় আকুলা কণ্ঠাগত প্রাণার মতো দেব-দেবাঙ্গনাগণ মধ্য আকাশ ত্যাগ করে ভাল করে দেখবার ইচ্ছায় তদনুরূপ উপস্থিত শ্রদ্ধা-বশতঃ তদনুকূল আকাশমার্গ আশ্রয় করে নিলেন।

চন্দ্রাবল্যাদি গোপীগণের হিন্দোলারোহণঃ

৩৪ অতঃপর ঝুলনা আরোহণ থেকে অঙ্কুরিত অদ্ভুত মাধুর্যবাহী কৃষ্ণকে দেখে নিজ নিজ ঝুলনায় আরোহণ করে গেলেন—আনন্দোচ্ছল নয়না, উত্তমলয়ে মঙ্গলগানে উচ্চস্বরপরিমলবাহিনী এবং খন্টিমেখলায় গোঁজা কেলিধূলিধারিণী চন্দ্রাবল্যাদি কমলনয়নী প্রধানাগণ।

৩৫। এই গোপীদের আরোহণ-ক্রম—মুরারির সম্মুখে চন্দ্রাবলী প্রভৃতি, ভদ্রাদি অন্যগোপীগণ পরিজন সহ দক্ষিণে, শ্যামাদি নিজগণসহ বামভাগে এবং ধন্যাদি সহচরীগণ সহ পশ্চাতে।

ঝুলনা-সমারূঢ়া গোপীগণের হোলীখেলাঃ

৩৬। এইরূপে হোলীখেলাভিলাষে উচ্ছসিত অবস্থায় সেই গোপকন্যাগণ যদি শ্রেষ্ঠতায় কৃষ্ণ-ঝুলনাসম লব্ধশোভন ঝুলনায় সমারূঢ় হয়ে গেলেন, তখন ঐ ঝুলনা সকল নানাবিধ সুন্দরতায় অত্যাধিক চমৎকারিতা ধারণ করল।

৩৭। ততশ্চ, সমমদমেদুরতাভী রতাভী রসদসদস্যতায়াং পূরিতচতুরঙ্গনাভিরঙ্গনাভিরারব্ধে মঙ্গলমধুরগানকলে কলেবরনির্জিতকনকলতারামরামণীয়কাভিমৃ'দুলবীণাপরিবাদিনীবাদিনীভিরপরাভিরপরাভিদুরবগাহমোদাভিরপি নির্মিতেঽমিতে নাদমাধুরীধুরীণে শ্রুতিহর্ষবর্ষে সতি—

ধৃত্বা প্রেঙ্খোলিকায়া গুণমতিললিতং পাণিনৈকেন লীলা-
লাবণ্যৈর্দোলয়ন্ত্যো নিজতনুলতিকাং ভৃঙ্গসঙ্ঘেন সার্দ্ধম্।
মুষ্টিগ্রাহং গৃহীত্বা নিবিড়নিয়মিতাদঞ্চলাৎ কেলিধূলী-
রন্যেনাবল্গুবল্গন্মণিময়বলয়ং চিক্ষিপুঃ পঙ্কজাক্ষ্যঃ॥

৩৮। ততশ্চ, ধূলীনাং ধোরণিঃ সা নভসি তত ইতো ধূয়মানানিলেন
ধ্বান্তং ব্যোম্নি ব্যতানীদ্বিকচনবজবাজাললক্ষ্মীবিড়ম্বি।
দেব্যো দেবাশ্চ দৃষ্টিব্যবধিবিধুরিতাঃ পুষ্পবর্ষপ্রকর্ষৈ-
র্মাধ্বীকস্যন্দকন্দৈর্মুহুরুদয়ি মুহুর্যত্নপূর্বং নিরাস্থুঃ॥

৩৯। ততশ্চ, পর্যন্তস্থৈঃ প্রিয়পরিজনৈশ্চারুদোলায়মানৌ
বৃন্দাদ্যাভির্জয় জয় জয়েত্যুচ্যমানৌ সমন্তাৎ।

৩৭। সমা এব মদেন মেদুরতা যাসাং তাভী রসদা যা সদস্যতা সভ্যতা তস্যাং রতাভিঃ। পূরিতানি চত্বারি প্রাঙ্গণানি যাভিস্তাভিঃ; অপরৈরভিদুরো ভেত্তুমশক্যো দুরবগাহো মোদো যাসাং তাভিঃ। একেন পাণিনা প্রেঙ্খোলিকায়া বামঃ ভাগস্থা বামেন দক্ষিণভাগস্থা দক্ষিণেন পাণিনা ধৃত্বেত্যর্থঃ॥

৩৮। দৃষ্টের্দর্শনস্য ব্যবধিনা ধূলিজালকৃত-ব্যবধানেন বিধুরিতা ব্যাকুলা মুহুরুদয়ি ধূলিধ্বান্তং মুহুরেব যত্নপূর্বক নিরাস্থুর্দূরীচক্রুঃ। কৈঃ? পুষ্পবর্ষপ্রকর্ষৈঃ। কিম্ভূতৈঃ? মাধ্বীকস্য মকরন্দস্য স্যন্দেন ক্ষরণেন কন্দৈর্জলদৈরিবেত্যর্থঃ॥

৩৭। অতঃপর আনন্দে সমভাবে স্নিগ্ধা, রসদায়ী সূক্ষ্ম শিল্প রচনায় নিযুক্তা এবং প্রাঙ্গনচতুষ্টয় ভরে অবস্থিতা অঙ্গনাগণ মঙ্গল মধুর গানকাকলি আরম্ভ করে দিলে, আর অঙ্গবর্ণে কনকলতা বাগানের রমণীয়তাকে পরাজয়কারিণী, মৃদুল সপ্ততার বীণা বাদ্যকারিণী ও অথই আনন্দমত্তা অপর গোপীগণ অপরের ভেদন অযোগ্য অমিত নাদমাধুরীশ্রেষ্ঠ রচনা করলে যখন কর্ণে হর্ষবর্ষা হতে থাকল তখন—

ঝুলনা সমারূঢ়া কমলনয়নীগণ এক হাতে ঝুলনার অতি সুন্দর রজ্জু ধরে লীলা সৌন্দর্যে নিজ তনুলতিকাকে ভৃঙ্গকুলসহ দোলাতে দোলাতে অন্যহাতে মুঠিভরে স্বন্টিমেখলায় গোঁজা থলি থেকে আবির নিয়ে মনোহর মণিবলয়ে ঝঙ্কার উঠিয়ে ছুড়ে ছুড়ে দিতে লাগলেন।

৩৮। সেই ধূলিজাল বায়ুতে ইতস্ততঃ সঞ্চালিত হয়ে প্রস্ফুটিত নব জবা-জালের সদৃশ অরুণ অন্ধকার বিস্তার করল আকাশে। ধূলিজালকৃত ব্যবধানে ব্যাকুল দেবদেবীগণ বার বার উদয়প্রাপ্ত সেই ধূলিজাল অন্ধকারকে বার বার যত্নপূর্ব'ক দূরীভূত করতে লাগলেন, মকরন্দ ক্ষরণে মেঘধর্মী পুষ্পবর্ষণ নিপুণতায়।

৩৯। নিকটবর্তী প্রিয়পরিজনগণ মন্দ মন্দ দোল দিচ্ছেন, চতুর্দিকে বৃন্দাদি জয় জয় জয় উচ্চধ্বনি

লীলালোলং স্বয়মপি মুদা কেলিধূলীঃ কিরন্তৌ
রাধাকৃষ্ণৌ যুবতিনিকরৈঃ রেজতুঃ কীর্য্যমাণৌ ॥

৪০। ততশ্চ, দোলন্তীভিঃ প্রিয়পরিভবপ্রাপ্তয়ে প্রেয়সীভিঃ
ক্ষিপ্তে খেলারজসি মরুতা ধূয়মানে সমন্তাৎ।
ভূয়ঃ ক্ষিপ্তা জতুপুটিকয়া গন্ধসারাদিপঙ্কা
যন্ত্রোন্মুক্তাঃ কিমিব গুলিকাঃ কামদেবস্য পেতুঃ ॥

৪১। ততশ্চ রাধাকৃষ্ণয়োঃ পরিতঃ পরিতস্থুষীভিঃ কলাবতীভির্গন্ধাদিপঙ্ককূপিকানিঃক্ষেপচতুরাশ্চতুরাশাবলয়দোলারোহিণীরমণমণ্ডল্য ইব কুবলয়দৃশস্তাস্তদীয়া এব গন্ধাদিকূপিকাঃ পরিমলতুহস্তেন হস্তেন গৃহীত্বা নিহন্যন্তে স্ম।

৪২। ন খলু তাসামেকাপি কাপি তয়োরঙ্গে রঙ্গেশয়োর্লাগ যদি পুনরপি তাঃ সম্ভুয় ভূয়সা কৌতুকেন কেনচিদ্যুগপদেব পদে বর্ত্তমানা জিগীষায়ামুপর্যুপর্যুপচিতামহমহমিকামাবহন্ত্যস্ত্রিচতুরাস্ত্রিচতুরা এব গন্ধাদিকূপিকা একৈকং নিচিক্ষিপুঃ ॥

৩৯। যুবতিনিকরৈশ্চন্দ্রাবল্যাদিভিঃ ॥
৪০। গন্ধসারাদীনাং চন্দনাদীনাং পঙ্কাঃ ॥
৪১। পরিতঃ সর্বতঃ পরিতস্থুষীভিঃ স্থিতবতীভিঃ সখীভিঃ কর্ত্রীভির্গন্ধাদিকূপিকানাং নিক্ষেপে চতুরাস্তাঃ কুবলয়দৃশশ্চন্দ্রাবল্যাদয়ঃ কর্মভূতা নিহন্যন্তে স্ম। তদীয়াস্তাভিঃ ক্ষিপ্তা এব যা গন্ধাদিকূপিকাস্তা এব হস্তেন গৃহীত্বা তাভিরেব

করছেন, রাধাকৃষ্ণ দুয়ে মিলে নিজেরাও আনন্দে লীলালোল ভাবে কেলিধূলি ছুড়ে ছুড়ে মারছেন, চন্দ্রাবল্যাদি যুবতীগণ তাঁদের দুজনকে কেলিধূলি ছুড়ে ছুড়ে দিচ্ছেন, এইরূপে রাধাকৃষ্ণ দুজনে ঝুলনা উপরি শোভা পেতে লাগলেন।

৪০। প্রিয়কে পরাজিত করবার জন্য দোলনী প্রেয়সীদের দ্বারা ছুড়ে মারা খেলারজ চতুর্দিকে বাতাসে দোল খেতে থাকলে পুনরায় চন্দনাদি পঙ্ক লাক্ষাপুটিকায় ভরে ছুড়ে মারলে মনে হল যেন কামদেবের যন্ত্রে মুক্ত গুলি এসে এসে পড়ছে।

৪১। অতঃপর রাধাকৃষ্ণের চতুর্দিকে বিরাজমানা, গন্ধাদি কূপিকা ছোড়নে চতুরা সখীগণ চতুর্দিকের ঘেরস্থ দোলায় আরূঢ়া, চন্দ্রমণ্ডলের মতো শোভমানা চন্দ্রাবল্যাদি কমলনয়নাগণকে আঘাত করলেন—পরিমল ভাণ্ডস্বরূপ গন্ধাদি কূপিকা দ্বারা, যা চন্দ্রাবল্যাদির সখীগণ রাধাকৃষ্ণকে লক্ষ্য করে ছুড়ে মারলে খপ করে হাতে ধরে নিয়েছিলেন তাঁরা।

৪২। চন্দ্রাবলী প্রমুখার ছোড়া কূপিকা একটাও যদি ঝুলন-খেলার অধিপতি রাধাকৃষ্ণের অঙ্গে লাগলো না, তখন তাঁরা পুনরায় মিলিত হয়ে জয়াভিলাষ ব্যাপারে স্থিত হয়ে 'আমি জিতবো আমি জিতবো' এইরূপে উর্ধ্বে উর্ধ্বে উচ্ছলিত স্পর্ধা ধারণ করে তিন চার জন সুন্দরী প্রত্যেকে তিন চারটি করে কূপিকা কোনও মহান্ কৌতুকে ছুড়ে মারলেন।

৪৩। ততশ্চ, আবেগস্য জবেন তেন মহতা নির্ভজ্য বিভ্রশ্যতো
ভূমৌ জাতুষকোষতোঽতিমৃদুলান্নিঃসৃত্য দূরং গতৈঃ।
গন্ধৈরাগুরবৈর্ঘনৈর্মলয়জক্ষোদৈশ্চ গোলায়িতৈ-
র্ভিত্বাণ্ডং খগপোতকৈরিব বহির্ভূতৈর্নিপেতেঽভিতঃ॥

৪৪। তেষাং যে ব্রজরাজসূনুনিকটে বেগাৎ সমং সর্বতঃ
ক্ষিপ্তানাং নিপতন্তি তানরহয়ন্ পার্শ্বস্থতাঃ সুভ্রুবঃ।
যে বা কেঽপি লগন্তি তস্য জলদশ্যামে প্রতীকেঽভিত-
স্তানালুম্পতি রাধিকা স্মিতমুখী স্বেদচ্যুতা পাণিনা॥

৪৫। এবং দোলায়মানমানকুতুকিত-চকোরকীকৃতকোরকীকৃতলোচন চমূরুলোচনাচমূরুলোচনাহ্লাদন-মাদনবর্ত্মধরস্তদিতরবিধাবলসো বলসোদরোঽদরোদীর্ণমদঘূর্ণায়মাননয়নো বিলাসচতুরং চতুরঙ্গনাভিমুখ্যং মুখ্যং

ইত্যর্থঃ॥

৪২। জিগীষায়াং পদে জিগীষারূপে ব্যবসায়ে বর্তমানাস্ত্রিচতুরাস্তিস্রশ্চতস্রো বা সুন্দর্য একৈকং প্রত্যেকমেব তিস্রশ্চতস্রো বা কূপিকা যুগপচ্চিক্ষিপুঃ॥

৪৩। বিভ্রশ্যতো জাতুষকোষতঃ সকাশাৎ॥

৪৪। তেষাং ক্ষিপ্তানাং গন্ধাদীনাং মধ্যে। অরহয়ন্ নিবারয়ামাসুরিত্যর্থঃ। প্রতীকে অঙ্গে। স্মিতমুখীতি ভাববিশেষোদয়াৎ। পাণিনা লুম্পতীতি তন্মিষেণৈব তদঙ্গস্পর্শোঽপি ঘটিতঃ। অতএব স্বেদচ্যুতেতি সাত্ত্বিকবিকারঃ প্রস্বেদঃ॥

৪৫। দোলায়মানানি ধৈর্যাপগমে সতি চপলীভূতানি চ মানকুতুকিতানি গর্বৌৎসুক্যযুক্তানি চ চকোরকীকৃতানি সৌভাগ্যরসাস্বাদয়োরাধিক্যাচ্চন্দ্রানুকম্পিত চকোর-সদৃশীকৃতানি চ তদানীমেব কিঞ্চিল্লজ্জোদয়বশাৎ কোরকীকৃতানি চ

৪৩। অতঃপর সেই মহান্ পরাক্রমের বেগে ভগ্ন লাক্ষাকোষ থেকে অতি মৃদুল বলে নিঃসৃত হয়ে দূরে গিয়ে ভূমিতে ছিটিয়ে পড়া অগুরুগন্ধ ও ঘনচন্দনচূর্ণদ্রব দেখে মনে হল, এ যেন অণ্ড ভেঙ্গে বাইরে এসে চতুর্দিকে ছিট্‌কে পড়া পক্ষীশাবক।

৪৪। চতুর্দিক থেকে একযোগে বেগে ছুড়ে দেওয়া সেই গন্ধপঙ্কাদির মধ্যে যা ব্রজরাজ সুনুর নিকটে এসে পড়ছিল, তা পার্শ্বস্থিত সুভ্রূগণের দ্বারা নিবারিত হচ্ছিল। কোনও দিক্ থেকে কোনও একট যদি বা এসে কৃষ্ণের জলদশ্যাম অঙ্গে লেগে যাচ্ছিল, তা স্মিতমুখী রাধা তাঁর স্বেদাক্ত (সাত্ত্বিক বিকার) হস্তে মুছে দিচ্ছিলেন।

৪৫। গোপীদের অবস্থা দেখে কৃষ্ণের ধৈর্যচ্যুতি হল। তিনি চঞ্চল হয়ে উঠলেন। গর্ব-উৎকণ্ঠায় আকুল হলেন। চন্দ্রানুকম্পিত চকোরের মতো লজ্জোদয়ে আধবোজা চোখে যাঁরা সৌভাগ্য-রসাস্বাদনে কৃষ্ণের দিকে চেয়ে আছেন সেই হরিণনয়নীদের আরও অধিক নয়নানন্দ জন্মানোর জন্য শুধুমাত্র কন্দর্প রচিত বিধিতে চলতে থাকলেন, অন্য নিয়মের প্রতি অলস কৃষ্ণ তখন। বলরাম-সহোদরের উপযুক্ত ভাবেই কড়ামদে ঘূর্ণায়মান্

পক্ষমভিলষন্ কদাচিৎ কেলিকলাকলাপদক্ষিণা দক্ষিণাশাবর্ত্তিনী রমণীমণীর্দোলন্তীঃ কিরন্তীশ্চারুণ্যবিলসৎকরেণুচয়ং করেণুচয়ং জয়ন্তীর্বৈজয়ন্তীর্বৈদগ্ধীনামিব, কদাচিচ্চ বলমানমুত্তরামুত্তরাশাবিলাসিবিলাসিনীশ্রেণিম্ কদাচিদপি রসবিলাসৈরপশ্চিমাশাং পশ্চিমাশাং প্রতিপদ্য দোলন্তীং কুবলয়বলয়তিরস্কারিদৃশাং তাদৃশাং তারুণ্যবতীনামালীমালীজনৈস্তথাবিধৈঃ সহিতাম্ কদাচন পূর্বকাষ্ঠাহপূর্বকাষ্ঠাপরিপ্রাপ্তদোলারোহা বরারোহা বরামোদবতীরবেক্ষমাণো দোলন্নেব গুণবারাধিকয়া রাধিকায়া সহ করপদ্মপদ্মরাগরুচিধূলীধূলীলয়া সর্বা এব পরাবভূব ॥

৪৬। এবং স্মিতবিকসিতবদননীরজো রজোভরেণ তাঃ পরাভূয় ভূয় এব রসকুতুলবিক্রমেণ ক্রমেণ হরিহরিদাদি-হরিচ্চতুষ্টয় তুষ্টয় এব তত্তদভিমুখীভূয় দোলতো দ্বিবিধ এব দোল আসীৎ ॥

লোচনানি যস্যাস্তথাভূতা যা চমূরুলোচনাচমূর্হরিণনয়নাবিততিস্তস্যা উরু অধিকং লোচনাহ্লাদমেব মাদনব্রতং কন্দর্পপ্রণীতনিয়মং ধরতীতি তথা সঃ। তত্রৈব নিষ্ঠাকৈবল্যেন তস্য ধীরললিতত্বং সূচয়ন্নাহ—তদিতরবিধৌ অলস ইতি। চতুর্ষু পূর্বাদিদিগ্‌গতেষ্বঙ্গনেষু প্রাঙ্গণেষ্বাভিমুখ্যং যেন তথাভূতং পক্ষমভিলষন্নিচ্ছয়াঙ্গীকুর্বন্। কদাচিদ্দক্ষিণাশাবর্তিনী রমণীমণীর্দোলন্তীরবেক্ষমাণঃ করপদ্মধৃত পদ্মরাগরুচি-ধূলীনাং ধূলীলয়া পরাবভূব। আরুণ্যেন বিলসৎ কং সুখং যস্মাৎ তথাভূতং রেণুচয়ং করেণুচয়ং হস্তিনীসমূহং জয়ন্তীর্বৈজয়ন্তীঃ পতাকাঃ। বলমানমুত্তরামতিশয়েন প্রবলানন্দান্; উত্তরস্যাং দিশি বিলসিতুং শীলং যস্যাঃ সা চাসৌ বিলাসিনী শ্রেণিশ্চেতি তাম্। অপশ্চিমা অনপকৃষ্টা আশা মনোরথো যস্যাস্তাং তারুণ্যবতীনামালীং শ্রেণীম্। পূর্বকাষ্ঠায়াং পূর্বদিশি অপূর্বা যা কাষ্ঠা কৃষ্ণদোলপর্যঙ্কস্য কৃষ্ণস্য চ সম্মুখত্বাদদ্ভুত উৎকর্ষস্তাম্; পরিপ্রাপ্তং দোলপর্যঙ্কমারোহয়ন্তীতি তাঃ; "কাষ্ঠোৎকর্ষে স্থিতৌ দিশি" ইত্যমরঃ। গুণবারেণ গুণসমূহেন অধিকয়া ॥

৪৬। হরিহরিৎ পূর্বা দিক্, তদাদিদিক্চতুষ্টয়স্য তুষ্টয়ে, দোলতো দোলনতঃ ॥

নয়ন কৃষ্ণ পূর্বাদি চতুর্দিকের প্রাঙ্গন অভিমুখী হয়ে বিরাজমানা মুখ্যা গোপীমণ্ডলীকে আপন স্বচ্ছন্দত য় খেলায় অঙ্গীকার করে কদাচিৎ কেলিকলা সমূহে পরম চতুর দক্ষিণদিক্‌বর্তিনী রমণীদিকে রং এ রং-এ পরাভূত করে দিলেন—এঁরা তৎকালে ঝুলনায় ঝুলতে ঝুলতে লাল টকটকে আবির কৃষ্ণের দিকে ছুড়তে ছুড়তে মত্ততায় হস্তিনীদের পরাভূত করছিলেন, আর বৈদগ্ধীর পতাকার মতো শোভা পাচ্ছিলেন। কদাচিৎ অতিশয় প্রবল আনন্দযুক্তা ও উত্তর দিকে বিলাস স্বভাবা বিলাসিনী শ্রেণীকে পরাভূত করলেন। কদাচিৎ রসবিলাসে অতি বেগবান্ মনোরথযুক্তা পশ্চিমদিকে বিরাজমানা হয়ে ঝুলনরতা, কমলমণ্ডল তিরস্কারিণী নয়না এবং তাদৃশী তারুণ্যবতী গোপী শ্রেণীকে তাঁদের সখীজনের সহিত পরাভূত করলেন। আবার কখনও পূর্বদিকে কৃষ্ণ ঝুলনার তথা কৃষ্ণের সাম্মুখ্য হেতু অদ্ভুত উৎকর্ষপ্রাপ্ত ঝুলায় আরোহিনী ও শ্রেষ্ঠ আমোদবতী সুন্দরীদের সকলকে পরাভূত করলেন— গুণগণে সর্বশ্রেষ্ঠা রাধাসহ একাসনে ঝুলতে ঝুলতেই করপদ্মস্থিত পদ্মরাগ কান্তি আবির খেলারঙ্গে।

৪৬। এইরূপে স্মিত প্রফুল্ল মুখকমল কৃষ্ণ আবিরে আবিরে গোপীদের পরাভূত করে দেওয়ার পর পুনরায় পূর্বদিক্ চতুষ্টয়ে ক্রমানুসারে বিরাজমানা গোপীদের তুষ্টির জন্য তাঁদের প্রত্যেকের দিকে ক্রমানুসারে মুখ করে রসকুতুহল-বিক্রমে দোল খেতে থাকলে ঝুলনলীলা দুই ভিন্ন প্রকারের হল।

৪৭। তথা হি— সাম্মুখ্যং যদি পূর্বপশ্চিমদিশোর্দোলস্তদা সম্মুখঃ
সাম্মুখ্যং যদি দক্ষিণোত্তরদিশোর্দোলস্তদা পার্শ্বগঃ।
এবং সম্মুখ-পার্শ্ব দোলকুতুকে হারস্য বন্যস্রজঃ
শ্রীমৎকুণ্ডলয়োশ্চ তস্য সমভূদ্দোলোৎসবস্তাদৃশঃ॥

৪৮ এবমহরহরহো রহোবিলাসা বিলাসাম্বুধেস্তস্য নিত্যভূতাঃ প্রকটাপ্রকটতয়ৈব সমুজ্জৃম্ভন্তে স্ম॥

৪৭। পূর্বপশ্চিমদিশোর্যদি সাম্মুখ্যং পূর্বাভিমুখীভূয় পশ্চিমাভিমুখীভূয় বা যদা কৃষ্ণো দোলতীত্যর্থঃ, দোলস্তদা সম্মুখঃ, দোলনক্রিয়াপি পূর্বাভিমুখী পশ্চিমাভিমুখী চেতি তস্যাঃ স্বমুখাগ্রেতনদেশচারিত্বেন সাম্মুখ্যাং। দক্ষিণোত্তরদিশের্যদি সাম্মুখ্যং দক্ষিণাভিমুখীভূয় উত্তরাভিমুখীভূয় বা যদি কৃষ্ণো দোলতীত্যর্থঃ, দোলস্তদা পার্শ্বগ ইতি দোলক্রিয়ায়া-সদৈব পূর্বপশ্চিমাভিমুখীভাবেন স্থিতৈরৈকরূপ্যাৎ। এবমেব হারস্যেতি হারাদীনামপি কৃষ্ণস্য পূর্বাভিমুখত্বে সম্মুখ এব দোলোৎসবঃ, দক্ষিণাভিমুখত্বে পার্শ্বগস্তিরশ্চীনতয়েতি।।

৪৮। অথ (ভা০ ১০।৩৫।১) "গোপ্যঃ কৃষ্ণে বনং যাতে তমনুদ্রুতচেতসঃ। কৃষ্ণলীলাঃ প্রগায়ন্ত্যো নিন্যুর্দুঃখেন বাসরান্।।" ইত্যাদিক দশমস্কন্ধ-পঞ্চত্রিংশাধ্যায়-গত-প্রতি যুগলপদ্য গীতবংশীবাদন লীলায়াঃ শ্রীব্রজসুন্দরীজন বিরহময়ত্বং তদুপরিতনারিষ্ট-কেশ্যাদি বধলীলায়াশ্চানতিমাঙ্গল্যং তদুপরিতনাক্রুরাগমনাদিলীলায়াশ্চানুরাগি ভক্তজন-বিক্ষোভকত্বং তদুপরিতনরঙ্গপ্রবেশাদিলীলানামবৃন্দাবনীয়ত্বং পর্যালোচ্য নিখিলসুহৃদয়সমুদয়মুকুটমণিঃ সোঽয়ং গ্রন্থকারঃ সুখময়দোলোৎসবরসাবসর এব স্বগ্রন্থপরিসমাপ্তিমভিলষন্নাহ—এবমিতি। অহো আশ্চর্যভূতা রহোবিলাসা রহস্যলীলাঃ প্রকটাপ্রকট-ঃ তয়ৈব ত এব বিলাসা যদি কদাচিৎ প্রপঞ্চগোচরীকৃতাস্তদা প্রকটতয়া, যদা চ তদগোচরীকৃতাস্তদাঽপ্রকটতয়েত্যর্থঃ।।

৪৭। তথা হি পূর্বাভিমুখী বা পশ্চিমাভিমুখী হয়ে কৃষ্ণ যখন দোল খেতে লাগলেন, তখন ঝুলনা ঝুলতে লাগল ঐ ঐ দিক্ সম্বন্ধে মুখামুখী হয়ে। দক্ষিণ বা উত্তর দিকে মুখ করে কৃষ্ণ যখন দোল খেতে লাগলেন, তখন ঝুলনা ঝুলতে লাগল ঐ ঐ দিক্ সম্বন্ধে পাশাপাশি হয়ে। কারণ ঝুলনার গতি তো সর্বদাই আগে পাছে পূর্বপশ্চিমমুখী। এইরূপে কৃষ্ণের মুখামুখী ও পাশাপাশি ঝুলনানন্দে তাঁর হার-বনমালা ও শোভায় উজ্জ্বল কুণ্ডলের ঝুলনোৎসব তাঁর সাথে সাথে তাল মিলিয়ে একই প্রকার হতে থাকল।

প্রকট-অপ্রকট দুইরূপে নিত্যলীলা স্থাপন ঃ

৪৮। (অতঃপর শ্রীমদ্ভাগবতের ৩ অধ্যায়ে যুগলপদ্ম-গীত এবং বংশীবাদন লীলার শ্রীব্রজসুন্দরীজনের বিরহময়ত্ব, আরও আগে অরিষ্ট-কেশীপ্রমুখ অসুরবধলীলার অনতিমাঙ্গল্য আরও আগে অক্রুর আগমনাদি লীলাতে অনুরাগী ভক্তজনের বিক্ষোবকত্ব,আরও আগে রঙ্গ প্রবেশলীলার অবৃন্দাবনীয়ত্ব পর্যালোচনা করে নিখিল রসিককুল-মুকুটমণি গ্রন্থকার কবি কর্ণপূর সুখময় দোলোৎসবরস অবসরেই নিজের গ্রন্থের পরিসমাপ্তি ইচ্ছা করে বললেন —)

এইরূপে বিলাসনিধি —শ্রীকৃষ্ণের আশ্চর্যস্বরূপা ও নিত্যস্বরূপা রহস্যলীলা প্রকট অপ্রকট দুইরূপে অহরহ অতি উজ্জ্বল ভাবে প্রকাশিত থাকে।

৪৯। ন তস্যাস্তে শক্তির্নহি ভবিতুমীদৃক্ প্রভবতো
ন সিদ্ধাদের্ভেদান্ন কমলদৃশস্তাশ্চ বিবিধাঃ।
ন বৃন্দারণ্যস্যার্হতি ন খলু তস্যাপ্রকটতা
কথং তস্মিন্নিত্যং ন ভবতু হরেঃ কেলিললিতম্॥

৫০। কিংবা, য একঃ কান্তানাং পুরি পুরি সহস্রাষ্টকযুগ-
প্রসংখ্যানাং পাণিগ্রহণকুতুকে তত্র যুগপৎ।

৪৯। ননু তেষাং প্রপঞ্চাগোচরত্বেন সত্ত্বে কিং প্রমাণেমিতি চেৎ (ভা০ ১০।৯।৪৮) "জয়তি জননিবাসঃ", "ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্"ইত্যাদি শ্রী ভাগবতাদিবচনসূচিত লীলানিত্যত্বপ্রমাণিতা তদচিন্ত্যা শক্তিরেবেত্যবিশ্বাস নিরাসায় সাক্ষেপমাহ—ন তস্যাস্তে ইতি। তস্য প্রভবতঃ প্রভোঃ কৃষ্ণস্য ঈদৃগ্ ভবিতুমুক্তন্যায়েন প্রকটাপ্রকট নিত্যলীলাস্পদীভবিতুং শক্তির্নাস্তে ন, অপি ত্বাস্তে এবেত্যর্থঃ। তাশ্চ তৎপ্রেয়স্যঃ কমলদৃশো ব্রজযুবতয়ো নাসতে ন, অপি ত্বাসত এব। কীদৃশ্যঃ? সিদ্ধাদের্ভেদাৎ সিদ্ধা নিত্যসিদ্ধাঃ, শ্রুতিরূপা মুনিরূপা ইতি ভেদাদ্বিবিধাঃ। তস্য বিলাসস্থানস্য বৃন্দারণ্যস্যাপ্যপ্রকটত্য প্রপঞ্চলোকাদৃশ্যত্বং নার্হতি ন, অপি ত্বর্হত্যেব। অতঃ কথং কেলিললিতং নিতং ন ভবতু? হে মহাবাদিন্! ইদন্তাবন্ময়া পৃষ্ঠস্ত্বমেব প্রতিব্রূহীতি ভাবঃ॥

৪৯। (শ্রীকৃষ্ণের প্রপঞ্চ অগোচর স্থানের স্থিতি অর্থাৎ অপ্রকট স্থিতি সম্বন্ধে প্রমাণ কি? এরূপ যদি পূর্বপক্ষ হয়, তার উত্তরে বক্তব্য শ্রীমদ্ভাগবতে 'জয়তি জননিবাস' শ্লোকে বর্তমান প্রয়োগে লীলার নিত্যত্ব স্থাপিত হয়ে আছে, অতঃপর এ সহজেই বুঝা যায় ভগবানের যে অচিন্ত্য শক্তিতে তাঁর লীলার নিত্যত্ব রক্ষা হচ্ছে, তা দ্বারাই তার প্রকট অপ্রকট স্থিতিও সম্ভব হয়। পূর্বপক্ষের অবিশ্বাস নিরাস করবার জন্য আক্ষেপের সহিত বলা হচ্ছে—)

সেই অচিন্ত্যশক্তিধর কৃষ্ণের প্রকট-অপ্রকট নিত্যলীলাস্থলী হওয়ার শক্তি নেই, তা নয়। তাঁর প্রেয়সী কমল নয়না যুবতীগণ সিদ্ধা-নিত্যসিদ্ধ-শ্রুতিরূপা-মুনিরূপা ভেদে বিবিধ হন না, তা নয়। তার বিলাসস্থলী বৃন্দাবনের অপ্রকট স্থিতি হতে পারে না, তা নয়। কাজেই প্রকট অপ্রকট নিত্যবৃন্দাবনে শ্রীহরির সুন্দরলীলা কেন নিত্য হবে না? (হে তর্কপ্রিয়জন! এইটুকু মাত্রই আমার জিজ্ঞাসা, উত্তর দেও দেখিনি—এখানে কথার ভঙ্গী এইরূপ।)

৫০। (এইপ্রকার প্রকট অপ্রকট যাবতীয়লীলা যুগপদ্ই নিত্যরূপে বিদ্যমান্ থাকে কি? অনন্তকোটি ব্রহ্মাণ্ড সমুদায়ের মধ্যে যখন যে ব্রহ্মাণ্ড সমুদায়ে তাঁর দ্বারা যে লীলা প্রকাশিত হয়ে সমাপ্ত হয়, সেই লীলাই তা থেকে অন্য ব্রহ্মাণ্ড সমুদায়ে আরব্ধ হয়ে প্রকাশিত হয়। কিন্তু এই সব ব্রহ্মাণ্ড ছাড়া অন্য কোন ব্রহ্মাণ্ডে আরম্ভই হয় না তো প্রকাশ-সমাপ্তির আর কথা কি? এইরূপ রীতিতে যাবতীয় প্রকট লীলাই যথাস্থান ক্রমে নিত্যই হয়ে থাকে। "জ্যোতিশ্চক্রে সূর্য যেন ফিরে রাত্রি দিনে। সপ্তদ্বীপাম্বুধি লঙ্ঘি ফিরে ক্রমে ক্রমে॥" কিন্তু অপ্রকটে সেই লীলা সদাই অপ্রকটরূপে ভাগবতামৃতোক্ত লক্ষণের দ্বারা অনন্ত প্রকাশে বিরাজমান্ থাকেন। এখানে তারই দৃষ্টান্ত দেওয়া হচ্ছে 'য এক' ইতি।)

বিশন্ পৌরৈঃ সার্ধং কথমথ গুরূণামবিদুষাং
স্বকীয়ং নানাত্বং স্বমিব বিনিবেশং ব্যরচয়ৎ ॥

৫১। স্থিতো বৃন্দারণ্যে সততমপি তাভির্মধুপুরীং
গতশ্চাসাং তদ্বদ্বিরহরুজমপ্যারচিতবান্ ।
অতোঽতর্ক্যৈশ্বর্য্যে পুরুমহিমনি শ্রীভগবতি
ব্রজেশ্বর্য্যাঃ সূনৌ ন কিমপি বিচিত্রং বিলসতি ॥

৫০। কিং বেতি যুগপদেব প্রকটাপ্রকটাশ্চ সর্বা এব লীলা নিত্যাভূতা এব বর্তন্ত ইত্যর্থঃ। তথা হি—অনন্ত-কোটিব্রহ্মাণ্ডসমুদায়েষু মধ্যে যদা যত্র ব্রহ্মাণ্ডসমুদায়ে তেন যা লীলা প্রকাশ্য সমাপ্যতে, সৈব লীলা তদপরস্মিন্ ব্রহ্মাণ্ড-সমুদায়ে আরভ্য প্রকাশ্যতে, তদপরত্র চ নৈবাপ্যারভ্যতে, প্রকাশসমাপ্ত্যোঃ কা বার্তা ? এবং রীত্যা প্রকটা অপি সর্বা লীলা যথাস্থানং পর্যায়েণ নিত্যা এব, অপ্রকটাস্ত তা এব লীলাঃ সদৈবাপ্রকটতয়া ভাগবতামৃতোক্তলক্ষণৈরনন্তপ্রকাশে বর্তন্ত এবেত্যত্র নিদর্শনমাহ—য এক ইতি। স্বকীয়ং নানাত্বং গুরূণাং বসুদেবাদীনামপি কথং কেন প্রকারেণ ব্যরচয়ৎ ? উপলক্ষণমেতৎ পৌরাণামপি, কিন্তু অবিদুষামাত্মনাং বহুপ্রকাশাবির্ভাবানুসন্ধানরহিতানাম, অতঃ পুরি পুরি স্বং বিনিবেশ-মিব তেষাং বিনিবেশং ব্যরচয়ৎ। যতঃ (ভা° ১০।৬৯।২) "চিত্রং বতৈতদেকেন বপুষা" ইতি প্রমাণতঃ কায়ব্যূহং বিনৈব যথা স্বস্য তেষাঞ্চ নানাত্বং ব্যরচয়ৎ, অত্রাপি তস্য তথা কর্তুং কিমশক্যমিতি ভাবঃ ॥

৫১। অতো "বৎসৈর্বৎসতরীভিশ্চ সাকং ক্রীড়তি মাধবঃ। বৃন্দাবনান্তরগতঃ সরামো বালকৈর্বৃতঃ ॥" ইত্যাদ্যার্য-বচনপ্রামাণ্যেন তাদৃশশক্তিমানসৌ বৃন্দারণ্যে সততং স্থিতোঽপি মধুপুরীং গতস্তাভিঃ সদা বিহরন্নপি বিরহরুজমপ্যার-চয়দপ্রকটপ্রকটপ্রকাশাভ্যাং ক্রমেণেতি ভাবঃ। অত্র অতর্ক্যৈশ্বর্য ইত্যাদি হেতুচতুষ্টয়মুত্তরোত্তর প্রধানম্। ব্রজেশ্বর্যাঃ সূনাবিতি যদি দেবকীসূনৌ মহিষীবিবাহাদৌ তাদৃশত্বম্, তদা ততোঽপি পরমপূর্ণতম-প্রকাশে ব্রজেশ্বর্যাঃ সূনৌ তত্র কিমদ্ভুতমিতি ভাবঃ ॥

দ্বারকাপুরীর ষোলহাজার মহিষীর পাণিগ্রহণ কৌতুকে সেখানে যুগপৎ প্রতি মন্দিরে একেলা শ্রীকৃষ্ণ পুরবাসিদের সাথে প্রবেশ করতে করতে নিজের অনেক মূর্তি প্রকাশের মতো নিজগুরুবর্গ বাসুদেবাদিরও বহু প্রকাশের সহিত একসাথে প্রবেশ রচনা কি করে করলেন ? নিজেদের বহু মূর্তির প্রকাশ বাসুদেবাদি কিন্তু জানতেও পারল না কায়ব্যূহ বিনাই যেমন নিজের এবং বসুদেবাদি পুরবাসিদের বহুমূর্তিতে প্রকাশ রচনা করলেন তেমনই এই বৃন্দাবনেও কেন-না সমর্থ হবেন কৃষ্ণ।

৫১। শ্রীমদ্ভাগবতের প্রমানুসারে তাদৃশ শক্তিমান্ কৃষ্ণ (অপ্রকট) বৃন্দাবনে সতত থেকেও মধুপুরী চলে গেলেন। সেইরূপে (অপ্রকটে) গোপীগণের সঙ্গে বিহার করতে থাকলেও বিরহ তাপ রচনা করলেন অপ্রকট-প্রকট প্রকাশে যথাক্রমে। তাই বলা হচ্ছে, অতর্ক ঐশ্বর্যবান্ মহাম হম যশোদসুত শ্রীভগবানে অদ্ভুত কিছুই খেলা করে বেড়াচ্ছে না। যদি মহিষী বিবাহাদিতে দেবকী সুনুতেই তাদৃশ ঐশ্বর্যের প্রকাশ সম্ভব, তবে তার থেকে পূর্ণতম প্রকাশ যশোদা সুনুতে এ আর অদ্ভুত কি ? এ তাঁর নিকট অতি স্বাভাবিক।

৫২। চৈতন্যকৃষ্ণকরুণোদিতবাগ্বিভূতি- স্তন্মাত্রজীবনধনস্য জনস্য পুত্রঃ।
শ্রীনাথপাদকমল-স্মৃতিশুদ্ধবুদ্ধি- শ্চম্পূমিমাং রচিতবান্ কবিকর্ণপূরঃ॥

ইত্যানন্দবৃন্দাবনে কৈশোরলীলালতাবিস্তারে দোলোৎসবো
নাম দ্বাবিংশঃ স্তবকঃ॥ ২২॥
সমাপ্তশ্চায়ং
শ্রীমদানন্দবৃন্দাবনচম্পূনামা গ্রন্থঃ।

৫২। তন্মাত্রজীবনধনস্য শ্রীশিবানন্দসেনস্য॥

ইতি শ্রীমদানন্দবৃন্দাবন-টীকায়াং শ্রীসুখবর্ত্তিন্যাং দ্বাবিংশস্তবকসঙ্গমনম্। ২২॥

সন্তঃ সন্ততশস্তমেহিতহিত-প্রারম্ভ-সম্ভাবিতঃ, সর্বেষামপি কিং পুনর্মম নমৎশীর্ষ্ণঃ স্বধৃষ্ণগ্ধিয়ঃ।
তেনৈষাং ক্ষণমীক্ষণক্ষণমিয়ং টীকা ন কিং লপ্স্যতে, শুদ্ধিং বুদ্ধিমতাং মতামথ ততঃ প্রাপ্যৈব রাজিষ্যতে॥

রাধাসরস্তীরকুটীরবর্তিনঃ, প্রাপ্তব্যবৃন্দাবনচক্রবর্তিনঃ।
আনন্দচম্পূবিবৃতিপ্রবর্তিনঃ, সন্তো গতির্মেঽস্তুমহানিবর্তিনঃ॥

সমাপ্তেয়ং শ্রীশ্রীসুখবর্ত্তনী টীকা॥

৫২। শ্রীচৈতন্য কৃষ্ণ করুণোদিত কবিত্ববিদ্যাসম্পত্তিযুক্ত, তন্মাত্রজীবনধন শিবানন্দ সেনের পুত্র, শ্রীনাথপাদ কমল-স্মৃতি থেকে প্রাপ্ত শুদ্ধবুদ্ধিযুক্ত কবিকর্ণপুর এই চম্পূ রচনা করল।

ইতি শ্রীআনন্দবৃন্দাবনে কৈশোরলীলালতা বিস্তারে
দোলোৎসব নামক দ্বাবিংশ স্তবক।
সমাপ্ত

ইতি শ্রীরাধাচরণ নূপুরে হরেকৃষ্ণেতি বাদনেচ্ছু দীন মনিকৃত শ্রীআনন্দবৃন্দাবনচম্পূ-
বঙ্গানুবাদ সন ১৩৮৯ নিত্যানন্দ ত্রয়োদশী দিনে
সমাপ্ত

পূর্ব প্রকাশিত গ্রন্থ সম্বন্ধে
আশীর্বাদ ও অভিমত

শ্রীমন্নামামৃতসিন্ধু-বিন্দু

শ্রীমণীন্দ্রনাথ গুহ বিরচিত

বৈরাগ্যবিদ্যাভক্তিযোগনিষ্ঠ পরমভাগবত শ্রীবৃন্দাবনবাসী **শ্রীশ্রীঅমর সেন** (*Dr. Amar Sen M. S.*) মহাশয়ের স্বতঃস্ফূর্ত ভাবাভিব্যক্তি।—

***আপনার প্রণীত শ্রীমন্নামামৃতসিন্ধু-বিন্দু পুস্তিকাটি শাস্ত্রী মহাশয়ের নিকট হইতে পাইয়াছিলাম— তাহা আমি বিশেষ আগ্রহ সহকারে পাঠ করিয়া আপনার চরণে বার বার প্রণাম জানিয়েছি। শ্রীনামের আশ্রয়ই আমাদের মুখ্য সাধন। এই নামের সাধন কালে সাধকের অন্তরে যা যা সমস্যা উদিত হইতে পারে সেই সমস্যাগুলি প্রশ্নাকারে লিপিবদ্ধ করিয়া—তাহার সমাধান গুলি আপনি অতি অপূর্ব ভাবে শাস্ত্র প্রমাণসহ উল্লিখিত করে আমাদের সাধক জগতে এক মহান্ বস্তু দান করেছেন—আমরা সকল বৈষ্ণব মতাবলম্বী সাধকই আপনার কাছে চিরকৃতজ্ঞ থাকিব।—

ইতি শ্রীবৈষ্ণবদাসানুদাস

অমর সেন

শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক

শ্রীমন্মহাকবি কর্ণপূর বিরচিত

সম্পাদক—শ্রীমণীন্দ্রনাথ গুহ

বহু গোস্বামিগ্রন্থের সম্পাদক ভজনানন্দী রসবিৎ

পণ্ডিতপ্রবর **শ্রীমৎ প্রেমানন্দ দাস** ভক্তিশাস্ত্রী বাবাজী মহারাজ—বৃন্দাবন

আপনার অনুবাদিত শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক আমার নিত্যপাঠ্য—রোজই ইহার কয়েকটি শ্লোক আমি আস্বাদন করে থাকি।

অনুবাদ বিশুদ্ধ ও আক্ষরিক হয়েছে—মূলের সঙ্গে সম্পূর্ণ সঙ্গতি রক্ষা করে অনুবাদের ভাষা নৃত্যের ছন্দে প্রবাহমানা। এমন সর্বাঙ্গ সুন্দর একখানি সংস্করণ পূর্বে দেখি নাই—শ্রীগৌরহরির সাক্ষাৎ কৃপা বিনা এমন সুন্দর অনুবাদ সম্ভব হয় না। গৌরলীলারস-পিপাসু ব্যক্তিমাত্রেরই এই অনুবাদ পরম আস্বাদনীয় হইবে, ইহা নিশ্চয় করিয়া বলিতে পারি।

আমার আন্তরিক শুভেচ্ছা ও আশীর্বাদ স্বতঃই আপনার উপর বর্ষিত হচ্ছে। আপনি এইরূপ মহৎকার্য্যে ব্রতী থাকিয়া জগতের মঙ্গল বিধান করুন শ্রীগৌরচরণে ইহাই প্রার্থনা।

যুগান্তর ২৩।৭।৭৩ ঃ পথচলিত—ভ্রাম্যমান ঃ

পরবর্তী বই হল কবি কর্ণপূর রচিত সংস্কৃত শ্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটকের টীকা টিপ্পনী সহ মূল ও **মনোরম বাংলা অনুবাদ**। আপন চোখে দেখা মহাপ্রভুকে এই নাটকে এবং চৈতন্যচরিত মহাকাব্যে উজ্জ্বল আনন্দঘন মূর্তিতে এঁকেছেন তিনি।

সেই অতুলনীয় গ্রন্থটি নিষ্ঠা সহকারে সম্পাদন করেছেন বৈষ্ণবদর্শন ও ধর্মশাস্ত্রে সুপণ্ডিত শ্রীমণীন্দ্রনাথ গুহ—তাঁর কীর্তি স্মরণীয় হবে।

অমৃতবাজার পত্রিকা—১৫ই জুলাই ১৯৭৩ ঃ

TRANSCENDENTAL BEAUTY

This drama composed by the great poet Karnapur, in whose heart miraculous poetic genius was illuminated only at the age of seven by the licking of the toe of Sree Sree Sreeman Mahaprabhu is not merely a drama but an epic. The transcendental beauty, qualities and Leela Madhuri of Sree Gauranga have been depicted in this book in a most sweet, melodious and heart-consuming manner; and the delicate philosophical propositions in a most convincing way.

Further in this drama the flow of exceedingly sweet 'Prem Rash' of Gour Leela being blended with His 'Prem Bairagi Bhab' has culminated in a wonderful stream of nectar to be catered among the celestial love-hungry devotees of Sree Gouranga as a wonderfully tasty treat of Divine love and as a fountain of Eternal Peace of mind to the materialistically perturbed worldly minded people.

This wonderful volume has been translated by the author of many famous books on religion. Thanks to the literary compositional acumen of Sri Guha—the want of a fair and square translation of of this book which was hitherto felt has been eliminated.

The translation has been literal and there has been no lapse of any idealistic thought and sentiment in spite of its being converted into a different language and the fluency and freeness of the Bengali language hav not been hampered anywhere. It must be admitted that the Bengali conversion of this book has been unique.—J. G.

(১) শ্রীগৌরকরুণাচন্দ্রিকা-কণা (২) শ্রীচৈতন্যশিক্ষাষ্টক (৩) শ্রীল প্রবোধানন্দ সরস্বতী বিরচিত শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ঃ

শাস্ত্রৈকপ্রাণ ভজনানন্দী রসবিদ্ পণ্ডিত **শ্রীমৎদীনশরণ বাবাজী মহারাজ**—শ্রীবৃন্দাবন ঃ

***গ্রন্থগুলি পাইয়া এবং পাঠ করিয়া প্রচুর আনন্দ-আস্বাদন এবং উপকার লাভ করিয়াছি। এই সব গ্রন্থে গুহ মহাশয়ের পাণ্ডিত্য, সহৃদয়ত্ব এবং অনুভবশক্তি প্রচুরভাবে প্রকটিত হইয়াছে। আমি এই সব গ্রন্থের বহুল প্রচার সর্বান্তঃকরণে কামনা করি। শ্রীকৃষ্ণ মণীন্দ্র বাবুকে সুদীর্ঘজীবন লাভ করিয়া এই

জাতীয় ভক্তিশাস্ত্র এবং গৌড়ীয় বৈষ্ণবাচার্যদের গ্রন্থাদি প্রকাশ এবং প্রচার করেন ইহা ইচ্ছা করি। এই শুভকার্যে শ্রীমন্ মহাপ্রভুর নির্হেতু কৃপা তাঁহার সম্বল এবং সহায় হউক এই প্রার্থনা।

ভজনানন্দী রসবিদ্ পণ্ডিতপ্রবর **শ্রীমৎপ্রেমানন্দদাস** ভক্তিশাস্ত্রী বাবাজী মহারাজ, শ্রীবৃন্দাবন ঃ

(১) **শ্রীগৌরকরুণাচন্দ্রিকা-কণা ঃ**—শ্রীমণীন্দ্রনাথ গুহের দ্বারা বিরচিত শ্রীগৌরকরুণা-চন্দ্রিকা কণা গ্রন্থখানার বহুস্থান গ্রন্থকার আমাকে নিজে পাঠ করিয়া শুনাইয়াছেন—আস্বাদনে আমি প্রচুর আনন্দ লাভ করিয়াছি। শ্রীচৈতন্যচরিতামৃতাদি আকরগ্রন্থের সম্পূর্ণ আনুগত্যে সহজ সরল ভাষায় সর্বজন বোধ্য-ভাবে গ্রন্থখানা লিখিত। কোমল লীলাকথার অন্তরালে তত্ত্বসিদ্ধান্তগুলি অতি সুকৌশলে সজ্জিত হইয়াছে এই গ্রন্থে। তত্ত্বসিদ্ধান্ত আলোচনায় সর্বত্রই গোস্বামিগণের অক্ষরের অনুসরণ করা হইয়াছে, এবং ফুটনোটে তাহার উদ্ধৃতির দ্বারা মূল বক্তব্য বিষয়কে সুদৃঢ়রূপে স্থাপিত করা হইয়াছে এই গ্রন্থে।

এই গ্রন্থের বহুল প্রচার কামনা করি।

(২) **শ্রীচৈতন্যশিক্ষাষ্টক ঃ**শ্রীমণীন্দ্রনাথ গুহ সম্পাদিত শ্রীচৈতন্যশিক্ষাষ্টক গ্রন্থখানা পাঠে পরম আনন্দ লাভ করিলাম। শ্রীগৌরহরির মুখনিঃসৃত এই আটটি শ্লোকের ভিতরে গৌড়ীয়বৈষ্ণব সম্প্রদায়ের জ্ঞাতব্য সাধ্য-সাধনতত্ত্ব সব কিছু সূত্ররূপে নিহিত আছে।

সম্পাদক মহাশয় তাঁহার ভাষ্যে যে আলোচনা করিয়াছেন, তাহা সুসিদ্ধান্ত পূর্ণ হইয়াছে। সর্বত্র গোস্বামিগণের অক্ষরের প্রমাণ-প্রয়োগ সংযোগে মূল বক্তব্য বিষয় সুদৃঢ়ভাবে স্থাপিত হইয়াছে।

গ্রন্থের ভাষা সুখবোধ্য ও প্রাঞ্জল। আশা করি এই গ্রন্থের প্রচারে জগতের মঙ্গল হইবে।

(৩) **শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ঃ** গৌড়ীয়বৈষ্ণব সমাজের অবশ্য পাঠ্য এই গ্রন্থখানির একটি ভাল সংস্করণের বিশেষ অভাব বোধ করিতেছিলাম। এই গ্রন্থের প্রকাশে সেই অভাব পূরণ হইল।

অনুবাদ সর্বত্র আক্ষরিক হওয়াতে সংস্কৃত ভাষায় অনভিজ্ঞ পাঠকগণের মূলের রসাস্বাদন যথাযথ লাভের সুযোগ হইল। উপরন্তু অর্থপ্রকাশের প্রয়োজনে গ্রন্থের বহুস্থানে ফুটনোটে সম্পাদক যে আলোচনা করিয়াছেন তাহা সুসিদ্ধান্তপূর্ণ হইয়াছে।

বহু প্রাচীন গ্রন্থের প্রমাণ-প্রয়োগ সংযোগে শ্রীপ্রবোধানন্দের চরিত্রের উপর গ্রন্থকার যে আলোকপাত করিয়াছেন তাহাতে এইবার পূর্বেকার বহু সংশয় সন্দেহের অবসান হইবে আশা করি।

যুগান্তর ৯।১।৭২ তারিখ ঃ

লেখক আলোচ্য তিনখানি গ্রন্থের আগে 'শ্রীমাধব-মাধুর্য-মঞ্জুষা' নামে আর একখানি গ্রন্থ রচনা করে বিশেষ খ্যাতি লাভ করেছেন। আলোচ্য গ্রন্থ তিনটিও তার সেই খ্যাতিকে আরও সুপ্রতিষ্ঠিত করবে, তাতে সন্দেহ নেই। পশ্চিমবঙ্গ সরকারের ইঞ্জিনিয়ারিং বিভাগের উর্দ্ধতন পদে একদা যিনি অধিষ্ঠিত ছিলেন তিনি এখন বৈষয়িক জগৎ থেকে বিদায় নিয়ে আধ্যাত্মিক বিষয়ে নিজের মনপ্রাণ সমর্পণ করে

তাতেই নিমগ্ন রয়েছেন। এই পথে চলতে গিয়ে গৌড়ীয় মতের অনুসরণে নিজের আধ্যাত্মিক জীবনচর্যায় তিনি গৌড়ীয় বৈষ্ণব তত্ত্ব ও সাধনা সম্বন্ধে বিখ্যাত আচার্যদের রচিত গ্রন্থাবলী শুধু বিশ্লেষণী বুদ্ধি ও চিন্তা দিয়েই নয়, নিজের জীবনের অকপট অনুভবের দিব্য আলোতে যে নিয়ত আস্বাদ করেছেন তারই ফসল স্বরূপ তিনি একের পর এক অনেক রচনা সাধারণের হাতে তুলে দিচ্ছেন।

তাঁর গভীর প্রজ্ঞা, অনুভব, ও নিরন্তর চর্চা গ্রন্থগুলিকে আধ্যাত্মিক বা ধর্ম সম্বন্ধীয় আগ্রহীদের মন তো আকর্ষণ করবেই। কিন্তু আজকাল গৌড়ীয় বৈষ্ণবমত, দর্শন এবং ষড়গোস্বামীর রচিত নানা গ্রন্থাবলী সম্বন্ধে সাধারণ পাঠক মহলে, ছাত্রমহলে, গবেষক মহলে বিশেষ আগ্রহ দেখা যাচ্ছে। ঐ সব আকর গ্রন্থ কিন্তু সুবোধ্য সুলিখিত ও সংক্ষিপ্ত আকারে তেমন পাওয়া যায় না। লেখক আলোচ্য গ্রন্থগুলিতে ঐ বিখ্যাত আকর গ্রন্থগুলিরই তত্ত্বগত ও রসগত বিষয়গুলিকে প্রসঙ্গক্রমে অতি সহজ ও মনোজ্ঞভাবে উপস্থাপিত করে বিশেষ উপকার করেছেন। শ্রীপ্রবোধানন্দ সরস্বতীর সংস্কৃতে রচিত শ্রীশ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ গ্রন্থের সুলিখিত অনুবাদেই হোক, আর শ্রীচৈতন্যের জীবনী কিংবা তাঁর বিখ্যাত শিক্ষাষ্টক সম্বন্ধে রচনাতেই হোক, সর্বত্র তিনি আকর গ্রন্থগুলি সম্বন্ধে নিজের নিবিড় পরিচয়, রসানুভূতি এবং একটি দিব্য-চেতনার পরিচয় রেখেছেন। তাঁর এই সব গ্রন্থ ভক্ত, জ্ঞানী, সাধু, পণ্ডিতজনের সঙ্গে এই সব ব্যাপারে আগ্রহযুক্ত সাধারণ পাঠকদেরও অনেক প্রয়োজন যে মেটাবে তাতে সন্দেহ নাই।

শ্রীমাধব-মাধুর্য-মঞ্জুষা সম্বন্ধে অভিমত

(প্রণেতা — শ্রীমণীন্দ্রনাথ গুহ)

শ্রীবৃন্দাবনবাসী পণ্ডিতপ্রবর শ্রীমৎ **প্রেমানন্দ দাস** ভক্তিশাস্ত্রী বাবাজী মহারাজ ঃ

*** এই গ্রন্থের প্রকাশে চিন্ময় রসসাহিত্যের ভাণ্ডারে নূতন আর একটি অমূল্যরত্নের সমাহার হইল। ***

শ্রীবৃন্দাবনবাসী পণ্ডিতপ্রবর শ্রীমৎ **দীনশরণ দাস** বাবাজী মহারাজ ঃ

*** শ্রীমাধব-মাধুর্য-মঞ্জুষা একখানি অতি উপাদেয় গ্রন্থ রচিত হইয়াছে। গ্রন্থখানি পড়িয়া অত্যন্ত মুগ্ধ হইয়াছি। ***

বৈষ্ণবাচার্য শ্রীল **নৃসিংহ বল্লভ গোস্বামি**

বেদান্তশাস্ত্রী, শ্রীবৃন্দাবন ঃ

মধুর শ্রীবৃন্দাবনবিপিন মাধুরী পরিবেশনে আপনি যে কৃতিত্বের পরিচয় প্রদান করিয়াছেন, তাহা সত্যই অনবদ্য। আপনার রচনাশৈলীর বৈশিষ্ট্যে প্রতিপাদ্য বিষয়ের আলোচনা নিজ গাম্ভীর্য অক্ষুন্ন রাখিয়া সরস এবং সরল ভাষায় অভিব্যক্ত হওয়ায় গ্রন্থের উপাদেয়তা বিশেষভাবে বর্ধিত হইয়াছে। শাস্ত্রীয় প্রমানরাজির দ্বারা সমুজ্জ্বল গ্রন্থখানি আপনার বিপুল অভিজ্ঞতা ও অধ্যবসায়ের পরিচায়ক।

প্রেমিক-ভক্ত **ডাঃ নলিনীরঞ্জন সেনগুপ্ত** মহাশয়ের প্রবর্তিত **'ট্রুথ'** সাপ্তাহিক পত্রিকা—ফেব্রুয়ারী ১৯৭০

※※※As its name implies it is a book about Sri Krishna Madhurya Leela and the Philosophy behind it.

The author was so absorbed in Radha Krishna Leela and Braja Madhurya that he an engineer who had reached the highest rungs of the official ladder, resigned his service and is living in seclusion in Vrindaban.

His treatment of the theme of Radha Krishna Prem is characterise by deep affction reverence and devotion and he has described the philosophy of Radha Krishna love with sumate skill.

We are sure this book will receive the appreciation it so richly deserves.

Amrita Bazar Patrika, Calcutta—18. 1. 70.

"The beauty and grandeur of Radha Krishna worship has been interpreted in this book with utmost care and devotion. The learned author has gleaned Materials from authentic source-books ※ ※ ※ and his way of introducing delicate philosophical propositions is lucid, literary and marked by a distinctive style. The book will prove highly useful to discerning scholars and inquisitive devotees alike."

যুগান্তর সাময়িকী—২১-১২-৬৯ ঃ

রাধাকৃষ্ণ লীলা মাধুর্যের তত্ত্ববস্তু এই বইয়ে অনুপম ভাষায় ব্যাখ্যাত হয়েছে। নারদ-পঞ্চরাত্র, উজ্জ্বলনীলমণি, ভক্তিরসামৃতসিন্ধু, শ্রীচৈতন্যচরিতামৃত প্রভৃতি আকর গ্রন্থ থেকে সুধী গ্রন্থকার বিবিধ জ্ঞানগর্ভ তথ্য আহরণ করেছেন এবং তা ব্যাখ্যা ও বিশ্লেষণ করেছেন তাঁর সুন্দর সাবলীল ভঙ্গীতে। ভক্তি-সাহিত্য রূপে বইটি রসিক সমাজে অবশ্যই সমাদৃত হবে।